
# ঘটনাপঞ্জি

## ২০২১



প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)

ঘটনাপঞ্জি ২০২১ • প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)

# ঘটনাপঞ্জি ২০২১

## বাংলাদেশের সংবাদপত্রে প্রকাশিত জনগুরুত্বপূর্ণ সংবাদ

প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)

গবেষণা ও তথ্য সংরক্ষণ বিভাগ

৩ সার্কিট হাউস রোড, ঢাকা-১০০০


**ঘটনাপঞ্জি ২০২১**

**বাংলাদেশের সংবাদপত্রে প্রকাশিত জনগুরুত্বপূর্ণ সংবাদ**

| | | |
|---|---|---|
| প্রকাশক | : | জাফর ওয়াজেদ<br>মহাপরিচালক<br>প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি) |
| প্রথম প্রকাশ | : | জুন ২০২২ |
| প্রচ্ছদ | : | সোহেল আশরাফ খান |
| বানান সমন্বয় | : | মো. তফাজ্জল হোসেন |
| কম্পিউটার বিন্যাস | : | ছৈয়দ মোহাম্মদ আবু সোহেল |
| মুদ্রণ | : | প্রগতি প্রেস এন্ড পাবলিকেশন্স<br>২১/১ তোপখানা রোড, ঢাকা |
| মূল্য | : | ৫৫০.০০ টাকা |
| গ্রন্থস্বত্ব | : | পিআইবি কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত |

***Chronology 2021: Significant News Published in the Newspapers of Bangladesh***

Published by Press Institute Bangladesh (PIB), 3 Circuit House Road, Dhaka-1000.

Price : 550.00 Taka ■ $ 07 Only

ISBN : 978-984-732-069-4

Phone: 9333403, 9330081-84, Fax: 880-02-48317458

E-mail: research@pib.gov.bd, Website: পিআইবি.বাংলা, http://www.pib.gov.bd

বইটি অনলাইনে পেতে হলে: www.rokomari.com

# ঘটনাপঞ্জি ২০২১

## বাংলাদেশের সংবাদপত্রে প্রকাশিত জনগুরুত্বপূর্ণ সংবাদ


**প্রধান সম্পাদক**

জাফর ওয়াজেদ
মহাপরিচালক
প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)

**সম্পাদক**

ড. কামরুল হক, গবেষণা বিশেষজ্ঞ (চলতি দায়িত্ব), পিআইবি
ফিরোজ মান্না, সিনিয়র সাংবাদিক

**গ্রন্থনা**

কাজী ফাহমিদা আক্তার সুমী, গবেষক, পিআইবি

**তত্ত্বাবধান**

আবুল কালাম মোহাম্মদ শামসুদ্দিন
পরিচালক (গবেষণা ও তথ্য সংরক্ষণ), পিআইবি

# মু│খ│ব│ন্ধ

প্রতিদিনের চলমান ঘটনাপ্রবাহ ধারণ করে সংবাদপত্র। অনলাইন সংবাদপত্র দ্রুত বিকশিত হচ্ছে। কিন্তু এখনও মুদ্রিত সংবাদপত্রই পাঠকের কাছে প্রিয়। অসংখ্য পাঠকের প্রতিদিনের জীবন-যাপনের অনুষঙ্গ মুদ্রিত সংবাদপত্র। খসখসে ধূসর নিউজপ্রিন্টে মুদ্রিত আট, বারো কিংবা ষোলো পৃষ্ঠার সংবাদপত্রের মধ্যে পাঠক তার সমাজ, দেশ ও গোটা বিশ্বকে বন্দি দেখতে চান। আর পাঠকের মনোরঞ্জনের জন্য চলতে থাকে সংবাদকর্মীদের প্রাণান্ত প্রচেষ্টা। দৃশ্যত প্রতিদিন ভোরে যে সংবাদপত্রের জন্ম, রাত ফুরোলেই তার আবেদন শেষ হয়ে যায়। কিন্তু সত্যিই কি পুরানো সংবাদপত্রের আবেদন ফুরিয়ে যায়? সম্ভবত না। রাশি রাশি খবর বুকে নিয়ে সংবাদপত্র ধরে রাখে চলমান ঘটনার ইতিহাস। পুরানো দিনের ঘটনাপ্রবাহ ধারাবাহিকভাবে জানতে হলে পুরানো সংবাদপত্রের কাছে ফিরে যেতে হয়। তাই পুরানো সংবাদপত্রে আবেদন আসলে ফুরায় না। বরং অমূল্য সম্পদে পরিণত হয়।

পুরানো সংবাদপত্র থেকে সাল, মাস ও তারিখ অনুযায়ী নির্দিষ্ট কোনো ঘটনা বা তথ্য খুঁজে বের করার কাজটি সহজ করে দিয়েছে প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)। এই লক্ষ্য নিয়েই পিআইবি সংবাদপত্রে প্রকাশিত জনগুরুত্বপূর্ণ সংবাদ নিয়ে বছরভিত্তিক ঘটনাপঞ্জি গ্রন্থনা করে বই আকারে প্রকাশ করে আসছে। প্রধানত মুদ্রিত সংবাদপত্র থেকেই এই ঘটনাপঞ্জি লিপিবদ্ধ করা হয়। তবে ঘটনার ধারাবাহিকতা ধরে রাখার জন্য সংবাদপত্রের অনলাইন ভার্সন বা অনলাইন ওয়েভ পোর্টাল থেকেও ঘটনাপঞ্জি লিপিবদ্ধ করা হয়।

আগের ঘটনাপঞ্জির ধারাবাহিকতায় প্রকাশিত হলো 'ঘটনাপঞ্জি ২০২১ : বাংলাদেশের সংবাদপত্রে প্রকাশিত জনগুরুত্বপূর্ণ সংবাদ'। ঘটনাপঞ্জি ২০২১ গ্রন্থনা করেছেন গবেষক কাজী ফাহমিদা আক্তার সুমী। সম্পাদনা করেছেন গবেষণা বিশেষজ্ঞ (চলতি দায়িত্ব) ড. কামরুল হক ও সিনিয়র সাংবাদিক ফিরোজ মান্না। তত্ত্বাবধান করেছেন গবেষণা ও তথ্য সংরক্ষণ বিভাগের পরিচালক আবুল কালাম মোহাম্মদ শামসুদ্দিন। তাদের সবাইকে আমি ধন্যবাদ জানাচ্ছি।

আগ্রহী পাঠক, গবেষক, সংবাদকর্মী ও সংশ্লিষ্ট অন্যদের জন্য এই গ্রন্থ কাজে লাগলে আমাদের শ্রম সার্থক হবে বলে মনে করি।

**জাফর ওয়াজেদ**
মহাপরিচালক

# সূচি


| | |
|---|---|
| জানুয়ারি | ৯ |
| ফেব্রুয়ারি | ৩৯ |
| মার্চ | ৬৬ |
| এপ্রিল | ৯৫ |
| মে | ১১৮ |
| জুন | ১৩৯ |
| জুলাই | ১৫৯ |
| আগস্ট | ১৭৮ |
| সেপ্টেম্বর | ১৯৬ |
| অক্টোবর | ২১২ |
| নভেম্বর | ২৩১ |
| ডিসেম্বর | ২৫০ |
| ২০২১ সালের উল্লেখযোগ্য ঘটনা | ২৭৫ |
| ২০২১ সালে যাদের হারিয়েছি | ২৯৯ |

## জানুয়ারি

**১ জানুয়ারি, শুক্রবার**

- সারাদেশে ২০২১ শিক্ষাবর্ষের শিশুশ্রেণি থেকে ৯ম শ্রেণির শিক্ষার্থীদের মধ্যে বই বিতরণ উৎসব অনুষ্ঠিত। প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি যুক্ত হয়ে রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বই উৎসবের উদ্‌বোধন করেন। টানা ১০ বছর এর ধারাবাহিকতায় করোনায়ও সারাদেশে স্বাস্থ্যবিধি মেনে শিক্ষার্থীদের মধ্যে বছরের প্রথম দিন বই বিতরণ শুরু হয়। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ১২ হাজার ১০৩ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৯৯০ জন। সুস্থ ১ হাজার ১৯৭ ও মৃত্যু ১৭ জনের। সূত্র: ইত্তেফাক
- লন্ডন থেকে অন্যান্য দেশে ট্রানজিট হয়ে ঢাকায় আসা যাত্রীদের নিজ ব্যবস্থাপনায় বাধ্যতামূলক কোয়ারেন্টাইন শুরু হয়েছে। সূত্র: জনকণ্ঠ
- জাতিসংঘে রোহিঙ্গা ইস্যুতে মিয়ানমারের বিরুদ্ধে আফ্রিকা ও প্রশান্ত মহাসাগরের নয় দেশ তাদের অবস্থান পরিবর্তন করে ভোটদান। মিয়ানমারের পররাষ্ট্র মন্ত্রণালয়ের ফেসবুক পেজ এবং আনান কমিশনের এক সদস্যের টুইট। নয়টি দেশ হলো: ক্যামেরুন, ইকুয়েটেরিয়াল গিনি, নামিবিয়া, কেনিয়া, লেসেথো, মোজাম্বিক, তানজানিয়া, পালাউ ও সলোমন দ্বীপপুঞ্জ। সূত্র: যুগান্তর
- ভারতের সরকারি বিশেষজ্ঞ প্যানেল সেরাম ইনস্টিটিউটে উৎপাদিত অক্সফোর্ড-অ্যাস্ট্রাজেনেকার করোনাভাইরাসের টিকা শর্ত সাপেক্ষে অনুমোদন দিয়েছে। এই বিশেষজ্ঞ কমিটি টিকার বিভিন্ন ধাপের পরীক্ষা-নিরীক্ষার বিস্তারিত তথ্য বিশ্লেষণ করে সেটি নিরাপদ ও কার্যকর কিনা- তা বিবেচনা করে দেখেছে। সূত্র: জনকণ্ঠ
- ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) সঙ্গে আনুষ্ঠানিক বিচ্ছেদের মধ্য দিয়ে যুক্তরাজ্যের নতুন অধ্যায় শুরু। বছরের শেষ দিন তাদের সঙ্গে 'সম্পর্ক' ছিন্ন করলো বরিস জনসনের সরকার। ব্রিটিশ প্রধানমন্ত্রী বলেন, যুক্তরাজ্যের স্বাধীনতা আমাদের হাতে। পৃথকভাবে এবং ভালোভাবে কিছু করার সামর্থ্য আমাদের আছে। ব্রেক্সিটের দীর্ঘ প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। সূত্র: সমকাল



**২ জানুয়ারি, শনিবার**

- বাংলাদেশ মহিলা পরিষদের সভাপতি, বীর মুক্তিযোদ্ধা ও বিশিষ্ট নারীনেত্রী আয়শা খানমের ইন্তেকাল। সূত্র: যুগান্তর
- সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন কর্তৃক পরিচালিত ১০৩টি প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তাদের অ্যাসোসিয়েশন গঠন। সভাপতি পদে মো. কায়কোবাদ আকুঞ্জী ও সাধারণ সম্পাদক পদে আবুল হাশেম নির্বাচিত। সূত্র: যুগান্তর
- কক্সবাজার থেকে কিছু সংখ্যক রোহিঙ্গাকে ভাসানচরে স্থানান্তরের জন্য বাংলাদেশ সরকারের পদক্ষেপের প্রশংসা করেছেন ঢাকাস্থ ওমান দূতাবাসের মিশন প্রধান তায়েব সেলিম আবদুল্লাহ আল আলাবি। সূত্র: ইত্তেফাক
- বাংলাদেশ থেকে জাতিসংঘের শরণার্থী সংস্থার (ইউএনএইচসিআর) প্রথম শুভেচ্ছা দূত হয়েছেন সঙ্গীতশিল্পী ও অভিনেতা তাহসান খান। সূত্র: প্রথম আলো
- গত ২৪ ঘণ্টায় দেশে ৯ হাজার ৭০১ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৬৮৪ জন। ৯৬৪ জন সুস্থ , ২৩ জনের মৃত্যু। সূত্র: যুগান্তর
- ভারত ও পাকিস্তানের মধ্যে নিজ নিজ দেশের পরমাণু স্থাপনা ও বন্দি তালিকা বিনিময় চুক্তি। ভারতীয় পররাষ্ট্র মন্ত্রণালয়ের বিবৃতি প্রকাশ। সূত্র: যুগান্তর

**৩ জানুয়ারি, রবিবার**

- শিক্ষানবিশ সহকারী পুলিশ সুপারদের উদ্দেশে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, অপরাধ দমনে নিজেদের প্রতিনিয়ত যোগ্য ও দক্ষ করে গড়ে তুলতে হবে। গণভবন থেকে ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে সারদায় 'বাংলাদেশ পুলিশ অ্যাকাডেমিতে পুলিশের ৩৭তম বিসিএস-পুলিশ ব্যাচের শিক্ষানবিশ সহকারী পুলিশ সুপারদের প্রশিক্ষণ' সমাপনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী এ কথা বলেন। সূত্র: ইত্তেফাক
- স্বাধীনতা পুরস্কার ও একুশে পদকপ্রাপ্ত কথাসাহিত্যিক রাবেয়া খাতুনের (৮৫) মৃত্যু। সূত্র: ইত্তেফাক

- দেশের বীর মুক্তিযোদ্ধার সংজ্ঞা নির্ধারণে বিশ্বের যেসব দেশে মুক্তিযুদ্ধ সংঘটিত হয়েছে, সেসব দেশ থেকে তথ্য-উপাত্ত সংগ্রহের সুপারিশ করেছে সংসদীয় কমিটি। সূত্র: যুগান্তর
- বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গাদের ফিরিয়ে নিতে মিয়ানমারকে বাংলাদেশের চিঠি। প্রেস ব্রিফিংয়ে পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আবদুল মোমেন জানান, পহেলা জানুয়ারি মিয়ানমারের স্টেট কাউন্সিল দপ্তরের মন্ত্রী তিন সোয়েকে একটি চিঠি দেওয়া হয়েছে। ওই চিঠিতে বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গাদের ফিরিয়ে নেওয়ার অনুরোধ জানানো হয়েছে। সূত্র: সমকাল
- করোনার কারণে ভর্তি পরীক্ষা বাতিল করে ২০২১ সালে লটারির মাধ্যমে শিক্ষার্থী নির্বাচনের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা জারি। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১০ হাজার ৯২৫ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৮৩৫ জন। সুস্থ ৯৭৮ জন ও ২৭ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- আন্তর্জাতিক ফ্লাইট বন্ধের সাময়িক নিষেধাজ্ঞা তুলে নিল সৌদি আরব। গত ২০ ডিসেম্বর সৌদি আরব সব ধরনের আন্তর্জাতিক ফ্লাইট সাময়িকভাবে বন্ধ করে দেয়। এ ছাড়া সড়ক, সমুদ্রপথেও সৌদি আরবে প্রবেশ ও বের হওয়া নিষিদ্ধ করা হয়। সূত্র: যুগান্তর
- ‘ভারত বায়োটেকের’ তৈরি কোভ্যাকসিন টিকা ট্রায়াল শেষ না করেই, জরুরি ভিত্তিতে ব্যবহারের জন্য চূড়ান্ত অনুমোদন দিয়েছে ভারত। কোভ্যাকসিন নামের এই ভ্যাকসিনটি ভারতেই আবিষ্কৃত হয়েছে। দেশের চিকিৎসাবিজ্ঞান গবেষণা সংস্থা আইসিএমআরের সঙ্গে যৌথ উদ্যোগে ভারত বায়োটেক এই ভ্যাকসিনটি তৈরি করেছে। সূত্র: ইত্তেফাক

**৪ জানুয়ারি, সোমবার**

- বাংলাদেশ ছাত্রলীগের ৭৩তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে রাজধানীর কৃষিবিদ ইনস্টিটিউট মিলনায়তনে আলোচনা সভা। আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। সূত্র: জনকণ্ঠ



- ঔষধ প্রশাসন অধিদপ্তর বাংলাদেশে অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের উদ্ভাবিত করোনার টিকা জরুরি ব্যবহারের জন্য অনুমোদন দিয়েছে। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১২ হাজার ৯৬ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৯১০ জন। সুস্থ ৯১৭ ও ২৪ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- বাংলাদেশের করোনা ভ্যাকসিন পেতে কোন সমস্যা হবেনা। প্রথম থেকেই বাংলাদেশ ভ্যাকসিন পাবে। ভারতের পররাষ্ট্র সচিব হর্ষবর্ধন শ্রিংলা সাংবাদিকদের কাছে এই তথ্য প্রকাশ করেন। সূত্র: জনকণ্ঠ
- যুক্তরাজ্যে অক্সফোর্ড-অ্যাস্ট্রাজেনেকার তৈরি করোনার টিকাদান কর্মসূচী শুরু। ব্রিটিশ স্বাস্থ্যমন্ত্রী ম্যাট হ্যানকক বলেন, এই টিকা অনুমোদন পাওয়ায় আমরা আশাবাদী যে, বসন্তের মধ্যে ঝুঁকিপূর্ণ মানুষের এ টিকা কর্মসূচির আওতায় আনা যাবে। সূত্র: জনকণ্ঠ
- ইরানে ২০ শতাংশ ইউরেনিয়াম সমৃদ্ধকরণ শুরু দেশটির সরকারের। বিশ্বের ক্ষমতাধর দেশগুলোর পাশাপাশি উদ্‌বেগ প্রকাশ করল ইসরাইল। সূত্র: যুগান্তর
- জাতীয় দলের সাবেক অধিনায়ক মাশরাফি বিন মুর্তজাকে ছাড়া ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে আসন্ন হোম সিরিজের প্রাথমিক ওয়ানডে দল ঘোষণা বিসিবির। সূত্র: ইত্তেফাক

**৫ জানুয়ারি, মঙ্গলবার**

- জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় করোনাভাইরাস মোকাবিলায় স্বাস্থ্য খাতের সক্ষমতা বাড়াতে আরও ৫ হাজার ৬৫৯ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব অনুমোদন। সূত্র: জনকণ্ঠ
- দেশে করোনাভাইরাসের টিকার তৃতীয় ধাপের পরীক্ষামূলক প্রয়োগ নিয়ে চীনা কোম্পানি আনুই জিফেইয়ের প্রস্তাবে বাংলাদেশের নীতিগত সম্মতি। সূত্র: প্রথম আলো
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৪ হাজার ৬৬২ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৯৯১ জন। সুস্থ ৯৪৪ ও মৃত্যু ২০ জনের। সূত্র: জনকণ্ঠ

- ভারতে উৎপাদিত অক্সফার্ড-অ্যাস্ট্রাজেনেকার করোনার ভ্যাকসিন কোভিশিল্ড নিয়ে মন্তব্যের পর, প্রাথমিকভাবে জিটুজি ভিত্তিতে বাংলাদেশের জনগণকে ভ্যাকসিন দেবে ভারত। সাংবাদিকদের ভারতের পররাষ্ট্র সচিব। সূত্র: জনকণ্ঠ
- সরকার বেসরকারি পর্যায়ে তিন লাখ টন চাল আমদানির প্রক্রিয়া শুরু করেছে। সূত্র: কালের কণ্ঠ
- ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত রাজধানীর সাত সরকারি কলেজের প্রধান সমন্বয়কের দায়িত্ব পেলেন বিশ্ববিদ্যালয়ের সহ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক এ এস এম মাকসুদ কামাল। সূত্র: প্রথম আলো
- জামিন প্রশ্নে দেশের সব অধস্তন আদালতের প্রতি হাইকোর্টের দেওয়া চার দফা নির্দেশনা স্থগিত করেছে আপিল বিভাগ। চট্টগ্রামের মো. ইব্রাহিম নামের এক ব্যক্তির জামিন বিষয়ে ২০১৯ সালের ২৩ অক্টোবর চার দফা নির্দেশনা দিয়ে রায় দেন হাইকোর্ট। ওই রায়ে চার নির্দেশনা দেওয়া হয়। সূত্র: কালের কণ্ঠ
- যুক্তরাজ্যে করোনা সংক্রমণ তীব্র হওয়ায় নতুন করে দেড় মাসের লকডাউন জারি করেছে দেশটির সরকার। সূত্র: জনকণ্ঠ
- প্রতিবেশী কাতারের সঙ্গে নিজের আকাশ, জল ও স্থলসীমান্ত খুলে দিয়েছে সৌদি আরব। দোহার সঙ্গে তিন বছরের কূটনৈতিক সংকট কাটিয়ে উঠতে একটি সফল চুক্তির পর এমন সিদ্ধান্ত এসেছে। সূত্র: কালের কণ্ঠ

**৬ জানুয়ারি, বুধবার**

- বাংলাদেশ ছাত্রলীগের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে রাজধানীর কৃষিবিদ ইনস্টিটিউট মিলনায়তনে ছাত্রলীগ আয়োজিত আলোচনা সভায় গণভবন থেকে ভার্চুয়ালি সংযুক্ত হন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রধানমন্ত্রী স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত সোনার বাংলা গড়ে তোলার অঙ্গীকার করেন। সূত্র: যুগান্তর
- আন্তর্জাতিক অভিবাসন দিবস উপলক্ষ্যে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে (বিআইসিসি) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় আয়োজিত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভিডিয়ো



কনফারেন্সের মাধ্যমে সংযুক্ত হন। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী প্রবাসী কর্মীদের যথাযথ মর্যাদা ও নিরাপত্তা নিশ্চিত করতে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়সহ অভিবাসন সংশ্লিষ্ট সংগঠনগুলোকে দায়িত্বশীল ভূমিকা পালনের নির্দেশ দেন। সূত্র: ইত্তেফাক

- ২০২১ সালে বিশ্বের সবচেয়ে ক্ষমতাধর ১০০ দেশের তালিকায় বাংলাদেশ ৮১তম। যুক্তরাষ্ট্রভিত্তিক সিইও ওয়ার্ল্ড ম্যাগাজিনের তথ্য। সূত্র: জনকণ্ঠ
- করোনাভাইরাসের টিকার ক্লিনিক্যাল ট্রায়ালের জন্য ঔষধ প্রশাসন অধিদপ্তরের অনুমোদন পেয়েছে দেশীয় ওষুধ প্রস্তুতকারী প্রতিষ্ঠান গ্লোব ফার্মাসিউটিক্যালসের সহযোগী প্রতিষ্ঠান গ্লোব বায়োটেক লিমিটেড। গ্লোব বায়োটেক লিমিটেডের গবেষণা ও উন্নয়ন বিভাগের প্রধান ডা. আসিফ জানান, তারা এই টিকার নাম দিয়েছেন 'বঙ্গভ্যাক্স'। সূত্র: জনকণ্ঠ
- অক্সফোর্ড-অ্যাস্ট্রাজেনেকার টিকার জন্য ভারতের সেরাম ইনস্টিটিউটের নামে ৫০০ কোটি ৯ লাখ ৭৮ হাজার টাকা স্ট্যান্ডার্ড ব্যাংকে অগ্রিম অর্থ পরিশোধ করেছে বাংলাদেশ। সূত্র: ইত্তেফাক
- দেশে ২৪ ঘণ্টায় ১৫ হাজার ৫৫৪ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৯৭৮ জন। সুস্থ ১,০২১ জন ও ১৭ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- ভার্চুয়াল মাধ্যমে স্কুল-কলেজে বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের নির্দেশনা দিয়েছে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতর (মাউশি)। সূত্র: ইত্তেফাক
- বাংলাদেশ-ভারত যৌথ নদী কমিশনের (জেআরসি) টেকনিক্যাল কমিটির দুই দিনব্যাপী ভার্চুয়াল বৈঠকে অভিন্ন ছয়টি নদীর পানির ব্যবহার বিষয়ে হালনাগাদ তথ্য বিনিময়। বাংলাদেশ ও ভারত মুহুরী, খোয়াই, ধরলা, দুধকুমার, মনু ও গোমতী নদীর পানিবণ্টন চুক্তি নিয়ে আলোচনা করেছে। সূত্র: সমকাল
- বীর মুক্তিযোদ্ধা হিসেবে ২০০২ থেকে ২০১৪ সাল পর্যন্ত আইন ও বিধি বহির্ভূতভাবে গেজেটভুক্ত ব্যক্তিদের যাচাই-বাছাই স্থগিত করেছে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়। সূত্র: সমকাল

- ক্যাপিটল হিলে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সমর্থকদের বিক্ষোভের পর জো বাইডেনের জয় আনুষ্ঠানিকভাবে প্রত্যয়নে কংগ্রেসের যৌথ অধিবেশন। সূত্র: সমকাল

**৭ জানুয়ারি, বৃহস্পতিবার**

- আওয়ামী লীগ সরকারের দ্বিতীয় বর্ষপূর্তি ও তৃতীয় বর্ষে পদার্পণের দিনে জাতির উদ্দেশে ভাষণ দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রধানমন্ত্রী বলেন, ২০০৯ সালে রাষ্ট্র পরিচালনার দায়িত্ব গ্রহণের পর আওয়ামী লীগ সরকারের গত ১২ বছরের শাসনামলে বাংলাদেশ বিশ্বের বুকে স্থান পেয়েছে এক আত্মমর্যাদাশীল দেশ হিসেবে। আর্থ-সামাজিক এবং অবকাঠামো খাতে বাংলাদেশের বিস্ময়কর উন্নয়ন সাধিত হয়েছে। ভাষণে তিনি কোভিড-১৯ মোকাবিলায় চিকিৎসক, স্বাস্থ্যকর্মী, আইন-শৃঙ্খলা বাহিনী, সশস্ত্র বাহিনী এবং মাঠ প্রশাসনের সদস্যসহ সম্মুখযোদ্ধাদের ধন্যবাদ জানান। সূত্র: জনকণ্ঠ
- আওয়ামী লীগ সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের সাংবাদিকদের বলেন, স্থানীয় সরকার নির্বাচনে দলের মনোনীত প্রার্থীদের বিরুদ্ধে যারা স্বতন্ত্র প্রার্থী হিসেবে নির্বাচন করছেন আগামীতে আর তাদের মনোনয়ন দেওয়া হবে না। তিনি দলের শৃঙ্খলা ও স্বার্থ পরিপন্থী কর্মকাণ্ড থেকে বিরত থাকতে সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানান। সূত্র: জনকণ্ঠ
- দেশে ২৪ ঘণ্টায় ১৫ হাজার ৩৮১ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১০০৭ জন। সুস্থ ৯৬৬ জন ও ৩১ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- নির্ধারিত বিচারিক কর্মঘণ্টায় অধীনস্থ বিচারক বা ম্যাজিস্ট্রেটদের সঙ্গে আলোচনা পরিহার এবং বিচারিক কর্মঘণ্টার পূর্ণ সদ্ব্যবহার করতে সারাদেশের নিম্ন আদালতের বিচারকদের প্রতি কঠোর নির্দেশনা জারি করেছে সুপ্রিমকোর্ট। সূত্র: জনকণ্ঠ
- সিঙ্গাপুরে নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনারের সঙ্গে দেশটির দপ্তর ও জনশক্তি মন্ত্রণালয়ের মন্ত্রীর বৈঠক অনুষ্ঠিত। বৈঠকে বাংলাদেশিদের জন্য সিঙ্গাপুরের শ্রমবাজার উন্মুক্তের সিদ্ধান্ত। সূত্র: ইত্তেফাক



- ওমরাহ করতে অবশ্যই করোনাভাইরাসের টিকা নিতে হবে। সৌদি আরব সরকার এই ঘোষণা দিয়েছে। সূত্র: ইত্তেফাক
- যুক্তরাষ্ট্রের কংগ্রেস দেশটির ৪৬তম প্রেসিডেন্ট হিসেবে জো বাইডেনকে আনুষ্ঠানিক অনুমোদন দিয়েছে। সূত্র: যুগান্তর

**৮ জানুয়ারি, শুক্রবার**

- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কারামুক্তি দিবস উপলক্ষ্যে ডাক অধিদপ্তরের স্মারক ডাকটিকিট প্রকাশ। সূত্র: জনকণ্ঠ
- উপমহাদেশের দেশগুলোর মধ্যে কোভিড-১৯ (করোনাভাইরাস) মোকাবিলার সক্ষমতায় বাংলাদেশ ২০তম। যুক্তরাষ্ট্রভিত্তিক অর্থনীতি বিষয়ক গণমাধ্যম ব্লুমবার্গের প্রতিবেদনের বরাত দিয়ে রংপুরে সাংবাদিকদের তথ্যমন্ত্রী হাছান মাহমুদ এ কথা জানান। সূত্র: প্রথম আলো
- অর্থ আত্মসাতসহ দুর্নীতির দায়ে অভিযুক্ত বিদেশে পলাতক পি কে হালদারের বিরুদ্ধে রেড নোটিস জারি করেছে ইন্টারপোল। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৩ হাজার ৬৮১ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষা। শনাক্ত ৭৮৫ জনের, সুস্থ ৮৩৩ জন ও ১৬ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- আগামী ২০ জানুয়ারি যুক্তরাষ্ট্রের নবনির্বাচিত প্রেসিডেন্ট জো বাইডেনের শপথ গ্রহণ অনুষ্ঠানে অংশ নেবেন না প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। টুইট বার্তায় ট্রাম্প লেখেন, যারা জানতে চেয়েছেন তাদের বলছি, আমি ২০ জানুয়ারির অভিষেক অনুষ্ঠানে যাচ্ছি না। সূত্র: সমকাল
- বিতর্কিত ও উসকানিমূলক বার্তা দেয়ায় বিদায়ী মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের টুইট অ্যাকাউন্ট স্থায়ীভাবে বন্ধ করেছে টুইটার। সূত্র: যুগান্তর
- ইরানের ইসলামী বিপ্লবী গার্ডস বাহিনীর (আইআরজিসি) প্রধান কমান্ডার মেজর জেনারেল হোসেইন সালামি পারস্য উপসাগরের উপকূলে একটি ভূগর্ভস্থ ক্ষেপণাস্ত্র শহর উন্মোচন করেছেন। সূত্র: যুগান্তর

**৯ জানুয়ারি, শনিবার**

- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষ্যে বাণী দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বাণীতে প্রধানমন্ত্রী বলেন, জাতির পিতা যে অসাম্প্রদায়িক, ক্ষুধা-দারিদ্র্যমুক্ত ও উন্নত-সমৃদ্ধ সোনার বাংলাদেশ বিনির্মাণের স্বপ্ন দেখেছিলেন, সব ষড়যন্ত্র প্রতিহত করে মহান মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ হয়ে আমরা ঐক্যবদ্ধভাবে সেই স্বপ্ন বাস্তবায়নের কার্যকরী ভূমিকা রাখব, ইনশাআল্লাহ। সূত্র : যুগান্তর
- সরকারের দুই বছর পূর্তি শেষে মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপমন্ত্রীদের কাজের মূল্যায়ন বিশেষভাবে সংগ্রহ শুরু করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে তথ্য প্রকাশ। সূত্র: কালের কণ্ঠ
- সরকারি কর্মচারিদের এসিআর (বার্ষিক গোপনীয় প্রতিবেদন) ফরমের পরিবর্তন করে নীতিমালা জারি। এসিআর ফরম পূরণে নানা জটিলতা এড়াতে এখন থেকে প্রতিবছর ডিসেম্বরে এসিআর সপ্তাহ পালন করবে প্রতিটি মন্ত্রণালয়, বিভাগ ও দপ্তর সংস্থাগুলো। সূত্র: যুগান্তর
- বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (সংশোধিত ২০১৮) সংশোধনে প্রতিবেদন প্রস্তুতের জন্য সরকার-মালিক-শ্রমিক প্রতিনিধির সমন্বয়ে ১৫ সদস্যের কমিটি পুনর্গঠন করে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় আদেশ জারি করেছে। সূত্র: জনকণ্ঠ
- জাতির পিতা বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তনের মধ্য দিয়েই পূর্ণতা পায় আমাদের রক্তার্জিত স্বাধীনতা। জাতীয় প্রেসক্লাবে বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষ্যে আওয়ামী হকার্স লীগ আয়োজিত সভায় তথ্যমন্ত্রী ও আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ড. হাছান মাহমুদ এ কথা বলেন। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ১২ হাজার ৯০৮ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৬৯২ জন, সুস্থ ৭৮৫ জন, মৃত্যু ২২ জনের। সূত্র: জনকণ্ঠ
- যুক্তরাষ্ট্রের কংগ্রেস ভবনে নজিরবিহীন হামলার ঘটনায় সহমর্মিতা প্রকাশ করায় বাংলাদেশের জনগণকে ধন্যবাদ জানিয়েছেন ঢাকায় নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত আর্ল মিলার। সূত্র: জনকণ্ঠ



- বাংলাদেশি নাগরিকদের ওপর থেকে সব রকমের ভিসা নিষেধাজ্ঞা প্রত্যাহার করেছে পাকিস্তান। বাংলাদেশে নিযুক্ত পাকিস্তান হাইকমিশনের বিবৃতি। সূত্র: জনকণ্ঠ
- ডেমোক্র্যাট নিয়ন্ত্রিত মার্কিন প্রতিনিধি পরিষদের স্পিকার ন্যান্সি পেলোসি জানান, মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে অপসারণ করার প্রক্রিয়া শুরু হয়েছে। সূত্র: ইত্তেফাক
- ইন্দোনেশিয়া থেকে ৬২ যাত্রী নিয়ে বোয়িং ৭৩৭-৫০০ বিমান নিখোঁজ। উড্ডয়নের চার মিনিট পর এটি নিখোঁজ হয়। সূত্র: যুগান্তর

**১০ জানুয়ারি, রবিবার**

- বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে সর্বস্তরের মানুষের শ্রদ্ধা নিবেদন, স্মৃতিচারণ, আলোচনা সভা, দোয়া মাহফিলের মধ্য দিয়ে সারাদেশে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালিত হয়েছে। সূত্র: জনকণ্ঠ
- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষ্যে বঙ্গবন্ধু অ্যাভিনিউতে দলের কেন্দ্রীয় কার্যালয়ে আওয়ামী লীগ আলোচনা সভার আয়োজন করে। গণভবন থেকে ভার্চুয়াল মাধ্যমে যোগ দেন প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা। সূত্র: জনকণ্ঠ
- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে বঙ্গভবনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. আখতারুজ্জামানের নেতৃত্বে একটি প্রতিনিধি দল সাক্ষাৎ করেন। সাক্ষাতকালে রাষ্ট্রপতি করোনা মহামারীর কারণে সৃষ্ট সেশনজট কাটিয়ে উঠতে রোডম্যাপ প্রণয়নের নির্দেশনা দেন। সূত্র: জনকণ্ঠ
- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের খুনি মোসলেহ উদ্দিন খানসহ ৫২ জনের মুক্তিযোদ্ধা গেজেট ও সনদ বাতিল করে প্রজ্ঞাপন জারি করেছে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১২ হাজার ৯২০ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১০৭১ জন। সুস্থ ৭৩৭ জন ও ২৫ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ

- নারীরা নিকাহ রেজিস্ট্রার হতে পারবেন না মর্মে ছয় বছর আগে দেওয়া আইন মন্ত্রণালয়ের সিদ্ধান্ত বহাল রেখেছে হাইকোর্ট। এতে বাংলাদেশের সামাজিক ও বাস্তব অবস্থার পরিপ্রেক্ষিতে নারীরা বিয়ের রেজিস্ট্রার বা কাজী হতে পারবেন না বলে নির্দেশনা দিয়েছেন উচ্চ আদালত। সূত্র: ইত্তেফাক
- করোনা পরিস্থিতিতে ফেব্রুয়ারিতে হচ্ছে না অমর একুশে বইমেলা ২০২১। বাংলা একাডেমির মহাপরিচালক এই তথ্য প্রকাশ করেছেন। সূত্র: যুগান্তর
- মার্কিন কংগ্রেসে নজিরবিহীন তাণ্ডবের ঘটনায় প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সম্মানসূচক ডিগ্রি বাতিল করেছে দেশটির লিলাই বিশ্ববিদ্যালয়। সূত্র: জনকণ্ঠ
- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবসে বঙ্গবন্ধু শেখ মুজিব ঢাকা ম্যারাথনে সেরা মরক্কোর হিশাম ও কেনিয়ার অ্যাঞ্জেলা। সূত্র: যুগান্তর

**১১ জানুয়ারি, সোমবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে মন্ত্রিসভার ভার্চুয়াল বৈঠকে 'ইন্টারমিডিয়েট অ্যান্ড সেকেন্ডারি এডুকেশন অর্ডিনেন্স ১৯৬১ (সংশোধন) অধ্যাদেশ ২০২০' ও 'বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড আইন, ২০১৮' এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড আইন, ২০২০' এর খসড়ার নীতিগত ও চূড়ান্ত অনুমোদন। সূত্র: জনকণ্ঠ
- সচিবালয়ে বাণিজ্যমন্ত্রী ও ঢাকায় নিযুক্ত ভারতের রাষ্ট্রদূতের সঙ্গে মতবিনিময়কালে বাংলাদেশ ও ভারতের মধ্যে বিদ্যমান বাণিজ্য জটিলতা দূর করতে প্রয়োজনীয় উদ্যোগ নিতে একমত। সূত্র: জনকণ্ঠ
- ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের (ডিএসসিসি) মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপসের বিরুদ্ধে মানহানিকর বক্তব্যের অভিযোগে একই সিটি কর্পোরেশনের সাবেক মেয়র মো. সাঈদ খোকনের নামে আদালতে পৃথক দুটি মামলা দায়ের। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৪ হাজার ৯৭ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৮৪৯। সুস্থ ৯১৭ ও ২২ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ



- মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে অভিশংসনে প্রতিনিধি পরিষদে প্রস্তাব উত্থাপন। এর মধ্য দিয়ে ট্রাম্প দু'বার অভিশংসন প্রক্রিয়ার মধ্য দিয়ে যাবেন যা যুক্তরাষ্ট্রের ইতিহাসে প্রথম। সূত্র: ইত্তেফাক

**১২ জানুয়ারি, মঙ্গলবার**

- করোনাভাইরাসের কারণে বাংলাদেশ ২০২৪ সালে স্বল্পোন্নত দেশ (এলডিসি) থেকে উত্তরণের সময় পিছিয়ে ২০২৬ সাল পর্যন্ত আরও দুই বছর সময় প্রদান। জাতিসংঘের কমিটি ফর ডেভেলপমেন্ট (সিডিপি) ও সরকারের নীতিনির্ধারকদের সভায় সিদ্ধান্ত। সূত্র: প্রথম আলো
- প্রত্যাবাসন প্রক্রিয়ার অংশ হিসেবে দুই লাখ ৩০ হাজার রোহিঙ্গার তালিকা ঢাকায় মিয়ানমারের রাষ্ট্রদূতের কাছে দিল বাংলাদেশ সরকার। সূত্র: জনকণ্ঠ
- সারা দেশে ২০২০ সালে উচ্ছেদ অভিযানে নদী দখলদারের সংখ্যা বেড়ে ৬৩ হাজার ২৪৯ জন। ২০১৯ সালে দখলদারের সংখ্যা ছিল ৫৭ হাজার ৩৯০ জন। বার্ষিক প্রতিবেদন প্রকাশ অনুষ্ঠানে জাতীয় নদী রক্ষা কমিশন। সূত্র: জনকণ্ঠ
- করোনাভাইরাসের কারণে শিক্ষার্থীদের পাঠদানের ধারাবাহিকতা অব্যাহত রাখতে আগামী তিন মাস নতুন পাঠ্যবইয়ের আলোকে অ্যাসাইনমেন্ট দেয়ার সিদ্ধান্ত ঘোষণা করেছে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মাউশি)। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৪ হাজার ৩৬৩ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৭১৮। সুস্থ ৯৬৩ ও ১৬ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- কেন্দ্রীয় সরকারের আপত্তি অগ্রাহ্য করে বিতর্কিত তিন কৃষি আইনের প্রয়োগ স্থগিত করেছে ভারতের সুপ্রিমকোর্ট। সূত্র: প্রথম আলো
- করোনা সংক্রমণ বেড়ে যাওয়ায় আগামী ১ আগস্ট পর্যন্ত জরুরি অবস্থা ঘোষণা মালয়েশিয়ার। সূত্র: কালের কণ্ঠ
- মার্কিন বাহিনীর ৪৬তম কমান্ডার ইন চিফ হিসেবে যুক্তরাষ্ট্রের নবনির্বাচিত প্রেসিডেন্ট জো বাইডেনের নাম ঘোষণা। সূত্র: জনকণ্ঠ

## ১৩ জানুয়ারি, বুধবার

- গণভবনে আওয়ামী লীগ সভানেত্রী ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে আওয়ামী লীগের স্থানীয় সরকার জনপ্রতিনিধি মনোনয়ন বোর্ডের বৈঠক অনুষ্ঠিত। বৈঠকে প্রধানমন্ত্রী আসন্ন পৌরসভা নির্বাচনে নৌকা মার্কাকে বিজয়ী করতে তৃণমূল নেতাকর্মীদের ঐক্যবদ্ধ হয়ে কাজ করার নির্দেশ দিয়েছেন। সূত্র: ইত্তেফাক
- পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রী বীর বাহাদুরের সভাপতিত্বে মন্ত্রণালয়ের সভাকক্ষে ২০২০-২১ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা। সূত্র: জনকণ্ঠ
- কোনো দেশ বেশি দাম রাখলে বিকল্প বাজার থেকে করোনা ভ্যাকসিন আমদানি করা হতে পারে; সরকারী ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে ভার্চুয়াল সংবাদ সম্মেলনে মন্তব্য অর্থমন্ত্রীর। সূত্র: ইত্তেফাক
- দেশে বার্ড ফ্লু রোগের সংক্রমণ ও বিস্তার প্রতিরোধে সীমান্তবর্তী এলাকা দিয়ে হাঁস-মুরগি ও পাখি জাতীয় প্রাণী প্রবেশ রোধে ব্যবস্থা নিতে তিন মন্ত্রণালয়কে চিঠি দিয়েছে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়। সূত্র: জনকণ্ঠ
- দেশের ছয় মানবপাচারকারীর বিরুদ্ধে রেড নোটিস জারি করেছে আন্তর্জাতিক পুলিশ সংস্থা (ইন্টারপোল)। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৫ হাজার ৭২৭ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৮৯০। সুস্থ ৮৪১ ও ১৪ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- যুক্তরাষ্ট্রে অন্তঃসত্ত্বা নারীকে হত্যার অভিযোগে প্রায় সাত দশকের মধ্যে দেশটিতে প্রথম এক নারীর মৃত্যুদণ্ড কার্যকর। সূত্র: ইত্তেফাক

## ১৪ জানুয়ারি, বৃহস্পতিবার

- বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে সমাজকল্যাণ মন্ত্রণালয় আয়োজিত সামাজিক নিরাপত্তাবলয় (এসএসএন)-এর বিভিন্ন ভাতা সরাসরি উপকারভোগীদের মোবাইল ফোনে প্রেরণ কার্যক্রম গণভবন থেকে ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে উদ্‌বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: যুগান্তর



- আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের সাংবাদিকদের জানান, প্রধানমন্ত্রী শেখ হাসিনা সাংগঠনিক কার্যক্রম জোরদারের লক্ষ্যে দলের বিভিন্ন পর্যায়ের সাংগঠনিক সমস্যা নিরসনে আটটি বিভাগের দায়িত্বপ্রাপ্ত নেতাদের নির্দেশনার পাশাপাশি সবপর্যায়ে সম্মেলনের মাধ্যমে মেয়াদোত্তীর্ণ কমিটি গঠনের কার্যক্রম শুরুর নির্দেশ দিয়েছেন। সূত্র: ইত্তেফাক
- জন্মনিবন্ধনের সময় জাতীয় পরিচয়পত্রের মতো দেশের নাগরিকের আঙ্গুলের ছাপ (ফিঙ্গারপ্রিন্ট) ও চোখের আইরিশের প্রতিচ্ছবি নেওয়া কেন বাধ্যতামূলক করা হবে না, মর্মে জনস্বার্থে করা রিট আবেদনের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্টদের প্রতি হাইকোর্টের রুল জারি। সূত্র: সমকাল
- গুচ্ছভুক্ত ২০টি বিশ্ববিদ্যালয়ের '২০২০-২১ শিক্ষাবর্ষে স্নাতক' শিক্ষার্থীদের ভর্তির জন্য জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের সভা কক্ষে টেকনিক্যাল সাব-কমিটির প্রথম বৈঠক অনুষ্ঠিত। সূত্র: জনকণ্ঠ
- পাচার করা অর্থে কানাডা, অস্ট্রেলিয়া, মালয়েশিয়া ও সিঙ্গাপুরসহ বিভিন্ন দেশ বিলাসবহুল বাড়ি বা ফ্ল্যাট কিনেছেন এমন বাংলাদেশি নাগরিকদের নাম-পরিচয় চেয়ে পররাষ্ট্র মন্ত্রণালয়ে চিঠি পাঠিয়েছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৬ হাজার ৬০৮ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৮১৩। সুস্থ ৮৮৩ ও ১৬ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্টের দায়িত্ব নিতে যাওয়া জো বাইডেনের প্রশাসনে প্রথম বাংলাদেশি-আমেরিকান হিসেবে ডেপুটি চিফ অব স্টাফের সিনিয়র অ্যাডভাইজার পদে জেইন সিদ্দিকের নাম ঘোষণা। সূত্র: জনকণ্ঠ
- একবার কোভিড-১৯ এ আক্রান্ত বেশিরভাগ ব্যক্তি কমপক্ষে পাঁচ মাস এ ভাইরাস থেকে সুরক্ষিত থাকবে। পাবলিক হেলথ ইংল্যান্ডের প্রতিবেদন। সূত্র: সমকাল
- যুক্তরাষ্ট্রের নবনির্বাচিত প্রেসিডেন্ট জো বাইডেনের শপথ গ্রহণ অনুষ্ঠান ঘিরে ওয়াশিংটনজুড়ে ২০ হাজার সশস্ত্র সেনা মোতায়েন। সূত্র: সমকাল

**১৫ জানুয়ারি, শুক্রবার**

- করোনা মহামারির কারণে দেশের কওমি মাদ্রাসা ছাড়া সকল শিক্ষাপ্রতিষ্ঠানের ছুটি আবারও বেড়ে চলমান ছুটি আগামী ৩০ জানুয়ারি পর্যন্ত করা হয়েছে। শিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তি। সূত্র: ইত্তেফাক
- দেশে প্রথম চালানে আসা ৫০ লাখ করোনার টিকা দেয়া হবে ৫০ লাখ মানুষকে। তবে ১৮ বছরের নিচে এবং অন্তঃসত্ত্বা নারীসহ প্রায় সাড়ে পাঁচ কোটি জনগোষ্ঠীকে টিকা দেয়া হবে না। বাকিদের চলতি বছরেই টিকা দেয়া হবে, স্বাস্থ্য অধিদপ্তর এ তথ্য প্রকাশ করেছে। সূত্র: জনকণ্ঠ
- মেজর জেনারেল মঞ্জুর হত্যা মামলার অধিকতর তদন্ত প্রতিবেদন। মারা যাওয়ায় প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদ ও মেজর জেনারেল (অব.) আবদুল লতিফকে অব্যাহতির আবেদন করেছে পুলিশের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি)। সূত্র: ইত্তেফাক
- দেশের সর্ববৃহৎ তিস্তা ব্যারাজের কমান্ড এলাকার ৬০ হাজার হেক্টর জমিতে সেচ কার্যক্রম শুরু। সূত্র: জনকণ্ঠ
- যুক্তরাজ্য থেকে বাংলাদেশে আসা যাত্রীদের ক্ষেত্রে ১৪ দিন কোয়ারেন্টাইনে থাকার নিয়ম কমিয়ে চার দিন করে স্বাস্থ্য অধিদপ্তরের নির্দেশনা জারি। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৩ হাজার ৬৭৮ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৭৬২। সুস্থ ৭১৮ ও ১৩ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- নতুন বৈশিষ্ট্যের করোনাভাইরাসের ঝুঁকি এড়াতে (আগামী ১৮ জানুয়ারি থেকে কার্যকর হয়ে ১৫ ফেব্রুয়ারি পর্যন্ত) যুক্তরাজ্য কর্তৃপক্ষ সব ধরনের ভ্রমণে নিষেধাজ্ঞা জারি। সূত্র: যুগান্তর
- বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে 'জাতীয় অ্যাথলেটিক্স' প্রতিযোগিতার ৪৪তম আসর শুরু। সূত্র: জনকণ্ঠ

**১৬ জানুয়ারি, শনিবার**

- দেশে দ্বিতীয় দফায় ৬০ পৌরসভায় মেয়র পদে ভোট গ্রহণ সম্পন্ন। নির্বাচনে মেয়র পদে ৪০টিতে আওয়ামী লীগ, ৪টিতে বিএনপি, ১টিতে জাসদ, ১টিতে জাতীয় পার্টি এবং ৮টিতে স্বতন্ত্র প্রার্থীর জয়লাভ। সূত্র: জনকণ্ঠ



- 'শেখ হাসিনা : অন দ্য রাইট সাইড অব হিস্ট্রি' শীর্ষক দুই মাসব্যাপী চলমান শিল্পকর্ম প্রদর্শনী পরিদর্শনকালে বাংলাদেশে ইতিহাসকে এগিয়ে নিতে শিল্পীদের প্রচেষ্টার প্রশংসা করেছেন বাংলাদেশে নিযুক্ত যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত। সূত্র: ইত্তেফাক
- বিশ্বের ১৩৮টি দেশ নিয়ে গ্লোবাল ফায়ার পাওয়ার (জিএফপি) আন্তর্জাতিক গবেষণা প্রতিষ্ঠানের রিপোর্ট '২০২১ : মিলিটারি স্ট্রেন্থ র‍্যাংকিং' প্রকাশ। সামরিক শক্তিতে বিশ্বে শীর্ষে রয়েছে যুক্তরাষ্ট্র। এক্ষেত্রে বাংলাদেশের অবস্থান ৪৫তম, যা এর আগের বছর ছিল ৪৬তম। সূত্র: জনকণ্ঠ
- দেশে গত ২৪ ঘণ্টায় ১২ হাজার ২১৫ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৫৭৮। সুস্থ ৬৩৩ ও ২১ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- 'নান্দনিক চলচ্চিত্র, মননশীল দর্শক, আলোকিত সমাজ' স্লোগানে ঢাকায় আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের ১৯তম আসর শুরু। এবারের উৎসব উৎসর্গ করা হয়েছে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে। সূত্র: সমকাল
- সৌদি আরবে প্রথমবারের মতো বিচারকের দায়িত্বে নারী। সূত্র: যুগান্তর
- ভারতে করোনাভাইরাস মোকাবিলায় টিকাদান কর্মসূচির উদ্‌বোধন করেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। ভারতীয় দুই প্রতিষ্ঠানের তৈরি ও উৎপাদিত করোনার টিকা কোভিশিল্ড ও কোভ্যাকসিন দিয়ে শুরু হয়েছে এ টিকাদান কর্মসূচি। কোভ্যাকসিন তৈরি ভারত বায়োটেকের। আর কোভিশিল্ডের উৎপাদক সেরাম ইনস্টিটিউট। সূত্র: জনকণ্ঠ

**১৭ জানুয়ারি, রবিবার**

- বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে তথ্য মন্ত্রণালয় আয়োজিত জাতীয় চলচ্চিত্র পুরস্কার ২০১৯ প্রদান অনুষ্ঠান। প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে অংশগ্রহণ করেন। সূত্র: ইত্তেফাক

- গ্লোব বায়োটেক করোনার টিকা বঙ্গভ্যাক্সের ক্লিনিক্যাল ট্রায়ালের নীতিগত অনুমোদন চেয়ে বাংলাদেশ মেডিক্যাল রিসার্চ কাউন্সিলে (বিএমআরসি) আবেদন করেছে। সূত্র: জনকণ্ঠ
- করোনা মহামারির প্রভাব মোকাবিলায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২ হাজার ৭০০ কোটি টাকার দ্বিতীয় প্রণোদনা প্যাকেজ কর্মসূচি অনুমোদন করেছেন। অর্থ মন্ত্রণালয়ের প্রেস বিজ্ঞপ্তি। সূত্র: যুগান্তর
- দেশের পৌরসভাগুলো নিজেদের কর্মচারীদের ১২ মাসের বেতন দিতে ব্যর্থ হলে পরিষদ বাতিল। স্থানীয় সরকার বিভাগের অধীন প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্পের উদ্যোগে 'স্ট্রেনদেনিং দ্য আরবান লোকাল গবর্নমেন্ট ইন বাংলাদেশ শীর্ষক' ন্যাশনাল পলিসি ডায়ালগ অনুষ্ঠানে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী এ কথা বলেন। সূত্র: জনকণ্ঠ
- রোহিঙ্গার মধ্যে যারা সৌদি আরবে বাংলাদেশি হিসেবে গেছে নবায়ন করার সময়, তাদের অবশ্যই বাংলাদেশি পাসপোর্ট দেয়া হবে, স্বরাষ্ট্রমন্ত্রী। সৌদির কিং সালমান রিলিফ সেন্টার বাংলাদেশে রোহিঙ্গা ও স্বাগতিক সম্প্রদায়ের জন্য ৩০ হাজার ঝুড়ি খাদ্য বিতরণ প্রকল্প বাস্তবায়ন অনুষ্ঠান শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, সৌদি আরবে অবস্থানরত কোনো রোহিঙ্গা যদি একবার বাংলাদেশি পাসপোর্ট পেয়ে থাকে, তাহলে তারা নবায়নের আবেদন করলে বিচার-বিশ্লেষণ করে বিষয়টি ভাবা হবে। সূত্র: যুগান্তর
- সারাদেশে ২০১৯-২০ বছরের নিবন্ধিত ভোটারের তথ্য অনুযায়ী খসড়া তালিকা প্রকাশ নির্বাচন কমিশনের (ইসি)। নতুন ভোটার হিসেবে তালিকায় যুক্ত হচ্ছেন ১৪ লাখ ৬৫ হাজার ৪৬ জন। এর মধ্যে পুরুষ ৯ লাখ ১ হাজার ৯৮৩ ও নারী ৫ লাখ ৬৩ হাজার ৪৮ জন। এছাড়া হিজড়া রয়েছেন ১৫ জন। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৩ হাজার ৪৪৬ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৫৬৯। সুস্থ ৬৮১ ও ২৩ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে বাংলাদেশ ক্রিকেট দলের জন্য 'লাল-সবুজ' রংয়ের বিশেষ জার্সি তৈরি বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি)। সূত্র: ইত্তেফাক



**১৮ জানুয়ারি, সোমবার**

- একাদশ জাতীয় সংসদের একাদশ অধিবেশন (শীতকালীন) এবং চলতি বছরের প্রথম অধিবেশন শুরু। রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের ভাষণ প্রদান। সূত্র: ইত্তেফাক
- সংসদ অধিবেশন শেষে সংসদ ভবনে রাষ্ট্রপতির চেম্বারে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। রাষ্ট্রপতির প্রেস সচিব মো. জয়নাল আবেদীন জানান, সাক্ষাতের সময় প্রধানমন্ত্রী করোনাভাইরাস মোকাবিলায় সরকারের গৃহীত বিভিন্ন পদক্ষেপ সম্পর্কে রাষ্ট্রপতিকে অবহিত করেন। এ ছাড়া সামগ্রিক অর্থনৈতিক কার্যক্রম অব্যাহত রাখতে সরকারের নেওয়া বিভিন্ন উদ্যোগ সম্পর্কেও অবহিত করেন। সূত্র: সমকাল
- ঢাকা ও এর আশপাশের জেলায় অবৈধভাবে গড়ে ওঠা ৫৯টি ইটভাঁটার কার্যক্রম বন্ধ করা হয়েছে। হাইকোর্টে প্রতিবেদন দাখিল করেছে পরিবেশ অধিদপ্তর। সূত্র: ইত্তেফাক
- করোনা ভ্যাকসিনের পার্শ্বপ্রতিক্রিয়া যেটা আছে, সেটি তেমন গুরুতর নয়। তার পরও টিকা গ্রহীতাকে মানসিকভাবে প্রস্তুত থাকতে হবে। পার্শ্বপ্রতিক্রিয়া মেনে নিয়ে ভ্যাকসিন নিতে হবে। আর পার্শ্বপ্রতিক্রিয়া হলে সব ধরনের চিকিৎসা সহায়তা দেওয়া হবে। ঢাকা রিপোর্টার্স ইউনিটির উদ্যোগে 'মিট দ্য রিপোর্টার্স' অনুষ্ঠানে স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক এ কথা বলেন। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ১২ হাজার ৭০৭ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৬৯৭। সুস্থ ৭৩৬ ও ১৬ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- যুক্তরাষ্ট্রের ইতিহাসে প্রথম নারী ও কৃষ্ণাঙ্গ ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিসের সিনেট থেকে পদত্যাগ। সূত্র: যুগান্তর

**১৯ জানুয়ারি, মঙ্গলবার**

- অতিমারি, মহামারি ও দৈবদুর্বিপাকের মতো বিশেষ পরিস্থিতিতে পরীক্ষা ছাড়াই মাধ্যমিক (এসএসসি), উচ্চমাধ্যমিক (এইচএসসি) ও সমমান পাসের ফল প্রকাশে পৃথক তিনটি আইনের সংশোধনী বিল জাতীয় সংসদে উত্থাপন। সূত্র: ইত্তেফাক

- অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনায় নতুন করে যুক্ত হচ্ছে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ১০টি বিশেষ উদ্যোগ। জাতীয় অর্থনৈতিক পরিষদের (এনইসি-ন্যাশনাল ইকোনমিক কাউন্সিল) বৈঠকে অনুমোদনের পর প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে সাধারণ অর্থনীতি বিভাগকে এ সংক্রান্ত নির্দেশনা প্রদান। সূত্র: যুগান্তর
- বাংলাদেশে আশ্রিত মিয়ানমারের রাখাইন রাজ্য থেকে বাস্তুচ্যুত রোহিঙ্গাদের প্রত্যাবাসন ইস্যুতে চীনের মধ্যস্থতায় বাংলাদেশ ও মিয়ানমারের সচিব পর্যায়ের ত্রিপক্ষীয় ভার্চুয়াল বৈঠক অনুষ্ঠিত। সূত্র: জনকণ্ঠ
- একাত্তরের ঘাতক দালাল নির্মূল কমিটির তিন দশক পূর্তিতে 'মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়নে নাগরিক আন্দোলনের তিন দশক' শীর্ষক আন্তর্জাতিক ওয়েবিনারে গণহত্যার আন্তর্জাতিক স্বীকৃতির জন্য ৩০ লাখ গণস্বাক্ষরযুক্ত প্রস্তাব জাতিসংঘে পাঠানোর সিদ্ধান্ত। সূত্র: সমকাল
- দেশের দ্বিতীয় স্যাটেলাইট (কৃত্রিম উপগ্রহ) তৈরি ও উৎক্ষেপণ কার্যক্রমের অংশ হিসেবে বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেডের (বিএসসিএল) সঙ্গে ফ্রান্সের প্রতিষ্ঠান 'প্রাইস ওয়াটার হাউস কুপার্স অ্যাডভাইজারির (এসএএসে) চুক্তি স্বাক্ষর। সূত্র: কালের কণ্ঠ
- পঞ্চম ধাপে ৩১ পৌরসভায় ২৮ ফেব্রুয়ারি ভোটগ্রহণের তারিখ নির্ধারণ করে তফসিল ঘোষণা করেছে নির্বাচন কমিশন (ইসি)। রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনে নির্বাচনের তফসিল ঘোষণা করেন ইসির জ্যেষ্ঠ সচিব মো. আলমগীর। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৫ হাজার ৯৭ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৭০৭। সুস্থ ৬৮২ ও ২০ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- মার্কিন প্রেসিডেন্ট হিসেবে হোয়াইট হাউস ছাড়ার আগে হোয়াইট হাউসে বিদায়ী ভাষণে প্রেসিডেন্ট ট্রাম্প বলেছেন, 'আমরা যা করতে এসেছিলাম, সেগুলো তো করেছিই, আরো অনেক কিছু করেছি।' সূত্র: জনকণ্ঠ
- আজারবাইজানের সঙ্গে মুক্ত বাণিজ্য চুক্তির অনুমতি দিয়ে তুরস্ক সরকারের গেজেট প্রকাশ। ২০২০ সালের ২৫ ফেব্রুয়ারি দুই দেশের মধ্যে চুক্তিটি আজারবাইজানের রাজধানী বাকুতে অনুষ্ঠিত হয়। সূত্র: যুগান্তর



**২০ জানুয়ারি, বুধবার**

- জাতীয় সংসদে প্রশ্নোত্তর পর্বে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, কোভিড-১৯ মহামারি বিশ্বব্যাপী অর্থনৈতিক কর্মকাণ্ডে নজিরবিহীন বিরূপ প্রভাব ফেলেছে, যা থেকে বাংলাদেশও মুক্ত নয়। তবে শুরু থেকেই তার সরকার সতর্কতার সঙ্গে পরিস্থিতি মোকাবিলা করছে, যার ফলে এ পর্যন্ত কোভিড আক্রান্ত রোগীর সংখ্যা, মৃত্যুর হার এবং অর্থনৈতিক ক্ষয়ক্ষতি নিয়ন্ত্রণে বাংলাদেশ তুলনামূলকভাবে অধিকতর সাফল্য দেখাতে পেরেছে। সূত্র: ইত্তেফাক
- পদ্মা সেতুর নাম 'শেখ হাসিনা-পদ্মা সেতু' করার নির্দেশনা চেয়ে হাইকোর্টে রিট। রিটে সেতুটির নাম শেখ হাসিনা-পদ্মা সেতু করার নির্দেশনা কেন দেয়া হবে না তা জানতে চেয়ে রুল জারির আর্জি জানানো হয়েছে। সূত্র: জনকণ্ঠ
- জাতীয় সংসদের ছয়টি স্থায়ী কমিটি পুনর্গঠন। প্রধানমন্ত্রী শেখ হাসিনার পক্ষে প্রধান হুইপ নূর-ই-আলম চৌধুরী কমিটির পুনর্গঠনের প্রস্তাব সংসদে উত্থাপনের পর তা গ্রহণ করা হয়। সূত্র: কালের কণ্ঠ
- স্বদেশে ফিরিয়ে নিতে বাংলাদেশের দেয়া তালিকা থেকে ৪১ হাজার ৭১৯ রোহিঙ্গাকে শনাক্ত মিয়ানমারের। সচিবালয়ে বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিক রোহিঙ্গাদের জন্য চীন সরকারের 'ইমার্জেন্সি রাইস এইড' হস্তান্তর অনুষ্ঠানে সাংবাদিকদের দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ প্রতিমন্ত্রী এ কথা জানান। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৫ হাজার ৪১০ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৬৫৬। সুস্থ ৬১৭ ও ৮ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- যুক্তরাষ্ট্রের ৪৬তম প্রেসিডেন্ট হিসেবে শপথ নিলেন জো বাইডেন। ওয়াশিংটনে মার্কিন কংগ্রেস ভবন ক্যাপিটল বিল্ডিংয়ের ওয়েস্ট ফ্রন্টে আয়োজন করা হয় শপথ অনুষ্ঠানের। নিজের পরিবারের ১২৭ বছরের পুরানো বাইবেলের একটি কপি হাতে শপথবাক্য পাঠ করেন বাইডেন। সূত্র: সমকাল
- ক্ষমতা ছাড়ার আগ মুহূর্তে ১৪০ জনকে ক্ষমা ঘোষণা যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের। সূত্র: সমকাল
- মিরপুরে প্রথম ওয়ানডে সিরিজে ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে জয়লাভ করায় বাংলাদেশ ক্রিকেট দলকে অভিনন্দন প্রধানমন্ত্রী শেখ হাসিনার। সূত্র: ইত্তেফাক

**২১ জানুয়ারি, বৃহস্পতিবার**

- করোনা মহামারি মোকাবিলায় ভারতের সেরাম ইনস্টিটিউটের প্রস্তুতকৃত অক্সফোর্ড-অ্যাস্ট্রাজেনেকার করোনা ভ্যাকসিনের ২০ লাখ ডোজ টিকা ঢাকা পৌঁছেছে। করোনার টিকা বাংলাদেশকে উপহার হিসেবে দেওয়ায় ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে ধন্যবাদ জানান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: ইত্তেফাক
- ঢাকা বিশ্ববিদ্যালয়ের শতবর্ষপূর্তি উপলক্ষ্যে আয়োজিত আন্তর্জাতিক সম্মেলনে গণভবন থেকে ভার্চুয়াল মাধ্যমে ভাষণ প্রদান করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: যুগান্তর
- অর্থনৈতিক ও সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে করোনা প্রতিরোধে ভারতের সেরাম ইনস্টিটিউটে উৎপাদিত অক্সফোর্ড-অ্যাস্ট্রাজেনেকার ভ্যাকসিন কিনতে ১ হাজার ২৭৩ কোটি ৫৫ লাখ টাকার প্রস্তাব অনুমোদন। সূত্র: যুগান্তর
- করোনাভাইরাসের টিকা কার্যক্রম পরিচালনার জন্য 'সুরক্ষা' নামে ডিজিটাল রেজিস্ট্রেশন প্ল্যাটফর্ম প্রস্তুত করেছে তথ্যপ্রযুক্তি বিভাগ। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৪ হাজার ৭৬১ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৫৮৪। সুস্থ ৬০২ ও ১৬ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- দায়িত্ব গ্রহণের প্রথম দিনে প্যারিস জলবায়ু চুক্তিতে ফেরার নির্বাহী আদেশে সই করায় যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেনকে অভিনন্দন জানিয়েছে বাংলাদেশ। পররাষ্ট্র মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তি। সূত্র: ইত্তেফাক
- বিদায়ি মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের প্রশাসনের মিথ্যাচার, প্রতারণা ও সার্বভৌমত্ব লঙ্ঘনের অভিযোগে ২৮ শীর্ষ কর্মকর্তার বিরুদ্ধে নিষেধাজ্ঞা আরোপ চীনের। সূত্র: ইত্তেফাক
- ভারতের অক্সফোর্ড-অ্যাস্ট্রাজেনেকার করোনাভাইরাসের টিকা উৎপাদানকারী সেরাম ইনস্টিটিউটের এক নির্মাণাধীন স্থাপনায় অগ্নিকাণ্ডে পাঁচজনের মৃত্যু। এনডিটিভি ও আনন্দবাজার। সূত্র: জনকণ্ঠ



**২২ জানুয়ারি, শুক্রবার**

- দেশে বিশেষ পরিস্থিতিতে পরীক্ষা ছাড়াই সংক্ষিপ্ত সিলেবাসে পরীক্ষা নিয়ে ফল প্রকাশ ও সনদ প্রদানের সুযোগ দিয়ে তিনটি বিল চূড়ান্ত করেছে সংসদীয় কমিটি। সূত্র: যুগান্তর
- আগামী ৪ ফেব্রুয়ারির মধ্যে শিক্ষাপ্রতিষ্ঠান পুনরায় খোলার বিষয়ে প্রস্তুতি নিতে ও স্বাস্থ্য নিরাপত্তা নিশ্চিতে নির্দেশনা দিয়েছে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (মাউশি)। সূত্র: যুগান্তর
- পৌরসভা নির্বাচনের কারণে দেশের প্রতি উপজেলায় বীর মুক্তিযোদ্ধাদের তালিকা যাচাইয়ের শুনানি আগামী ৩০ জানুয়ারির পরিবর্তে ৬ ফেব্রুয়ারি ২০২১ তারিখ করে সংশ্লিষ্টদের জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের (জামুকা) চিঠি। সূত্র: কালের কণ্ঠ
- ২০১৭ সালে বাংলাদশ-মিয়ানমারের মধ্যে সম্পাদিত চুক্তি অনুযায়ী রোহিঙ্গা প্রত্যাবাসন শুরু করতে মিয়ানমার অঙ্গীকারাবদ্ধ। পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেনকে লেখা চিঠিতে একথা জানিয়েছেন মিয়ানমারের আন্তর্জাতিক সহযোগিতা বিষয়ক মন্ত্রী কাইয়া টিন। সূত্র: ইত্তেফাক
- জার্মান ফেডারেল মিনিস্ট্রি অব ফুড অ্যান্ড অ্যাগ্রিকালচার (বিএমইএল) '১৩তম বার্লিন কৃষিমন্ত্রীদের সম্মেলনে' ভার্চুয়াল মাধ্যমে অংশগ্রহণকালে কৃষিমন্ত্রী ড. মো. আব্দুর রাজ্জাক, বৈশ্বিক খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণে উন্নত দেশগুলোকে উন্নয়নশীল ও স্বল্পোন্নত দেশে বিনিয়োগ ও সহযোগিতা বৃদ্ধির আহ্বান জানান। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৪ হাজার ৮৪৬ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৬১৯। সুস্থ ৪৮৭ জন ও ১৫ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- করোনাভাইরাসের সংক্রমণ পরিস্থিতি মোকাবিলায় ১০টি পৃথক নির্বাহী আদেশে সই করেছেন মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন। সূত্র: কালের কণ্ঠ
- করোনাভাইরাস রোধে উৎপাদন মূল্যে ফেব্রুয়ারি মাসের মধ্যে দরিদ্র দেশগুলোকে (৪০ মিলিয়ন তথা ৪ কোটি) করোনার টিকা দেওয়ার ঘোষণা মার্কিন টিকা উৎপাদনকারী প্রতিষ্ঠান ফাইজারের (বায়োএনটেক)। সূত্র: জনকণ্ঠ

## ২৩ জানুয়ারি, শনিবার

- ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে মুজিববর্ষ উপলক্ষ্যে দেশের ৪৯২টি উপজেলার প্রায় ৭০ হাজার ভূমিহীন ও গৃহহীন পরিবারকে জমি ও গৃহ প্রদান কর্মসূচির উদ্‌বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্রঃ ইত্তেফাক
- ঔষধ প্রশাসনের অনুমোদন পেল বাংলাদেশি বায়োটেক কোম্পানি ওএমসি হেলথকেয়ার (প্রাইভেট) লিমিটেডের উদ্ভাবিত কিট। বাংলাদেশে এই প্রথম কোন প্রতিষ্ঠান করোনাভাইরাসের কিট উদ্ভাবন করে ঔষধ প্রশাসনের অনুমোদন পেয়েছে। সূত্রঃ জনকণ্ঠ
- করোনা পরিস্থিতিতে শিক্ষাপ্রতিষ্ঠান খোলার জন্য একটি পরিপূর্ণ গাইডলাইন প্রকাশ করেছে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (মাউশি)। সূত্রঃ ইত্তেফাক
- দেশে গত ২৪ ঘণ্টায় ১১ হাজার ১১৫ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৪৩৬। সুস্থ ৩৩৮ ও ২২ জনের মৃত্যু। সূত্রঃ জনকণ্ঠ
- ভারতের স্বাধীনতা আন্দোলনের অন্যতম নায়ক নেতাজি সুভাষ চন্দ্র বসুর জন্মদিন উপলক্ষ্যে কলকাতা সফর শুরু করেছেন দেশটির প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। সূত্রঃ সমকাল
- বিদেশি জাহাজকে গুলি করতে কোস্টগার্ডকে অনুমতি দিয়েছে চীন। পূর্ব চীন সাগরে জাপান ও দক্ষিণ চীন সাগরে দক্ষিণ-পূর্ব এশিয়ার বেশ কয়েকটি দেশের সঙ্গে সমুদ্রসীমা নিয়ে চীনের বিরোধ রয়েছে। সূত্রঃ সমকাল

## ২৪ জানুয়ারি, রবিবার

- বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে সৌজন্য সাক্ষাত করেন বিইউপির উপাচার্য মেজর জেনারেল মো. মোশফেকুর রহমান। সূত্রঃ জনকণ্ঠ
- কিটের মাধ্যমে করোনাভাইরাসের অ্যান্টিবডি পরীক্ষার অনুমতি দিয়েছে সরকার। সচিবালয়ে সংবাদ সম্মেলনে স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক এ কথা জানান। সূত্রঃ ইত্তেফাক



- অতিমারি, মহামারি ও দৈবদুর্বিপাকের মতো বিশেষ পরিস্থিতিতে পরীক্ষা ছাড়াই মাধ্যমিক (এসএসসি), উচ্চমাধ্যমিক (এইচএসএসি) ও সমমানের ফল প্রকাশ এবং পাসের সনদ সংক্রান্ত তিনটি আইনে সংশোধনী আনতে পৃথক তিনটি বিল জাতীয় সংসদে পাস হয়েছে। সূত্রঃ ইত্তেফাক
- করোনা পরিস্থিতিতে সামাজিক দূরত্ব বজায় রেখে ও স্বাস্থ্যবিধি মেনে 'শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২১' উদ্‌যাপনের সিদ্ধান্ত ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের। সূত্রঃ জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৪ হাজার ১৬৯ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৪৭৩। সুস্থ ৫১৪ ও ২০ জনের মৃত্যু। সূত্রঃ জনকণ্ঠ
- সূচনা ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা ও জলবায়ু ঝুঁকি ফোরামের থিমেটিক রাষ্ট্রদূত সায়মা ওয়াজেদের সভাপতিত্বে বার্ষিক গবেষণা সম্মেলন ২০২১ উপলক্ষ্যে ইউএন উইমেন ও ইন্টারন্যাশনাল সেন্টার ফর ক্লাইমেট চেঞ্জ অ্যান্ড ডেভেলপমেন্টের যৌথ উদ্যোগে 'আনটোল্ড টেলস অব উইমেন চ্যাম্পিয়নস' শীর্ষক ভার্চুয়াল আলোচনা অনুষ্ঠিত। সূত্রঃ সমকাল
- মার্কিন প্রেসিডেন্ট হিসেবে জো বাইডেন শপথ নেয়ার পর প্রথমবার ফোনালাপ ব্রিটিশ প্রধানমন্ত্রী বরিস জনসনের। সূত্রঃ জনকণ্ঠ
- শৃঙ্খলা ভঙ্গের অভিযোগে নেপালের প্রধানমন্ত্রী কে পি শর্মা ওলিকে নিজ দল কমিউনিস্ট পার্টি থেকে বহিষ্কার। সূত্রঃ জনকণ্ঠ

## ২৫ জানুয়ারি, সোমবার

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে জাতীয় সংসদ ভবনে মন্ত্রিসভা কক্ষে অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠকে আগামী ২০২৫ সালের মধ্যে জাহাজ রফতানি আয় বছরে ৪ বিলিয়ন ডলারে উন্নীত করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করে বাংলা ও ইংরেজি ভাষায় 'জাহাজ নির্মাণ শিল্প উন্নয়ন নীতিমালা-২০২১' ও নিবন্ধন ছাড়া ট্যুর অপারেটর পরিচালনাসহ সংশ্লিষ্ট বিভিন্ন অপরাধের সর্বোচ্চ শাস্তি ৬ মাসের জেল বা ২ লাখ টাকা বা উভয় দণ্ডের বিধান রেখে বাংলাদেশ ট্যুর অপারেটর ও ট্যুর গাইড (নিবন্ধন ও পরিচালনা) আইন ২০২১ এর খসড়া চূড়ান্ত অনুমোদন। সূত্রঃ জনকণ্ঠ

- মন্ত্রিসভার বৈঠকে 'মুজিববর্ষ' উপলক্ষ্যে সব মন্ত্রণালয় ও বিভাগে অযথা বাড়তি ব্যয় না করার নির্দেশনা প্রধানমন্ত্রী শেখ হাসিনার। এমনকি মুজিববর্ষ উপলক্ষ্যে কোনো প্রকল্প না নিতেও কড়া নির্দেশ দেন তিনি। সূত্র: যুগান্তর
- নেদারল্যান্ডস সরকারের উদ্যোগে দুদিনের অনলাইন জলবায়ু অভিযোজন সামিট (সিএএস) ২০২১ এ ভাষণ প্রদান করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: যুগান্তর
- বাংলাদেশের 'রাষ্ট্রপতি' হিসেবে ১৯৭৫ সালে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শপথ গ্রহণ (২৫ জানুয়ারি ১৯৭৫) স্মরণে ডাক অধিদপ্তরের স্মারক ডাকটিকিট, উদ্‌বোধনী খাম ও ডাটাকার্ড প্রকাশ। সূত্র: জনকণ্ঠ
- ভারতের সেরাম ইনস্টিটিউট থেকে কেনা অক্সফোর্ড-অ্যাস্ট্রাজেনেকার কোভিড-১৯ এর টিকার প্রথম চালানের ৫০ লাখ ডোজ ঢাকায় এসেছে। সূত্র: সমকাল
- ঢাকা শিক্ষা বোর্ড করোনা পরিস্থিতিতে চলতি বছরের এসএসসি বোর্ড পরীক্ষার সংক্ষিপ্ত সিলেবাস প্রকাশ করেছে। বিষয়ভিত্তিক ২০ থেকে ২৫ শতাংশ সিলেবাস কমানো হয়েছে। সূত্র: সমকাল
- ভারতের মর্যাদাপূর্ণ পদ্মশ্রী সম্মাননায় ভূষিত হলেন দেশের সংস্কৃতি ব্যক্তিত্ব ড. সন্‌জীদা খাতুন এবং লেফটেন্যান্ট কর্নেল (অব.) কাজী সাজ্জাদ আলী জহির বীরপ্রতীক। ঢাকায় ভারতীয় হাইকমিশনের বার্তা। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৪ হাজার ৮২৯ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৬০২। সুস্থ ৫৬৬ ও ১৮ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন দেশটির সামরিক বাহিনীতে 'তৃতীয় লিঙ্গের' নিয়োগে বিদায়ী প্রেসিডেন্ট ট্রাম্পের দেওয়া নিষেধাজ্ঞা প্রত্যাহার। সূত্র: ইত্তেফাক
- চট্টগ্রামের জহুর আহমেদ চৌধুরী স্টেডিয়ামে অনুষ্ঠিত ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে ওয়ানডে সিরিজের তিন ম্যাচে (৩-০) জয়লাভ করায় বাংলাদেশ ক্রিকেট দলকে অভিনন্দন জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: যুগান্তর



**২৬ জানুয়ারি, মঙ্গলবার**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ একাদশ জাতীয় সংসদের একাদশ এবং ২০২১ সালের প্রথম অধিবেশনে 'ইন্টারমিডিয়েট অ্যান্ড সেকেন্ডারি এডুকেশন (সংশোধনী) বিল-২০২১', 'বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড (সংশোধনী) বিল-২০২১' ও 'বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড (সংশোধনী) বিল-২০২১' গৃহীত তিনটি বিলের অনুমোদন করেন। সূত্র: জনকণ্ঠ
- করোনার কারণে পরীক্ষা ছাড়া ২০২০ সালের এইচএসসি ও সমমানের ফল প্রকাশের লক্ষ্যে আইন সংশোধন করে গেজেট জারি করেছে সরকার। সূত্র: জনকণ্ঠ
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা অ্যান্টিমাইক্রোবাইয়াল রেজিস্ট্যান্স (এএমআর) বিষয়ক ওয়ান হেলথ গ্লোবাল লিডার্স গ্রুপের উদ্‌বোধনী সভায় ভাষণ প্রদান করেন। প্রধানমন্ত্রী অ্যান্টিমাইক্রোবাইয়াল রেজিস্ট্যান্স (এএমআর) মোকাবিলায় অ্যান্টিবায়োটিকের যথেচ্ছ ব্যবহার বন্ধে বৈশ্বিক পদক্ষেপ নেওয়ার জন্য ছয়টি প্রস্তাব তুলে ধরেন। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৪ হাজার ৪০১ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৫১৫। সুস্থ ৪৪৭ ও ১৪ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী মুজিববর্ষ এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে নয়াদিল্লিতে ভারতীয় হাইকমিশনের আমন্ত্রণে প্রথমবারের মতো বাংলাদেশ সেনা, নৌ ও বিমানবাহিনীর একটি সমন্বিত কন্টিনজেন্ট (মার্চিং ব্যান্ডসহ) ভারতের প্রজাতন্ত্র দিবসের প্যারেডে (কুচকাওয়াজ) অংশগ্রহণ করে। সূত্র: যুগান্তর
- করোনার কারণে বাংলাদেশ ভ্রমণে তৃতীয় পর্যায়ের স্বাস্থ্য সতর্কতা জারি যুক্তরাষ্ট্রের রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্রের (সিডিসি)। সূত্র: জনকণ্ঠ
- যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেনের কৃষি বিভাগের অধীন পল্লী উন্নয়ন আন্ডার সেক্রেটারির কার্যালয়ে চিফ অব স্টাফ হিসেবে দ্বিতীয় বাংলাদেশি ফারাহ আহমেদকে নিয়োগ দান। সূত্র: সমকাল

**২৭ জানুয়ারি, বুধবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি দেশে করোনাভাইরাস প্রতিরোধে টিকাদান কার্যক্রম আনুষ্ঠানিকভাবে উদ্‌বোধন করেন। প্রথম টিকা গ্রহণ করেন কুর্মিটোলা জেনারেল হাসপাতালের সিনিয়র স্টাফ নার্স রুনু ভেরোনিকা কস্তা। প্রথম দিন চিকিৎসক, নার্সসহ নানা শ্রেণি-পেশার ২৬ জনকে টিকা দেওয়া হয়। করোনাভাইরাস প্রতিরোধী লড়াইয়ে বিশ্বের ৫৪তম দেশ হিসেবে টিকা প্রয়োগে যুক্ত হলো বাংলাদেশ। সূত্র: সমকাল
- জাতীয় সংসদে ভাষণদানকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা দুর্নীতি দমনকে একটি আন্দোলন হিসেবে গড়ে তোলার অঙ্গীকার করার আহ্বান জানান। প্রধানমন্ত্রী বলেন, সব স্তরে দুর্নীতি প্রতিরোধ ও দমনে সরকার 'জিরো টলারেন্স' নীতিতে অটল। দুর্নীতির বিষবৃক্ষ সম্পূর্ণ উপড়ে ফেলে দেশের প্রকৃত আর্থ-সামাজিক উন্নয়নের জন্য নিরলসভাবে কাজ করে যাচ্ছে সরকার। সূত্র: কালের কণ্ঠ
- ৪০তম বিসিএসের লিখিত পরীক্ষার ফল প্রকাশ। ১০ হাজার ৯৬৪ জন পাস। অন্যদিকে ৪৩তম বিসিএস পরীক্ষায় অংশ নিতে অনলাইনে আবেদনের সময় দু'মাস (আগামী ৩১ মার্চ পর্যন্ত) বাড়ল। সরকারি কর্মকমিশনের (পিএসসি) সংশ্লিষ্ট সভায় সিদ্ধান্ত। সূত্র: যুগান্তর
- দেশে করোনার কারণে এসএসসি পরীক্ষার্থীদের জন্য তৈরি সিলেবাস প্রকাশের পর শিক্ষার্থী ও অভিভাবকদের আপত্তি। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের (এনসিটিবি) জরুরি বৈঠকে সংক্ষিপ্ত সিলেবাসকে 'আরও সংক্ষিপ্ত' করার নির্দেশ দেন শিক্ষামন্ত্রী ডা. দীপুমনি। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৫ হাজার ৭২০ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৫২৮। সুস্থ ৫০৯ ও ১৭ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- ভারতের দিল্লিতে কৃষকদের প্রজাতন্ত্র দিবসের ট্র্যাক্টর সমাবেশে সহিংসতার জেরে অন্তত ২০০ জনকে আটক। এই সহিংসতায় তিন শতাধিক পুলিশ আহত হয়েছে। সূত্র: কালের কণ্ঠ
- অনুমোদনহীন অভিবাসীদের যুক্তরাষ্ট্র থেকে বহিষ্কার করার কার্যক্রম ১০০ দিনের জন্য স্থগিত রাখতে প্রেসিডেন্ট জো বাইডেনের দেওয়া নির্বাহী আদেশ স্থগিত করতে নির্দেশ দিয়েছে দেশটির আদালত। সূত্র: কালের কণ্ঠ



**২৮ জানুয়ারি, বৃহস্পতিবার**

- গণভবন থেকে ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে সামরিক বাহিনী কমান্ড ও স্টাফ কলেজ (ডিএসসিএসসি)-এর ২০২০-২০২১ সালের গ্র্যাজুয়েশন প্রদান অনুষ্ঠানে ভাষণ দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: ইত্তেফাক
- স্বাস্থ্য অধিদপ্তরের সঙ্গে চুক্তি অনুসারে বেক্সিমকোর সারাদেশে টিকা পাঠানো শুরু। ৩১ জানুয়ারির মধ্যে দেশের প্রতিটি জেলায় পৌঁছে যাবে টিকা। সূত্র: যুগান্তর
- বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনের (পিএসসি) সুপারিশের পর ৩৮তম বিসিএসে ২ হাজার ১২৯ জনকে বিভিন্ন ক্যাডারে নিয়োগ। জনপ্রশাসন মন্ত্রণালয় আদেশ জারি করেছে। সূত্র: যুগান্তর
- পাবনার রূপপুর পারমাণবিক প্রকল্পে কর্মরত রাশিয়ান কর্মীদের জন্য রাশিয়ায় আবিষ্কৃত ও উৎপাদিত ১০০০ স্পুটনিক ভি ভ্যাকসিন বাংলাদেশে আনার অনুমোদন দিয়েছে ঔষধ প্রশাসন অধিদপ্তর। সূত্র: কালের কণ্ঠ
- তৃতীয় ধাপে রোহিঙ্গাদের ১ হাজার ৭৭৮ জনের একটি দলের ভাসানচরের উদ্দেশে যাত্রা শুরু। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৪ হাজার ৮৩০ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৫০৯। সুস্থ ৬১১ ও ১৫ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- বিশ্বস্বাস্থ্য সংস্থার অনুসন্ধানী দলের কোয়ারেন্টাইন শেষে উহানে করোনাভাইরাসের উৎপত্তি নিয়ে তদন্ত শুরু। সূত্র: কালের কণ্ঠ
- জার্মানির জুভেনাইলের ডিটেনশন সেন্টারের অ্যানেক্স বিল্ডিংয়ে প্রথম চালু হলো 'করোনা কারাগার'। সূত্র: জনকণ্ঠ

**২৯ জানুয়ারি, শুক্রবার**

- দ্বিপক্ষীয় সহযোগিতা ও মানুষে মানুষে যোগাযোগ বাড়াতে বাংলাদেশ ও ভারত একমত। নয়াদিল্লিতে অনুষ্ঠিত বাংলাদেশ-ভারত ফরেন অফিস কনসালটেশনস (এফওসি) বৈঠকে দুই পক্ষ কোভিড-১৯ মহামারিতে সহযোগিতা নিয়েও সন্তোষ প্রকাশ। এছাড়া বৈঠকে ভারতের কাছে তিস্তা চুক্তির অনুরোধ করেছে বাংলাদেশ। পররাষ্ট্র মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তি। সূত্র: ইত্তেফাক

- করোনাভাইরাস মহামারির কারণে শিক্ষাপ্রতিষ্ঠানের চলমান ছুটি ১৪ ফেব্রুয়ারি পর্যন্ত বাড়িয়ে শিক্ষা মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তি। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ১২ হাজার ৭৫ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৪৫৪। সুস্থ ৪১৪ জন ও ৭ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- অস্ট্রেলিয়ার গবেষণা সংস্থা লোয়ি ইনস্টিটিউট 'কোভিড পারফরম্যান্স ইনডেক্স'র প্রতিবেদন প্রকাশ। কোভিড মহামারি মোকাবিলায় বিশ্বের ৯৮টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ৮৪তম। সূত্র: সমকাল
- ১৮ বছরের বেশি বয়সীদের অক্সফোর্ড-অ্যাস্ট্রাজেনেকার কোভিড-১৯ ভ্যাকসিনের প্রয়োগের অনুমোদন ইউরোপীয় ইউনিয়নের। সূত্র: ইত্তেফাক
- ভারতের করোনা ভ্যাকসিন তৈরির ক্ষমতা এখন সারা বিশ্বের সেরা সম্পদ। বিনা শর্তেই তার প্রতিবেশী দেশগুলোকে ভ্যাকসিন জোগান দিচ্ছে ভারত। সংবাদ সম্মেলনে জাতিসংঘের মহাসচিব আন্তোনিও গুতেরেস। সূত্র: ইত্তেফাক

**৩০ জানুয়ারি, শনিবার**

- রাজধানীর আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট মিলনায়তনে ২০২০ সালের এইচএসসি ও সমমানের পরীক্ষার ফল প্রকাশ এবং ফলের পরিসংখ্যান হস্তান্তর অনুষ্ঠান। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে সংযুক্ত হন। সূত্র: জনকণ্ঠ
- দেশব্যাপী করোনাভাইরাসের টিকা পেতে 'সুরক্ষা' অ্যাপ ব্যবহার করে অনলাইনে নিবন্ধন শুরু হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তর এই তথ্য প্রকাশ করেছে। সূত্র: যুগান্তর
- নোয়াখালীর হাতিয়া উপজেলার ভাসানচরে গেল আরো ১ হাজার ৪৪৬ জন রোহিঙ্গা। ভাসানচর প্রকল্পের (আশ্রয়ণ প্রকল্প-৩) প্রকল্পের পরিচালক কমোডর আবদুল্লাহ আল মামুন চৌধুরী জানান, তৃতীয় ধাপে দ্বিতীয় অংশের ১৪শ' ৬৩ জন রোহিঙ্গা জাহাজে করে চট্টগ্রাম থেকে ভাসানচরে পৌঁছায়। সূত্র: ইত্তেফাক



- নাসা স্পেস অ্যাপস প্রতিযোগিতা ২০২০ এর ফল প্রকাশ । এর অনারেবল মেনশন তালিকায় বিশ্বের ১৫০টি দেশের ৩,৮০০ প্রকল্পের মধ্যে জায়গা করে নিয়েছে বাংলাদেশের টিম 'বুয়েট জেনিথ'। সূত্র: জনকণ্ঠ
- মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেনের প্রশাসনে আরও এক বাংলাদেশি বংশোদ্ভূত আমেরিকান কাজী সাবিল রহমানকে (৩৮) নিয়োগ। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১২ হাজার ৮৪ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩৬৩। সুস্থ ৩৩৭ ও ১৭ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- আমেরিকা-রাশিয়ার মধ্যে পারমাণবিক অস্ত্র চুক্তির মেয়াদ বাড়ানোর আইনে স্বাক্ষর করেছেন রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। সূত্র: ইত্তেফাক

**৩১ জানুয়ারি, রবিবার**

- জাতীয় সংসদ সচিবালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বঙ্গবন্ধুর নামে ওয়েবসাইট উদ্‌বোধন করেন। একই সঙ্গে তিনি জাতির পিতার ভাষণের ডিজিটাল সংকলন প্রকাশ করেন। সূত্র: ইত্তেফাক
- রোহিঙ্গাদের আশ্রয় দেয়ায় বাংলাদেশের প্রশংসা করেন জাতিসংঘের মহাসচিব আন্তোনিও গুতেরেস। পররাষ্ট্র মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তি। সূত্র: জনকণ্ঠ
- মুক্তিযুদ্ধ বিষয়কমন্ত্রী আ ক ম মোজাম্মেল হক সংসদে জানান, দেশে বীর মুক্তিযোদ্ধা হিসেবে দুই লাখ ৩৪ হাজার ৩৪৭ জনের নামের গেজেট প্রকাশিত হয়েছে। এদের মধ্যে এক লাখ ৯১ হাজার ৮৯৮ জন সম্মানী ভাতা পাচ্ছেন। সূত্র: জনকণ্ঠ
- দেশে গত ২৪ ঘণ্টায় ১২ হাজার ৪৮ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩৬৩। সুস্থ ৩৩৭ ও ১৭ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- সেনাবাহিনী মিয়ানমারে এক বছরের জন্য জরুরি অবস্থা ঘোষণা করেছে। সেই সঙ্গে একজন জেনারেলকে ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট হিসেবে নিয়োগ দিয়েছে। দেশটির গণতন্ত্রপন্থী নেত্রী অং সান সু চি, মিয়ানমারের প্রেসিডেন্ট ও আরও কয়েক মন্ত্রীকে আটকের পর এই ঘোষণা দেয়া হয়। সূত্র: প্রথম আলো

- শান্তিতে নোবেলের জন্য পরিবেশকর্মী গ্রেটা থুনবার্গ এবং রাশিয়ার বিরোধী দলের নেতা অ্যালেক্সি নাভালনিকে মনোনয়ন দিয়েছে ডব্লিওএইচও। সূত্র: প্রথম আলো

## ফেব্রুয়ারি

**১ ফেব্রুয়ারি, সোমবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা তার জাতীয় সংসদ ভবন কার্যালয়ে 'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান : জনক আমার নেতা আমার' এবং 'জয় বাংলা (সাক্ষাৎকার ১৯৭০-৭৫) শেখ মুজিবুর রহমান' শীর্ষক দুটি বইয়ের মোড়ক উন্মোচন করেন। সূত্র: ইত্তেফাক
- শিক্ষামন্ত্রী ডা. দীপু মনির সভাপতিত্বে সংশ্লিষ্ট কমিটির ভার্চুয়াল সভায় দেশের সব ধরনের শিক্ষাব্যবস্থায় দক্ষতা নিশ্চিত ও যাচাইয়ের জন্য বাংলাদেশ ন্যাশনাল কোয়ালিফিকেশনস ফ্রেমওয়ার্ক অনুমোদন। সূত্র: জনকণ্ঠ
- কোভিড-১৯ টিকাদান কর্মসূচি সুষ্ঠুভাবে পরিচালনার জন্য আগামী ১০ ফেব্রুয়ারি পর্যন্ত সারা দেশে স্বাস্থ্যকর্মীদের ছুটি বাতিল। এই সময়ে স্বাস্থ্যকর্মীরা কেউ কর্মস্থল ত্যাগ ও ছুটি নিতে পারবেন না। তবে জরুরি প্রয়োজনে এই নির্দেশনা প্রযোজ্য হবে না। সূত্র: যুগান্তর
- সচিবালয় থেকে ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে তথ্যমন্ত্রী ড. হাছান মাহমুদ 'এই একুশে বই যাবে ঘরে ঘরে!' স্লোগানে বই অনলাইন বিডির আয়োজনে মাসব্যাপী অনলাইনে ২১ শে বইমেলার (boionlinebd.com) উদ্‌বোধন করেন। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় দেশে ১২ হাজার ৪৭৫ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৪৪৩। সুস্থ ৪৭২ জন ও ১০ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- মিয়ানমারে ক্ষমতা দখলের প্রথম দিনেই ক্ষমতাচ্যুত অং সান সু চির সরকারের ২৪ মন্ত্রীকে বরখাস্ত করেছে দেশটির সেনাবাহিনী। বিবিসি এ খবর দিয়েছে। সূত্র: কালের কণ্ঠ
- মিয়ানমারে সামরিক অভ্যুত্থানের পর ব্যাংকগুলোতে সব ধরনের আর্থিক পরিষেবা স্থগিত করেছে দেশটির ব্যাংকগুলোর কর্তৃপক্ষ। সূত্র: জনকণ্ঠ



**২ ফেব্রুয়ারি, মঙ্গলবার**

- জাতীয় সংসদের একাদশ অধিবেশনের সমাপনী বক্তৃতায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, দেশে-বিদেশে নানা অপপ্রচার হচ্ছে। তবে বাংলাদেশকে আর পিছিয়ে রাখা যাবে না। শত্রুর মুখে ছাই দিয়ে বাংলাদেশ এগিয়ে যাবে। মুজিববর্ষে বাংলায় কেউ গৃহহীন থাকবে না। ইতোমধ্যে ৭০ হাজার গৃহহীনকে ঘর দেওয়া হয়েছে। সূত্র: ইত্তেফাক
- কাতারভিত্তিক সংবাদমাধ্যম আলজাজিরায় প্রকাশিত 'অল দ্য প্রাইম মিনিস্টার'স মেন' শীর্ষক প্রতিবেদনটিকে 'মিথ্যা ও অবমাননাকর' হিসেবে বর্ণনা করেছে বাংলাদেশ সরকার। পররাষ্ট্র মন্ত্রণালয়ের বিবৃতি। সূত্র: ইত্তেফাক
- চট্টগ্রাম মহানগরীতে ১৬৭ বীর মুক্তিযোদ্ধার যাচাই-বাছাই কার্যক্রম সম্পন্ন। সূত্র: জনকণ্ঠ
- চলতি শিক্ষাবর্ষে গুচ্ছপদ্ধতির ভর্তি পরীক্ষায় দেশের তিনটি প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যাচ্ছে না বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)।। সূত্র: ইত্তেফাক
- যুক্তরাষ্ট্রের পেনসিলভেনিয়া বিশ্ববিদ্যালয়ের লডার ইনস্টিটিউট পরিচালিত গ্লোবাল থিঙ্ক ট্যাঙ্কস জরিপে খাদ্য নিরাপত্তা ও এ সংক্রান্ত নীতি প্রণয়ন নিয়ে গবেষণা প্রতিষ্ঠানগুলোর মধ্যে দক্ষিণ এশিয়ায় শীর্ষ অবস্থান অর্জন করেছে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি)। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৪ হাজার ৪৫২ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৫২৫। সুস্থ ৫১২ ও ১২ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- রাশিয়ায় প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের সমালোচক অ্যালেক্সি নাভালনিকে প্যারোলের আইন ভাঙ্গার কারণে সাড়ে তিন বছরের কারাদণ্ড দিয়েছে দেশটির আদালত। সূত্র: ইত্তেফাক
- করোনাভাইরাসের দ্বিতীয় ঢেউ ও এ মহামারির নতুন ধরনের সংক্রমণ ঠেকাতে ২০ দেশের নাগরিকদের সৌদি আরবে প্রবেশে নিষেধাজ্ঞা আরোপ। সূত্র: যুগান্তর

**৩ ফেব্রুয়ারি, বুধবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে শের-ই- বাংলা নগরে এনইসি সম্মেলন কক্ষে একনেক বৈঠকে মোট ১৮ কোটি ১২ লাখ টাকার ৮ প্রকল্পের অনুমোদন। সূত্র: ইত্তেফাক
- ২০১৯ সালের তুলনায় ২০২০ সালের গণতান্ত্রিক সূচকে বাংলাদেশের চার ধাপ উন্নতি। ইকোনমিস্ট ইন্টেলিজেন্স ইউনিট বা ইআইইউর প্রতিবেদন। ১৬৫টি দেশ ও দুটি অঞ্চলের মধ্যে গণতান্ত্রিক সূচকে ২০২০ সালে বাংলাদেশের অবস্থান ৭৬তম। সূত্র: যুগান্তর
- সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সকল শিক্ষককে ১৩তম গ্রেডে বেতন দেয়ার আদেশ জারি প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের। আদেশে বলা হয়, সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক নিয়োগ বিধিমালা ২০১৯ জারির পূর্বে নিয়োগপ্রাপ্ত শিক্ষকদের মধ্যে যারা এখনো কর্মরত আছেন, তাদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলপূর্বক বেতন গ্রেড নির্ধারণে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো। সূত্র: প্রথম আলো
- জাতীয় ও আন্তর্জাতিক পরিসংখ্যানে বাংলাদেশের করোনা পরিস্থিতির ব্যাপক উন্নতি। গত একমাস ধরে করোনা দৈনিক আক্রান্ত ও মৃত্যুর সংখ্যা এবং শনাক্তের হার হ্রাস অব্যাহত। শনাক্তের হার হ্রাস পেতে পেতে ২২ শতাংশ থেকে ৩ এর ঘরে নেমে এসেছে। মৃত্যুর সংখ্যা বিবেচনায় বিশ্বে বাংলাদেশের অবস্থান ২৯তম থেকে চলে গেছে ৩৭তম স্থানে। আর মোট আক্রান্তের দিক দিয়ে বিশ্বে বাংলাদেশের অবস্থান ১৫তম থেকে চলে গেছে ৩১তম স্থানে। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৪ হাজার ৯৮৫ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৪৩৮। সুস্থ ৫৭৮ ও ১৩ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- করোনায় রাশিয়ার তৈরি টিকা স্পুটনিকের শেষ ধাপের ট্রায়ালের ফলাফলে ভাইরাসটির বিরুদ্ধে লড়াইয়ে ৯২ শতাংশ কার্যকর। পাশাপাশি স্পুটনিক নিরাপদ বলেও বিবেচিত হয়। মেডিক্যাল জার্নাল ল্যানসেটে ফল প্রকাশ। সূত্র: জনকণ্ঠ
- করোনার সংক্রমণ ঊর্ধ্বমুখী হওয়ায় বিশ্বের ২০ দেশ থেকে বিমানে সৌদি আরব ভ্রমণে সাময়িক নিষেধাজ্ঞা জারি করেছে সেদেশের সরকার। সূত্র: ইত্তেফাক



**৪ ফেব্রুয়ারি, বৃহস্পতিবার**

- জাতির পিতার জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে কৃষিক্ষেত্রে টেকসই উন্নয়ন ও সমৃদ্ধি অর্জনে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি) প্রকাশিত '১০০ কৃষি প্রযুক্তি এটলাস'-এর মোড়ক উন্মোচন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি সংযুক্ত হন। বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে কৃষি মন্ত্রণালয় এই অনুষ্ঠানের আয়োজন করে। সূত্র: ইত্তেফাক
- বিভিন্ন ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতি হিসেবে দেশের ২১ জন বিশিষ্ট নাগরিককে একুশে পদকে ভূষিত করার ঘোষণা সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের। সূত্র: যুগান্তর
- দেশে রপ্তানিমুখী চামড়াজাত দ্রব্য ও পাদুকা শিল্প, জাহাজ প্রক্রিয়াজাতকরণ শিল্প, রেশম, ট্যানারি, গ্লাস, সিরামিক, রেশম ও ট্যানারি শিল্প খাতে শিশুশ্রম মুক্ত ঘোষণা। শ্রম ভবনে সাংবাদিকদের শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী। সূত্র: ইত্তেফাক
- বায়ু দূষণরোধে রাজধানীর প্রবেশমুখসহ বিভিন্ন পয়েন্টে পানি ছিটানোর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে ঢাকার দুই সিটি করপোরেশন ও ওয়াসাকে নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৫ হাজার ২৭৩ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৪৮৫। সুস্থ ৬১১ ও ১৩ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- যুক্তরাষ্ট্রের প্রতিনিধি সভায় মুসলিমবিদ্বেষী নারী কংগ্রেস সদস্য মার্জুরি টেইলর গ্রেইনকে দুটি কমিটি থেকে বহিষ্কার। বিবিসির প্রতিবেদন। সূত্র: কালের কণ্ঠ
- মিয়ানমারে জারি জরুরি অবস্থা নিয়ে গভীর উদ্‌বেগ প্রকাশ করেছে জাতিসংঘের নিরাপত্তা পরিষদ। সেইসঙ্গে দেশটির নির্বাচিত নেত্রী অং সান সু চি এবং প্রেসিডেন্ট উইন মিন্টকে অবিলম্বে মুক্তির দাবিতে বিবৃতি প্রকাশ সংস্থাটির। সূত্র: কালের কণ্ঠ

**৫ ফেব্রুয়ারি, শুক্রবার**

- ১৯৭২ সালের ৬ ফেব্রুয়ারি কলকাতায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ভাষণ উপলক্ষ্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনার বাণী প্রদান। সূত্র: ইত্তেফাক

- বাংলাদেশের স্বাধীনতার ৫০ বছর পূর্তি এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবর্ষ উপলক্ষ্যে তথ্য মন্ত্রণালয় ও কলকাতার বাংলাদেশ ডেপুটি হাইকমিশনারের উদ্যোগে কলকাতায় বাংলাদেশ চলচ্চিত্র উৎসব উদ্‌বোধন। ওয়েস্ট বেঙ্গল ফিল্ম সেন্টার নন্দনে আয়োজিত উৎসবের প্রথম দিন ‘হাসিনা: অ্যা ডটারস টেল’ প্রদর্শন করা হয়। সূত্র: সমকাল
- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী, স্বাধীনতার ৫০ বছর এবং ভারতের সঙ্গে কূটনৈতিক সম্পর্কের ৫০ বছর উপলক্ষ্যে কলকাতার অ্যাকাডেমি অব ফাইন আর্টসে ‘বঙ্গবন্ধু ও বাংলাদেশ’ শীর্ষক একটি চিত্রপ্রদর্শনীর উদ্‌বোধন করেন তথ্যমন্ত্রী ড. হাছান মাহমুদ। সূত্র: জনকণ্ঠ
- ঐতিহাসিক ছয়দফা দাবি পেশ দিবসের স্মরণে স্মারক ডাকটিকিট ও ১০ টাকা মূল্যমানের একটি উদ্‌বোধনী খাম অবমুক্ত করেন ডাক ও টেলিযোগাযোগমন্ত্রী। সূত্র: জনকণ্ঠ
- এসএসসি ও এইচএসসি পরীক্ষার সংশোধিত সিলেবাস প্রকাশ করেছে ঢাকা শিক্ষা বোর্ড। সেই সঙ্গে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বোর্ড মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষার সংশোধিত পাঠ্যসূচি প্রকাশ করেছে । সূত্র: জনকণ্ঠ
- পদ্মা সেতুর ৪২টি পিয়ারের ওপর ৪১ স্প্যান বসানোর পর শতভাগ দৃশ্যমান হয়েছে পদ্মা সেতু। নির্মাণ সম্পন্ন হয়েছে রোডওয়ের ২৯১৭ টি স্ল্যাব ও রেলওয়ের ২৯৫৯ স্ট্রিনজার। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৫ হাজার ৫৬৬ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৪৩৫। সুস্থ ৫০৭ ও ৭ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- রাশিয়ার অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ করার কারণে দেশটি থেকে তিন ইউরোপীয় দেশ সুইডেন, পোল্যান্ড ও জার্মানির কূটনীতিককে বহিষ্কার। সূত্র: জনকণ্ঠ

**৬ ফেব্রুয়ারি, শনিবার**

- সারাদেশের এক হাজার পাঁচটি হাসপাতালে একযোগে করোনাভাইরাসের টিকাদান কার্যক্রমের প্রস্তুতি সম্পন্ন। স্বাস্থ্য অধিদপ্তর। সূত্র: সমকাল



- বিদেশি বিনিয়োগকারীদের আকর্ষণে পাকিস্তানকে ছাড়িয়ে গেছে বাংলাদেশ। মার্কিন গবেষণা সংস্থা- মিলকেন ইনস্টিটিউটের ২০২১ সালের গ্লোবাল অপরচুনিটি ইনডেক্সের ১৪৫ দেশের মধ্যে আগের বছরের চেয়ে সাত ধাপ এগিয়ে বাংলাদেশের অবস্থান ১১৪তম। সূত্র: যুগান্তর
- ‘বাংলাদেশ-ইন্ডিয়া বিজনেস কাউন্সিল অব দ্য উইমেন্স ইন্ডিয়ান চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি’র উদ্যোগে আয়োজিত ‘উইমেন ইকোনমিক ফোরাম’ (ডব্লিউইএফ) এর ডব্লিউআইসিসিআই অ্যাওয়ার্ড ২০২১ ফর উইমেন অব দ্য ডিকেড ইন পাবলিক লাইফ অ্যান্ড লিডারশিপ পুরস্কারে ভূষিত হয়েছেন স্পীকার ড. শিরীন শারমিন চৌধুরী। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১২ হাজার ১৩৫ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩০৫। সুস্থ ৪১৭ ও ৮ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- প্রথমবারের মতো চীনের মহাকাশযান তিয়ানওয়েন-১ মঙ্গলগ্রহের ছবি পাঠাল। দেশটির জাতীয় মহাকাশ প্রশাসন (সিএনএসএ) এই তথ্য প্রকাশ করেছে। সূত্র: জনকণ্ঠ
- পোপ ফ্রান্সিস ক্যাথলিক ঐতিহ্য ভেঙ্গে পরামর্শ পরিষদে (সিনোদ অব বিশপস) প্রথমবার ফরাসি নারী নেথালি বিকোয়ার্তকে (৫২) ভোট দেওয়ার ক্ষমতাসম্পন্ন আন্ডার সেক্রেটারি পদে নিয়োগ। সূত্র: যুগান্তর
- মিয়ানমারে অভ্যুত্থানের পর ক্ষমতাচ্যুত নেত্রী অং সান সু চির অস্ট্রেলীয় উপদেষ্টা সিন টার্নেলকে আটক করল সামরিক শাসক। সূত্র: সমকাল
- সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুক, টুইটার, ইনস্টাগ্রামের পর এবার সারাদেশে ইন্টারনেট সংযোগ বন্ধ করে দিয়েছে মিয়ানমারের সামারিক বাহিনী। সূত্র: যুগান্তর

**৭ ফেব্রুয়ারি, রবিবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে নরওয়ের রাষ্ট্রদূত এসপেন রিকটার-সেভেনডেন সৌজন্য সাক্ষাৎ করেন। সাক্ষাতকালে প্রধানমন্ত্রী নরওয়েকে বাংলাদেশের বিভিন্ন অঞ্চলের অর্থনৈতিক অঞ্চলগুলোতে বিশেষত আইসিটি এবং পাট খাতে বিনিয়োগ করার আহ্বান জানান। সূত্র: সমকাল

- জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে এক হাজার ৯০০ নারী সদস্যকে পাঠিয়েছে বাংলাদেশ। 'জাতিসংঘ নিরাপত্তা পরিষদ রেজ্যুলেশন ১৩২৫ এর ২০ বছর উদ্‌যাপন: নারী, শান্তি ও নিরাপত্তা' শীর্ষক ওয়েবিনারে পররাষ্ট্রমন্ত্রী এ তথ্য জানান। সূত্র: জনকণ্ঠ
- জাতীয়ভাবে করোনাভাইরাসের টিকাদান কার্যক্রম শুরুর প্রথম দিন সারাদেশে টিকা নিয়েছেন ৩১ হাজার ১৬০ জন। টিকা গ্রহণকারী ২১ জনের সামান্য পার্শ্বপ্রতিক্রিয়া যেমন জ্বর, টিকা নেওয়ার স্থানে লাল হবার মতো পার্শ্বপ্রতিক্রিয়া দেখা গেছে বলে জানিয়েছে স্বাস্থ্য অধিদপ্তর। সূত্র: সমকাল
- বাংলাদেশকে ৩৪০ কোটি টাকা (৪০ মিলিয়ন মার্কিন ডলার) ঋণ অনুমোদন করেছে বিশ্ব ব্যাংক। সূত্র: জনকণ্ঠ
- চলমান করোনা পরিস্থিতিতে ২০২০ সালের জন্য তফসিলি ব্যাংকগুলোর লভ্যাংশ ঘোষণার বিষয়ে নতুন নীতিমালা জারি বাংলাদেশ ব্যাংকের। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ১২ হাজার ৪০৪ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২৯২। সুস্থ ৫৩১ ও ১৫ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- ইরানের পরমাণু সমঝোতায় ফিরিয়ে আনার জন্য মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেনকে দেশটির ৪১ জন সাবেক কূটনীতিক ও সেনা কর্মকর্তার চিঠি। রাশিয়াভিত্তিক আন্তর্জাতিক গণমাধ্যম স্পুৎনিকের প্রতিবেদন। সূত্র: জনকণ্ঠ

**৮ ফেব্রুয়ারি, সোমবার**

- দুর্নীতি দমন কমিশনের (দুদক) চেয়ারম্যান ইকবাল মাহমুদের নেতৃত্বে একটি প্রতিনিধি দল বঙ্গভবনে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদের কাছে কমিশনের বার্ষিক প্রতিবেদন ২০১৯ পেশ করেন। সূত্র: যুগান্তর
- মন্ত্রিসভার বৈঠকে 'শিশু দিবাযত্ন কেন্দ্র আইন-২০২১' এর খসড়া অনুমোদন। বৈঠকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে সংযুক্ত হন। সূত্র: যুগান্তর



- যুক্তরাজ্যসহ অন্য দেশ থেকে আসা যে সব যাত্রীর দুই ডোজ করোনার টিকা নেয়া থাকবে, ঢাকায় আসার পর তাদের বাধ্যতামূলক কোয়ারেন্টাইনে যেতে হবে না। তারা টিকা গ্রহণের সনদ দেখিয়ে সরাসরি বাড়ি চলে যেতে পারবেন। স্বাস্থ্য অধিদপ্তরের নির্দেশনা। সূত্র: জনকণ্ঠ
- বাংলাদেশ ডাক বিভাগের ডিজিটাল ফাইন্যান্সিয়াল সার্ভিস 'নগদ'র মাধ্যমে প্রাথমিক পর্যায়ের এক কোটি ৪০ লাখ শিক্ষার্থীকে উপবৃত্তি ও শিক্ষা উপকরণ ভাতা ডিজিটাল পদ্ধতিতে বিতরণ শুরু। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৩ হাজার ৭৬২ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩১৬। সুস্থ ৫৫৯ ও ১৬ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- অভ্যুত্থানের মাধ্যমে রাষ্ট্রীয় ক্ষমতা দখল করা রোহিঙ্গাদের ফিরিয়ে নেওয়ার চলমান প্রক্রিয়া অব্যাহত থাকবে। রাষ্ট্রীয় টেলিভিশনে প্রথমবারের মতো ভাষণে মিয়ানমার সেনাবাহিনী প্রধান জেনারেল মিন অং হ্লাইং। সূত্র: সমকাল

**৯ ফেব্রুয়ারি, মঙ্গলবার**

- পুলিশ, বিজিবি, আনসার ও কোস্ট গার্ডের সব সদস্যকে করোনাভাইরাসের টিকা (ভ্যাকসিন) নেওয়ার জন্য স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালকে ফোনে নির্দেশনা দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রধানমন্ত্রী এই চার বাহিনীতে কর্মরতদের সঙ্গে তাদের পরিবারের সদস্যদেরও টিকা দেওয়ার জন্য ব্যবস্থা নিতে বলেছেন। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পক্ষ থেকে চার বাহিনীর প্রধানদের আনুষ্ঠানিক নির্দেশনা দেওয়া হবে। গণভবন ও প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে তথ্য প্রকাশ। সূত্র: কালের কণ্ঠ
- বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের সদর দফতরে কক্সবাজার রানওয়ে প্রকল্পের জন্য চীনের নির্মাতা কোম্পানি চায়না সিভিল ইঞ্জিনিয়ারিং কনস্ট্রাকশন করপোরেশনের সঙ্গে চুক্তি স্বাক্ষর। সূত্র: জনকণ্ঠ

- সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমানসহ বঙ্গবন্ধুর আত্মস্বীকৃত খুনি ও মৃত্যুদণ্ডপ্রাপ্ত পলাতক আসামি শরিফুল হক ডালিম, নুর চৌধুরী, রাশেদ চৌধুরী ও মোসলেহ উদ্দিন খানের বীর মুক্তিযোদ্ধার খেতাব জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের (জামুকা) ৭২তম সভায় বাতিলের সিদ্ধান্ত। সূত্র: যুগান্তর
- মিয়ানমার সেনাপ্রধান মিং অং হ্লাইং'র প্রথম টেলিভিশন ভাষণে মিয়ানমার ও বাংলাদেশের দ্বিপক্ষীয় চুক্তির ভিত্তিতে বাংলাদেশ থেকে রোহিঙ্গাদের ফিরিয়ে নেওয়ার প্রতিশ্রুতি। সূত্র: যুগান্তর
- করোনায় বিদেশ ফেরত সাড়ে তিনলাখ কর্মী পুনর্বাসনের জন্য ৭শ' কোটি টাকা 'ঋণ সহযোগিতা প্রকল্প' থেকে ঋণ বিতরণ শুরু প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৪ হাজার ৪৬৮ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩৮৭। সুস্থ ৬৪২ ও ৮ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের দ্বিতীয় অভিশংসন বিচার দেশটির সিনেটে শুরু। মার্কিন প্রেসিডেন্টদের মধ্যে তিনিই প্রথম দ্বিতীয়বার অভিশংসনের মুখোমুখি হচ্ছেন। বিচার প্রক্রিয়া দ্রুততার সঙ্গে শেষ করার বিষয়ে সিনেট নেতারা একমত। সূত্র: যুগান্তর
- উহানে করোনাভাইরাসের উৎস খুঁজে পায়নি বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও)। বিশেষজ্ঞ দল বলছে, প্রাণঘাতী ভাইরাসটির উৎস 'অচিহ্নিত থেকে গেছে'। কোন প্রাণী থেকে মহামারি করোনার প্রাদুর্ভাব ঘটেছে তা নিশ্চিত হওয়া যায়নি। সূত্র: যুগান্তর

**১০ ফেব্রুয়ারি, বুধবার**

- বাংলাদেশ আওয়ামী যুবলীগের ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত আলোচনা সভা। অনুষ্ঠানে গণভবন থেকে ভার্চুয়ালি প্রধান অতিথি হিসেবে অংশগ্রহণ করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: জনকণ্ঠ
- স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সঙ্গে উদ্‌যাপন করবে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়। এ লক্ষ্যে ড্রোন শো, অ্যারিয়াল শো ও ফায়ারওয়ার্কস শো অনুষ্ঠানের আয়োজন করা হবে। এগুলো বাস্তবায়নে অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভায় নীতিগত অনুমোদন। সূত্র: ইত্তেফাক



- জাগৃতি প্রকাশনীর স্বত্বাধিকারী প্রকাশক ফয়সাল আরেফিন দীপনকে কুপিয়ে হত্যার মামলায় সেনাবাহিনীর চাকরিচ্যুত (বরখাস্ত) মেজর সৈয়দ জিয়াউল হকসহ আট জঙ্গির প্রত্যেককে ৫০ হাজার টাকা জরিমানা ও ফাঁসির রায় দিয়েছেন আদালত। সূত্র: ইত্তেফাক
- মহাখালীর শেখ রাসেল গ্যাস্ট্রোলিভার ইনস্টিটিউট হাসপাতালে ঢাকায় অবস্থানরত বিদেশী কূটনীতিকদের করোনাভাইরাসের টিকাদান কর্মসূচি শুরু। প্রথম দিনে ঢাকায় ডিপ্লোম্যাটিক কোরের ডিন ভ্যাটিক্যান সিটির রাষ্ট্রদূতের পাশাপাশি ভারত, ইউরোপীয় ইউনিয়ন, জার্মানি, তুরস্ক, ফ্রান্স, ইতালি, অস্ট্রেলিয়াসহ বিভিন্ন দেশের মিশন প্রধানসহ প্রায় ৩০ কূটনীতিক টিকা নেন। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৪ হাজার ৯৯৯ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩৮৮। সুস্থ ৭১৭ জন ও ১০ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- যুক্তরাজ্যে যাওয়া কোন যাত্রী কোয়ারেন্টাইনের নিয়ম ভঙ্গ করলে তাকে শাস্তি হিসেবে ১০ হাজার পাউন্ড জরিমানা ও ১০ বছরের কারাদণ্ডের বিধান রেখে নতুন আইন। সূত্র: জনকণ্ঠ
- অভ্যুত্থানবিরোধী বিক্ষোভের মধ্যেই মিয়ানমারের সেনাবাহিনী অং সান সু চির এনএলডি কার্যালয়ে অভিযান চালিয়েছে। সূত্র: কালের কণ্ঠ

**১১ ফেব্রুয়ারি, বৃহস্পতিবার**

- গাজীপুরের সফিপুরে আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ৪১তম জাতীয় সমাবেশে প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি অংশগ্রহণ করেন। সূত্র: ইত্তেফাক
- চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নবনির্বাচিত মেয়র এম রেজাউল করিম চৌধুরী এবং কাউন্সিলরদের শপথ গ্রহণ অনুষ্ঠান। ভার্চুয়াল মাধ্যমে অংশগ্রহণ করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: জনকণ্ঠ

- মানবতাবিরোধী অপরাধের মামলায় ময়মনসিংহের গফরগাঁওয়ের ৯ আসামির মধ্যে ৩ জনের আমৃত্যু ও ৫ জনের ২০ বছর করে কারাদণ্ড দিয়েছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। এ ছাড়া এ মামলায় প্রথম বারের মতো আব্দুল লতিফ নামের একজনকে খালাস দিয়েছেন আদালত। সূত্র: যুগান্তর
- মাছের মড়ক থেকে রেহাই পেতে প্রথমবারের মতো বাণিজ্যিক ভিত্তিতে ব্যবহার উপযোগী মাছের 'বায়োফ্লিম' নামে টিকা উদ্ভাবিত। সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের মৎস্যবিজ্ঞান অনুষদের মৎস্য স্বাস্থ্য ব্যবস্থাপনা বিভাগের সহযোগী অধ্যাপক ড. মো. আবদুল্লাহ আল মামুন এই টিকা উদ্ভাবন করেন। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৫ হাজার ৭৭৬ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৪১৮। সুস্থ ৬৮১ ও ৯ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- মিয়ানমার সরকারের জন্য বরাদ্দকৃত চার কোটি ২০ লাখ ডলার (প্রায় ৩৫০ কোটি টাকা) সহায়তা না দেওয়ার ঘোষণা দিয়েছে যুক্তরাষ্ট্র সরকার। মিয়ানমারের সেনা অভ্যুত্থানের নেতাদের ওপর নিষেধাজ্ঞা আরোপের নির্বাহী আদেশের অনুমোদন মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেনের। সূত্র: ইত্তেফাক

**১২ ফেব্রুয়ারি, শুক্রবার**

- 'কৃষিবিদ দিবস ২০২১' উপলক্ষ্যে বাণী দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: ইত্তেফাক
- মুজিববর্ষ উদ্‌যাপন উপলক্ষ্যে দেশব্যাপী ১০ লাখ জনতার অংশগ্রহণে ডিজিটাল পদ্ধতিতে 'বঙ্গবন্ধু শেখ মুজিব ঢাকা ম্যারাথন-২০২১' উদ্‌বোধন খুলনা সিটি কর্পোরেশনের মেয়রের। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৪ হাজার ৩২৮ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৪০৪। সুস্থ ৪২২ জন ও ৫ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- আন্তর্জাতিক অপরাধ আদালতের (আইসিসি) প্রধান প্রসিকিউটর হিসেবে ব্রিটিশ আইনজীবী করিম আহমেদ খান কিউসি (৫০) নির্বাচিত। সূত্র: যুগান্তর
- সৌদি আরবে প্রথমবারের মতো নারী সৈনিক নিয়োগের ঘোষণা। দেশটির স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সামরিক বিভাগের বিজ্ঞপ্তি। সূত্র: যুগান্তর



- চীনের সংখ্যালঘু উইঘুর সম্প্রদায়কে নিয়ে সংবাদ পরিবেশন করায় ব্রিটিশ সংবাদ মাধ্যম বিবিসির সম্প্রচার নিষিদ্ধ করলো চীন সরকার। সূত্র: ইত্তেফাক
- মিয়ানমারে অভ্যুত্থানের পর কারাগারে থাকা ২৩ হাজারের বেশি বন্দিকে মুক্তি দেওয়ার ঘোষণা দেশটির সেনা সরকারের। সূত্র: কালের কণ্ঠ

**১৩ ফেব্রুয়ারি, শনিবার**

- বাংলাদেশ প্রেস কাউন্সিল দিবস-২০২১ উপলক্ষ্যে বাণী দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বাণীতে প্রধানমন্ত্রী বলেন, বর্তমান সরকার অবাধ তথ্য প্রবাহে বিশ্বাস করে এবং বিভিন্ন মেয়াদকালে সংবাদপত্র ও অন্যান্য গণমাধ্যমের স্বাধীনতা নিশ্চিত করেছে। সূত্র: ইত্তেফাক
- প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে নিয়ে রাজধানীর কসমস সেন্টারে চলমান দুই মাসব্যাপী চিত্র প্রদর্শনী শুরু। সূত্র: জনকণ্ঠ
- উখিয়া-টেকনাফ থেকে চতুর্থ দফায় আরও তিন হাজার রোহিঙ্গাকে ভাসানচরে স্থানান্তর। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১২ হাজার ৮৭১ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষা। শনাক্ত ২৯১ জন, সুস্থ ৩৭৪ জন ও ১৩ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- অ্যাস্ট্রাজেনেকার সঙ্গে যৌথভাবে তৈরি কোভিড-১৯ ভ্যাকসিন শিশুদের শরীরে কতটা সুরক্ষা দিতে পারে তা জানতে প্রথমবারের মতো গবেষণা শুরু অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের। এর অংশ হিসেবে ৬ থেকে ১৭ বছর বয়সী শিশুদের শরীরে এ ভ্যাকসিনের ট্রায়াল চালাবে তারা। অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের ঘোষণা। সূত্র: জনকণ্ঠ
- মিয়ানমার ইস্যুতে জাতিসংঘের একটি প্রস্তাব থেকে সরে দাঁড়িয়েছে চীন ও রাশিয়া। সংস্থাটির মানবাধিকার বিষয়ক কাউন্সিলে (ইউএনএইচসিআর) মিয়ানমারের বন্দি নেতাদের মুক্তির দাবিতে প্রস্তাব পাস। সূত্র: কালের কণ্ঠ
- সাবেক প্রেসিডেন্ট নেলসন ম্যান্ডেলার অন্ত্যেষ্টিক্রিয়ায় জালিয়াতির অভিযোগে দক্ষিণ আফ্রিকায় ১৫ জন গ্রেফতার। সূত্র: কালের কণ্ঠ

**১৪ ফেব্রুয়ারি, রবিবার**

- 'কুমুদিনী ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্স অ্যান্ড ক্যানসার রিসার্চ' নামে নারায়ণগঞ্জে একটি ক্যানসার রিসার্চ সেন্টার ও হাসপাতালের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠান। গণভবন থেকে ভার্চুয়ালি অংশগ্রহণ করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: ইত্তেফাক
- দেশে চতুর্থ ধাপে ৫৫ পৌরসভা নির্বাচনে আওয়ামী লীগ ৪৮টিতে মেয়র নির্বাচিত। সূত্র: ইত্তেফাক
- পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন ও পররাষ্ট্র প্রতিমন্ত্রী মো. শাহরিয়ার আলমের পায়রা বন্দর পরিদর্শন। সূত্র: জনকণ্ঠ
- বিশ্বসেরা বিশ্ববিদ্যালয়ের তালিকায় ঢাকা বিশ্ববিদ্যালয় ১৬৩৪তম ও বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) ১৭০২তম। স্পেনের মাদ্রিদভিত্তিক শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠান ওয়েবমেট্রিক্সের জানুয়ারি ২০২১ সংস্করণে তথ্য প্রকাশ। সূত্র: জনকণ্ঠ
- করোনা পরিস্থিতির কারণে আগামী ২৮ ফেব্রুয়ারি পর্যন্ত কওমি ছাড়া সব শিক্ষাপ্রতিষ্ঠানের ছুটি বাড়ানোর সিদ্ধান্ত। শিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তি। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ১২ হাজার ৯০০ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩২৬। সুস্থ ৪৬২ ও ৮ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- যুক্তরাষ্ট্রে কংগ্রেসের উচ্চকক্ষ সিনেটে আবার অভিশংসন থেকে রক্ষা পেলেন সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। ট্রাম্পকে দোষী সাব্যস্ত করতে সিনেটের দুই- তৃতীয়াংশ সদস্যের সমর্থন প্রয়োজন ছিল। কিন্তু ভোটাভুটিতে ৫৭ জন এই দাবির পক্ষে মত দিলেও বিপক্ষে পড়ে ৪৩ ভোট। সূত্র: জনকণ্ঠ

**১৫ ফেব্রুয়ারি, সোমবার**

- বঙ্গভবন থেকে ভার্চুয়ালি বাংলাদেশ বিমানবাহিনীর বরিশাল রাডার ইউনিট এবং হেলিকপ্টার সিমুলেটর ট্রেনিং ইনস্টিটিউটের উদ্‌বোধন করেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। সূত্র: সমকাল



- ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (এমআইএস)-এর মাধ্যমে ইলেকট্রনিক 'জিটুপি' পদ্ধতিতে সরাসরি মুক্তিযোদ্ধাদের ব্যক্তিগত মোবাইল ফোনের একাউন্টে সম্মানি ভাতা প্রেরণ কার্যক্রম গণভবন থেকে ভার্চুয়ালি উদ্‌বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: ইত্তেফাক
- লিয়েন তথা দীর্ঘমেয়াদি ছুটি নিয়ে অন্যত্র কর্মে বা উচ্চ শিক্ষাগ্রহণকারী প্রজাতন্ত্রের কর্মচারী কেউ নির্ধারিত সময়ে কাজে যোগ না দিলে কারণ দর্শানো ছাড়াই চাকরিচ্যুতির নিয়ম করে নতুন বিধান জারি করেছে জনপ্রশাসন মন্ত্রণালয়। সূত্র: ইত্তেফাক
- সরকারি চাকরিজীবীদের অবসরোত্তর ছুটি (পিআরএল) এবং অবসর প্রস্তুতিমূলক ছুটি (এলপিআর) নিয়ে পেনশন, আর্থিক সুবিধা, অবসরের তারিখ, এলপিআর শুরুর তারিখ এবং চূড়ান্ত অবসর শুরুর তারিখ নিয়ে বিভ্রান্তি দূর করতে নতুন করে একটি প্রজ্ঞাপন জারি অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ। সূত্র: ইত্তেফাক
- জাতীয় পরামর্শক কমিটির পরামর্শে করোনাভাইরাসের টিকার ডোজের সময়সীমায় পরিবর্তন করে প্রথম ডোজ দেওয়ার ৮ সপ্তাহ পর দ্বিতীয় ডোজ দেওয়ার সিদ্ধান্ত স্বাস্থ্য অধিদপ্তরের। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৪ হাজার ১৩৮ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৪৪৬। সুস্থ ৬৪১ ও ১১ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- গিনিতে করোনাভাইরাসের প্রাদুর্ভাবের সঙ্গে ইবোলাকেও মহামারি ঘোষণা করে দেশটির স্বাস্থ্য মন্ত্রণালয়ের বিবৃতি। গিনির স্বাস্থ্যমন্ত্রী রেমি লামাহ বলেন, ২০১৩ থেকে ২০১৬ সাল পর্যন্ত ইবোলা মহামারির পর মৃত্যুর ঘটনায় কর্মকর্তারা উদ্‌বিগ্ন। সূত্র: যুগান্তর
- সেনাঅভ্যুত্থানে ক্ষমতাচ্যুত মিয়ানমারের নেত্রী অং সান সু চির ১৭ ফেব্রুয়ারি পর্যন্ত রিমান্ডের সময় বাড়াল দেশটির আদালত। সূত্র: যুগান্তর

**১৬ ফেব্রুয়ারি, মঙ্গলবার**

- একনেক বৈঠকে মোট ১৯ হাজার ৮৪৪ কোটি ৫৭ লাখ টাকার ৯ প্রকল্পের অনুমোদন। গণভবন থেকে ভার্চুয়ালি যুক্ত হয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এতে সভাপতিত্ব করেন। সূত্র: জনকণ্ঠ

- সচিবালয়ে শিক্ষামন্ত্রী ডা. দীপু মনির সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠকে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের 'শিক্ষা আইন-২০২১' খসড়া চূড়ান্ত। খসড়ায় বলা হয়েছে, সরকারের অনুমোদিত সহায়ক বইয়ের বাইরে অনুমোদনহীন সকল ধরনের নোট, গাইড নিষিদ্ধ থাকবে। কোচিং সেন্টারের নিবন্ধনসহ একটি ব্যবস্থাপনার মধ্যে আনা হবে। শিক্ষকরা নিজ প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের কোন কোচিং সেন্টারে পড়াতে পারবেন না। সূত্র: জনকণ্ঠ
- বিজ্ঞান লেখক ও ব্লগার অভিজিৎ রায় হত্যা মামলায় পাঁচ আসামির মৃত্যুদণ্ড ও এক আসামির যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড দিয়েছেন আদালত। সূত্র: যুগান্তর
- বঙ্গোপসাগরের ভাসানচরে নৌবাহিনীর ব্যবস্থাপনায় আশ্রয়ণ প্রকল্পে চতুর্থ দফার দ্বিতীয় ধাপে ১ হাজার ১১ রোহিঙ্গা স্থানান্তরিত। ভাসানচরে মোট রোহিঙ্গার সংখ্যা ১০ হাজার ছাড়াল। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৪ হাজার ৭৮৮ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩২৬। সুস্থ ৭৫১ ও ১৩ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- অক্সফোর্ড-অ্যাস্ট্রাজেনেকা উদ্ভাবিত করোনাভাইরাসের টিকার জরুরি ব্যবহারে বিশ্ব স্বাস্থ্য সংস্থার (ডব্লিউএইচও) অনুমোদন। সূত্র: ইত্তেফাক
- ক্যাপিটল হিলে দাঙ্গায় উসকানির ষড়যন্ত্রের অভিযোগে সাবেক মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বিরুদ্ধে মিসিসিপি থেকে নির্বাচিত ডেমোক্র্যাটিক কংগ্রেসম্যান ব্যানি থমসনের নাগরিক অধিকার আইনে মামলা। সূত্র: যুগান্তর
- মিয়ানমারে সেনাবাহিনীর হাতে আটক গণতন্ত্রপন্থী নেতা অং সান সু চির বিরুদ্ধে ফৌজদারি অপরাধের 'ন্যাচারাল ডিজাস্টার ল' লঙ্ঘনের অভিযোগ দেশটির পুলিশের। সূত্র: যুগান্তর

**১৭ ফেব্রুয়ারি, বুধবার**

- গোপালগঞ্জের কোটালীপাড়ায় ২০০০ সালে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে হত্যাচেষ্টা মামলায় ১০ জঙ্গিকে বিচারিক আদালতের দেওয়া মৃত্যুদণ্ড হাইকোর্টে বহাল। সূত্র: যুগান্তর



- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে বাংলাদেশে নবনিযুক্ত মালদ্বীপের হাইকমিশনার শিরুজিমাথ সামির সৌজন্য সাক্ষাৎ। সূত্র: ইত্তেফাক
- গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে মিসরের নবনিযুক্ত রাষ্ট্রদূত হেথাম গোবাসির সৌজন্য সাক্ষাৎ। সূত্র: যুগান্তর
- সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ভার্চুয়াল বৈঠকে পেট্রোবাংলার ষষ্ঠ এলএনজি কার্গোর আওতায় ভিটোল এশিয়া প্রা. লি. (সিঙ্গাপুর)-এর কাছ থেকে ৩৩ লাখ ৬০ হাজার এমএমবিটিইউ (এমএম ব্রিটিশ থার্মাল ইউনিট) এলএনজি ৩১০ কোটি ৯৮ লাখ টাকায় এবং ৭ম এলএনজি কার্গোর আওতায় ৩৩ লাখ ৬০ হাজার এমএমবিটিইউ এলএনজি ৩১২ কোটি ৬৫ লাখ টাকায় আমদানির দুটি প্রস্তাব অনুমোদন। সূত্র: ইত্তেফাক
- এলডিসি থেকে মধ্যম আয়ের স্বীকৃতি অর্জনের পরও বাংলাদেশকে আগামী ২০২৭ সাল পর্যন্ত শুল্ক ও কোটামুক্ত বাজার সুবিধা অব্যাহত রাখার ঘোষণা যুক্তরাজ্যের। দুই ধাপে তিন বছর করে বাংলাদেশের পণ্য যুক্তরাজ্যে রফতানিতে অগ্রাধিকারমূলক বাণিজ্য সুবিধা বা জিএসপি পাবে। সূত্র: জনকণ্ঠ
- কাতারভিত্তিক টেলিভিশন চ্যানেল আলজাজিরায় বাংলাদেশকে নিয়ে করা প্রতিবেদন 'অল দ্য প্রাইম মিনিস্টারস মেন' তথ্যচিত্রটি ফেসবুক-ইউটিউবসহ সকল সামাজিক যোগাযোগ মাধ্যম থেকে দ্রুত সরাতে বিটিআরসিকে হাইকোর্টের নির্দেশ। সূত্র: জনকণ্ঠ
- ইউনেস্কোর সম্ভাব্য বিশ্ব ঐতিহ্যের তালিকায় অন্তর্ভুক্তির জন্য দেশের আরও ২১৫টি প্রত্নস্থানকে নির্বাচন, রাজধানীর আগারগাঁওয়ে প্রত্নতত্ত্ব অধিদপ্তরের সভাকক্ষে অনুষ্ঠিত সেমিনারে সম্ভাব্য তালিকা হালনাগাদকরণ প্রত্নতত্ত্ব অধিদপ্তরের। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৬ হাজার ৬১২ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৪৪৩। সুস্থ ৬৩৩ ও ১৬ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- কর্মকর্তাদের বিরুদ্ধে ওঠা নানা ঘুষ কেলেঙ্কারি তদন্তে পাঁচ সদস্যের উচ্চ পর্যায়ের কমিটি গঠন করেছে বাংলাদেশ ব্যাংক। বাংলাদেশ

ব্যাংকের মুখপাত্র সিরাজুল ইসলাম সাংবাদিকদের বলেন, নানা অভিযোগ বিষয়ে অধিকতর তদন্তের জন্য একজন ডেপুটি গভর্নরের নেতৃত্বে এ কমিটি গঠন করা হয়েছে। সূত্র: জনকণ্ঠ

- মিয়ানমারের সামরিক জান্তা নির্বাচিত ১৭ জন সংসদ সদস্যের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেছে। জান্তা প্রশাসনের বিরুদ্ধে উসকানি দেওয়ার অভিযোগে এই পরোয়ানা। সূত্র: যুগান্তর

**১৮ ফেব্রুয়ারি, বৃহস্পতিবার**

- 'জাতীয় নিরাপদ খাদ্য দিবস-২০২১' উপলক্ষ্যে রাজধানীর হোটেল ইন্টারকন্টিনেন্টালে খাদ্য মন্ত্রণালয় আয়োজিত অনুষ্ঠান। অনুষ্ঠানে গণভবন থেকে ভার্চুয়ালি সংযুক্ত হন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রধানমন্ত্রী সুষম খাদ্য গ্রহণের বিষয়ে জনসচেতনতা সৃষ্টির জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দেন। সূত্র: কালের কণ্ঠ
- বাংলাদেশ সুপ্রিমকোর্টে ইংরেজি থেকে বাংলা ভাষায় অনুবাদ সংক্রান্ত আর্টিফিসিয়াল ইনটেলিজেন্স সফটওয়্যার 'আমার ভাষা'র ভার্চুয়ালি উদ্‌বোধন করেন প্রধান বিচারপতি। সূত্র: যুগান্তর
- কানুনগো, উপ-সহকারী প্রকৌশলী ও সার্ভেয়ারদের বদলি ও পদায়নের নতুন নিয়ম জানিয়ে পরিপত্র জারি করেছে ভূমি মন্ত্রণালয়। সূত্র: যুগান্তর
- জুনের আগেই দেশে ৬০ লাখ ডোজ করোনার টিকা দেয়া হবে। বাকি ১০ লাখের মেয়াদ পূর্ণ হওয়ার আগেই দ্বিতীয় ডোজ হিসেবে প্রয়োগ শুরু করা হবে। সংশ্লিষ্ট বিশেষজ্ঞদের সাথে সভায় এই সিদ্ধান্ত নিয়েছে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৪ হাজার ৬০৩ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩৯১। সুস্থ ৬৭৮ জন ও ১৫ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- মহান একুশে ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস যেন যুক্তরাষ্ট্রজুড়ে যথাযোগ্য মর্যাদা ও বিভিন্ন কর্মসূচির মাধ্যমে পালিত হয়, সেজন্য দেশটির কংগ্রেসে রেজ্যুলুশন উত্থাপন কংগ্রেসওম্যান গ্রেস ম্যাং'র। সূত্র: কালের কণ্ঠ



- যুক্তরাষ্ট্রের ছয় পুলিশ কর্মকর্তাকে ক্যাপিটল হিলের হামলায় অংশ নেওয়ার অভিযোগে বরখাস্ত। সূত্র: কালের কণ্ঠ

**১৯ ফেব্রুয়ারি, শুক্রবার**

- দেশের প্রাথমিক স্তরের সব শিক্ষককে করোনাভাইরাসের টিকা নিতে হবে। সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে স্বাস্থ্য মন্ত্রণালয়ের চিঠি। নির্দেশনায় বলা হয়েছে, করোনাভাইরাসের প্রাদুর্ভাব নিয়ন্ত্রণে এলে সব বিদ্যালয় খুলে দেওয়া হবে। বর্তমানে ভাইরাস থেকে মুক্ত থাকতে সব প্রাথমিক বিদ্যালয় শিক্ষকদের টিকা নিতে হবে। সূত্র: ইত্তেফাক
- বরগুনার তালতলীতে মুক্তিযুদ্ধে অংশ নেওয়ার সপক্ষে কোনো তথ্য প্রমাণ দিতে না পারায় সরকারি ভাতাপ্রাপ্ত ৯ জনসহ ১৩ জনের তালিকা তৈরি করে ভাতাকর্তনসহ গেজেট ও সনদ বাতিলের সুপারিশ। জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলে (জামুকায়) উপজেলা মুক্তিযোদ্ধা যাচাই-বাছাই কমিটি এই সুপারিশ করেছে। সূত্র: যুগান্তর
- দ্য ইকোনমিস্ট ইন্টেলিজেন্স ইউনিটের (ইআইইউ) প্রতিবেদন 'কোভিড-নাইন্টিন অ্যান্ড মাইগ্র্যান্ট রেমিটেন্স: অ্যা হিডেন ক্রাইসিস লুমিং' প্রকাশিত। করোনা বিপর্যয়ের মধ্যেও ২০২০ সালে বাংলাদেশের প্রবাসী আয় এসেছে ১ হাজার ৯৮৮ কোটি ডলার, যা ২০১৯ সালের তুলনায় ৮ শতাংশ বেশি। ২০১৯ সালে প্রবাসী আয় ছিল ১ হাজার ৮৪০ কোটি ডলার। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৪ হাজার ২৩২ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৪০৬। সুস্থ ৫৩৬ ও ৮ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- স্থানীয়ভাবে ব্যবহারের জন্য চুমাকভ সেন্টারের তৈরি করোনাভাইরাসের টিকা কোভিভ্যাক এর অনুমোদন করেছে রাশিয়া। এই টিকা রাশিয়ার তৃতীয় করোনাভাইরাস টিকা। সূত্র: প্রথম আলো
- করোনার টিকা কেলেঙ্কারিতে আর্জেন্টিনার স্বাস্থ্যমন্ত্রী গিনেস গঞ্জালেস গার্সির পদত্যাগ। প্রেসিডেন্টকে লেখা চিঠিতে ৭৫ বছর বয়সী স্বাস্থ্যমন্ত্রী বলেন, আপনার অনুরোধে সাড়া দিয়ে আমি স্বাস্থ্য মন্ত্রণালয়ের পদ থেকে সরে দাঁড়াতে পদত্যাগপত্র জমা দিয়েছি। সূত্র: প্রথম আলো

- প্যারিস জলবায়ু চুক্তি থেকে সরে আসার একশ’ সাতদিন পর আবারো যোগদান যুক্তরাষ্ট্রের। ২০১৫ সালের ডিসেম্বরে প্যারিসে কপ ২১ নামের এক সম্মেলনে জলবায়ু চুক্তির ব্যাপারে সম্মত হন বিশ্বনেতারা। ওই চুক্তির অধীনে বিশ্বের উষ্ণতা বৃদ্ধির হার দুই ডিগ্রি সেলসিয়াসের নিচে রাখতে কার্বন নিঃসরণ কমানোর ব্যাপারে সিদ্ধান্ত নেওয়া হয়। সূত্র: কালের কণ্ঠ

**২০ ফেব্রুয়ারি, শনিবার**

- ওসামানী স্মৃতি মিলনায়তনে আয়োজিত একুশে পদক বিতরণ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি অংশগ্রহণ করেন। প্রধানমন্ত্রীর পক্ষে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক ২১ জন বিজয়ী বরেণ্য ব্যক্তির হাতে এ পদক তুলে দেন। যে ২১ জনকে এই পদক দেওয়া হলো তারা হলেন: ভাষা আন্দোলনে মরহুম মোতাহার হোসেন তালুকদার (মোতাহার মাস্টার) (মরণোত্তর), মরহুম শামছুল হক (মরণোত্তর) ও মরহুম আফসার উদ্দিন (মরণোত্তর)। শিল্পকলা বিভাগে সঙ্গীতে পাপিয়া সরোয়ার, অভিনয়ে রাইসুল ইসলাম আসাদ, সালমা বেগম সুজাতা (সুজাতা আজিম), নাটকে আহমেদ ইকবাল হায়দার, চলচ্চিত্রে সৈয়দ সালাউদ্দিন জাকী, আবৃত্তিতে ড. ভাস্বর বন্দ্যোপাধ্যায় ও আলোকচিত্রে পাভেল রহমান, মুক্তিযুদ্ধে গোলাম হাসনায়েন, ফজলুল রহমান খান ফারুক ও বীর মুক্তিযোদ্ধা মরহুমা সৈয়দা ইসাবেলা (মরণোত্তর), সাংবাদিকতায় অজয় দাসগুপ্ত, গবেষণায় ড. সমীর কুমার সাহা, শিক্ষায় মাহফুজা খানম, অর্থনীতিতে ড. মির্জা আব্দুল জলিল, সমাজসেবায় প্রফেসর কাজী কামরুজ্জামান এবং ভাষা ও সাহিত্যে এ সম্মাননা পেয়েছেন কবি কাজী রোজী, বুলবুল চৌধুরী ও গোলাম মুরশিদ। সূত্র: কালের কণ্ঠ
- একুশে পদকপ্রাপ্ত অভিনেতা এ টি এম শামসুজ্জামানের মৃত্যু। রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার শোক প্রকাশ। সূত্র: কালের কণ্ঠ



- সাইনবোর্ডসহ সকল নামফলকে বাংলার ব্যবহার নিশ্চিত করতে হাইকোর্টের দেয়া নির্দেশ বাস্তবায়নে মাঠে নেমেছে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (ডিএনসিসি)। এখন থেকে দূতাবাস, বিদেশী সংস্থা ও নির্দিষ্ট কিছু প্রতিষ্ঠান ছাড়া সংস্থাটির সীমানায় অবস্থিত কোন প্রতিষ্ঠানের নামফলকই শুধু ইংরেজিতে লেখা থাকতে পারবে না। সূত্র: জনকণ্ঠ
- সিলেটের বেসরকারি বিশ্ববিদ্যালয় লিডিং ইউনিভার্সিটির নিজস্ব ক্যাম্পাসে ৫২টি ভাষার বর্ণ দিয়ে উন্মোচিত দেশের প্রথম আন্তর্জাতিক মানের শহীদ মিনার। সূত্র: সংবাদ
- ‘অল দ্য প্রাইম মিনিস্টারস মেন’ নামে প্রচারিত আলজাজিরার প্রতিবেদনটি সরিয়ে নিতে রাজি ফেসবুক ও ইউটিউব। বিটিআরসি কার্যালয়ে ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রী। সূত্র: সংবাদ
- বিশ্বব্যাপী দৈনিক কোভিড-১৯ ভ্যাকসিন প্রয়োগকারী দেশের তালিকায় ছয় নম্বরে বাংলাদেশ। আওয়ার ওয়ার্ল্ড ইন ডাটার সর্বশেষ পরিসংখ্যান। তালিকার শীর্ষে রয়েছে মার্কিন যুক্তরাষ্ট্রের নাম। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১১ হাজার ১৪৮ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩৫০। সুস্থ ৪২৪ জন ও ৫ জন মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- জাতিসংঘের শান্তিরক্ষীদের করোনাভাইরাসের টিকার দুই লাখ ডোজ উপহার দেয়ার জন্য ভারতকে ধন্যবাদ জানিয়েছেন জাতিসংঘ মহাসচিব আন্তোনিও গুতেরেস। সূত্র: কালের কণ্ঠ
- জি-৭ বৈঠকে করোনাভাইরাসে নিজেদের চাহিদা মিটিয়ে অতিরিক্ত টিকা দরিদ্র দেশগুলোকে উপহার দেওয়ার ঘোষণা ব্রিটিশ প্রধানমন্ত্রী বরিস জনসনের। সূত্র: জনকণ্ঠ

**২১ ফেব্রুয়ারি, রবিবার**

- আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে একুশের প্রথম প্রহরে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার পক্ষে তাদের সামরিক সচিব কেন্দ্রীয় শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করে ভাষাশহিদদের প্রতি শ্রদ্ধা নিবেদন। সূত্র: ইত্তেফাক

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২১ উদ্‌বোধন এবং আন্তর্জাতিক মাতৃভাষা পদক-২০২১ প্রদান অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনার পক্ষে শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি পদক তুলে দেন। প্রথমবারের মতো এই পদক বিজয়ীরা হলেন: জাতীয় অধ্যাপক মোহাম্মদ রফিকুল ইসলাম, খাগড়াছড়ির জাবারাং কল্যাণ সমিতির নির্বাহী পরিচালক মথুরা বিকাশ ত্রিপুরা, উজবেকিস্তানের গবেষক ইসমাইল গুলম মিরজায়েভিচ ও লাতিন আমেরিকার আদি ভাষাগুলো নিয়ে কাজ করা বলিভিয়ার অনলাইন উদ্যোগ অ্যাকটিভিজমো লেংকুয়াস। সূত্র: যুগান্তর
- সাফটার চুক্তির শর্ত মানাসহ চার বিষয় প্রাধান্য দিয়ে (আগামী ৩-৪ মার্চ) নয়াদিল্লিতে অনুষ্ঠিতব্য বাংলাদেশ-ভারত বাণিজ্য সচিব পর্যায়ে বৈঠকের এজেন্ডা চূড়ান্ত। সূত্র: জনকণ্ঠ
- আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে ডাক অধিদফতর ১০ টাকা মূল্যমানের একটি স্মারক ডাকটিকিট ও উদ্‌বোধনী খাম অবমুক্ত করেন ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রী। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৪ হাজার ৩৩৬ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩২৭। সুস্থ ৪৭৫ ও ৭ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- বার্ড ফ্লুর নতুন ধরন এইচফাইভএনএইট প্রথমবারের মতো রাশিয়ায় মানবদেহে সংক্রমিত হওয়ার তথ্য নিশ্চিত করেছে দেশটির কর্তৃপক্ষ। সূত্র: সমকাল

**২২ ফেব্রুয়ারি, সোমবার**

- বঙ্গবন্ধু অ্যাভিনিউস্থ আওয়ামী লীগ কেন্দ্রীয় কার্যালয়ে মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে আওয়ামী লীগ আয়োজিত আলোচনা সভায় গণভবন থেকে ভার্চুয়াল মাধ্যমে যুক্ত হন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: ইত্তেফাক
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে মন্ত্রিসভার ভার্চুয়াল বৈঠকে 'বাংলাদেশ জাতীয় আর্কাইভস আইন, ২০২১', 'বাংলাদেশ প্যাটেন্ট আইন, ২০২১' ও বাংলাদেশ শিল্প-নকশা আইন, ২০২১'-খসড়া চূড়ান্ত অনুমোদন। সূত্র: যুগান্তর



- সরকারি-বেসরকারি সকল অফিস দপ্তর-প্রতিষ্ঠানের নাম, বিজ্ঞাপন ফলক আগামী ২৮ ফেব্রুয়ারির মধ্যে বাংলায় লেখা নিশ্চিত করতে সংশ্লিষ্ট সকলের প্রতি নির্দেশ। এ সংক্রান্ত গণবিজ্ঞপ্তি জারি করেছে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের (ডিএসসিসি)। সূত্র: জনকণ্ঠ
- মহামারি করোনা মোকাবিলা ও বন্যায় ক্ষয়ক্ষতি পুষিয়ে নিতে এবং উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে চলতি ২০২০-২১ অর্থবছরে এখন পর্যন্ত প্রায় ৫৭ লাখ কৃষকের মাঝে ৩৭২ কোটি টাকার প্রণোদনা। কৃষি মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তি। সূত্র: জনকণ্ঠ
- ভারতের সেরাম ইনস্টিটিউট থেকে কোভিড-১৯ টিকার ২০ লাখ ডোজের দ্বিতীয় চালান দেশে পৌঁছেছে। স্বাস্থ্য অধিদফতর। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় দেশে ১১ হাজার ১০৩ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩৩৬। সুস্থ ৬৯২ ও ৭ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- অ্যাজমা রোগের চিকিৎসায় ব্যবহৃত ওষুধে করোনাভাইরাসে আক্রান্তদের দ্রুত সুস্থ হয়ে ওঠার প্রমাণ করেন যুক্তরাজ্যের অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের গবেষকরা। সূত্র: সমকাল

**২৩ ফেব্রুয়ারি, মঙ্গলবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে বিমানবাহিনী ঘাঁটি বীরশ্রেষ্ঠ মতিউর রহমান যশোর প্রান্তে বাংলাদেশ বিমানবাহিনীর ১১ স্কোয়াড্রন এবং ২১ স্কোয়াড্রনকে জাতীয় পতাকা প্রদান অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। সূত্র: জনকণ্ঠ
- বাংলাদেশ চীনের উৎপাদিত কোনো করোনা টিকার অনুমোদন বা স্বীকৃতি দেয়নি। ঢাকায় চীনের দূতাবাসের সংবাদ বিজ্ঞপ্তি। সূত্র: যুগান্তর
- শেখ মুজিবুর রহমানকে 'বঙ্গবন্ধু' উপাধি দেয়ার ৫২তম বর্ষ স্মরণে ১০ টাকা মূল্যমানের ডাকটিকিট ও উদ্‌বোধনী খাম এবং ৫ টাকা মূল্যমানের ডাটা কার্ড প্রকাশ করেছে ডাক অধিদপ্তর। সূত্র: জনকণ্ঠ

- সরকারি সিদ্ধান্তের আলোকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের সব পরীক্ষা স্থগিত ঘোষণা এবং পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত সব পরীক্ষা বন্ধ থাকবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তি। সূত্র: জনকণ্ঠ
- ২০০৪ সালের ২১ আগস্ট বঙ্গবন্ধু অ্যাভিনিউয়ে আওয়ামী লীগের সমাবেশে গ্রেনেড হামলা মামলার যাবজ্জীবন সাজাপ্রাপ্ত পলাতক আসামি ইকবাল হোসেন ওরফে ইকবাল ওরফে জাহাঙ্গীর ওরফে সেলিম গ্রেফতার। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ১২ হাজার ৭৪৮ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩৯৯। সুস্থ ৮২৮ জন ও ১৮ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- সংখ্যালঘু উইঘুর সম্প্রদায়ের ওপর চীনের আচরণকে গণহত্যা হিসেবে ঘোষণা কানাডার হাউজ অব কমন্স'র। সূত্র: ইত্তেফাক
- সদ্য গঠিত সামরিক সরকারকে 'জান্তা' বলা যাবে না। একই সঙ্গে তাদের সময়কালকে 'রেজিম' বা সামরিক শাসনকালও বলা যাবে না। অভ্যুত্থানের নেতা জেনারেল মিন অং হ্লাইং দেশটির সংবাদপত্রগুলোকে হুঁশিয়ার করেছে। নির্দেশ মানা না হলে তাদের প্রকাশনা লাইসেন্স বাতিল করা হবে। মিয়ানমার প্রেস কাউন্সিলকে নির্দেশ দিয়েছে দেশটির তথ্য মন্ত্রণালয়। সূত্র: সমকাল

### ২৪ ফেব্রুয়ারি, বুধবার

- মুক্তিযুদ্ধের সেক্টর কমান্ডার ও সাবেক রাষ্ট্রপতি মরহুম জিয়াউর রহমানসহ বঙ্গবন্ধু হত্যা ও হত্যাকারীদের সহযোগীদের মুক্তিযুদ্ধে অবদান রাখায় দেয়া রাষ্ট্রীয় খেতাব প্রত্যাহারের বিষয়টি খতিয়ে দেখা এবং আরো প্রমাণাদি সংগ্রহের জন্য তদন্ত কমিটি গঠন করে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন জারি। এর আগে ২ ফেব্রুয়ারি জিয়াউর রহমান এবং বঙ্গবন্ধু হত্যায় জড়িত কয়েক জন মুক্তিযোদ্ধা সেনা অফিসার ১৯৭৫ সালের ১৫ আগস্ট ক্ষমতা দখলকারী খন্দকার মোশতাক আহমাদসহ বেশ কয়েকজনের রাষ্ট্রীয় খেতাব বাতিলের সুপারিশ করেছে জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল। সূত্র: ইত্তেফাক



- পিলখানা ট্র্যাজেডির এক যুগ পূর্তি উপলক্ষ্যে পিলখানা হত্যাকাণ্ডে শহিদ সেনা কর্মকর্তাদের প্রতি রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার পক্ষে সামরিক সচিবদ্বয়ের শ্রদ্ধা নিবেদন। সূত্র: কালের কণ্ঠ
- সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ৮ম সভায় ৪৪১ কোটি টাকা ব্যয়ে চার ক্রয় প্রস্তাবের অনুমোদন। সূত্র: জনকণ্ঠ
- ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সঙ্গে জরুরি সভায় অধিভুক্ত রাজধানীর সাত কলেজের পরীক্ষা স্থগিতের সিদ্ধান্ত প্রত্যাহার করেছে শিক্ষা মন্ত্রণালয়। সূত্র: ইত্তেফাক
- ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) অনুমতি ছাড়া গড়ে ওঠা সব 'গৃহায়ন প্রকল্প-হাউজিং প্রজেক্ট' বন্ধের নির্দেশ দিয়েছেন সংস্থাটির মেয়র। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৬ হাজার ১৫২ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৪২৮। সুস্থ ৯১১ জন ও ৫ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- আদালতের আদেশ ও মানবাধিকার গোষ্ঠীগুলোর আবেদন অমান্য করে ১ হাজার ৮৬ জনকে মিয়ানমারে ফেরত পাঠাল মালয়েশিয়া সরকার। সূত্র: কালের কণ্ঠ
- প্রথমবারের মতো দ্বিপক্ষীয় ভার্চুয়াল বৈঠক মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন ও কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডোর। সূত্র: কালের কণ্ঠ
- বিশ্বে করোনাভাইরাসের টিকা সরবরাহে বিশ্ব স্বাস্থ্য সংস্থার (ডব্লিউএইচও) উদ্যোগে কোভ্যাক্সের টিকা কার্যক্রম শুরু। বৈশ্বিক উদ্যোগ কোভ্যাক্স থেকে প্রথম টিকা পেল ঘানা। সূত্র: প্রথম আলো

### ২৫ ফেব্রুয়ারি, বৃহস্পতিবার

- চট্টগ্রামের বাংলাদেশ মেরিন অ্যাকাডেমিতে ৫৫ ব্যাচের ক্যাডেটদের মুজিববর্ষ গ্র্যাজুয়েশন প্যারেডে গণভবন থেকে ভার্চুয়ালি অংশগ্রহণ করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: কালের কণ্ঠ
- পানিসম্পদ মন্ত্রণালয়ের প্রকল্পের অগ্রগতি সংক্রান্ত সভায় সীমান্ত নদী তীর সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্পের কাজে নিয়োজিত সাব-ঠিকাদার ডলি কনসোর্টিয়ামের কাছে থাকা সব প্যাকেজ বাতিলের সিদ্ধান্ত। সূত্র: যুগান্তর

- জাতীয় সংসদ ভবনে অনুষ্ঠিত প্রতিরক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির বৈঠকে করোনাভাইরাসে আক্রান্ত রোগীদের চিকিৎসাসেবায় অসাধারণ সাহস ও দক্ষতার সঙ্গে দায়িত্ব পালনসহ করোনাকালীন অনন্য অবদানের জন্য সম্মিলিত সামরিক হাসপাতালকে (সিএমএইচ) চলতি বছর স্বাধীনতা পুরস্কার দেয়ার সুপারিশ। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৫ হাজার ৫৬০ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৪১০। সুস্থ ৯৫৭ ও ৫ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে মোমেনের সঙ্গে ভার্চুয়াল বৈঠকে জাতিসংঘ মহাসচিব আন্তোনিও গুতেরেস করোনাভাইরাস মহামারির কারণে স্বাস্থ্যগত ও আর্থ-সামাজিক চ্যালেঞ্জ মোকাবিলায় বাংলাদেশ গৃহীত পদক্ষেপের প্রশংসা করেন। সূত্র: সমকাল
- সাংবাদিক জামাল খাশোগি হত্যাকাণ্ডের ঘটনায় সৌদি আরবের ৭৬ নাগরিকের ভিসা বিষয়ক নিষেধাজ্ঞা আরোপ যুক্তরাষ্ট্রের। সূত্র: কালের কণ্ঠ
- যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেনের নির্দেশে দেশটির সামরিক বাহিনীর প্রথম হামলায় সিরিয়ায় ইরান-সমর্থিত দুটি বিদ্রোহী মিলিশিয়া গোষ্ঠীর ১৭ জন নিহত। সূত্র: সমকাল

**২৬ ফেব্রুয়ারি, শুক্রবার**

- জাতীয় পরিসংখ্যান দিবস উপলক্ষ্যে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনার পৃথক বাণী প্রদান। সূত্র: সমকাল
- দেওয়ানি মামলার বিচারের এখতিয়ার সম্পন্ন হাইকোর্টের একক বেঞ্চের আর্থিক এখতিয়ার বাড়িয়ে রুলস সংশোধন করে গেজেট প্রকাশ সুপ্রিমকোর্টের। সূত্র: যুগান্তর
- গাজীপুরের কাশিমপুর হাই সিকিউরিটি কেন্দ্রীয় কারাগারে ডিজিটাল নিরাপত্তা আইনে গ্রেপ্তার লেখক মুশতাক আহমেদের মৃত্যুর ঘটনায় তদন্ত কমিটি গঠন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের। সূত্র: সমকাল



- বাংলা ভাষাকে বিশ্বের নেতৃস্থানীয় ভাষার কাতারে নেওয়ার লক্ষ্যে ভাষা-প্রযুক্তি ও কৃত্রিম বুদ্ধিমত্তা বিষয়ক প্রযুক্তির প্ল্যাটফর্ম বাংলা ডট গভ ডট বিডি এবং বাংলা থেকে আইপিএতে রূপান্তরের সফটওয়্যার 'ধ্বনি'র পরীক্ষামূলক সংস্করণ উন্মুক্ত করেছে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ। সূত্র: সংবাদ
- গত ২৪ ঘণ্টায় দেশে নমুনা পরীক্ষা ১৫ হাজার ৩২ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৪৭০। সুস্থ ৭৪৩ ও ১১ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- লন্ডন থেকে পালিয়ে ইসলামিক স্টেটের সঙ্গে যোগ দিতে সিরিয়ায় যাওয়া শামীমা বেগমকে ব্রিটেনে ফেরার সুযোগ দেওয়া হবে না বলে রায় দিয়েছে যুক্তরাজ্যের সুপ্রিমকোর্ট। সূত্র: ইত্তেফাক
- সৌদি আরবের যুবরাজ মোহাম্মদ বিন সালমানের নির্দেশেই ওয়াশিংটন পোস্ট পত্রিকার সাংবাদিক জামাল খাশোগিকে হত্যা করা হয়। মার্কিন গোয়েন্দা সংস্থার প্রতিবেদন। সূত্র: ইত্তেফাক
- করোনাভাইরাসে মারা যাওয়া মুসলমানদের মরদেহ পুড়িয়ে ফেলার বিতর্কিত বাধ্যতামূলক আদেশ প্রত্যাহার শ্রীলঙ্কার। সূত্র: ইত্তেফাক

**২৭ ফেব্রুয়ারি, শনিবার**

- জাতিসংঘের চূড়ান্ত সুপারিশে 'উন্নয়নশীল দেশে বাংলাদেশের উত্তরণ' উপলক্ষ্যে গণভবন থেকে ভার্চুয়াল সংবাদ সম্মেলন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: ইত্তেফাক
- জাতিসংঘের কমিটি ফর ডেভেলপমেন্ট (সিডিপি) স্বল্পোন্নত দেশের (এলডিসি) তালিকা থেকে বাংলাদেশকে বের হওয়ার সুপারিশ করেছে। মাথাপিছু আয়, মানবসম্পদ ও অর্থনৈতিক ভঙ্গুরতা- এই তিন সূচক দিয়ে একটি দেশ উন্নয়নশীল দেশ হতে পারবে কিনা, সেই যোগ্যতা নির্ধারণ করা হয়। ২০১৮ সালের সিডিপির মূল্যায়নে তিনটি সূচকেই বাংলাদেশ নির্দিষ্ট মান অর্জন করেছিল। এবারের মূল্যায়নেও সেই অর্জন ধরে রেখেছে বাংলাদেশ। সূত্র: ইত্তেফাক

- ওয়াশিংটন ডিসিতে বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আবদুল মোমেন ও মার্কিন প্রেসিডেন্টের জলবায়ু বিষয়ক দূত জন কেরির মধ্যে বৈঠকে বাংলাদেশ ও যুক্তরাষ্ট্র (ইউএস) প্যারিস জলবায়ু চুক্তির আওতায় এবং এমনকি প্যারিস চুক্তির বাইরে গিয়েও প্রতিশ্রুতি পূরণে কপ২৬ ও অন্যান্য বহুপাক্ষিক কাজ করতে সম্মত। সূত্র: জনকণ্ঠ
- ইতিহাসবিদ অধ্যাপক মুনতাসীর মামুনকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের (চবি) 'বঙ্গবন্ধু চেয়ার'-এর (গবেষণা কেন্দ্র) গবেষক পদে নিয়োগ। বিশ্ববিদ্যালয়ের ৫২৯তম সিন্ডিকেট সভায় সিদ্ধান্ত। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় দেশে ১২ হাজার ৩৪৮ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৪০৭। সুস্থ ৬০৯ ও ৫ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- নিজ দেশে ক্ষমতাসীনদের পক্ষ ছেড়ে তাদের বিরুদ্ধে 'যথাসম্ভব সর্বোচ্চ কঠোর পদক্ষেপ' নিতে আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি আহ্বান জানানোর অভিযোগে জাতিসংঘে নিযুক্ত মিয়ানমারের রাষ্ট্রদূত কিয়াও মো তুনকে বহিষ্কার করেছে দেশটির জান্তা সরকার। সূত্র: প্রথম আলো
- করোনা মহামারির কারণে দুর্বল হওয়া অর্থনীতি পুনরুদ্ধার ও মার্কিনিদের কাছে জরুরিভিত্তিতে নগদ অর্থ পাঠানোর জন্য প্রেসিডেন্ট জো বাইডেনের ১ লাখ ৯০ হাজার কোটি মার্কিন ডলারের রিলিফ প্যাকেজ বিল মার্কিন প্রতিনিধি পরিষদে পাস। সূত্র: ইত্তেফাক

**২৮ ফেব্রুয়ারি, রবিবার**

- বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের কাছে কমিশনের পিএসসির বার্ষিক প্রতিবেদন পেশ। এ সময় রাষ্ট্রপতি সরকারি কর্ম কমিশনের (পিএসসি) অধীন প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে তৃতীয় ও চতুর্থ শ্রেণির কর্মচারী নিয়োগে উদ্যোগ নেওয়ার পরামর্শ দেন। সূত্র: প্রথম আলো
- গণভবন থেকে ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের মধ্যে উপবৃত্তি, টিউশন ফি, ভর্তি সহায়তা ও আর্থিক অনুদান বিতরণ কার্যক্রমের উদ্‌বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: সমকাল



- সংসদ ভবনে অনুষ্ঠিত শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির বৈঠকে মন্ত্রণালয়ের তথ্য। লিজের মাধ্যমে বেসরকারি ব্যবস্থাপনায় বন্ধ ঘোষিত পাটকলগুলো চালুর নীতিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সম্মতি। সূত্র: ইত্তেফাক
- দেশে পঞ্চম ধাপে ২৯ পৌরসভা নির্বাচন শান্তিপূর্ণভাবে সম্পন্ন। নির্বাচনে আওয়ামী লীগ ২৮টি, বিএনপি ১টি ও অন্যান্য ১টি আসনে জয়ী। সূত্র: যুগান্তর
- সারাদেশে জাতীয়করণ করা প্রাথমিক বিদ্যালয়ের প্রায় ৪৮ হাজার শিক্ষকের টাইমস্কেল সংক্রান্ত রিটে জারি করা রুল খারিজ করেছে হাইকোর্ট। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৩ হাজার ৪১১ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩৮৫। সুস্থ ৮১৭ ও ৮ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- করোনার কারণে পরীক্ষার পরিবর্তে আগের জেএসসি ও এসএসসির মূল্যায়নে দেয়া এইচএসসি ও সমমানের ফলে সন্তুষ্ট না হয়ে রিভিউ আবেদন করা শিক্ষার্থীদের সকল শিক্ষা বোর্ডের চূড়ান্ত ফল প্রকাশ। সূত্র: জনকণ্ঠ
- জনসন অ্যান্ড জনসনের এক ডোজের করোনাভাইরাসের টিকার অনুমোদন যুক্তরাষ্ট্রের খাদ্য ও ওষুধ প্রশাসনের। সূত্র: সমকাল

## মার্চ

**১ মার্চ, সোমবার**

- 'মুজিববর্ষের অঙ্গীকার, বিমা হোক সবার' এই প্রতিপাদ্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে জাতীয় বিমা দিবস-২০২১- এর উদ্‌বোধন করেন। সূত্র: জনকণ্ঠ
- ভাসানী অনুসারী পরিষদ, গণসংহতি আন্দোলন, ছাত্র-যুব-শ্রমিক অধিকার পরিষদ ও রাষ্ট্রচিন্তার যৌথ উদ্যোগে জাতীয় প্রেসক্লাব মিলনায়তনে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন উপলক্ষ্যে ১০ জন বীর মুক্তিযোদ্ধাকে

সম্মাননা প্রদান। বীর মুক্তিযোদ্ধারা হলেন: ডা. জাফরুল্লাহ চৌধুরী, ক্যাপ্টেন (অব.) নুরুল হুদা, ক্যাপ্টেন (অব.) সাখাওয়াত হোসেন, মিজানুর রহমান খান, শেখ রফিকুল ইসলাম বাবলু, আবুল বাশার, লায়লা পারভীন বানু, ইশতিয়াক আজিজ উলফাত, মোজাম্মেল হোসেন ও এ কে এম রেজাউল হক। সূত্র: ইত্তেফাক

- ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের প্রস্তাবিত প্রশিক্ষণ অ্যাকাডেমিকে 'বঙ্গবন্ধু শেখ মুজিব ফায়ার অ্যাকাডেমি' নামকরণ করার অনুমতি দিল জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্ট। সূত্র: ভোরের কাগজ
- ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস, জালিয়াতি ও পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৬৩ শিক্ষার্থীকে বহিষ্কারের সিদ্ধান্ত হয়েছে সিন্ডিকেটের সভায়। সূত্র: ইত্তেফাক
- পুলিশ তথা আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর বিরুদ্ধে অভিযোগ তদন্তের জন্য স্বাধীন 'পুলিশ অভিযোগ তদন্ত কমিশন' (পিসিআইসি) গঠনের নির্দেশনা চেয়ে সুপ্রিমকোর্টের ১০২ আইনজীবীর পক্ষে শিশির মোহাম্মদ মনির হাইকোর্টে রিট। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৩ হাজার ৫৭০ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৫৮৫। সুস্থ ৮৭৩ জন ও ৮ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- প্যারিসের আদালত দুর্নীতির দায়ে ফ্রান্সের সাবেক প্রেসিডেন্ট নিকোলাস সারকোজিকে তিন বছরের কারাদণ্ড দিয়েছে। সূত্র: জনকণ্ঠ
- সামরিক অভ্যুত্থানের পর প্রথমবার মিয়ানমারের ক্ষমতাচ্যুত নেত্রী অং সান সু চিকে ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে আদালতে হাজির করে তার আইনজীবীরা। সূত্র: যুগান্তর

**২ মার্চ, মঙ্গলবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে ভার্চুয়ালি একনেক বৈঠকে মোট ১ লাখ ৯৭ হাজার ৬৪৩ কোটি টাকার সংশোধিত এডিপি অনুমোদন। সূত্র: ইত্তেফাক



- বঙ্গবন্ধুর জন্মশতবর্ষে সোনালী ব্যাংক লিমিটেডের প্রধান কার্যালয় ভবনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মরণে মুজিব কর্নার ও বঙ্গবন্ধুর ম্যুরাল উদ্‌বোধন করেন অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল, এমপি। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৫ হাজার ৩২৫ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৫১৫। সুস্থ ৮৯৪ ও ৭ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- কাতারভিত্তিক গণমাধ্যম আলজাজিরা ও পাঁচজনের বিরুদ্ধে যুক্তরাষ্ট্রের মিশিগান রাজ্যের আদালতে মামলার আবেদন যুক্তরাষ্ট্র বঙ্গবন্ধু পরিষদের। সূত্র: সমকাল
- বিরোধী নেতা অ্যালেক্সিই নাভালনিকে বিষ প্রয়োগ এবং তাকে কারাগারে প্রেরণ করায় রাশিয়ার সাত কর্মকর্তার ওপর নিষেধাজ্ঞা যুক্তরাষ্ট্র ও ইউরোপীয় ইউনিয়নের। সূত্র: ইত্তেফাক
- সাংবাদিক জামাল খাশোগি হত্যাকাণ্ডের ঘটনায় সৌদি যুবরাজ মোহাম্মদ বিন সালমানসহ দেশটির উচ্চপদস্থ কয়েক কর্মকর্তার নামে তথ্য ও সংবাদমাধ্যমের স্বাধীনতার পক্ষে কাজ করা আন্তর্জাতিক সংগঠন রিপোর্টার্স উইদাউট বর্ডারস'র (আরএসএফ) জার্মানির আদালতে মামলা করেছে। সূত্র: কালের কণ্ঠ

**৩ মার্চ, বুধবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে বাংলাদেশে নবনিযুক্ত অস্ট্রেলীয় হাইকমিশনার জেরেমি ব্রুয়ার সৌজন্য সাক্ষাৎ। সূত্র: ইত্তেফাক
- প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা এইচ টি ইমামের মৃত্যু। শোক প্রকাশ করেছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: জনকণ্ঠ
- স্বল্পোন্নত দেশের তালিকা থেকে উন্নয়নশীল দেশে উত্তরণের যোগ্যতা অর্জন করায় বাংলাদেশের প্রতি অভিনন্দন জানিয়েছেন জাতিসংঘ মহাসচিব আন্তোনিও গুতেরস। সূত্র: জনকণ্ঠ

- বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের নতুন প্লেন ড্যাশ ৮-৪০০ মডেলের উড়োজাহাজের নাম 'শ্বেতবলাকা' রাখলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বিমানের বিজ্ঞপ্তি। সূত্র: জনকণ্ঠ
- মার্কিন যুক্তরাষ্ট্রভিত্তিক সাপ্তাহিক পত্রিকা নিউজউইক এর সর্বশেষ ইস্যুতে প্রধানমন্ত্রীর আইসিটি বিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়ের 'বাংলাদেশ : এশিয়ার বিস্ময়কর ডিজিটাল নেতা' শিরোনামে নিবন্ধ প্রকাশ। নিবন্ধে সরকারের 'ডিজিটাল বাংলাদেশ' কর্মসূচিতে ২০০৯ সাল থেকে ১৩ লক্ষাধিক আইটি পেশাজীবী ও ১০ হাজার আইটি উদ্যোক্তা তৈরি হয়েছে বলে উল্লেখ করেন। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৬ হাজার ৪১৪ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৬১৪। সুস্থ ৯৩৬ জন ও ৫ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- কক্সবাজারের বিভিন্ন রোহিঙ্গা ক্যাম্প থেকে পঞ্চম ধাপের প্রথম যাত্রায় ২ হাজার ২৬০ জন রোহিঙ্গা ভাসানচর পৌঁছান। সূত্র: সমকাল
- ফিলিস্তিনের কাছ থেকে দখলকৃত ভূমিতে ইসরাইল যুদ্ধাপরাধ করেছে কিনা সে বিষয়ে আনুষ্ঠানিক তদন্ত শুরু আন্তর্জাতিক অপরাধ আদালতের (আইসিসি)। সূত্র: জনকণ্ঠ
- করোনাভাইরাসের টিকা না নিলে চলতি বছর হজে যাওয়ার অনুমতি দেবে না সৌদি আরব সরকার। সূত্র: জনকণ্ঠ

**৪ মার্চ, বৃহস্পতিবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা করোনাভাইরাসের টিকার প্রথম ডোজ নেন। এ সময় প্রধানমন্ত্রীর পাশে ছিলেন তার ছোটবোন শেখ রেহানা। সূত্র: ইত্তেফাক
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্করের সৌজন্য সাক্ষাৎ। সূত্র: যুগান্তর
- বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ, এনএসটি ফেলোশিপ এবং বিশেষ গবেষণা অনুদান বিতরণ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি অংশ নেন । সূত্র: জনকণ্ঠ



- চলমান যাচাই-বাছাই প্রক্রিয়ার মধ্যেই সারা দেশে ১ লাখ ৮০ হাজার মুক্তিযোদ্ধার খসড়া তালিকা প্রকাশ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের। সূত্র: ইত্তেফাক
- বীর মুক্তিযোদ্ধাদের চূড়ান্ত তালিকা প্রকাশ করতে অনলাইনে তালিকাভুক্ত মুক্তিযোদ্ধাদের তথ্যগত ভুল-ত্রুটি সংশোধনের জন্য ১৫ মার্চ পর্যন্ত সময় বেঁধে দিয়ে সকল জেলা প্রশাসক (ডিসি) ও উপজেলা নির্বাহী কর্মকর্তাদের (ইউএনও) চিঠি দিয়েছে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়। সূত্র: জনকণ্ঠ
- দেশের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ের সব শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারিদের ১০ মার্চের মধ্যে করোনার টিকা নিতে নির্দেশ দিয়ে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের আদেশ জারি। সূত্র: যুগান্তর
- শিশুদের অপরাধ যতই গুরুতর হোক না কেন, তাদেরকে ১০ বছরের বেশি সাজা দেওয়া যাবে না উল্লেখ করে রায় দিয়েছেন হাইকোর্টের বৃহত্তর বিশেষ বেঞ্চ। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৫ হাজার ৯৮৫ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৬১৯। সুস্থ ৮৪১ ও ৭ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- চীন ও দক্ষিণ আফ্রিকায় করোনাভাইরাসের টিকার হাজারো ভুয়া ডোজ আটক করে দেশ দুটির নিরাপত্তা কর্মকর্তারা। ভুয়া ভ্যাকসিন উৎপাদনে জড়িত থাকার অভিযোগে ৮৪ জন গ্রেফতার। আন্তর্জাতিক পুলিশ সংস্থা ইন্টারপোলের তথ্য প্রকাশ। সূত্র: যুগান্তর
- অক্সফোর্ড-অ্যাস্ট্রাজেনেকার তৈরি করোনার ভ্যাকসিন ৬৫ বছরের বেশি বয়সীদের জন্য অনুমোদন জার্মানির চ্যান্সেলর অ্যাঞ্জেলা মেরকেলের। সূত্র: জনকণ্ঠ

**৫ মার্চ, শুক্রবার**

- বাংলাদেশ দূতাবাস ও ইউনেস্কোতে বাংলাদেশের স্থায়ী মিশন কর্তৃক প্রকাশিত 'দ্য হিস্টরিক সেভেন্থ মার্চ স্পিস অব বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান : অ্যা ওয়ার্ল্ড ডকুমেন্টারি হেরিটেজ'- শীর্ষক গ্রন্থের জাতিসংঘের ছয়টি দাপ্তরিক ভাষায় মোড়ক উন্মোচন করা হয় ইউনেস্কোর সদর দফতর প্যারিসে। সূত্র: ইত্তেফাক

- আন্তর্জাতিক সমুদ্র তলদেশ কর্তৃপক্ষের (আইএসএ) পরিষদ সদস্য নির্বাচিত হয়েছে বাংলাদেশ। ১ জানুয়ারি ২০২১ থেকে ৩১ ডিসেম্বর ২০২৪ পর্যন্ত চার বছর মেয়াদে এই পরিষদ কাজ করবে। সূত্র: সমকাল
- বৈশাখী টেলিভিশনে প্রথমবারের মতো ট্রান্সজেন্ডার বা হিজড়া নারী তাসনুভা আনানের সংবাদ পাঠ। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৩ হাজার ৭১০ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৬৩৫। সুস্থ ৬৭৬ ও ৬ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- মিয়ানমারে সেনা অভ্যুত্থানের জেরে দেশটির একাধিক মন্ত্রণালয়ের ওপর বাণিজ্যিক নিষেধাজ্ঞা জারির ঘোষণা বাইডেন প্রশাসনের। সূত্র: জনকণ্ঠ
- যুক্তরাষ্ট্রের কংগ্রেস ভবন ক্যাপিটল হিলে হামলার ঘটনায় সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বিরুদ্ধে আরও একটি মামলা ডেমোক্র্যাটিক কংগ্রেসম্যান এরিক সোয়ালওয়েলের। সূত্র: ইত্তেফাক
- কুয়েতে করোনাভাইরাসের সংক্রমণ বৃদ্ধি পাওয়ায় আবারও দেশটিতে ৭ মার্চ থেকে মাসজুড়ে বিকেল ৫টা থেকে ভোর ৫টা পর্যন্ত কারফিউ জারি। সূত্র: ইত্তেফাক

**৬ মার্চ, শনিবার**

- কমনওয়েলথভুক্ত ৫৪টি দেশের সরকার প্রধানদের মধ্যে 'আন্তর্জাতিক নারী দিবস ২০২১' উপলক্ষ্যে দেওয়া বিশেষ ঘোষণায় কোভিড-১৯ মহামারি মোকাবিলায় নেতৃত্ব দেওয়া শীর্ষ তিন অনুপ্রেরণীয় নারী নেতার তালিকায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। লন্ডনের বাংলাদেশ হাইকমিশনের বিবৃতি। সূত্র: ইত্তেফাক
- ঐতিহাসিক ৭ মার্চ দিবস উপলক্ষ্যে প্রিন্ট, ইলেকট্রনিক, অনলাইন ও সোশ্যাল মিডিয়ায় প্রচারের জন্য বঙ্গবন্ধুর ছবি ও উক্তি সংবলিত দুটি ই-পোস্টার প্রকাশ। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৩ হাজার ৮২ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৫৪০। সুস্থ ৮২২ জন ও ১০ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- মুজিববর্ষ এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে বাংলাদেশী-আমেরিকান এবং বাংলাদেশীদের অভিনন্দন জানিয়ে যৌথভাবে প্রস্তাব পাস নিউজার্সি স্টেট সিনেট এবং জেনারেল অ্যাসেম্বলির। সূত্র: জনকণ্ঠ



- প্রেসিডেন্ট জো বাইডেনের ত্রাণ তহবিল মার্কিনীদের করোনাভাইরাস মহামারির প্রভাব মোকাবিলায় সহায়তা করার লক্ষ্যে ১ দশমিক ৯ ট্রিলিয়ন ডলারের ত্রাণ বিল অনুমোদিত। বিবিসির প্রতিবেদন। সূত্র: কালের কণ্ঠ
- সামরিক জান্তার আদেশ পালন এড়ানোর চেষ্টায় প্রতিবেশী দেশ ভারতে পালিয়ে যাওয়া ৮ পুলিশ কর্মকর্তাকে ফেরত চেয়ে ভারত প্রশাসনকে চিঠি মিয়ানমার কর্তৃপক্ষের। সূত্র: ইত্তেফাক
- ২১ বছর পর্যন্ত ছেলের ভরণপোষণের দায়িত্ব নিতে হবে বাবা-মাকে। ভারতের সুপ্রিমকোর্টের নির্দেশ। সূত্র: জনকণ্ঠ

**৭ মার্চ, রবিবার**

- ঐতিহাসিক ৭ মার্চ উপলক্ষ্যে রাজধানীর ধানমন্ডি-৩২-এ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: প্রথম আলো
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে 'ঐতিহাসিক ৭ মার্চ ২০২১' উদ্‌যাপন উপলক্ষ্যে সংস্কৃতি মন্ত্রণালয় আয়োজিত আলোচনা সভায় ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে অংশ নেন। সূত্র: যুগান্তর
- জাতীয় পর্যায়ে গৌরবোজ্জ্বল ও কৃতিত্বপূর্ণ অবদানের স্বীকৃতি হিসেবে 'স্বাধীনতা পুরস্কার-২০২১' এর জন্য মনোনীত হয়েছেন ৯ জন বিশিষ্ট ব্যক্তি এবং এক প্রতিষ্ঠান। মনোনীত ব্যক্তিরা হলেন: স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের জন্য এ কে এম বজলুর রহমান, শহিদ আহ্‌সান উল্লাহ্ মাস্টার, বীর মুক্তিযোদ্ধা ব্রিগেডিয়ার জেনারেল খুরশিদ উদ্দিন আহমেদ, আখতারুজ্জামান চৌধুরী বাবু। এই চারজনই প্রয়াত হয়েছেন। বিজ্ঞান ও প্রযুক্তিতে ড. মৃন্ময় গুহ নিয়োগী, সাহিত্যে মহাদেব সাহা, সংস্কৃতিতে আতাউর রহমান ও গাজী মাজহারুল আনোয়ার, সমাজসেবায় অধ্যাপক ডা. এম আমজাদ হোসেন এই পদক পাচ্ছেন। আর গবেষণা ও প্রশিক্ষণে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল পুরস্কারের জন্য মনোনীত হয়েছে। সূত্র: সমকাল

- গত ২৪ ঘণ্টায় দেশে ১৪ হাজার ৯২ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৬০৬। সুস্থ ১,০৩৭ জন ও ১১ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- মিয়ানমারে সহিংসতা এবং নিহতের সংখ্যা বাড়তে থাকায় উদ্‌বেগ জানিয়ে দেশটির সঙ্গে প্রতিরক্ষা সহযোগিতা কর্মসূচি বাতিল করেছে অস্ট্রেলিয়া। সূত্র: জনকণ্ঠ
- সুইজারল্যান্ডে গণভোটে মুসলিম নারীদের বোরকা ও নেকাব (মুখ ঢাকা পোশাক) নিষিদ্ধের প্রস্তাব পাস। সূত্র: কালের কণ্ঠ
- প্যারাগুয়েতে করোনা মহামারি মোকাবিলায় সরকারের ব্যর্থতার অভিযোগে সহিংস প্রতিবাদের জেরে দেশটির তিন মন্ত্রী বরখাস্ত। সূত্র: প্রথম আলো

**৮ মার্চ, সোমবার**

- আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষ্যে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে বাংলাদেশ শিশু অ্যাকাডেমি মিলনায়তনে আয়োজিত অনুষ্ঠানে গণভবন থেকে ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে অংশগ্রহণ করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: সমকাল
- গণমাধ্যম ও সামাজিক যোগাযোগ মাধ্যমে ধর্ষণ ও যৌন নির্যাতনের শিকার নারী ও শিশুর ছবি বা পরিচয় প্রকাশ করা যাবে না মর্মে আদেশ হাইকোর্টের। সূত্র: ইত্তেফাক
- বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ কর্তৃক নিবন্ধনধারীদের এমপিওভুক্ত বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে নিয়োগ দেওয়ার সুপারিশ করার জন্য নির্দেশ হাইকোর্টের। সূত্র: যুগান্তর
- মহিলা বিষয়ক অধিদপ্তরের সহযোগিতায় বরিশাল নির্বাচন অফিসের পক্ষ থেকে আন্তর্জাতিক নারী দিবসে মুক্তিযোদ্ধাদের স্বাস্থ্যসেবা দেওয়া বরিশালে বসবাসরত ব্রিটিশ নাগরিক লুসি হেলেন ফ্রান্সিস হল্টকে বাংলাদেশি নাগরিকত্ব স্বীকৃতি ও সম্মাননা প্রদান। সূত্র: সমকাল
- যারা করোনাভাইরাসের টিকার প্রথম ডোজ নিয়েছেন, তাদের দ্বিতীয় ডোজ দেয়া হবে দুই মাস পর। দ্বিতীয় ডোজের জন্য যাদের এক মাস পরের তারিখ লিখে দেয়া হয়েছিল, তাদের নতুন তারিখ জানিয়ে দেয়া হবে মোবাইলে এসএমএস'র মাধ্যমে। স্বাস্থ্য অধিদপ্তর। সূত্র: জনকণ্ঠ



- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন উপলক্ষ্যে তিনদিনের সফরে আসা ভারতীয় নৌবাহিনীর দুটি যুদ্ধ জাহাজ মোংলা বন্দরে পৌঁছেছে। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৬ হাজার ৯৫৮ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৮৪৫। সুস্থ ১,১১৭ জন ও ১৪ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- জলবায়ু সংক্রান্ত একটি নির্বাহী আদেশের জেরে দেশজুড়ে ব্যাপক অর্থনৈতিক ক্ষতির আশঙ্কায় যুক্তরাষ্ট্রের ১২টি অঙ্গরাজ্য সম্মিলিতভাবে দেশটির প্রেসিডেন্ট জো বাইডেনের নামে মামলা করেছে। সূত্র: কালের কণ্ঠ

**৯ মার্চ, মঙ্গলবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে 'বাংলাদেশ-ভারত মৈত্রী সেতু-১' উদ্‌বোধন করেন। সূত্র: ইত্তেফাক
- মন্ত্রিসভার ভার্চুয়াল বৈঠকে করোনাভাইরাসের সংক্রমণ আবার বাড়তে থাকায় মাস্ক ব্যবহারসহ তিনটি বিষয়ে গুরুত্ব দেয়ার আহ্বান জানান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বৈঠকে 'সরকারি ঋণ আইন, ২০২১'-এর খসড়া নীতিগতভাবে এবং 'বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউট আইন, ২০২১'-এর খসড়া চূড়ান্ত অনুমোদন দেয়া হয়। সূত্র: যুগান্তর
- সরকারি চাকুরি আইন অনুযায়ী কোনো সরকারি কর্মচারী অবসরে যাওয়ার পর 'গুরুতর' কোনো অপরাধে দণ্ডপ্রাপ্ত হলে তার অবসর সুবিধা 'আংশিক' বা 'সম্পূর্ণ' বাতিল করার সুযোগ আছে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের। আইনের এ সংক্রান্ত উপধারাটি বাতিল করার সুপারিশ করেছে জনপ্রশাসন মন্ত্রণালয়। সূত্র: কালের কণ্ঠ
- কৃষি ও মৎস্য খাতে উৎপাদন বাড়ানোর মাধ্যমে বাংলাদেশে খাদ্য নিরাপত্তা উন্নয়নে ১২ কোটি ডলারের সমপরিমাণ এক হাজার ২০ কোটি টাকা ঋণের অনুমোদন বিশ্বব্যাংকের। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৭ হাজার ৭৭৫ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৯১২। সুস্থ ১,২২৯ জন ও ১৩ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ

- অভ্যুত্থানবিরোধী বিক্ষোভের খবর নিয়ন্ত্রণের চেষ্টা হিসেবে মিয়ানমারের মিজিমা, ডেমোক্র্যাটিক ভয়েস অব বার্মা (ডিভিবি), খিট থিট মিডিয়া, মিয়ানমার নাউ এবং সেভেন ডে নিউজ- এই পাঁচটি সংবাদমাধ্যমের লাইসেন্স বাতিল করেছে দেশটির সামরিক জান্তা সরকার। সূত্রঃ কালের কণ্ঠ

**১০ মার্চ, বুধবার**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও তার স্ত্রী রাশিদা খানম করোনাভাইরাসের (কোভিড-১৯) টিকার প্রথম ডোজ নেন। সূত্রঃ ইত্তেফাক
- বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে জাতীয় প্যারেড গ্রাউন্ডের অনুষ্ঠানে অংশ নিতে অতিথিদের সঙ্গে করোনাভাইরাস পরীক্ষার নেগেটিভ সনদ রাখা বাধ্যতামূলক। সনদের মেয়াদ ৪৮ ঘণ্টা পর্যন্ত গ্রহণযোগ্য হবে। সচিবালয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে নিরাপত্তা বিষয়ক উপকমিটির সভায় স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল এ কথা জানান। সূত্রঃ কালের কণ্ঠ
- অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামালের সভাপতিত্বে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ভার্চুয়াল সভায় সুইজারল্যান্ড ও সিঙ্গাপুর থেকে এলএনজি কেনার অনুমোদন। সূত্রঃ ইত্তেফাক
- যুক্তরাজ্যে পাওয়া করোনাভাইরাসের নতুন স্ট্রেইন 'এন৫০১ওয়াই' বাংলাদেশেও শনাক্ত হওয়ায় স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয় যুক্তরাজ্য ফেরত যাত্রীদের বাধ্যতামূলক কোয়ারেন্টাইনে থাকার নির্দেশনা জারি করেছে। সূত্রঃ সমকাল
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৭ হাজার ৩২ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১,০১৮। সুস্থ ১,২৬৪ জন ও ৭ জনের মৃত্যু। সূত্রঃ জনকণ্ঠ
- ভারতের পশ্চিমবঙ্গ বিধানসভা নির্বাচনে নন্দীগ্রাম আসনে তৃণমূল কংগ্রেস প্রার্থী হিসেবে মনোনয়নপত্র জমা দিলেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। সূত্রঃ যুগান্তর



- চাঁদের মাটিতে 'একটি ইন্টারন্যাশনাল লুনিয়ার সায়েন্টিফিক রিসার্চ স্টেশন' স্থাপনের রোডম্যাপ তৈরি করতে চীনের সঙ্গে সমঝোতা স্মারকে স্বাক্ষর করেছে রাশিয়া। সূত্রঃ প্রথম আলো
- ক্ষমতাচ্যুত নেত্রী অং সান সু চির মুক্তি দাবি ও সামরিক বাহিনীর অভ্যুত্থানের বিরুদ্ধে বলায় যুক্তরাজ্যে নিযুক্ত রাষ্ট্রদূতকে প্রত্যাহার করেছে মিয়ানমার। সূত্রঃ ইত্তেফাক
- এক দশক ধরে আইনি লড়াইয়ের পর খ্রিস্টানরা 'আল্লাহ' শব্দ ব্যবহার করতে পারবে বলে রায় দিয়েছে মালয়েশিয়ার উচ্চ আদালত। সূত্রঃ যুগান্তর

**১১ মার্চ, বৃহস্পতিবার**

- দেশে পাঁচ বিভাগের আওতাধীন ২০ জেলার ৭০টি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স 'কমিউনিটি ভিশন সেন্টার'র কার্যক্রম ভার্চুয়ালি উদ্‌বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। মূল অনুষ্ঠানের আয়োজন করা হয় আগারগাঁওয়ের জাতীয় চক্ষুবিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতালে। সূত্রঃ সমকাল
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে ছাত্রলীগ সভাপতি আল নাহিয়ান খান জয় ও সাধারণ সম্পাদক লেখক ভট্টাচার্য সাক্ষাত করেন। প্রধানমন্ত্রী তাদের করোনাকালে সাধারণ জনগণের পাশে দাঁড়িয়ে মানবিক কার্যক্রম অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করেন। সূত্রঃ ইত্তেফাক
- দেশে করোনা চিকিৎসায় সরকারি-বেসরকারি সব হাসপাতালকে প্রস্তুত রাখার নির্দেশ সরকারের। একই সাথে করোনা সংক্রমণ কমে যাওয়ায় বন্ধ রাখা সব হাসপাতালের 'করোনা ইউনিট' পুনরায় চালুর নির্দেশনা স্বাস্থ্য মন্ত্রণালয়ের। সূত্রঃ সংবাদ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৮ হাজার ৫৮ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১,০৫১। সুস্থ ১,৩০৭ ও ৬ জনের মৃত্যু। সূত্রঃ জনকণ্ঠ
- ১২ বছরের বেশি বয়সি মেয়েদের প্রকাশ্যে গান গাওয়া নিষিদ্ধ করেছে আফগানিস্তান সরকার। সূত্রঃ যুগান্তর

- জনসন অ্যান্ড জনসনের এক ডোজের করোনাভ্যাকসিনের অনুমোদন ইউরোপীয় ইউনিয়নের (ইইউ)। সূত্র: কালের কণ্ঠ
- সুইজারল্যান্ড ভিত্তিক থিঙ্কট্যাঙ্ক ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের 'ইয়াং গ্লোবাল লিডার্স'-এর তালিকায় ২০২১ সালে সারাবিশ্ব থেকে ১১২ জন ও দক্ষিণ এশিয়া থেকে ১০ জনের মধ্যে একজন নির্বাচিত ক্রিকেটের সাবেক ওয়ানডে অধিনায়ক ও সংসদ সদস্য মাশরাফি বিন মুর্তজা। সূত্র: সমকাল
- হংকংয়ের পার্লামেন্ট নির্বাচনে প্রার্থী নির্ধারণের অধিকার নিজেদের কবজায় নিতে আইন পাস চীনের পার্লামেন্টের। সূত্র: কালের কণ্ঠ
- করোনায় ক্ষতিগ্রস্ত মার্কিনিদের জন্য প্রেসিডেন্ট জো বাইডেনের ১ লাখ ৯০ হাজার কোটি ডলারের প্রস্তাবিত ত্রাণ বিল কংগ্রেসের অনুমোদন। সূত্র: যুগান্তর

**১২ মার্চ, শুক্রবার**

- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটির উদ্যোগে আগামী ১৭ থেকে ২৬ মার্চ পর্যন্ত ১০ দিনব্যাপী জাতীয় প্যারেড গ্রাউন্ডে 'মুজিব চিরন্তন' প্রতিপাদ্যে অনুষ্ঠানের আয়োজন। আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে সংবাদ সম্মেলনে কমিটির প্রধান সমন্বয়ক ড. কামাল আবদুল নাসের চৌধুরী। সূত্র: যুগান্তর
- করোনা মহামারির সংকট মোকাবিলায় অর্থনীতি সচল রেখে কোভিড-১৯ সংকট মোকাবিলায় সফল বাংলাদেশ। এটি সম্ভব হয়েছে প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রজ্ঞা, দূরদর্শী ও বলিষ্ঠ নেতৃত্বের কারণেই। পরিকল্পনা মন্ত্রণালয়ের বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের (আইএমইডি) ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক প্রতিবেদনের বিশেষ পর্যালোচনা। জাতীয় অর্থনৈতিক পরিষদের (এনইসি) বৈঠকে প্রতিবেদনটি উপস্থাপন। সূত্র: যুগান্তর
- শিশু আদালতের বিচারকদের শিশু আইনের বিধানাবলী প্রতিপালনে আরও যত্নশীল হওয়ার নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। একইসঙ্গে এই



আইন প্রয়োগে বিচারকদেরকেও সতর্ক থাকতে বলা হয়েছে। উচ্চ আদালতের এই নির্দেশনা প্রতিপালনে দেশের ১০২টি শিশু আদালতের বিচারকদের চিঠি দিয়েছে সুপ্রিমকোর্ট প্রশাসন। সূত্র: ইত্তেফাক

- গত ২৪ ঘণ্টায় দেশে ১৬ হাজার ১১১ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১,০৬৬। সুস্থ ২,২৫২ ও ১৩ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- গণতন্ত্র সূচকে ভারতের চেয়ে ভালো অবস্থানে বাংলাদেশ। সুইডেনের গোথেনবার্গ বিশ্ববিদ্যালয়ের ভ্যারাইটিজ অব ডেমোক্রেসি ইনস্টিটিউট (ভি-ডেম ইনস্টিটিউট) 'অটোক্রেটাইজেশন টার্ন ভাইরাল' (স্বৈরাচারীকরণ এখন ভাইরাল) শিরোনামে প্রতিবেদন প্রকাশ। সূত্র: কালের কণ্ঠ
- যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেনের উদ্যোগে যুক্তরাষ্ট্র, জাপান, ভারত ও অস্ট্রেলিয়ার কৌশলগত ফোরাম কোয়াড্রিলেটরাল সিকিউরিটি ডায়ালগ (কোয়াডের) সম্মেলন ভার্চুয়ালি অনুষ্ঠিত। সূত্র: সমকাল
- ইউরোপীয় ওষুধ সংস্থার সুপারিশের পর জনসন অ্যান্ড জনসনের তৈরি এক ডোজের করোনা ভ্যাকসিনের অনুমোদন ইউরোপীয় ইউনিয়নের। সূত্র: জনকণ্ঠ

**১৩ মার্চ, শনিবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গণভবনে দলের স্থানীয় সরকার জনপ্রতিনিধি মনোনয়ন বোর্ডের বৈঠক অনুষ্ঠিত। বৈঠকে দল মনোনীত প্রার্থীদের বিজয়ী করতে দলের নেতাকর্মীদের ঐক্যবদ্ধভাবে কাজ করার নির্দেশ প্রধানমন্ত্রীর। সূত্র: ইত্তেফাক
- করোনাভাইরাসের (কোভিড-১৯) সংক্রমণ বেড়ে যাওয়ার প্রেক্ষাপটে সবার মাস্ক পরা নিশ্চিত করতে বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক (ডিসি) ও উপজেলা নির্বাহী কর্মকর্তাদের (ইউএনও) চিঠি দিয়েছে মন্ত্রিপরিষদ বিভাগ। সূত্র: ইত্তেফাক
- করোনা মোকাবিলায় সরকারের ২৭শ' কোটি টাকার 'দ্বিতীয় প্রণোদনা প্যাকেজ' থেকে দেশের আট প্রতিষ্ঠানকে ৫৭০ কোটি টাকা ছাড়

করেছে অর্থ বিভাগ। প্রণোদনার এ অর্থ দিয়ে প্রান্তিক পর্যায়ে করোনায় ক্ষতিগ্রস্ত কুটির, ক্ষুদ্র, ছোট ও মাঝারি (সিএসএমই) উদ্যোক্তাদের স্বল্প সুদে ঋণ দেওয়া হবে। সূত্র: যুগান্তর

- প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশে করোনায় ক্ষতিগ্রস্ত অর্থনীতি পুনরুদ্ধারে সরকার ঘোষিত প্রণোদনা প্যাকেজগুলো বাস্তবায়ন তদারকি করতে জেলা ও উপজেলা পর্যায়ে কমিটি গঠন। সূত্র: যুগান্তর
- ভারতের সঙ্গে তিস্তার পানি বণ্টন চুক্তি ১০ বছর আগেই সই হয়েছে, কিন্তু এর বাস্তবায়ন হয়নি। পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের পররাষ্ট্রমন্ত্রী। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৬ হাজার ২০৬ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১,০১৪। সুস্থ ১,১৩৮ ও ১২ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- ২০১৯ সালের সামরিক অভ্যুত্থানে জড়িত থাকার অভিযোগে বলিভিয়ার সাবেক অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্ট জিয়ানিনে আনেজকে গ্রেপ্তার করেছে দেশটির আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী। সূত্র: কালের কণ্ঠ

**১৪ মার্চ, রবিবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের নতুন ক্রয়কৃত ড্যাশ ৮-কিউ৪০০ উড়োজাহাজ 'আকাশতরী' ও 'শ্বেতবলাকা'র উদ্‌বোধনী অনুষ্ঠানে গণভবন থেকে ভার্চুয়লি অংশগ্রহণ করেন। সূত্র: ইত্তেফাক
- সেবা গ্রহণকারীদের সুবিধা ও কাজে গতি বাড়াতে মাঠ পর্যায়ের সরকারি কর্মকর্তা-কর্মচারিদের সকাল ৯টা থেকে নয়টা ৪০ মিনিট পর্যন্ত অবশ্যই অফিসে থাকতে হবে। এ সময়ে নিজ দফতরে অবস্থানের নির্দেশ দিয়ে সব বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক (ডিসি) ও উপজেলা নির্বাহী কর্মকর্তাদের (ইউএনও) চিঠি দিয়েছে মন্ত্রিপরিষদ বিভাগ। সূত্র: জনকণ্ঠ
- বঙ্গবন্ধুর আত্মস্বীকৃত চার খুনীর মুক্তিযোদ্ধা খেতাব ও সনদ বাতিলের সিদ্ধান্ত নিয়েছে জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল। সূত্র: জনকণ্ঠ



- ভবিষ্যৎ প্রজন্মের মধ্যে বঙ্গবন্ধুর দর্শন ও সংগ্রামমুখর জীবনের ইতিহাস তুলে ধরার লক্ষ্যে আইসিটি বিভাগের উদ্যোগে নির্মিত 'মুজিব ১০০' অ্যাপের উদ্‌বোধন করেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক। সূত্র: কালের কণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৬ হাজার ২০৬ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১,১৫৯। সুস্থ ১,৩৮৫ জন ও ১৮ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- মিয়ানমারে সহিংসতায় সর্বোচ্চ সংখ্যক প্রাণহানির ঘটনার পর সেনা অভ্যুত্থানবিরোধী আরও বিক্ষোভের আশঙ্কায় ইয়াঙ্গুনের কয়েকটি এলাকায় অংশবিশেষে 'মার্শাল ল' জারি। সূত্র: প্রথম আলো
- ২০১৯ সালে প্রেসিডেন্ট এভো মোরালেসের বিরুদ্ধে অবৈধভাবে অভ্যুত্থান করার অভিযোগে বলিভিয়ার সাবেক প্রেসিডেন্ট জিনাইন আনেজসহ একাধিক সাবেক মন্ত্রীকে গ্রেফতার। সূত্র: প্রথম আলো
- সিরিয়ার পররাষ্ট্রমন্ত্রী ফয়সাল মিকদাদসহ দেশটির প্রেসিডেন্ট বাশার আল-আসাদের ৬ জন ঘনিষ্ঠের বিরুদ্ধে নিষেধাজ্ঞা আরোপ করে যুক্তরাজ্যের পররাষ্ট্র মন্ত্রণালয়ের বিবৃতি। সূত্র: প্রথম আলো

**১৫ মার্চ সোমবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে 'বাংলাদেশ অবকাঠামো উন্নয়ন তহবিল'-এর উদ্‌বোধন এবং এই তহবিল থেকে 'পায়রা বন্দরের রাবনাবাদ চ্যানেলের ক্যাপিটাল ও মেইনটেন্যান্স ড্রেজিং' স্কিমে অর্থায়নের লক্ষ্যে সোনালী ব্যাংকের মধ্যে ত্রিপক্ষীয় ঋণচুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। সূত্র: ইত্তেফাক
- করোনা সংক্রমণ বেড়ে যাওয়ায় সব স্তরে বাধ্যতামূলক মাস্ক পরা নিশ্চিত করতে সরকার ১১টি নির্দেশনা জারি করেছে। সরকারি তথ্য বিবরণী। সূত্র: কালের কণ্ঠ
- গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে বাংলাদেশে নিযুক্ত চীনা রাষ্ট্রদূত লি জিমিংয়ের সৌজন্য সাক্ষাৎ। সাক্ষাতকালে রাষ্ট্রদূত জাতির

পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী এবং দেশের স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে প্রধানমন্ত্রীর হাতে একটি ম্যুরাল তুলে দেন। সূত্র: জনকণ্ঠ

- 'রুলস অব বিজনেস, ১৯৯৬' সংশোধনের মাধ্যমে তথ্য মন্ত্রণালয়ের নাম পরিবর্তন করে 'তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়' করার প্রজ্ঞাপন জারি করেছে মন্ত্রিপরিষদ বিভাগ। সূত্র: প্রথম আলো
- পররাষ্ট্র মন্ত্রণালয়ের উদ্যোগে ঢাকায় ফরেন সার্ভিস অ্যাকাডেমিতে 'বঙ্গবন্ধু: দ্য সোল অব বাংলাদেশ' শীর্ষক বঙ্গবন্ধু লেকচার সিরিজে ভার্চুয়ালি যুক্ত হয়ে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বান কি মুন। তিনি বাংলাদেশের চলমান উন্নয়ন কর্মকাণ্ডের গতি এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বের প্রশংসা করেন। সূত্র: যুগান্তর
- বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার দণ্ডের কার্যকারিতা পূর্বের দুটি শর্ত বহাল রেখে আরও ছয় মাসের জন্য স্থগিত রাখার প্রস্তাবে প্রধানমন্ত্রী শেখ হাসিনা সম্মতি দিয়েছেন। সাংবাদিকদের স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল এই তথ্য জানান। সূত্র: যুগান্তর
- রমজানে রোজা রেখেও করোনাভাইরাসের টিকা নেওয়া যাবে। ইসলামিক ফাউন্ডেশনের সভাকক্ষে দেশের জ্যেষ্ঠ আলেমদের এ বিষয়ে ঐকমত্যের পর ধর্ম মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তি। সূত্র: প্রথম আলো
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৮ হাজার ৬৯৫ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১,৭৭৩। সুস্থ ১,৪৩২ জন ও ২৬ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- বাংলাদেশের সুবর্ণজয়ন্তী ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সম্মানে তার জন্মশতবর্ষ উদ্‌যাপন করতে মধ্যপ্রাচ্যের দেশ সংযুক্ত আরব আমিরাতে বিশ্বের সর্বোচ্চ উচ্চতার টাওয়ার বুর্জ খলিফায় প্রদর্শন করা হবে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছবি। সূত্র: যুগান্তর
- মিয়ানমারে সেনা অভ্যুত্থানের পর থেকে এখন পর্যন্ত সীমান্ত অতিক্রম করে আশ্রয়ে আগ্রহী প্রতিবেশী ভারতে পৌঁছেছেন চার শতাধিক মানুষ।



আশ্রয় প্রার্থীদের মধ্যে উল্লেখযোগ্য সংখ্যক পুলিশ সদস্য ও দমকলকর্মী রয়েছেন। সূত্র: সমকাল

- প্রথম মুসলিম সংখ্যাগরিষ্ঠ দেশ হিসেবে জেরুজালেমকে ইসরাইলের রাজধানী স্বীকৃতি দিয়ে আনুষ্ঠানিকভাবে দূতাবাস খুলেছে কসোভো। দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়ের বিবৃতি। সূত্র: কালের কণ্ঠ

**১৬ মার্চ মঙ্গলবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে এনইসি সম্মেলন কক্ষে একনেকের ভার্চুয়াল বৈঠকে মোট ৫ হাজার ৬১৯ কোটি ৪৬ লাখ টাকার ৬টি প্রকল্প অনুমোদন। প্রধানমন্ত্রী স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে দেশে অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য খাসজমিতে আবাসন 'বীরনিবাস' তৈরি করতে একনেক বৈঠকে সংশ্লিষ্টদের নির্দেশ দেন। সূত্র: সমকাল
- করোনা মহামারির কারণে বাংলাদেশেও ক্যামব্রিজ পদ্ধতির 'ও লেভেল' এবং 'এ লেভেল' পরীক্ষা না নেয়ার জন্য ব্রিটিশ কাউন্সিল বাংলাদেশের কান্ট্রি ডিরেক্টরকে মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ থেকে চিঠি প্রদান। সূত্র: জনকণ্ঠ
- দিল্লিতে অনুষ্ঠিত পানিসম্পদ সচিব পর্যায়ের বৈঠকে তিস্তা ও অন্য ছয়টি অভিন্ন নদীর পানি বণ্টন চুক্তি সই করার জন্য ভারতের প্রতি আহ্বান জানিয়েছে বাংলাদেশ। সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সংবাদ বিজ্ঞপ্তি। সূত্র: জনকণ্ঠ
- সাবেক উপরাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী ও আইনমন্ত্রী এবং বিএনপির স্থায়ী কমিটির সদস্য ব্যারিস্টার মওদুদ আহমদ (৮১) মারা গেছেন। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ২০ হাজার ৭৪৮ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১,৭১৯। সুস্থ ১,৩৫২ জন ও ২৬ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ

- বিশ্বে বায়ুদূষণে ২০২০ সালে দূষিত দেশের তালিকায় শীর্ষে বাংলাদেশ। দ্বিতীয় স্থানে পাকিস্তান ও ভারতের অবস্থান তৃতীয়। সুইজারল্যান্ড ভিত্তিক সংস্থা আইকিউএয়ার এর প্রতিবেদন। সূত্র: সমকাল
- যুক্তরাষ্ট্রের ইতিহাসে প্রথম আদিবাসী স্বরাষ্ট্রমন্ত্রী হিসেবে মনোনয়ন পেয়েছেন ডেমোক্র্যাট সদস্য ডেব হাল্যান্ড। সূত্র: সমকাল

**১৭ মার্চ, বুধবার**

- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০০তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে রাজধানীর ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: কালের কণ্ঠ
- রাজধানীর জাতীয় প্যারেড গ্রাউন্ডে মুজিববর্ষ ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর ১০ দিনব্যাপী অনুষ্ঠানমালার উদ্‌বোধনী অনুষ্ঠান। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: জনকণ্ঠ
- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০০তম জন্মবার্ষিকী এবং জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় বঙ্গবন্ধু সমাধি স্মৃতি কমপ্লেক্সে আয়োজিত শিশু-কিশোর সমাবেশে গণভবন থেকে ভার্চুয়ালি অংশ নেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: জনকণ্ঠ
- স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীর অনুষ্ঠানে যোগ দিতে মালদ্বীপের প্রেসিডেন্ট ইব্রাহিম মোহামেদ সলিহ ঢাকায় পৌঁছান। সূত্র: সমকাল
- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে বাংলাদেশ বিমান বাহিনীর ৫৬টি যুদ্ধ ও প্রশিক্ষণ বিমান তিন ভাগে ভাগ হয়ে দেশের বিভিন্ন স্থানের আকাশে ফরমেশন ফ্লাইং-এর মাধ্যমে 'একশ' সংখ্যাটি তৈরি করে জাতির পিতার প্রতি শ্রদ্ধা জানায়। সূত্র: কালের কণ্ঠ



- বগুড়ায় ধানের গাছ দিয়ে ১০০ বিঘাজুড়ে তৈরি পৃথিবীর সর্ববৃহৎ শস্যচিত্র হিসেবে 'শস্যচিত্রে বঙ্গবন্ধু' চিত্রকর্মটি গিনেস ওয়ার্ল্ড রেকর্ডে স্থান পেয়েছে। সূত্র: জনকণ্ঠ
- বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে বাংলাদেশের জনগণকে ভার্চুয়ালি শুভেচ্ছা জানিয়েছেন চীনের প্রেসিডেন্ট শি জিনপিং, কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডো ও জাপানের প্রধানমন্ত্রী ইউসি হিদে সুগা। সূত্র: প্রথম আলো
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৪ হাজার ২৭৫ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১,৮৬৫। সুস্থ ১,৫১০ জন ও ১১ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- আফ্রিকার নাইজারে বন্দুকধারীদের হামলায় ৫৮ জন নিহতের ঘটনায় দেশটিতে তিন দিনের রাষ্ট্রীয় শোক। সূত্র: সমকাল

**১৮ মার্চ, বৃহস্পতিবার**

- ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে গণভবন থেকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলা অ্যাকাডেমি চত্বর এবং সোহরাওয়ার্দী উদ্যানে মাসব্যাপী অমর একুশের বইমেলার উদ্‌বোধন করেন। সূত্র: ইত্তেফাক
- বাংলাদেশ ও মালদ্বীপের মধ্যকার ব্যবসা-বাণিজ্য বৃদ্ধির লক্ষ্যে অগ্রাধিকারমূলক বাণিজ্য চুক্তিতে (পিটিএ) সই করতে সম্মত দুই দেশ। প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং মালদ্বীপের প্রেসিডেন্ট ইব্রাহিম মোহামেদ সলিহর মধ্যে দ্বিপক্ষীয় বৈঠকে পিটিএ চুক্তি স্বাক্ষরিত। দ্বিপক্ষীয় সহযোগিতা আরও জোরদারে বাংলাদেশ ও মালদ্বীপের মধ্যে মৎস্য ও সাংস্কৃতিক সম্পর্কসহ বিভিন্ন ক্ষেত্রে চারটি সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষরিত হয়। সূত্র: ইত্তেফাক
- অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামালের সভাপতিত্বে সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ভার্চুয়াল বৈঠকে সারাদেশে পাঁচ হাজার শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপনের লক্ষ্যে শেখ রাসেল ডিজিটাল ল্যাবের জন্য ৮৫ হাজার ল্যাপটপ কেনার প্রকল্পের অনুমোদন। সূত্র: জনকণ্ঠ

- করোনাভাইরাসের ঊর্ধ্বমুখী সংক্রমণের পরিপ্রেক্ষিতে শিক্ষাপ্রতিষ্ঠানে প্যারেড ও শোভাযাত্রা বন্ধ রাখার নির্দেশ দিয়েছে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর। সূত্র: যুগান্তর
- হাজারীবাগ ও কামরাঙ্গীরচরে বুড়িগঙ্গা থেকে ৭৪টি স্থাপনা তিন মাসের মধ্যে উচ্ছেদ করতে নির্দেশ দিয়েছে হাইকোর্ট। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৪ হাজার ২৭৫ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২,১৮৭। সুস্থ ১,৫১০ ও ১৬ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- বিশ্বে প্রথম কোভিডের অ্যান্টিবডি নিয়ে শিশুর জন্ম নিল ফ্লোরিডায়। সূত্র: ইত্তেফাক

**১৯ মার্চ, শুক্রবার**

- জাতীয় প্যারেড গ্রাউন্ডে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর তৃতীয় দিনের অনুষ্ঠান। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠানে সম্মানিত অতিথি ছিলেন শ্রীলঙ্কার প্রধানমন্ত্রী মাহিন্দা রাজাপাকসে। সূত্র: ইত্তেফাক
- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে বঙ্গভবনে সৌজন্য সাক্ষাৎ করেন মালদ্বীপের প্রেসিডেন্ট ইব্রাহিম মোহামেদ সলিহ। সূত্র: ইত্তেফাক
- বিশ্বে এখন সবচেয়ে সুখী দেশ ফিনল্যান্ড। ৯৫টি দেশের মধ্যে এ তালিকায় ৬৮তম অবস্থানে বাংলাদেশ। জাতিসংঘের টেকসই উন্নয়ন সমাধান নেটওয়ার্ক (এসডিএসএন) ওয়ার্ল্ড হ্যাপিনেস রিপোর্ট প্রকাশ। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৮ হাজার ৯১৭ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১,৮৯৯। সুস্থ ১,৬৭৮ ও ১৮ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন উপলক্ষ্যে অভিনন্দন জানিয়ে যুক্তরাষ্ট্রের কংগ্রেসে 'কোমেমর‍্যাটিং দ্য ফিফটিয়েথ অ্যানিভার্সারি অব বাংলাদেশ ইন্ডিপেন্ডেন্স' শীর্ষক প্রস্তাব উত্থাপন। সূত্র: যুগান্তর



- মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন 'মার্কিন মহাকাশ গবেষণা সংস্থা নাসা'র প্রধান হিসেবে সাবেক ডেমোক্র্যাট দলীয় সিনেটর বিল নেলসনের নাম ঘোষণা করেন। সূত্র: যুগান্তর
- কূটনৈতিক সম্পর্ক ছিন্ন হওয়ার পর ৪৮ ঘণ্টার আল্টিমেটামে মালয়েশিয়া ত্যাগ উত্তর কোরিয়া দূতাবাসের কর্মীদের। মালয়েশিয়ার স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের বিবৃতি। সূত্র: সমকাল
- ভারত সাগরতলের সায়া দে মালহা ব্যাঙ্কে নেমে জীবন রক্ষায় প্রথমবারের মতো 'ফিউচারস গ্লোবাল ক্লাইমেট স্ট্রাইক' নামের জলবায়ু ধর্মঘট পালন সমুদ্র ও পরিবেশ বিজ্ঞানীসহ একদল পরিবেশকর্মীর। সূত্র: যুগান্তর

**২০ মার্চ, শনিবার**

- প্রধানমন্ত্রীর কার্যালয়ে বাংলাদেশ-শ্রীলঙ্কা শীর্ষ বৈঠকে দুই দেশের ব্যবসা-বাণিজ্য ক্ষেত্র উন্মোচনে ঐকমত্যে পৌঁছান প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও শ্রীলঙ্কার প্রধানমন্ত্রী মাহিন্দা রাজাপাকসে। পাশাপাশি বাংলাদেশ ও শ্রীলঙ্কার মধ্যে যুব উন্নয়ন, কৃষি, কারিগরি শিক্ষাসহ বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা বাড়াতে ছয়টি সমঝোতা স্মারক স্বাক্ষরিত। সূত্র: ইত্তেফাক
- বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে সাক্ষাৎকালে আর্থসামাজিক উন্নয়নে বাংলাদেশ ও শ্রীলঙ্কার নিজ নিজ অভিজ্ঞতা বিনিময়ের ওপর গুরুত্বারোপ সফররত শ্রীলঙ্কার প্রধানমন্ত্রী মাহিন্দা রাজাপাকসের। এ সময় রাষ্ট্রপতি হামিদ বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে যোগ দেওয়ার জন্য ধন্যবাদ জানান। সূত্র: ইত্তেফাক
- মাদ্রাসা শিক্ষার্থীদের মধ্যে মুক্তিযুদ্ধের চেতনা ছড়িয়ে দিতে ও বঙ্গবন্ধুর আদর্শে উজ্জীবিত করতে সারা দেশের ১ হাজার ৫০০ মাদ্রাসায় 'বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্নার' তৈরির নির্দেশনা ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের। সূত্র: ইত্তেফাক

- গত ২৪ ঘণ্টায় দেশে ১৯ হাজার ৯০০ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১,৮৬৮। সুস্থ ১,৫৭৭ ও ২৬ জন মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- জর্জিয়ার আটলান্টায় রক্তক্ষয়ী হামলার পর সেখানকার এশিয়ান-আমেরিকান কমিউনিটি নেতাদের সঙ্গে বৈঠকে মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন যুক্তরাষ্ট্রে এশীয়দের বিরুদ্ধে বিদ্বেষমূলক হামলা বন্ধের আহ্বান। সূত্র: সংবাদ

**২১ মার্চ, রবিবার**

- শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে 'মুজিব চিরন্তন' অনুষ্ঠানমালার পঞ্চম দিনের প্রতিপাদ্য ছিল: 'ধ্বংসস্তূপে জীবনের গান'। রাজধানীর প্যারেড গ্রাউন্ডে উপস্থিত হয়ে অনুষ্ঠান উপভোগ করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: জনকণ্ঠ
- বঙ্গবন্ধু অ্যাভিনিউতে কেন্দ্রীয় কার্যালয়ে আওয়ামী লীগ আয়োজিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবসের আলোচনা সভায় গণভবন থেকে ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে যুক্ত হন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: জনকণ্ঠ
- স্বাধীনতার পর প্রথম বিসিএসের মাধ্যমে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নিয়োগ দেয়া ৩৯ বীর মুক্তিযোদ্ধা কর্মকর্তাকে প্রাপ্যতা অনুযায়ী ভূতাপেক্ষ পদোন্নতি দিতে জনপ্রশাসন মন্ত্রণালয়কে নির্দেশ দিয়ে রায় প্রকাশ হাইকোর্টের। সূত্র: জনকণ্ঠ
- সমাজের উন্নয়ন, স্বচ্ছতা, জবাবদিহিতা ও ভূমি মন্ত্রণালয়কে ডিজিটাইজেশন করার স্বীকৃতি হিসেবে কাজ করায় যুক্তরাজ্যের ওয়ার্ল্ড বুক রেকর্ডসের সম্মাননা পেলেন ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী। সূত্র: জনকণ্ঠ
- বিশ্বে সামরিক শক্তিতে বাংলাদেশ ৪৫ নম্বরে; বিভিন্ন দেশের প্রতিরক্ষা সংক্রান্ত ওয়েবসাইট 'মিলিটারি ডিরেক্ট' সমীক্ষায় 'আলটিমেট মিলিটারি স্ট্রেংথ ইনডেক্স' বা চূড়ান্ত সামরিক শক্তি সূচক প্রকাশিত। সূত্র: সমকাল



- গত ২৪ ঘণ্টায় দেশে ২১ হাজার ১০৮ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২,১৭২। সুস্থ ১,৬৮৭ ও ২২ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- তিনদিনের টানা বৃষ্টিপাতে অস্ট্রেলিয়ার নিউ সাউথ ওয়েলসে (এনএসডব্লিউ) নদীগুলো পানিতে ভরে ৬০ বছরের ইতিহাসে সবচেয়ে ভয়াবহ বন্যা। সূত্র: সমকাল

**২২ মার্চ, সোমবার**

- রাজধানীর জাতীয় প্যারেড গ্রাউন্ডে আয়োজিত 'মুজিব চিরন্তন' শীর্ষক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপনের অনুষ্ঠানমালার ষষ্ঠ দিনে প্রধান অতিথি ছিলেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। সভাপতির ভাষণে প্রধানমন্ত্রী শেখ হাসিনা, টেকসই উন্নয়ন নিশ্চিত করার জন্য বিশ্ববাসীর প্রতি আহ্বান। সূত্র: জনকণ্ঠ
- ২০২০ সালের ভারতের গান্ধী শান্তি পুরস্কারের জন্য বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নাম ঘোষণা। সূত্র: ইত্তেফাক
- বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ এবং নেপালের রাষ্ট্রপতি বিদ্যাদেবী ভান্ডারির উপস্থিতিতে বাংলাদেশ ও নেপালের মধ্যে দ্বিপক্ষীয় আলোচনার পর পর্যটন, স্যানিটেশন, সাংস্কৃতিক বিনিময় ও রেলওয়ে সংযোগসহ বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা বৃদ্ধির লক্ষ্যে ঢাকা ও কাঠমান্ডুর মধ্যে চারটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৫ হাজার ১১১ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২,৮০৯। সুস্থ ১,৭৫৪ ও ৩০ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- বীর মুক্তিযোদ্ধা, গ্লোব-জনকণ্ঠ শিল্প পরিবারের চেয়ারম্যান এবং দৈনিক জনকণ্ঠ সম্পাদক, প্রকাশক ও মুদ্রাকর মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- করোনা মহামারির কারণে চলতি বছরও শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত বিশ্বের সাত কোটি শিশু। বিশ্বজুড়ে ১০ বছর বয়সি প্রায় অর্ধেকেরও

বেশি শিশু এ বছরের শেষ নাগাদ পর্যন্ত একটি বাক্যও পড়তে শিখতে পারবে না বলে নতুন এক বিশ্লেষণে উঠে এসেছে। দারিদ্র্যবিরোধী সংস্থা ওয়ান ক্যাম্পেইন সতর্ক করে বিশ্বব্যাংক, ইউনেস্কো ও জাতিসংঘের জনসংখ্যা তথ্যের সাম্প্রতিক প্রতিবেদন বিশ্লেষণ। সূত্র: যুগান্তর

- অভিবাসী শিশুদের জন্য যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন প্রশাসনের হেনরি কুয়েলার তৈরি ডোনা শহরের আটক কেন্দ্রের পরিস্থিতির প্রথম ছবি প্রকাশিত। সূত্র: প্রথম আলো

**২৩ মার্চ, মঙ্গলবার**

- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী এবং বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপনের সপ্তম দিনের অনুষ্ঠানে যোগ দিতে ভুটানের প্রধানমন্ত্রী ডা. লোটে শেরিং ঢাকায় পৌঁছান। সূত্র: ইত্তেফাক
- প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে হত্যার উদ্দেশ্যে গোপালগঞ্জের কোটালীপাড়ায় সমাবেশস্থলের পাশে বোমা পুঁতে রাখার অভিযোগে করা মামলায় ১৪ জঙ্গির মৃত্যুদণ্ডের আদেশ দিয়েছেন আদালত। সূত্র: ইত্তেফাক
- বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী ও বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর আয়োজনে ভিডিয়ো বার্তায় জাতিসংঘ শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতি সংস্থার (ইউনেস্কো) মহাপরিচালক অদ্রে অ্যাজুলাই বলেন, বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণের পথ ধরে বাংলাদেশের স্বাধীনতা অর্জিত হয়েছে। তিনি বলেন, জাতির পিতার 'তাৎপর্যপূর্ণ' ভাষণে বৈশ্বিক মানবাধিকার ও মর্যাদার মূল্যবোধও প্রতিফলিত। সূত্র: ভোরের কাগজ
- বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে বাংলাদেশকে ভারতের উপহার দেওয়া ১০৯টি অ্যাম্বুলেন্সের প্রথম চালান বেনাপোল স্থলবন্দরে প্রবেশ। সূত্র: ইত্তেফাক
- স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও বঙ্গবন্ধুর জন্মবার্ষিকীর 'মুজিব চিরন্তন'-এর সপ্তম দিনের আয়োজনে ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে অংশগ্রহণ করেন জার্মানির চ্যান্সেলর ফ্রাঙ্ক ভাল্টার স্টাইনমায়ার। সূত্র: প্রথম আলো



- গত ২৪ ঘণ্টায় দেশে ২৫ হাজার ৯৫৪ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩,৫৫৪। সুস্থ ১,৮৩৫ ও ১৮ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- উইঘুর মুসলিমদের ওপর নির্যাতনের কারণে মানবাধিকার লঙ্ঘনের প্রশ্নে একে অপরের ওপর পালটাপালটি নিষেধাজ্ঞা দিয়েছে ইউরোপীয় ইউনিয়ন ও চীন। সূত্র: সমকাল

**২৪ মার্চ, বুধবার**

- মুজিববর্ষ ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন উপলক্ষ্যে রাজধানীর প্যারেড স্কয়ারে আয়োজিত অনুষ্ঠানমালার অষ্টম দিনের প্রতিপাদ্য ছিল: 'শান্তি, মুক্তি ও মানবতার অগ্রদূত'। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা শান্তিপূর্ণ ও সমৃদ্ধ দক্ষিণ এশিয়া গড়তে এই অঞ্চলের রাজনৈতিক ও নীতিনির্ধারকদের ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান। সূত্র: ইত্তেফাক
- বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে বাংলাদেশ সফররত ভুটানের প্রধানমন্ত্রী ডা. লোটে শেরিং সৌজন্য সাক্ষাৎ করেন। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৭ হাজার ৫০২ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩,৫৬৭। সুস্থ ১,৯১৫ ও ২৫ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- সংযুক্ত আরব আমিরাতের দুবাই শহরের উপশাসক শেখ হামদান বিন রশিদ আল মাকতুমের (৭৫) মৃত্যু। সূত্র: ইত্তেফাক

**২৫ মার্চ, বৃহস্পতিবার**

- মহান স্বাধীনতা দিবস ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর প্রাক্কালে জাতির উদ্দেশে ভাষণ প্রদান করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: জনকণ্ঠ
- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং জাতীয় চার নেতাকে শীর্ষে রেখে এক লাখ ৪৭ হাজার ৫৩৭ জন বীর মুক্তিযোদ্ধা ও ১৯১ জন শহীদ বুদ্ধিজীবীর তালিকা প্রকাশ (প্রথম পর্যায়)। সূত্র: যুগান্তর

- স্বাধীনতার ৫০ বছর পূর্তি ও মুজিব জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে জাতিসংঘের মহাসচিব আন্তোনিও গুতেরেস, যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন, তুরস্কের প্রেসিডেন্ট এরদোগান, যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী বরিস জনসন, রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনসহ বিশ্ব নেতারা বাংলাদেশকে অভিনন্দন বার্তা পাঠিয়েছে। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৭ হাজার ৪৫ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩,৫৮৭। সুস্থ ১,৯৮৫ ও ৩৪ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- মার্কিন প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব নেওয়ার পর প্রথমবারের মতো আনুষ্ঠানিক সংবাদ সম্মেলন করলেন জো বাইডেন। সূত্র: যুগান্তর

**২৬ মার্চ, শুক্রবার**

- স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীর ১০ দিনের অনুষ্ঠানমালার শেষ দিন বাংলাদেশের ৫০তম স্বাধীনতা দিবসে জাতীয় প্যারেড গ্রাউন্ডে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীর ১০ দিনের অনুষ্ঠানমালার শেষ দিন জাতীয় প্যারেড গ্রাউন্ডে সম্মানিত অতিথি হিসেবে বক্তব্য রাখেন সফররত বন্ধুরাষ্ট্র ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। অনুষ্ঠানমঞ্চে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে ভারত সরকারের দেওয়া গান্ধী শান্তি পুরস্কার তাঁর কনিষ্ঠ কন্যা শেখ রেহানার হাতে তুলে দেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৭ হাজার ২৯৯ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩,৭৩৭। সুস্থ ২,০৫৭ ও ৩৩ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- চীনের পশ্চিমাঞ্চলীয় রাজ্য জিনজিয়াংয়ের পরিস্থিতি নিয়ে অসৎ উদ্দেশ্যে ভুয়া তথ্য ছড়ানোর অভিযোগ তুলে ব্রিটেনের কিছু প্রতিষ্ঠান ও ব্যক্তির বিরুদ্ধে নিষেধাজ্ঞা আরোপ করেছে দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়। সূত্র: যুগান্তর



**২৭ মার্চ, শনিবার**

- শেখ হাসিনার সঙ্গে সফররত ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির দ্বিপাক্ষিক বৈঠক অনুষ্ঠিত। সূত্র: ইত্তেফাক
- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে বঙ্গভবনে সৌজন্য সাক্ষাৎ শেষে নয়াদিল্লির উদ্দেশে ঢাকা ত্যাগ করেন সফররত ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। সূত্র: জনকণ্ঠ
- স্বাধীনতার ৫০ বছর পূর্তি উপলক্ষ্যে সরকার আগামী বছর থেকে 'মুক্তিযুদ্ধ পদক' প্রবর্তনের সিদ্ধান্ত নিয়েছে। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সভায় এ বিষয়ে নীতিমালার খসড়া প্রস্তুত। সূত্র: যুগান্তর
- স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের নারী কণ্ঠযোদ্ধা নমিতা ঘোষের (৬৫) মৃত্যু। সূত্র: কালের কণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৪ হাজার ৬৬৪ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩,৬৭৪। সুস্থ ১,৯৭১ জন ও ৩৯ জন মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- জলবায়ু সংকট বিষয়ক আন্তর্জাতিক সম্মেলনে যোগ দিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ বিশ্বের গুরুত্বপূর্ণ ৪০ দেশের সরকার ও রাষ্ট্রপ্রধানকে আমন্ত্রণ জানিয়েছে মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন। হোয়াইট হাউসের বিবৃতি। সূত্র: ইত্তেফাক
- তেহরানে ইরান ও চীনের মধ্যে বহুল কাঙ্ক্ষিত ২৫ বছর মেয়াদি 'কৌশলগত সহযোগিতা' চুক্তি স্বাক্ষর। সূত্র: যুগান্তর

**২৮ মার্চ, রবিবার**

- বঙ্গবন্ধু অ্যাভিনিউয়ের কেন্দ্রীয় কার্যালয়ে মহান স্বাধীনতা দিবস, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে আওয়ামী লীগ আলোচনা সভার আয়োজন করে। প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে অনুষ্ঠানে যুক্ত হয়ে সভাপতিত্ব করেন। সূত্র: জনকণ্ঠ
- প্রাথমিক স্তরের চলমান শিক্ষাপ্রতিষ্ঠানের ছুটিও আগামী ২২ মে পর্যন্ত বৃদ্ধি করে আদেশ জারি করেছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। সূত্র: সংবাদ

- গত ২৪ ঘণ্টায় দেশে ২২ হাজার ১৩৬ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩,৯০৮। সুস্থ ২,২১৯ জন ও ৩৫ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- যুক্তরাষ্ট্রের সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (সিডিসি), বাংলাদেশের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউট (আইইডিসিআর) এবং বাংলাদেশ এপিডিমিওলোজি অ্যাসোসিয়েশন বাংলাদেশে প্রথমবারের মতো যৌথভাবে কোভিড-১৯ ও জনস্বাস্থ্য সংক্রান্ত সমস্যা মোকাবিলায় রোগতত্ত্ব এবং জনস্বাস্থ্যের গুরুত্ব নিয়ে দু'দিনব্যাপী জাতীয় কংগ্রেসের আয়োজন করে। সূত্র: জনকণ্ঠ

**২৯ মার্চ, সোমবার**

- 'ইন্টারন্যাশনাল ডেট আর্কিটেকচার অ্যান্ড লিকুইডিটির' ওপর রাষ্ট্র ও সরকারপ্রধানদের 'ফাইন্যান্সিং ফর ডেভেলপমেন্ট ইন দ্য এরা অব কোভিড-১৯ অ্যান্ড বিয়ন্ড ইনিশিয়েটিভ' শীর্ষক ভার্চুয়াল বৈঠক অনুষ্ঠিত। বৈঠকে ভিডিয়ো বার্তায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, বর্তমান পরিস্থিতিতেও কোভিড-১৯ পবরবর্তী সময়ে তারল্য সংকট মোকাবিলা ও ঋণের বোঝা লাঘবে আমাদের উচ্চাভিলাষী ও সমন্বিত বৈশ্বিক কর্মপরিকল্পনা প্রয়োজন। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৮ হাজার ১৯৫ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৫,১৮১। সুস্থ ২,০৭৭ ও ৪৫ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- করোনা মহামারির কারণে এ বছর রমজানে মক্কায় পবিত্র মসজিদ আল হারাম এবং মদিনায় মসজিদে নববীতে ইফতারে জনসমাগম ও ইতিকাফের ওপর নিষেধাজ্ঞা জারি সৌদি আরব সরকারের। সূত্র: ভোরের কাগজ

**৩০ মার্চ, মঙ্গলবার**

- দেশে করোনাভাইরাস সংক্রমণের হার আশঙ্কাজনক হারে বাড়তে থাকায় সরকারের পক্ষ থেকে ১৮ দফা নির্দেশনা দিয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি। সূত্র: যুগান্তর



- যাচাই-বাছাই শেষে বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০২১, গ্রন্থাগারিক ও সহকারী গ্রন্থাগারিকদের শিক্ষকের মর্যাদা দিয়ে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের নীতিমালা জারি। সূত্র: ইত্তেফাক
- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে বরিশালে ৯ হাজার ৪০৮ জনের অংশগ্রহণে বঙ্গবন্ধুর সর্ববৃহৎ মানব লোগো প্রদর্শনী। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৬ হাজার ৬২০ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৫,০৪২। সুস্থ ২,১৬২ ও ৪৫ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- গণতন্ত্রপন্থীদের আন্দোলন ইস্যুতে মিয়ানমার থেকে কূটনীতিকদের দেশে ফিরে যাওয়ার নির্দেশ যুক্তরাষ্ট্রের। সূত্র: কালের কণ্ঠ
- মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন ফেডারেল বিচারক হিসেবে প্রথমবারের মতো জাহিদ কোরাইশি নামক মুসলিমকে মনোনয়ন দেন। সূত্র: ইত্তেফাক
- চীন ও বিশ্ব স্বাস্থ্য সংস্থা যৌথ উদ্যোগে সমীক্ষায় একমত পোষণ। গবেষণাগার থেকে নয়, করোনা বাদুড় থেকেই মানুষের দেহে সংক্রমিত। বিশ্ব স্বাস্থ্য সংস্থার খসড়া রিপোর্ট। সূত্র: জনকণ্ঠ

**৩১ মার্চ, বুধবার**

- করোনার সংক্রমণ বেড়ে যাওয়ায় চলমান বিসিএস পরীক্ষাসহ সকল পরীক্ষা সাময়িক স্থগিত রাখার সিদ্ধান্ত নিয়েছে সরকারি কর্ম কমিশন। সূত্র: ইত্তেফাক
- জাপানের কোবে বন্দর থেকে মেট্রোরেলের ট্রেন সেট বহনকারী জাহাজটি মোংলা বন্দরে পৌঁছায়। ঢাকা মাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) কর্তৃপক্ষ এই তথ্য প্রকাশ করে। সূত্র: সমকাল
- দুর্নীতি ও অর্থপাচার ইস্যুতে দেশে দ্বৈত পাসপোর্টধারীর মোট ১৩ হাজার ৯৩১ জন নাগরিকের তালিকা হাইকোর্টে দাখিল করেছে পুলিশের বিশেষ শাখার পুলিশ সুপার (ইমিগ্রেশন)। সূত্র: যুগান্তর

- কক্সবাজারের উখিয়া ও টেকনাফ রোহিঙ্গা শিবির থেকে ষষ্ঠ দফায় দুইদিনে ৪ হাজার ২১১ জন রোহিঙ্গার ভাসানচরের উদ্দেশে চট্টগ্রামে যাত্রা শুরু। সূত্র: প্রথম আলো
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৬ হাজার ৯৩১ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৫,৩৫৮। সুস্থ ২,২১৯ ও ৫২ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- ভবিষ্যতে করোনাভাইরাস মহামারির মতো জরুরি স্বাস্থ্য পরিস্থিতি মোকাবিলায় একটি আন্তর্জাতিক চুক্তি করার উদ্যোগে বিশ্ব স্বাস্থ্য সংস্থার সঙ্গে ২৩টি দেশের নেতার সম্মতি। সূত্র: প্রথম আলো
- ব্রাজিলের প্রেসিডেন্ট জাইর বোলসোনারোর নেতৃত্ব কোভিড-১৯ মহামারি মোকাবিলা ব্যর্থতা নিয়ে তৈরি হওয়া সঙ্কটের মধ্যে দেশটির সেনাবাহিনী, নৌবাহিনী ও বিমান বাহিনী প্রধানের পদত্যাগ। সূত্র: জনকণ্ঠ

## এপ্রিল

### ১ এপ্রিল, বৃহস্পতিবার

- জাতীয় সংসদের দ্বাদশ অধিবেশন শুরু। অধিবেশনে সাংসদ মাহমুদ উস সামাদ চৌধুরীসহ (সিলেট-৩) অন্যদের মৃত্যুতে শোক প্রস্তাবের ওপর আলোচনায় অংশগ্রহণ করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: সমকাল
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে বঙ্গবন্ধু নবম বাংলাদেশ গেমসের উদ্‌বোধন করেন। সূত্র: যুগান্তর
- করোনাভাইরাসের সংক্রমণ আশঙ্কাজনক হারে বাড়তে থাকায় ১১ এপ্রিল অনুষ্ঠেয় ইউনিয়ন পরিষদ (ইউপি) ও লক্ষ্মীপুর-২ সংসদীয় আসনের উপনির্বাচনসহ সব ভোট স্থগিত করেছে নির্বাচন কমিশন। সূত্র: সমকাল
- করোনাভাইরাসের সংক্রমণ নতুন করে আশঙ্কাজনক পর্যায়ে পৌঁছায় যুক্তরাজ্য বাদে পুরো ইউরোপ এবং আরও ১২টি দেশ থেকে যাত্রীদের বাংলাদেশে প্রবেশে ১৮ এপ্রিল পর্যন্ত নিষেধাজ্ঞা। বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের সংবাদ বিজ্ঞপ্তি। সূত্র: যুগান্তর



- দেশের ২০টি সাধারণ এবং বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২০২০-২১ শিক্ষাবর্ষে স্নাতক সম্মান প্রথম বর্ষ ভর্তি পরীক্ষার জন্য অনলাইনে প্রাথমিক আবেদন গ্রহণ শুরু। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৮ হাজার ১৯৮ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৬,৪৬৯। সুস্থ ২,৫৩৯ ও ৫৯ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- বেআইনি সমাবেশ করার দায়ে হংকংয়ে সাত গণতন্ত্রপন্থি নেতাকে দোষী সাব্যস্ত করেছে দেশটির আদালত। সূত্র: ইত্তেফাক

### ২ এপ্রিল, শুক্রবার

- করোনার সংক্রমণের দ্বিতীয় ঢেউ মোকাবেলার অংশ হিসেবে দেশের প্রায় সব পর্যটনকেন্দ্র আবারও বন্ধ ঘোষণা করেছে সরকার। সূত্র: কালের কণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৯ হাজার ৩৩৯ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৬,৮৩০। সুস্থ ২,৪৭৩ ও ৫০ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- করোনা সংক্রমণ বেড়ে যাওয়ায় বাংলাদেশসহ পাকিস্তান, কেনিয়া ও ফিলিপাইন চার দেশকে যুক্তরাজ্যে প্রবেশ নিষিদ্ধ করল দেশটির পরিবহণ মন্ত্রণালয়। সূত্র: যুগান্তর
- ডোনাল্ড ট্রাম্পের প্রশাসন ফিলিস্তিনিদের ওপর ইসরাইলের যুদ্ধাপরাধ তদন্তের অনুমোদন দেওয়ার অপরাধে আন্তর্জাতিক অপরাধ আদালতের (আইসিসি) দুই কর্মকর্তার ওপর যে নিষেধাজ্ঞা দিয়েছিলেন, তা তুলে নেন দেশটির প্রেসিডেন্ট জো বাইডেন। সূত্র: জনকণ্ঠ
- পল্টনের ভলিবল স্টেডিয়ামে অনুষ্ঠিত বঙ্গবন্ধু কাপ আন্তর্জাতিক কাবাডি টুর্নামেন্টে ৩৪-২৮ পয়েন্টে কেনিয়াকে পরাজিত করে চ্যাম্পিয়ন হয়েছে বাংলাদেশ। সূত্র: জনকণ্ঠ

### ৩ এপ্রিল, শনিবার

- ৫ এপ্রিল সকাল ছয়টা থেকে ১১ এপ্রিল রাত ১১টা পর্যন্ত জরুরি সেবা ছাড়া, গণপরিবহণ চলাচল বন্ধের পাশাপাশি বাজার-মার্কেট, হোটেল-রেস্তোরাঁসহ বিভিন্ন ক্ষেত্রে বিধিনিষেধ আরোপ করে প্রজ্ঞাপন জারি করেছে সরকার। সূত্র: যুগান্তর

- ডে-কেয়ার সেন্টার স্থাপন করতে হলে সরকারের কাছ থেকে অনুমোদন ও সনদ নিতে হবে- এমন বিধান রেখে সংসদে 'শিশু দিবাযত্ন কেন্দ্র বিল-২০২১' বিল উত্থাপন। সূত্র: ইত্তেফাক
- জাতিসংঘের প্রতিনিধি দলের পর এবার রোহিঙ্গাদের পরিস্থিতি দেখতে হাতিয়ার ভাসানচর পরিদর্শন বাংলাদেশে নিযুক্ত ১০ দেশের রাষ্ট্রদূত ও হাইকমিশনারের। সূত্র: ইত্তেফাক
- করোনা পরিস্থিতি বিবেচনায় বাংলাদেশ বার কাউন্সিলের ২৫ মে অনুষ্ঠিতব্য নির্বাচন (২০২১) স্থগিত। সূত্র: প্রথম আলো
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৪ হাজার ৫৪৮ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৫,৬৮৩। সুস্থ ২,৩৬৪ ও ৫৮ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- অ্যাস্ট্রাজেনেকার তৈরি করোনাভাইরাসের টিকা নেওয়ার পর রক্তে জমাট বাঁধা ৩০ জনের মধ্যে সাত জনের মৃত্যু। ব্রিটেনের ওষুধ নিয়ন্ত্রক সংস্থা। সূত্র: জনকণ্ঠ
- জান্তা শাসনের বিরোধিতা করায় মিয়ানমারে প্রায় ৪০ জন সেলিব্রেটির বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি দেশটির প্রশাসনের। সূত্র: কালের কণ্ঠ

**৪ এপ্রিল, রবিবার**

- একাদশ সংসদের দ্বাদশ অধিবেশনের সমাপনী ভাষণ প্রদান করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, করোনাভাইরাসের সংক্রমণের দ্বিতীয় ঢেউ সামলাতে সবাইকে এগিয়ে আসতে হবে। সূত্র: ইত্তেফাক
- এমবিবিএস ২০২০-২১ শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষার ফল প্রকাশ। এ বছর ভর্তির জন্য নির্বাচিত ৪ হাজার ৩৫০ জন। তাদের মধ্যে ছাত্র ২ হাজার ৪১ এবং ছাত্রী ২ হাজার ৯ জন। ন্যূনতম ৪০ নম্বর পেয়ে পাস ৪৮ হাজার ৯৭৫ জন, অর্থাৎ পাসের হার ৩৯.৮৬। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ৩০ হাজার ৭২৪ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৭,০৮৭। সুস্থ ২,৭০৭ ও ৫৩ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ



- যুক্তরাষ্ট্রের ফ্লোরিডার ট্যাম্পা বেতে রাসায়নিক বর্জ্যের একটি রিজার্ভারে ছিদ্র হওয়ায় জরুরি অবস্থা জারি করেছে প্রশাসন। সূত্র: কালের কণ্ঠ
- করোনাভাইরাসের সংক্রমণ আশঙ্কাজনক হারে বেড়ে যাওয়ায় ফ্রান্সে তৃতীয় দফায় লকডাউন ও একই সঙ্গে সকাল-সন্ধ্যা কারফিউও জারি। সূত্র: প্রথম আলো
- অভ্যুত্থানচেষ্টার অভিযোগে জর্ডানের সাবেক যুবরাজ প্রিন্স হামজা বিন হুসেইনকে গৃহবন্দি ও আরও ২০ জনকে গ্রেফতার দেশটির প্রশাসনের। সূত্র: ইত্তেফাক
- বঙ্গবন্ধু স্টেডিয়ামের অ্যাথলেটিক ট্র্যাকে ১৫ বছর আগের রেকর্ড ভেঙ্গে বঙ্গবন্ধু নবম বাংলাদেশ গেমসে ১০০ মিটার দৌড়ে দখল নেওয়ার পর ২০০ মিটার দৌড়েও স্বর্ণ জয় করেছে শিরিন আক্তার। সূত্র: ইত্তেফাক

**৫ এপ্রিল, সোমবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে মন্ত্রিপরিষদের ভার্চুয়াল সভা। সভায় আসন্ন রমজান মাসে সকাল নয়টা থেকে দুপুর সাড়ে তিনটা পর্যন্ত অফিস আদালত খোলা রাখার সিদ্ধান্ত। সভায় প্রধানমন্ত্রী বলেন, করোনাভাইরাসের টিকার কোনো সংকট হবে না। দ্বিতীয় ডোজের কার্যক্রম চলতে চলতে বাকি টিকা চলে আসবে। এ সময় সবাইকে স্বাস্থ্যবিধি মানা ও মাস্ক পরার আহ্বান জানান। সূত্র: ইত্তেফাক
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে আফগানিস্তানের বিদায়ী রাষ্ট্রদূত আবদুল কাইয়ুম মালিকজাদ সৌজন্য সাক্ষাৎ করেন । সূত্র: প্রথম আলো
- মানসম্মত, সুশৃঙ্খল ও প্রতিযোগিতামূলক ব্যবস্থায় টেলিভিশন রেটিং পয়েন্ট (টিআরপি) নিরূপণের জন্য অনুসরণীয় নিয়মাবলী সংবলিত প্রজ্ঞাপন জারি করেছে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়। সূত্র: জনকণ্ঠ
- করোনা প্রতিরোধে কঠোর নিষেধাজ্ঞার মধ্যে বিচারকাজ অব্যাহত রাখতে চারটি ভার্চুয়াল বেঞ্চ গঠনের আদেশ জারি করেছেন প্রধান বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেন। সূত্র: যুগান্তর

- গত ২৪ ঘণ্টায় দেশে ৩০ হাজার ২৩৯ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৭,০৭৫। সুস্থ ২,৯৩২ জন ও ৫২ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- করোনা মহামারির সংক্রমণ বেড়ে যাওয়ায় ভারতের রাজধানী দিল্লিতে আগামী ৩০ এপ্রিল পর্যন্ত রাত ১০টা থেকে ভোর ৫টা পর্যন্ত রাত্রিকালীন কারফিউ জারি। সূত্র: যুগান্তর
- আফ্রিকার দেশ নাইজেরিয়ার কারাগারে অজ্ঞাত বন্দুকধারীদের হামলার ঘটনার সময় এক হাজার ৮০০ জনের বেশি বন্দি পালিয়েছে। সূত্র: ইত্তেফাক
- ৩০ সেকেন্ডে ৬২ বার ফুটবল হাতের ওপর ঘুরিয়ে ৫ম বারের মতো (মোস্ট ফুটবল অনারেবল ইন ৩০ সেকেন্ড) গিনেস বুক অব রেকর্ডে নাম লেখালেন মাগুরার সন্তান মাহমুদুল হাসান ফয়সাল (২০)। সূত্র: জনকণ্ঠ

**৬ এপ্রিল, মঙ্গলবার**

- মার্কিন যুক্তরাষ্ট্রে অনুষ্ঠিত ইউএস-বাংলাদেশ বিজনেস কাউন্সিলের উদ্‌বোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভিডিয়ো বার্তা। সূত্র: জনকণ্ঠ
- করোনাভাইরাস (কোভিড-১৯) সংক্রমণ আশঙ্কাজনকভাবে বাড়ায় এতিমখানা ছাড়া কওমি মাদ্রাসাসহ দেশের সকল মাদ্রাসা (আবাসিক ও অনাবাসিক) পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বন্ধ রাখার নির্দেশ দিয়ে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের প্রজ্ঞাপন জারি। সূত্র: জনকণ্ঠ
- করোনা পরিস্থিতিতে সব মামলায় জামিনের মেয়াদ ও আদালতের অন্তর্বর্তীকালীন আদেশের কার্যকারিতা দুই সপ্তাহ বাড়িয়েছেন সুপ্রিমকোর্ট। একই সঙ্গে নিষেধাজ্ঞাকালে অধস্তন আদালতে কর্মরত সব বিচারক এবং আদালতের কর্মকর্তা-কর্মচারীকে কর্মস্থল ত্যাগ না করার জন্য বলা হয়েছে। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ৩৪ হাজার ৩১১ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৭,২১৩। সুস্থ ২,৯৬৯ ও ৬৬ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ



**৭ এপ্রিল, বুধবার**

- অর্থমন্ত্রীর সভাপতিত্বে অর্থনৈতিক বিষয়ক সংক্রান্ত ও সরকারী ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ভার্চুয়াল সভায় ছয় ক্রয় প্রস্তাবের অনুমোদন। সূত্র: জনকণ্ঠ
- প্রাণঘাতী করোনাভাইরাসের সংক্রমণ বৃদ্ধি রোধে কোয়ারেন্টাইনের জন্য তিন প্রতিষ্ঠানের অনুকূলে ৩ কোটি ৫৩ লাখ টাকা বরাদ্দ করেছে স্বাস্থ্যসেবা বিভাগ। সূত্র: জনকণ্ঠ
- রাষ্ট্রবিরোধী, উস্কানিমূলক ও ঔদ্ধত্যপূর্ণ বক্তব্য এবং বিশৃঙ্খলা সৃষ্টির অভিযোগে 'শিশু বক্তা' হিসেবে পরিচিত রফিকুল ইসলাম মাদানীকে গ্রেপ্তার করে র‍্যাব। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় দেশে ৩৪ হাজার ৬৩০ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৭,৬৬২। সুস্থ ৩,২৫৬ জন ও ৬৩ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- অস্ট্রেলিয়ার সঙ্গে কোয়ারেন্টাইনমুক্ত ভ্রমণের অনুমোদন নিউজিল্যান্ডের। সূত্র: যুগান্তর
- টিকা দিলেও তথাকথিত 'ভ্যাকসিন পাসপোর্ট' চালু করবে না যুক্তরাষ্ট্র। নাগরিকদের গোপনীয়তা ও অধিকার রক্ষা করা উচিত বলে মন্তব্য হোয়াইট হাউস কর্তৃপক্ষের। সূত্র: যুগান্তর
- লন্ডনে মিয়ানমারের রাষ্ট্রদূত জ জোয়া মিনকে বরখাস্তের পর দূতাবাস থেকে বের করে দিলে তিনি ভবনের বাইরে রাস্তায় তার গাড়িতে রাত কাটান। সূত্র: কালের কণ্ঠ

**৮ এপ্রিল, বৃহস্পতিবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে দশম ডি-৮ শীর্ষ সম্মেলনে ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে যুক্ত হন। প্রধানমন্ত্রী বাংলাদেশে আশ্রয় নেওয়া লাখ লাখ রোহিঙ্গা শরণার্থীকে ফেরত নিতে মিয়ানমারের ওপর চাপ সৃষ্টি করতে ডি-৮ দেশগুলোর প্রতি আহ্বান জানান। সূত্র: ইত্তেফাক

- ভারতের সেনাপ্রধান নারাভানে রাষ্ট্রীয় সফরে ঢাকায়। বাংলাদেশ সেনাবাহিনী প্রধান জেনারেল আজিজ আহমেদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ। এ সময় ভারতে উৎপাদিত অক্সফোর্ড অ্যাস্ট্রাজেনেকা কোভিড-১৯-এর এক লাখ ডোজ টিকা বাংলাদেশ সেনাবাহিনী প্রধান জেনারেল আজিজ আহমেদের কাছে হস্তান্তর করেন ভারতের সেনাপ্রধান। সূত্র: কালের কণ্ঠ
- দেশব্যাপী নির্ধারিত সকল টিকাদান কেন্দ্রে করোনার দ্বিতীয় ডোজের টিকাদান কর্মসূচী শুরু। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ৩৩ হাজার ১৯৩ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৬,৮৫৪। সুস্থ ৩,১৯৪ জন ও ৭৪ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- যত্রতত্র আগ্নেয়াস্ত্রের ব্যবহার ঠেকাতে নতুন নির্বাহী আদেশ জারি করল যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন। সূত্র: জনকণ্ঠ
- বৈশ্বিক ন্যূনতম করপোরেট কর (গ্লোবাল মিনিমাম ট্যাক্স) চুক্তির অংশ হিসেবে বড় করপোরেট কোম্পানিগুলোকে প্রত্যেক দেশে তাদের মোট বিক্রয়ের ভিত্তিতে সংশ্লিষ্ট সেই দেশের সরকারকে নির্দিষ্ট কর দেওয়ার আহ্বান। এই চুক্তি কার্যকরে ইতোমধ্যে ১৪০টি দেশকে চিঠি পাঠিয়েছে প্রেসিডেন্ট জো বাইডেন সরকার। সূত্র: যুগান্তর

**৯ এপ্রিল, শুক্রবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে জলবায়ু শীর্ষ সম্মেলনে আমন্ত্রণ জানাতে ঢাকা পৌঁছান যুক্তরাষ্ট্রের সাবেক পররাষ্ট্রমন্ত্রী ও প্রেসিডেন্ট জো বাইডেনের জলবায়ু বিষয়ক বিশেষ দূত জন কেরি। তিনি গণভবনে প্রধানমন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। সূত্র: সমকাল
- করোনাভাইরাসের ঊর্ধ্বমুখী সংক্রমণ প্রতিরোধে জরুরি স্বাস্থ্যসেবা ব্যবস্থাপনা ও অন্যান্য সরকারি কার্যক্রম সুসমন্বয়ের লক্ষ্যে সরকারের জ্যেষ্ঠ সচিব, সচিব এবং সচিব পদমর্যাদার ৬৪ সচিবকে দেশের ৬৪ জেলার দায়িত্ব দিয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের আদেশ জারি। সূত্র: ইত্তেফাক



- গত ২৪ ঘণ্টায় দেশে ৩১ হাজার ৫৬৪ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৭,৪৬২। সুস্থ ৩,৫১১ ও ৬৩ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- ব্রিটিশ রানী দ্বিতীয় এলিজাবেথের স্বামী ডিউক অব এডিনবরা প্রিন্স ফিলিপের (৯৯) মৃত্যু। রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার শোক প্রকাশ। সূত্র: জনকণ্ঠ
- সামাজিক দূরত্বের বিধিনিষেধ লংঘনের অপরাধে নরওয়ের প্রধানমন্ত্রী এরনা সোলবের্গকে ২০ হাজার ক্রোন জরিমানা করে দেশটির পুলিশ। সূত্র: ইত্তেফাক

**১০ এপ্রিল, শনিবার**

- উপমহাদেশের প্রখ্যাত সাংবাদিক, জাতীয় প্রেসক্লাবের সাবেক সভাপতি, দৈনিক ইত্তেফাকের সাবেক নির্বাহী সম্পাদক হাসান শাহরিয়ারের (৭৬) মৃত্যু। শোক প্রকাশ রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার। সূত্র: ইত্তেফাক
- দেশের তথ্যপ্রযুক্তি ও বিজ্ঞানভিত্তিক বেসরকারি বিশ্ববিদ্যালয় ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সায়েন্সেস (ইউআইটিএস) স্থায়ী ক্যাম্পাস বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) অনুমোদন। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৬ হাজার ৭৭ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৫,৩৪৩। সুস্থ ৩,৮৩৭ ও ৭৭ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- মহাকাশ কর্মসূচিতে অংশ নিতে আরব বিশ্বের প্রথম নারী নভোচারী নুরা আল মাতরুশিকে নির্বাচন মধ্যপ্রাচ্যের দেশ আরব আমিরাতের। সূত্র: কালের কণ্ঠ
- জাতিসংঘে নিযুক্ত মিয়ানমারের রাষ্ট্রদূত কিয়াও মোয়ে তুন তার নিজের দেশের আকাশে নো ফ্লাই জোন ঘোষণা ও আন্তর্জাতিক নিষেধাজ্ঞা জারির আহ্বান। সূত্র: সমকাল
- ফিলিস্তিনি বংশোদ্ভূত ব্রিটিশ চলচ্চিত্র পরিচালক ফারাহ নাবুলসির স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র ‘দ্য প্রেসেন্ট’ ব্রিটিশ অ্যাকাডেমি অব ফিল্ম অ্যান্ড টেলিভিশন আর্টসের (বিএএফটিএ) ২০২১ এর শ্রেষ্ঠ পুরস্কারে ভূষিত। সূত্র: যুগান্তর

## ১১ এপ্রিল, রবিবার

- করোনাভাইরাসের (কোভিড-১৯) বিস্তার রোধে সরকার ঘোষিত চলমান নিষেধাজ্ঞা আগামী ১৪ এপ্রিল ভোর ছয়টা পর্যন্ত বাড়ল। মন্ত্রিপরিষদ বিভাগের মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখার প্রজ্ঞাপন। সূত্র: কালের কণ্ঠ
- করোনা সংক্রমণ বাড়ার প্রেক্ষাপটে প্রধান বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেনের নির্দেশক্রমে ভার্চুয়ালি দেশের সর্বোচ্চ আদালত সুপ্রিমকোর্টের আপিল বিভাগে সীমিত পরিসরে রবি, মঙ্গল ও বৃহস্পতিবার- এই তিনদিন সকাল সাড়ে ৯টা থেকে ১২টা পর্যন্ত মামলার শুনানি চলবে। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৯ হাজার ৩৭৬ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৫,৮১৯। সুস্থ ৪,২১২ ও ৭৮ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- রানী দ্বিতীয় এলিজাবেথের স্বামী ডিউক অব এডিনবরা প্রিন্স ফিলিপের শেষকৃত্যের অনুষ্ঠানে কোভিড-১৯ বিধিনিষেধের কারণে অংশ নেবেন না যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী বরিস জনসন। সূত্র: জনকণ্ঠ
- লন্ডনের ওয়ার্ল্ড বুক অব রেকর্ডস ও এশিয়া বুক অব রেকর্ডসে ১০৫ মিনিটে ৩৬টি বই পড়ে বিশ্বরেকর্ড করেছে ভারতীয় বংশোদ্ভূত আমেরিকান শিশু পাঁচ বছর বয়সের শিশু কিয়ারা কৌর। সূত্র: সমকাল
- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে 'বঙ্গবন্ধু ৯ম বাংলাদেশ গেমস ২০২০' এ কুস্তিতে স্বর্ণপদক জয় করেছে রাজশাহীর বরেন্দ্র বিশ্ববিদ্যালয়ের ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিকস ইঞ্জিনিয়ারিং বিভাগের ১৫তম ব্যাচের শিক্ষার্থী রেজিয়া সুলতানা। সূত্র: যুগান্তর

## ১২ এপ্রিল, সোমবার

- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে গণভবন থেকে ভার্চুয়ালি বাংলাদেশ সেনাবাহিনী আয়োজিত 'অনুশীলন শান্তির অগ্রসেনা'র সমাপনী অনুষ্ঠানে অংশগ্রহণ করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: ইত্তেফাক



- চলমান করোনা পরিস্থিতিতে ১৪ এপ্রিল ভোর ৬টা থেকে ২১ এপ্রিল মধ্যরাত পর্যন্ত আট দিনের জন্য লকডাউন ঘোষণা করে মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপন জারি। বিধি-নিষেধ মানাতে মাঠে থাকবে প্রশাসনের কর্মকর্তাদের পাশাপাশি আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী। সূত্র: জনকণ্ঠ
- ডোপ টেস্টে রিপোর্ট পজিটিভ ব্যক্তির চাকরির দরজা বন্ধ ও সংশ্লিষ্ট ব্যক্তির জেল-জরিমানার বিধান রেখে চূড়ান্ত 'ডোপ টেস্ট বিধিমালা-২০২১'। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ৩৪ হাজার ৯৬৮ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৭,২০১। সুস্থ ৪,৫২৩ ও ৮৩ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- করোনাভাইরাস মহামারির কারণে মক্কার মসজিদুল হারাম ও মদিনার মসজিদে নববিতে তারাবির নামাজের রাকাত সংখ্যা ২০ থেকে কমিয়ে ১০ রাকাত করার নির্দেশ দিয়েছেন সৌদি আরবের বাদশাহ সালমান। সূত্র: জনকণ্ঠ
- ইসলামের পবিত্র ধর্মগ্রন্থ কোরআনের ২৬টি আয়াত নিষিদ্ধ ঘোষণার দাবিতে করা একটি জনস্বার্থ পিটিশন সরাসরি খারিজ ও আবেদনকারী সৈয়দ ওয়াসিম রিজভির ৫০ হাজার রুপি জরিমানা করেছে ভারতের সুপ্রিমকোর্ট। সূত্র: ইত্তেফাক

## ১৩ এপ্রিল, মঙ্গলবার

- পবিত্র মাহে রমজান উপলক্ষ্যে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বাণী প্রদান করেন। বাণীতে রাষ্ট্রপতি রমজান মাসে যথাযথ স্বাস্থ্য ও সুরক্ষাবিধি মেনে ইবাদত-বন্দেগি করার আহ্বান জানান। একই সঙ্গে মহামারিতে ক্ষতিগ্রস্ত, দুস্থ ও দরিদ্র মানুষের সহায়তায় এগিয়ে আসার জন্য সচ্ছল ব্যক্তিদের প্রতি আহ্বান জানান। সূত্র: কালের কণ্ঠ
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলা নববর্ষের প্রাক্কালে জাতির উদ্দেশে ভাষণ প্রদান করেন। সূত্র: ইত্তেফাক
- মহামারি করোনার প্রকোপ ঠেকাতে লকডাউনের মধ্যেও ১৪ থেকে আগামী ২১ এপ্রিল পর্যন্ত ব্যাংকিং সেবা চালুর নির্দেশনা দিয়ে বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপন জারি। সূত্র: সংবাদ

- গত ২৪ ঘণ্টায় দেশে ৩২ হাজার ৯৫৫ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৬,০২৮। সুস্থ ৪,৮৫৩ ও ৬৯ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- সংক্রমণের হার উচ্চতর রেকর্ড হওয়ায় জরুরি ব্যবহারের জন্য রাশিয়ার স্পুটনিক-ভি কোভিড-১৯ ভ্যাকসিন অনুমোদন দিয়েছে ভারতের স্বাস্থ্য মন্ত্রণালয়। সূত্র: যুগান্তর
- আন্তর্জাতিক সংবাদ সংস্থা রয়টার্স ১৭০ বছরের ইতিহাসে প্রথম নারী প্রধান সম্পাদক হিসেবে আলেসান্দ্রা গ্যালোনিকে নিয়োগ করেছে। সূত্র: প্রথম আলো

**১৪ এপ্রিল, বুধবার**

- মহামারি করোনার প্রকোপ ঠেকাতে কঠোর লকডাউনের মধ্যে বাঙালি জাতির দ্বিতীয়বারের মতো ঘরে বসেই ১৪২৮ বঙ্গাব্দকে বরণ। সূত্র: জনকণ্ঠ
- করোনাভাইরাসে আক্রান্ত হয়ে সুপ্রিমকোর্ট আইনজীবী সমিতির সভাপতি ও সাবেক আইনমন্ত্রী আবদুল মতিন খসরুর (৭১) মৃত্যু। গভীর শোক প্রকাশ রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার। সূত্র: জনকণ্ঠ
- মহামারি করোনাভাইরাসে আক্রান্ত হয়ে বাংলা একাডেমির সভাপতি ও সাবেক মহাপরিচালক অধ্যাপক শামসুজ্জামান খানের মৃত্যু। শোক প্রকাশ রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার। সূত্র: সংবাদ
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৪ হাজার ৮২৫ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৫,১৮৫। সুস্থ ৫,৩৩৩ ও ৯৬ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- যুক্তরাজ্যভিত্তিক সংস্থা দ্য হ্যানলি অ্যান্ড পার্টনারস প্রকাশিত। বিশ্বের ১১০টি শক্তিশালী পাসপোর্টের তালিকায় ২০২১ সালে বাংলাদেশ ১০০তম। গত বছর বাংলাদেশের পাসপোর্টের অবস্থান ছিল ১০১তম। সূত্র: যুগান্তর
- পবিত্র রমজান মাস উপলক্ষ্যে ভারতে ইফতার প্রকল্প চালু সৌদি আরবের ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ইসলামিক অ্যাফেয়ার্স, কল অ্যান্ড গাইডেন্সের। সৌদি গেজেটের প্রতিবেদন। সূত্র: কালের কণ্ঠ



- বাঙালি ও বাংলাদেশের মানুষকে পহেলা বৈশাখের শুভেচ্ছা জানিয়ে মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন এবং ফার্স্ট লেডি জিল বাইডেনের টুইট। সূত্র: জনকণ্ঠ

**১৫ এপ্রিল, বৃহস্পতিবার**

- বাংলাদেশ ব্যাংকে আইটি বিপর্যয়ের কারণে আন্তঃব্যাংক চেক লেনদেন ও অনলাইন ট্রান্সফার (ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার) বন্ধ। সূত্র: যুগান্তর
- সৌদি আরব, সংযুক্ত আরব আমিরাত, ওমান, কাতার ও সিঙ্গাপুরে গমনেচ্ছু আটকেপড়া প্রবাসী বাংলাদেশি কর্মীদের যাওয়ার জন্য আগামীকাল থেকে বিশেষ ফ্লাইট চালু। পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেনের সভাপতিত্বে মন্ত্রী পর্যায়ের জরুরি আন্তঃমন্ত্রণালয় ভার্চুয়াল সভায় এ সিদ্ধান্ত হয়। সূত্র: ইত্তেফাক
- সরকার ঘোষিত সাতদিনের লকডাউনে বাংলাদেশজুড়ে ভারতীয় ভিসা আবেদন কেন্দ্রগুলোর কার্যক্রম সাময়িকভাবে স্থগিত। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৯ হাজার ৯৫৯ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৪,১৯২। সুস্থ ৫,৯১৫ জন ও ৯৪ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- রাশিয়ার বিরুদ্ধে নতুন নিষেধাজ্ঞা। ১০ রুশ কূটনীতিককে যুক্তরাষ্ট্র থেকে বহিষ্কার করল প্রেসিডেন্ট জো বাইডেন। সূত্র: ইত্তেফাক
- মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেনের জলবায়ু বিষয়ক বিশেষ দূত জন কেরি সাংহাইয়ে চাইনিজ প্রতিপক্ষের সঙ্গে সাক্ষাতে জলবায়ু আলোচনা শুরু। সূত্র: সংবাদ
- উইঘুরে 'গণহত্যা' জাতিসংঘে তুলে ধরতে মার্কিন সিনেটে প্রস্তাব পাস। সূত্র: ইত্তেফাক

**১৬ এপ্রিল, শুক্রবার**

- বাংলা চলচ্চিত্রের কিংবদন্তী অভিনেত্রী ও সাবেক সংসদ সদস্য সারাহ বেগম কবরীর (৭০) মৃত্যু। শোক প্রকাশ রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার। সূত্র: সমকাল

- করোনায় মৃতের তালিকায় বিশ্বে বাংলাদেশের অবস্থান ৩৮তম। এক বছর এক মাসে বাংলাদেশে কোভিড-১৯ মহামারিতে মৃত্যু ১০ হাজার ছাড়িয়েছে। বাংলাদেশসহ দক্ষিণ এশিয়ার দেশগুলোতে এখন দ্রুতগতিতে বাড়ছে করোনাভাইরাসে আক্রান্ত ও মৃত্যুর হার। বিশ্ব স্বাস্থ্য সংস্থা। সূত্র: জনকণ্ঠ
- ২০২০ সালের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষার ফলের ভিত্তিতে দেশের সব মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের মেধাবৃত্তি ও সাধারণ বৃত্তি তালিকা প্রকাশ। এতে মোট ১ হাজার ১২৫ জন এবং সাধারণ বৃত্তি পেয়েছে ৯ হাজার ৩৭৬ জন। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৮ হাজার ৯০৬ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৪,৪১৭। সুস্থ ৫,৬৯৪ জন ও ১০১ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- কোভিড-১৯ পজিটিভ শনাক্তের হার বৃদ্ধি পাওয়ায় বাংলাদেশি নাগরিকদের জন্য ভিসা নিষেধাজ্ঞা দক্ষিণ কোরিয়ার। সূত্র: জনকণ্ঠ
- ২০১৯ সালে গণতন্ত্রপন্থী আন্দোলন ইস্যুতে অনুমতি ছাড়া সমাবেশ করার দায়ে হংকং-এর গণতন্ত্রপন্থি মিডিয়া টাইকুন জিমি লাইকে ১৪ মাসের কারাদণ্ড দিয়েছেন দেশটির আদালত। সূত্র: জনকণ্ঠ
- যুক্তরাষ্ট্রের নিষেধাজ্ঞার পাল্টা জবাবে ১০ মার্কিন কূটনীতিককে বহিষ্কার ও মার্কিন প্রশাসনের আট কর্মকর্তাসহ দেশটির রাজনীতিতে হস্তক্ষেপ করে এমন যুক্তরাষ্ট্র ভিত্তিক বেসরকারি কয়েকটি প্রতিষ্ঠানের ওপর নিষেধাজ্ঞা জারি রাশিয়ার। সূত্র: সংবাদ

**১৭ এপ্রিল, শনিবার**

- ঐতিহাসিক মুজিবনগর দিবস উপলক্ষ্যে বাণী প্রদান করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: যুগান্তর
- প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতির এক বছর পর ১৪টি হাসপাতালের স্বাস্থ্যকর্মীদের জন্য দুই মাসের বিশেষ প্রণোদনার ১৫ কোটি ২৭ লাখ ৬৪ হাজার ৯০২ টাকা বরাদ্দ করেছে স্বাস্থ্যসেবা বিভাগের বাজেট শাখা। সূত্র: প্রথম আলো



- গত ২৪ ঘণ্টায় দেশে ১৬ হাজার ১৮৫ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩,৪৩৭। সুস্থ ৫,৯০৭ ও ১০১ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- যুক্তরাজ্যের এডিনবরা ইউনিভার্সিটির এক প্রতিবেদনে বলা হয়েছে, যেসব অঞ্চলে সূর্যের অতিবেগুনি রশ্মি ৯৫ শতাংশ পর্যন্ত পৌঁছায় সেখানকার এলাকায় করোনাভাইরাসে আক্রান্ত হয়ে মৃত্যুহার কম। আর যেখানে অতিবেগুনি রশ্মি কম পৌঁছায় সেখানে মৃত্যুহার বেশি। সূত্র: কালের কণ্ঠ
- জন হপকিন্স ইউনিভার্সিটির তথ্যানুসারে, বিশ্বে করোনাভাইরাসে ক্ষতিগ্রস্ত দেশের তালিকার শীর্ষ দেশগুলোর মধ্যে তিন নম্বরে হওয়ায় করোনা মহামারিতে গর্ভধারণ না করার পরামর্শ ব্রাজিল সরকারের। সূত্র: কালের কণ্ঠ
- ড্যানিশ ফটোগ্রাফার ম্যাডস নিসেনের ব্রাজিলের সাওপাওলোর বৃদ্ধাশ্রমের তোলা 'করোনা আলিঙ্গন'র শীর্ষক ছবিটি 'ওয়ার্ল্ড প্রেস ফটো ২০২১' চার হাজার ৩১৫ আলোকচিত্রর মধ্যে আট ক্যাটাগরিতে বিজয়ী। সূত্র: যুগান্তর
- মিয়ানমারে নববর্ষ উপলক্ষ্যে ২৩ হাজারেরও বেশি কারাবন্দিকে মুক্তি দিল দেশটির সামরিক জান্তা সরকার। সূত্র: যুগান্তর

**১৮ এপ্রিল, রবিবার**

- করোনাভাইরাসের সংক্রমণ পরিস্থিতিতে নিম্ন আয়ের প্রায় ৩৫ লাখ পরিবারকে আড়াই হাজার টাকা করে আর্থিক সহায়তা দেবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বার্তা সংস্থা বাসসকে প্রধানমন্ত্রীর প্রেস সচিব। সূত্র: প্রথম আলো
- করোনা সংক্রমণ রোধে চলমান লকডাউন পরিস্থিতিতে জামিন ও সব ধরনের অন্তর্বর্তীকালীন আদেশের কার্যকারিতা আরও দুই সপ্তাহ বাড়াল আদালত। সূত্র: প্রথম আলো
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৯ হাজার ৪০৪ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩,৬৯৮। সুস্থ ৬,১২১ ও ১০২ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ

- রাজধানীর মহাখালীর ডিএনসিসি ভবনে ১০০০ শয্যার করোনা হাসপাতাল উদ্‌বোধন করেন স্বাস্থ্যমন্ত্রী। সূত্র: প্রথম আলো
- জলবায়ু পরিবর্তনের বিষয়ে একমত হয়ে শক্তিশালী প্রতিশ্রুতি দিয়ে চীন ও যুক্তরাষ্ট্র দেশ দুটির যৌথ বিবৃতি। সূত্র: প্রথম আলো
- একসঙ্গে দুটি মাস্ক পরলে মানুষ বেশি সুরক্ষিত থাকবে। দুটি মাস্কের ব্যবহারে করোনার জীবাণুর আকৃতির মতো ক্ষুদ্র কণা আটকে দেওয়ার ক্ষেত্রে প্রায় দ্বিগুণ কার্যকারিতা দেখাতে পারে। যুক্তরাষ্ট্রের ইউনিভার্সিটি অব নর্থ ক্যারোলাইনা (ইউএনসি) হেলথ কেয়ারের প্রতিবেদন। সূত্র: প্রথম আলো

**১৯ এপ্রিল, সোমবার**

- কৃষক লীগের ৪৯তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভিডিয়ো বার্তা প্রদান করেন। সূত্র: যুগান্তর
- সংক্রমণ রোধে চলমান লকডাউনের মধ্যে জরুরি স্বাস্থ্যসেবায় নিয়োজিত চিকিৎসক, নার্সসহ অন্য স্বাস্থ্যকর্মীদের আবশ্যিকভাবে আইডি কার্ড ব্যবহারের নির্দেশ দিয়েছে স্বাস্থ্য অধিদপ্তর। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৪ হাজার ১৫২ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৪,২৭১। সুস্থ ৬,৩৬৪ ও ১১২ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- ভারতে করোনাভাইরাসের শনাক্তের হার বেশি হওয়ায় দেশটিকে ভ্রমণ নিষিদ্ধের 'লাল' তালিকাভুক্ত করেছে যুক্তরাজ্য। সূত্র: যুগান্তর
- করোনার সংক্রমণ বেড়ে যাওয়ায় যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী বরিস জনসনের ভারত সফর বাতিল। ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের বিবৃতি। সূত্র: প্রথম আলো
- মিয়ানমারে জাপানের ফ্রিল্যান্স সাংবাদিক ইয়োকি কিতাজুমিকে আটক দেশটির জান্তা কর্তৃপক্ষের। সূত্র: প্রথম আলো
- সৌদি আরবের নারী অধিকারকর্মী লৌজাইন আল-হাথলওবের ইউরোপের মর্যাদাপূর্ণ মানবাধিকার পুরস্কার ভাকলাভ হ্যাভেল জয়। সূত্র: যুগান্তর



**২০ এপ্রিল, মঙ্গলবার**

- বোয়াও ফোরাম ফর এশিয়ার (বিএএফ) উদ্‌বোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভিডিয়ো বার্তা প্রদান করেন। বার্তায় প্রধানমন্ত্রী বলেন, 'কোভিড-১৯ মহামারি মোকাবিলায় পারস্পরিক শক্তিশালী অংশীদারত্ব প্রয়োজন। আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি কোভিড-১৯ ভ্যাকসিনকে বিশ্বজনীন পণ্য হিসেবে ঘোষণা করা উচিত। সার্বজনীন ভ্যাকসিন কাভারেজ অর্জনের লক্ষ্যে ভ্যাকসিন উৎপাদনকারী দেশগুলোর উচিত অন্য দেশগুলোকে ভ্যাকসিন উৎপাদনে সহায়তা করা।' সূত্র: কালের কণ্ঠ
- করোনাভাইরাসের সংক্রমণ ঠেকাতে দেশজুড়ে চলমান 'সর্বাত্মক লকডাউনের' মেয়াদ একই শর্তে ২৮ এপ্রিল পর্যন্ত বাড়িয়ে মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপন জারি। সূত্র: সমকাল
- বিশ্ব মুক্ত গণমাধ্যম সূচকে ১৮০টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ১৫২তম। ফ্রান্সভিত্তিক সংগঠন রিপোর্টার্স উইদাউট বর্ডারসের (আরএসএফ) প্রতিবেদন। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৭ হাজার ৫৬ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৪,৫৫৯। সুস্থ ৬,৮৮১ ও ৯১ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- প্রথমবারের মতো দশ ক্যাটাগরিতে 'ফোর্বস ৩০ আন্ডার ৩০ এশিয়া' তালিকায় স্থান পেল ৯ বাংলাদেশী তরুণ। মার্কিন ম্যাগাজিন ফোর্বসের খবর। সূত্র: জনকণ্ঠ
- যুক্তরাষ্ট্রের সাবেক ভাইস প্রেসিডেন্ট ওয়াল্টার এফ মেন্ডেলের (৯৩) মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- ওমরা পালনকারীদের নির্দেশনা দেওয়ার জন্য প্রথমবারের মতো ৭৫০ জন নারী গাইডকে নিযুক্ত সৌদি আরবের মসজিদুল হারাম ও মসজিদে নববি বিষয়ক জেনারেল প্রেসিডেন্সির। সূত্র: যুগান্তর

**২১ এপ্রিল, বুধবার**

- করোনাভাইরাসের বিস্তার প্রতিরোধে চলমান লকডাউনে ক্ষতিগ্রস্ত দরিদ্র, দুস্থ, অসচ্ছল ও ভাসমান মানুষকে সহায়তা প্রদানের লক্ষ্যে সাড়ে ১০ কোটি টাকা বরাদ্দ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: সমকাল

- আগামী তিন বছরের জন্য জাতিসংঘের মাদকদ্রব্য বিষয়ক কমিশনের (সিএনডি) সদস্য নির্বাচিত হয়েছে বাংলাদেশ। এছাড়াও ইউনিসেফ ও ইউএন উইমেন-এর নির্বাহী বোর্ডের সদস্য হিসেবে বাংলাদেশ পুনঃনির্বাচিত। সূত্র: ইত্তেফাক
- করোনাভাইরাসের কারণে চলমান লকডাউনের মধ্যেও জাতীয় পরিচয়পত্র (এনআইডি) সেবা চালু রাখার নির্দেশ দিয়েছে নির্বাচন কমিশন। সূত্র: সমকাল
- করোনার সময় জরুরি প্রয়োজনে চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টির কারণে সারাদেশে শিক্ষকদের দাবির পর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক ও কর্মচারীদের পরিচয়পত্র ইস্যুর নির্দেশ দিয়েছে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। সূত্র: সমকাল
- বাংলাদেশ পুলিশে প্রথমবারের মতো বঙ্গবন্ধু স্যাটেলাইট প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে সরাসরি বেতার যোগাযোগ স্থাপিত। সূত্র: ভোরের কাগজ
- করোনা সংক্রমণ রোধে সারাদেশে চলমান লকডাউনের মধ্যে বিচারকাজ অব্যাহত রাখতে হাইকোর্ট বিভাগে আরও দুটি ভার্চুয়াল বেঞ্চ গঠন করেছেন প্রধান বিচারপতি। প্রজ্ঞাপন জারি। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৮ হাজার ৪০৮ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৪,২৮০। সুস্থ ৭,০৭২ জন ও ৯৫ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- চীনা দেশপ্রেম প্রচারের বদলে পশ্চিমা দেশগুলোকে শ্রদ্ধা করা হয়েছে এমন সব বই ফেলে দেওয়ার নির্দেশ বেইজিং। জাপানি দৈনিক নিকেকেই এশিয়ার প্রতিবেদন। সূত্র: জনকণ্ঠ

### ২২ এপ্রিল, বৃহস্পতিবার

- মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন আয়োজিত জলবায়ু বিষয়ক দুই দিনব্যাপী 'লিডারস সামিট'র উদ্‌বোধনী অনুষ্ঠানে ভার্চুয়ালি অংশ নেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এ সম্মেলনে প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ ৪০



বিশ্ব নেতাকে আমন্ত্রণ জানান মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন। সূত্র: জনকণ্ঠ

- বৈশ্বিক মহামারি করোনাভাইরাসের চলমান পরিস্থিতিতে সারাদেশে জেলা-উপজেলায় দলীয়ভাবে দরিদ্র, অসহায় ও দুস্থ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের মধ্যে ত্রাণ সহায়তা জোরালো করার লক্ষ্যে জেলা ও উপজেলা নেতাদের মধ্যে টেলিফোন ও এসএমএস-এর মাধ্যমে সারাদেশের দলীয় নেতাদের নির্দেশ প্রধানমন্ত্রী শেখ হাসিনার। সূত্র: ইত্তেফাক
- সদ্য প্রয়াত এ্যাডভোকেট আবদুল মতিন খসরুর আসন (কুমিল্লা-৫) শূন্য ঘোষণা দিয়ে জাতীয় সংসদের সিনিয়র সচিবের স্বাক্ষরিত প্রজ্ঞাপন। সূত্র: জনকণ্ঠ
- কবি ও একুশে পদকপ্রাপ্ত সাংবাদিক জাফর ওয়াজেদকে আবারও দুই বছরের জন্য প্রেস ইনস্টিটিউট বাংলাদেশের (পিআইবি) মহাপরিচালক হিসেবে নিয়োগ দিয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের আদেশ জারি। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৭ হাজার ৪২৯ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৪,০১৪। সুস্থ ৭,২৬৬ ও ৯৮ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- করোনাভাইরাসের মহামারি মোকাবিলায় সরকারি ব্যয়ের হিসাবে এশিয়ার দেশগুলোর মধ্যে সবচেয়ে পিছিয়ে বাংলাদেশ। আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) তথ্য প্রকাশ। সূত্র: সমকাল
- সংযুক্ত আরব আমিরাতে কোনো ভিক্ষুক ধরা পড়লে এক লাখ টাকা পর্যন্ত জরিমানা ও তিন মাসের কারাদণ্ডের বিধান রেখে এবং ভিক্ষাবৃত্তি সম্পূর্ণ নিষিদ্ধ করে দেশটির পাবলিক প্রসিকিউশনে আইন পাস। সূত্র: সমকাল
- যুক্তরাষ্ট্রে কর্মজীবীদের টিকা গ্রহণের জন্য সবেতন ছুটি দিতে প্রতিষ্ঠানগুলোর প্রতি আহ্বান দেশটির প্রেসিডেন্ট জো বাইডেনের। সূত্র: প্রথম আলো

**২৩ এপ্রিল, শুক্রবার**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বলেছেন, করোনাভাইরাসের মহামারির দ্বিতীয় ঢেউ বাংলাদেশের জন্য একটি কঠিন চ্যালেঞ্জ নিয়ে হাজির হয়েছে। দ্বিতীয় মেয়াদের তৃতীয় বর্ষপূর্তিতে সাংবাদিকদের সঙ্গে সাক্ষাৎকারে রাষ্ট্রপতি এই মন্তব্য করেন। সূত্র: সমকাল
- লকডাউনে ব্যাংক কর্মকর্তা ও কর্মচারিদের পরিবহন বা যাতায়াত ভাতা প্রদানের নির্দেশ দিয়ে বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের প্রজ্ঞাপন জারি। সূত্র: ইত্তেফাক
- করোনাভাইরাসের সংক্রমণ নিয়ন্ত্রণে দেশব্যাপী চলমান 'সর্বাত্মক লকডাউন' এর মধ্যেই ২৫ এপ্রিল থেকে দোকানপাট ও শপিংমল খুলে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে সরকার। তবে দোকানপাট খুলে দেওয়ার সিদ্ধান্ত হলেও ক্রেতা-বিক্রেতা সবাইকে দেখাতে হবে 'মুভমেন্ট পাস'। মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপন। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৫ হাজার ৮৯৬ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩,৬২৯। সুস্থ ৫,২২৫ ও ৮৮ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- দেশের ধনীদের ওপর প্রায় দ্বিগুণ কর বাড়ানোর প্রস্তাব মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেনের। সূত্র: ইত্তেফাক
- মিয়ানমারকে দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশগুলোর জোট আসিয়ান থেকে বহিষ্কারের আহ্বান কয়েকটি মানবাধিকার সংস্থার। সূত্র: যুগান্তর

**২৪ এপ্রিল, শনিবার**

- বিদেশ থেকে আকাশপথে বাংলাদেশে এলে এখন থেকে বাধ্যতামূলক প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইনে থাকতে হবে তিন দিন। আর যারা করোনার দুই ডোজ টিকা নিয়েছেন, তাদের প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইনে থাকতে হবে না। কিন্তু বাড়িতে হোম কোয়ারেন্টাইনে ১৪ দিন থাকতে হবে। বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ। সূত্র: প্রথম আলো



- করোনা পরিস্থিতিতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজের শিক্ষার্থীদের ২০১৯ সালের অনার্স চতুর্থ বর্ষের ভাইভা পরীক্ষা অনলাইনে গ্রহণের সিদ্ধান্ত নিয়েছে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ২০ হাজার ৫৭১ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২,৬৯৭। সুস্থ ৫,৪৭৭ ও ৮৩ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- করোনা রোগীদের অক্সিজেন সরবরাহে গাফিলতি দেখলে কেন্দ্র, রাজ্য বা স্থানীয় স্তরের দোষীকে শাস্তি দেয়ার সিদ্ধান্ত ঘোষণা করেছেন ভারতের দিল্লি হাইকোর্ট। সূত্র: জনকণ্ঠ
- সামরিক অভ্যুত্থানের পর প্রথমবারের মতো বিদেশ সফরে ইন্দোনেশিয়ার জাকার্তায় আসিয়ানের সম্মেলনে যোগ দেন মিয়ানমারের সেনাপ্রধান মিন অং হ্লাইং। সূত্র: ইত্তেফাক

**২৫ এপ্রিল, রবিবার**

- কোভিড-১৯ এর দ্বিতীয় ঢেউয়ে লকডাউনের কারণে কর্মহীন মানুষের মানবিক সহায়তায় সরকার এ পর্যন্ত ৫৭৪ কোটি ৯ লাখ ২৭ হাজার টাকা বরাদ্দ করেছে। সার্বিক ত্রাণ বরাদ্দ ও বিতরণ কার্যক্রম নিয়ে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ প্রতিমন্ত্রী সচিবালয়ে সংবাদ সম্মেলনে এই তথ্য প্রকাশ করেন। সূত্র: জনকণ্ঠ
- বাংলাদেশ-ভারত স্থল সীমান্ত দিয়ে ২৬ এপ্রিল থেকে আগামী দুই সপ্তাহ যাতায়াত বন্ধ। ঢাকায় আন্তঃমন্ত্রণালয় সভায় সিদ্ধান্ত। সূত্র: সমকাল
- হেফাজতে ইসলামের সহিংসতার পর চলমান পরিস্থিতিতে দেশের কওমি মাদ্রাসাগুলোর ছাত্র-শিক্ষকদের রাজনীতিতে জড়ানো নিষিদ্ধ। সর্বোচ্চ নীতি নির্ধারণী বোর্ড আল-হাইআতুল উলয়া লিল জামিআতিল কওমিয়া বাংলাদেশের সভায় সিদ্ধান্ত। সূত্র: সমকাল
- লকডাউন দেওয়ার বৈধতা চ্যালেঞ্জ করে সুপ্রিমকোর্টের আইনজীবী অ্যাডভোকেট ইউনুছ আলী আকন্দ হাইকোর্টের সংশ্লিষ্ট শাখায় রিট আবেদন দাখিল করেছেন। সূত্র: কালের কণ্ঠ

- গত ২৪ ঘণ্টায় দেশে ২১ হাজার ৯২২ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২,৯২২। সুস্থ ৪,৩০১ জন ও ১০১ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- মহড়ায় গিয়ে নিখোঁজ হয়ে যাওয়া ইন্দোনেশিয়ার কেআরআই নানগালা-৪০২ নামের সাবমেরিনটির ৫৩ জন নাবিকের সবাই মারা গেছেন। সংবাদমাধ্যমকে দেশটির সেনাবাহিনীর প্রধান এই তথ্য জানান। সূত্র: সমকাল

**২৬ এপ্রিল, সোমবার**

- এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অর্থনৈতিক ও সামাজিক কমিশনের (এসকাপ) ৭৭তম অধিবেশনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভিডিয়ো বার্তা। এই বার্তায় প্রধানমন্ত্রী বিশ্বনেতাদের উদ্দেশে বলেন, করোনাভাইরাস মহামারি পুরো বিশ্বের অর্থনীতি আর স্বাস্থ্য ব্যবস্থাকে নাজুক অবস্থায় ফেলে দিয়েছে। এ সংকট থেকে দ্রুত উত্তরণে আন্তর্জাতিক সম্প্রদায়কে উদ্যোগ নিতে হবে। সূত্র: সমকাল
- রাজনীতি, অর্থনীতি, শিক্ষা, সংস্কৃতি, ক্রীড়া, সমাজসেবা, স্বাধীনতা, মুক্তিযুদ্ধ, গবেষণা, কৃষি ও পল্লি উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান ও গৌরবোজ্জ্বল ভূমিকার জন্য দেশে প্রথমবারের মতো 'বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব' পদক প্রবর্তন করেছে সরকার। সূত্র: ইত্তেফাক
- করোনাভাইরাসের সংক্রমণ রোধে চলমান 'সর্বাত্মক' লকডাউন আরও এক সপ্তাহ বাড়ানোর সিদ্ধান্ত। মন্ত্রিপরিষদ বিভাগের আয়োজনে আন্তঃমন্ত্রণালয় সভায় এই সিদ্ধান্ত হয়। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৫ হাজার ৭৮৬ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩,৩০৬। সুস্থ ৪,২৪১ জন ও ৯৭ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- করোনাভাইরাস সংক্রমণ পরিস্থিতিতে সরকারের একটি জরুরী বৈঠকে মাস্ক না পরায় থাইল্যান্ডের প্রধানমন্ত্রী প্রায়ুথ চ্যান ওচাকে ছয় হাজার বাথ (বাংলাদেশি টাকায় ১৬ হাজার টাকা) জরিমানা করেছে দেশটির সরকার। সূত্র: ইত্তেফাক



- করোনা মোকাবেলায় ভারতের জন্য ১৩৫ কোটি রুপির আর্থিক সাহায্য ঘোষণা করেছে সার্চ ইঞ্জিন জায়ান্ট গুগল। সূত্র: যুগান্তর

**২৭ এপ্রিল, মঙ্গলবার**

- ফরেন পলিসি ম্যাগাজিন আয়োজিত ভার্চুয়াল ক্লাইমেট সামিটে ভিডিয়ো বার্তা প্রদান করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বার্তায় প্রধানমন্ত্রী বলেন, জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব থেকে বিশ্বকে বাঁচাতে প্যারিস চুক্তির কঠোর বাস্তবায়নের বিকল্প নেই। সূত্র: সমকাল
- বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে চীনের প্রতিরক্ষামন্ত্রী ওয়েই ফেঙহি সাক্ষাত করেন। সূত্র: জনকণ্ঠ
- চলমান করোনা পরিস্থিতি মোকাবিলায় দেশে রাশিয়ার টিকা স্পুটনিক ভি জরুরি ব্যবহারের অনুমোদন দিয়েছে স্বাস্থ্য মন্ত্রণালয়। সূত্র: কালের কণ্ঠ
- সিঙ্গাপুরভিত্তিক সাময়িকী 'এশিয়ান সায়েন্টিস্ট' এ প্রকাশিত এশিয়ার শীর্ষ ১০০ জন বিজ্ঞানীর তালিকায় বাংলাদেশি তিন নারী বিজ্ঞানী। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৪ হাজার ২৩৭ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩,০৩১। সুস্থ ৫,২৩৪ ও ৭৮ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- শ্রীলঙ্কায় 'জাতীয় নিরাপত্তার জন্য' বোরকা পরা নিষিদ্ধ করতে আইনের প্রস্তাব অনুমোদন করেছে দেশটির মন্ত্রিসভা। সূত্র: কালের কণ্ঠ

**২৮ এপ্রিল, বুধবার**

- অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামালের সভাপতিত্বে অনুষ্ঠিত অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ১৪তম সভায় রাশিয়ার স্পুটনিক-ভি ও চীনের সিনোফার্ম টিকা উৎপাদনের অনুমোদন। সূত্র: সমকাল
- স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক শারীরিক উপস্থিতিতে অধস্তন দেওয়ানি আদালত এবং চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটের অধীনে থাকা আদালতসমূহে মামলা দায়ের করা যাবে বলে নির্দেশনা দিয়েছে সুপ্রিমকোর্ট। সূত্র: জনকণ্ঠ

- সন্ত্রাসবাদ মোকাবিলায় বাংলাদেশ সরকারের ভূয়সী প্রশংসা করেছে ইউরোপিয়ান ফাউন্ডেশন ফর সাউথ এশিয়ান স্টাডিজ (ইএফএসএএস)। আমস্টারডামভিত্তিক অলাভজনক প্রতিষ্ঠান ইএফএসএএসের প্রতিবেদন। সূত্র: কালের কণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৮ হাজার ২০৬ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২,৯৯৫। সুস্থ ৫,৩৯২ ও ৭৭ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- প্রবীণ সাংবাদিক, বাংলাদেশের প্রথম অস্থায়ী রাষ্ট্রপতি সৈয়দ নজরুল ইসলামের প্রেস সচিব এবং বীর মুক্তিযোদ্ধা সৈয়দ শাহজাহানের (৭৮) মৃত্যু। প্রধানমন্ত্রী শেখ হাসিনার শোক প্রকাশ। সূত্র: ইত্তেফাক
- ব্রিটেনের সঙ্গে ব্রেক্সিট পরবর্তী বাণিজ্য চুক্তিকে অনুমোদন দিল ইউরোপীয় ইউনিয়নের পার্লামেন্ট। সূত্র: ইত্তেফাক

**২৯ এপ্রিল, বৃহস্পতিবার**

- জাতিসংঘের সাধারণ পরিষদের ৭৫তম অধিবেশনের ফলোআপ হিসেবে সার্বজনীন স্বাস্থ্য কভারেজ সম্পর্কিত উচ্চপর্যায়ের বৈঠকে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভিডিয়ো বার্তা। এই বার্তায় প্রধানমন্ত্রী অ্যান্টিমাইক্রোবিয়াল রেজিসট্যান্স মোকাবিলায় পাঁচটি পদক্ষেপের গুরুত্ব দেওয়ার কথা বলেন। সূত্র: যুগান্তর
- চীনা কোম্পানি সিনোফার্মের তৈরি করোনাভাইরাসের টিকা দেশে জরুরি ব্যবহারের অনুমোদন স্বাস্থ্য মন্ত্রণালয়ের। সূত্র: সমকাল
- করোনা পরিস্থিতিতে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত আগাম জামিন আবেদনের শুনানি হবে না হাইকোর্টে। শুধু অতি জরুরি মামলার শুনানির জন্য নির্দেশনা দিয়েছে সুপ্রিমকোর্ট প্রশাসন। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৪ হাজার ৯২৮ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২,৩৪১। সুস্থ ৪,৭৮২ ও ৮৮ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- রাশিয়ায় পশুদের জন্য আবিষ্কৃত কার্নিভ্যাক-কোভ নামের করোনা টিকার প্রথম ব্যাচের অনুমোদন। রুশ নিয়ন্ত্রক সংস্থা রোসেলখোজনাজোর এক বিবৃতি। সূত্র: কালের কণ্ঠ



- সরকারি বাসভবন ডাউনিং স্ট্রিটের অ্যাপার্টমেন্ট সংস্কারে আর্থিক অনিয়মের অভিযোগে ব্রিটেনের প্রধানমন্ত্রী বরিস জনসনের বিরুদ্ধে দেশটির নির্বাচন কমিশনের তদন্ত শুরু। সূত্র: যুগান্তর

**৩০ এপ্রিল, শুক্রবার**

- মে দিবস উপলক্ষ্যে বাণী প্রদান করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বাণীতে প্রধানমন্ত্রী বলেন, সরকার দেশের শ্রমজীবী মানুষের জীবনমান উন্নয়ন ও কল্যাণে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করে যাচ্ছে। বিশ্বব্যাপী করোনাভাইরাস সংক্রমণের ভয়াল পরিস্থিতি মোকাবিলায় আমাদের সরকার শ্রমজীবী মানুষের পাশে থেকে ত্রাণ বিতরণসহ সর্বাত্মক কার্যক্রম পরিচালনা করছে। সূত্র: যুগান্তর
- করোনা প্রতিরোধে জাতীয় টেকনিক্যাল পরামর্শক কমিটি 'লকডাউন' থেকে বেরিয়ে আসার দীর্ঘমেয়াদি কৌশল হিসেবে ১০ সুপারিশ করেছে। সূত্র: যুগান্তর
- করোনা মহামারির কারণে সৌদি সরকারের পক্ষ থেকে কোনো সিদ্ধান্ত না আসায় হজের বিষয়ে কোনো প্রকার আর্থিক লেনদেন না করার অনুরোধ জানিয়ে ধর্ম মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তি প্রকাশ। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় দেশে ২১ হাজার ৪৬ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২,১৭৭। সুস্থ ৪,৩২৫ ও ৫৭ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- আয়ারল্যান্ডের পরিবহণ মন্ত্রণালয়ের উপদেষ্টা কমিটিতে প্রথমবারের মতো বাংলাদেশী সাজেদুল চৌধুরী রুবেলের স্থান। সূত্র: সংবাদ
- ইসরাইলের উত্তরাঞ্চলে ইহুদি ধর্মাবলম্বীদের ধর্মীয় অনুষ্ঠানে পদদলিত হয়ে ৪৪ জন নিহত। সূত্র: সমকাল

## মে

**১ মে, শনিবার**

- 'শ্রমিক-মালিক নির্বিশেষে, মুজিববর্ষে গড়ব দেশ' প্রতিপাদ্যে সারা দেশে মে দিবস পালন। 'মে দিবস' উপলক্ষ্যে বাণীতে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বলেন, শ্রমজীবী মানুষের স্বার্থ সংরক্ষণ ও সার্বিক জীবনমান

উন্নয়নে সমন্বিত উদ্যোগ অত্যন্ত জরুরি। শ্রমিক-মালিক পারস্পরিক সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক শ্রমক্ষেত্রে স্থিতিশীলতা রক্ষা ও উৎপাদনশীলতা বৃদ্ধিতে সহায়ক ভূমিকা পালন করে। সূত্র: কালের কণ্ঠ

- ক্লাইমেট ভালনারেবল ফোরামের বিশেষ দূত হিসেবে ড. আবুল কালাম আজাদকে বিশ্ব অর্থনৈতিক ফোরামের গ্লোবাল কমিশন অব বায়োডাইভারসিটি ২০৩০ এর কমিশনার নিয়োগ। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৫ হাজার ১১৭ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১,৪৫২। সুস্থ ৩,২৪৫ ও ৬০ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- করোনাভাইরাসের সংক্রমণ বেড়ে যাওয়ায় ভারতের অসম রাজ্যের বিধানসভা নির্বাচনে বিজয় মিছিল নিষিদ্ধ করেছে দেশটির সরকার। সূত্র: প্রথম আলো
- যুক্তরাষ্ট্রের টিকা প্রস্তুতকারক প্রতিষ্ঠান মডার্নার কোভিড-১৯ টিকাটি জরুরি ব্যবহারের জন্য তালিকাভুক্ত করেছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা। সূত্র: প্রথম আলো

**২ মে, রবিবার**

- গণভবন থেকে ভার্চুয়ালি দরিদ্র ও অসহায় মানুষকে মোবাইল ব্যাংকিং পরিষেবার মাধ্যমে আর্থিক সহায়তা কার্যক্রমের দ্বিতীয় পর্যায়ের উদ্‌বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: জনকণ্ঠ
- করোনাভাইরাসের সংক্রমণ পরিস্থিতিতে চলমান লকডাউনের মধ্যে বিভিন্ন মামলায় আসামিদের জামিনের মেয়াদ ও আদালতের অন্তর্বর্তীকালীন আদেশের কার্যকারিতা আরও চার সপ্তাহ বাড়িয়ে সুপ্রিমকোর্ট প্রশাসনের বিজ্ঞপ্তি। সূত্র: জনকণ্ঠ
- দেশে প্রথম হোলসেল মার্কেটপ্লেস 'সদাগরডটকম' এর আয়োজনে ঢাকায় প্রতিষ্ঠানটির প্রধান কার্যালয়ে উদ্‌বোধন হলো 'সদাগর শস্য উৎসব ২০২১'। সূত্র: সংবাদ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৪ হাজার ১৫৮ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১,৩৫৯। সুস্থ ২,৬৫৭ ও ৬৯ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ



- ভারতের পশ্চিমবঙ্গ বিধানসভায় ২১৩ আসনে সংখ্যাগরিষ্ঠতা নিয়ে টানা তৃতীয়বারের মতো জয় পেল মমতা বন্দ্যোপাধ্যায়ের তৃণমূল কংগ্রেস। সূত্র: সমকাল

**৩ মে, সোমবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে মন্ত্রিসভার ভার্চুয়াল বৈঠকে করোনাভাইরাসের বিস্তার রোধে চলমান বিধিনিষেধের মেয়াদ আগামী ১৬ মে পর্যন্ত বাড়ানোর সিদ্ধান্ত। সূত্র: সমকাল
- বন্যা, নদীভাঙন, ঘূর্ণিঝড়সহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলার আগাম প্রস্তুতি হিসেবে ৬৪ জেলার ৪৯২টি উপজেলায় শিশুখাদ্য কিনতে ৪ কোটি ৯২ লাখ টাকা বরাদ্দ করেছে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৯ হাজার ৪৩১ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১,৭৩৯। সুস্থ ৩,৮৩৪ ও ৬৫ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- প্রথমবারের মতো জাপানি সরকারি বিশ্ববিদ্যালয়ের প্রেসিডেন্ট পদে নিয়োগের মাধ্যমে শাহরিয়ার আহমেদ দেশটির শিক্ষা খাতে আন্তর্জাতিক প্রতিনিধিত্বের যাত্রা শুরু। সূত্র: প্রথম আলো
- সমালোচনার মুখে আগের বেঁধে দেওয়া সংখ্যা চারগুণের বেশি বাড়িয়ে এ বছর যুক্তরাষ্ট্রে ৬২ হাজার ৫০০ শরণার্থী নেওয়ার ঘোষণা দিয়ে প্রেসিডেন্ট জো বাইডেনের বিবৃতি। সূত্র: জনকণ্ঠ

**৪ মে, মঙ্গলবার**

- প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপারসন শেখ হাসিনার সভাপতিত্বে শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত একনেক ভার্চুয়াল সভায় তিস্তা সেচ প্রকল্পের কমান্ড এলাকার সম্প্রসারণ ও পুনর্বাসনসহ প্রায় ১১ হাজার ৯০১ কোটি ৩৩ লাখ টাকার ১০ প্রকল্প অনুমোদন। সূত্র: সমকাল

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা 'ওয়ান হেলথ গ্লোবাল লিডার্স গ্রুপ অন অ্যান্টিমাইক্রোবায়াল রেজিস্ট্যান্সের (এএমআর)' প্রথম ভার্চুয়াল সভার উদ্‌বোধনী অধিবেশনে ভাষণ প্রদান করেন। ভাষণে প্রধানমন্ত্রী সতর্ক করে বলেন, করোনাভাইরাসের মহামারি এরই মধ্যে বিশ্বজুড়ে ৩০ লাখের বেশি মানুষের প্রাণ কেড়ে নিয়েছে। এই মহামারির চেয়েও অ্যান্টিমাইক্রোবায়াল রেজিস্ট্যান্স (এএমআর) আকারে আসন্ন মহামারি বিশ্ব স্বাস্থ্যের বেশি ক্ষতি সাধন করবে। সূত্র: প্রথম আলো
- করোনাভাইরাস প্রতিরোধী টিকা সংগ্রহ এবং নিরাপদ ও কার্যকর টিকা নির্বাচন চাহিদা নিরূপণ, বিতরণ ও দর-কষাকষির মাধ্যমে টিকার যৌক্তিক মূল্য নির্ধারণের জন্য স্বাস্থ্যসেবা বিভাগের সচিবের নেতৃত্বে উচ্চপর্যায়ের সাত সদস্যবিশিষ্ট কমিটি গঠনের প্রস্তাব অনুমোদন করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ২১ হাজার ৯৮৪ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১,৯১৪। সুস্থ ৩,৮৭০ ও ৬১ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ

**৫ মে, বুধবার**

- ভারতের পশ্চিমবঙ্গে টানা তৃতীয়বার মুখ্যমন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন মমতা বন্দ্যোপাধ্যায়। প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাকে অভিনন্দন জানিয়েছেন। সূত্র: কালের কণ্ঠ
- দেশের চাহিদা পূরণ ও সরকারি মজুদ বাড়াতে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভায় ৩২ টাকা ৭৩ পয়সা কেজি দরে ভারত থেকে প্রথমবারের মতো ট্রেনে চাল আমদানির সিদ্ধান্ত। সূত্র: সংবাদ
- করোনাভাইরাস সংক্রমণ রোধে লকডাউনের মধ্যে ঈদ-উল- ফিতরের তিন দিনের ছুটিতে সরকারি-বেসরকারি চাকরিজীবী ও শিল্প-কারখানার কর্মীদের কর্মস্থলেই থাকতে হবে। মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপন জারি। সূত্র: সমকাল
- জনস্বার্থে লকডাউনের বৈধতা চ্যালেঞ্জ করে দায়েরকৃত রিটের শুনানির সময় আদালতে হাজির না থাকায় আইনজীবী ইউনূস আলী আকন্দকে ১০ হাজার টাকা জরিমানা করেছেন হাইকোর্ট। সূত্র: ইত্তেফাক



- গত ২৪ ঘণ্টায় দেশে ২০ হাজার ২৮৪ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১,৭৪২। সুস্থ ৩,৪৩৩ ও ৫০ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- তালেবানের বিরুদ্ধে আফগান সেনাবাহিনীর অভিযানে ৬২ তালেবান যোদ্ধা নিহত। সূত্র: যুগান্তর

**৬ মে, বৃহস্পতিবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে নৌপরিবহণ মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন সংস্থার অবকাঠামো ও জলযানের উদ্‌বোধন করেন। সূত্র: যুগান্তর
- করোনা সংক্রমণ মোকাবিলায় কলকাতায় নিযুক্ত বাংলাদেশের উপহাইকমিশনার দুই দেশের সীমান্ত বন্দর পেট্রাপোলে ভারতীয় কর্তৃপক্ষের কাছে জরুরি সহায়তার ১০ হাজার রেমডেসিভির প্রথম চালান হস্তান্তর করেন। সূত্র: ইত্তেফাক
- করোনা মহামারিকালে ঘরের বাইরে মাস্ক পরাকে বাধ্যতামূলকভাবে মেনে চলতে আট নির্দেশনা জারি করেছে সরকার। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ২১ হাজার ৫৮৫ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১,৮২২। সুস্থ ৩,৬৯৮ ও ৪১ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- মালদ্বীপের সাবেক প্রেসিডেন্ট ও বর্তমান পার্লামেন্টের স্পিকার মোহাম্মদ নাশিদ বোমা হামলায় গুরুতর আহত। সূত্র: ইত্তেফাক
- সরকারি তহবিল তছরুপ ও ক্ষমতার অপব্যবহার করার অভিযোগে কাতারের অর্থমন্ত্রী আলী শরীফ আল ইমাদিকে গ্রেফতারের নির্দেশ। সূত্র: ইত্তেফাক

**৭ মে, শুক্রবার**

- সরকারি নির্দেশনা মোতাবেক করোনা বিস্তার রোধে পাটুরিয়া-দৌলতদিয়া ও বাংলাবাজার-শিমুলিয়া নৌরুটে ফেরি চলাচল বন্ধ থাকবে। বিআইডব্লিউটিসি। সূত্র: ইত্তেফাক

- গত ২৪ ঘণ্টায় দেশে ১৭ হাজার ১৩ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১,৬৮২। সুস্থ ২,১৭৮ ও ৩৭ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- ভারতে করোনা সংক্রমণ ঠেকাতে দেশটির প্রতিরক্ষা গবেষণা ও উন্নয়ন সংস্থার তৈরি নতুন ওষুধ টু-ডিজিকে (টু-ডিওক্সি-ডি-গ্লুকোজ) ছাড়পত্র দিয়েছে ড্রাগ কন্ট্রোলার জেনারেল অব ইন্ডিয়া। সূত্র: কালের কণ্ঠ
- বিশ্বে গ্রিন হাউস গ্যাস নিঃসরণের দিক থেকে চীন শীর্ষে। যুক্তরাষ্ট্রের থিঙ্কট্যাংক রোডিয়াম গ্রুপের পরিচালিত গবেষণা প্রতিবেদন। সূত্র: সমকাল
- চীনের রাষ্ট্রায়ত্ত কোম্পানি সিনোফার্মের তৈরি করোনাভাইরাসের 'দুই ডোজের' টিকা জরুরি ব্যবহারের অনুমোদন বিশ্ব স্বাস্থ্য সংস্থার (ডব্লিউএইচও)। সূত্র: কালের কণ্ঠ

**৮ মে, শনিবার**

- ভারতের করোনাভাইরাস (কোভিড-১৯) সংক্রমণ পরিস্থিতির কারণে ভারতের সঙ্গে স্থলসীমান্ত বন্ধের মেয়াদ আরও ১৪ দিন বাড়ানোর সিদ্ধান্ত। সূত্র: প্রথম আলো
- সুদানের দারফুরে জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে 'বঙ্গবন্ধু কর্নার' স্থাপনের কাজ শুরু করেছে বাংলাদেশ ফর্মড পুলিশ ইউনিট। সূত্র: ভোরের কাগজ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৪ হাজার ৭০৩ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১,২৮৫। সুস্থ ২,৪৯২ ও ৪৫ জন মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- প্রথমবারের মতো স্কটল্যান্ডের লোদিয়ান রিজিওন্যাল লিস্ট প্রার্থী হিসেবে স্কটিশ লেবার পার্টি থেকে পার্লামেন্টে নির্বাচিত বাংলাদেশি বংশোদ্ভূত রাজনীতিক ফয়সাল চৌধুরী এমবিই। সূত্র: কালের কণ্ঠ
- বেঙ্গালুরুর দ্য কোর অব মিলিটারি পুলিশ সেন্টার অ্যান্ড স্কুলের দ্রোনাচার্য প্যারেড গ্রাউন্ডে প্রথম নন-অফিসার ক্যাডারে নারী সেনা পুলিশের ৮৩ জন সদস্য প্যারেডে অংশ নেন। সূত্র: ভোরের কাগজ



**৯ মে, রবিবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি পূর্বাচল নতুন শহর প্রকল্পের প্লট বরাদ্দ অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। সূত্র: সমকাল
- ভারতীয় নতুন ভ্যারিয়েন্ট প্রতিরোধে বর্ডার এলাকায় ব্যাপক হারে কোভিড পরীক্ষা চালানোর জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা দিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী। সূত্র: যুগান্তর
- দ্বিতীয় ধাপে ৮ বিভাগের ছয় হাজার ৯৮৮ জন বীর মুক্তিযোদ্ধার নামের চূড়ান্ত তালিকা প্রকাশ করেছে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়। সূত্র: সমকাল
- ঈদে ঘরমুখো যাত্রীদের বিড়ম্বনা এড়াতে দৌলতদিয়া-পাটুরিয়া ও বাংলাবাজার-শিমুলিয়া নৌরুটে ফেরি চলাচলের অনুমতি দিয়েছে বিআইডব্লিউটিসি। সূত্র: কালের কণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৬ হাজার ৯১৫ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১,৩৮৬। সুস্থ ৩,৩২৯ ও ৫৬ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- নেপালের কামি রিটা (৫১) শেরপা ২৫ বার এভারেস্টের চূড়ায় ওঠার রেকর্ড করেছেন। সূত্র: প্রথম আলো
- জেরুজালেমের আল আকসা মসজিদে ফিলিস্তিনি মুসল্লিদের ওপর ইসরাইলি হামলায় আহত ১৬৩ জন। সূত্র: প্রথম আলো

**১০ মে, সোমবার**

- যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের একদল গবেষক কম খরচে করোনাভাইরাস শনাক্তে 'সাইবারগ্রিন পদ্ধতি' উদ্ভাবন করেছেন। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৬ হাজার ৮৪৮ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১,৫১৪। সুস্থ ২,১১৫ ও ৩৮ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- যুক্তরাষ্ট্রে ১২ থেকে ১৫ বছর বয়সী মার্কিন শিশু ও কিশোরদের জন্য ফাইজার-বায়োএনটেকের তৈরি করোনাভাইরাস প্রতিরোধে টিকার অনুমোদন। সূত্র: ইত্তেফাক

- ভারতের রাজভবনে পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের মন্ত্রিসভায় ৪৪ সদস্য শপথ নেন। করোনা পরিস্থিতির কারণে রাজভবনে মাত্র ছয় মিনিটের মধ্যে শপথ অনুষ্ঠান শেষ হয়। সূত্র: সমকাল

**১১ মে, মঙ্গলবার**

- পবিত্র রমজান মাসে ফিলিস্তিনের আল-আকসা মসজিদে ইসরাইলি বর্বর হামলার নিন্দা জানিয়ে ফিলিস্তিনের প্রেসিডেন্ট মাহমুদ আব্বাসকে প্রধানমন্ত্রী শেখ হাসিনার চিঠি। সূত্র: যুগান্তর
- দেশে প্রথমবারের মতো রাজধানীর উত্তরা দিয়াবাড়ি এলাকায় পরীক্ষা-নিরীক্ষার জন্য (রিসিভিং টেস্ট) চালানো হয় বিদ্যুৎচালিত মেট্রোরেল। সূত্র: সমকাল
- রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে আগামী ২০ মে পর্যন্ত গাছ কাটা বন্ধের নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৪ হাজার ১৮৪ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১,২৩০। সুস্থ ৩,০৪৪ জন ও ৩৩ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- ইসরাইল ও ফিলিস্তিনের মধ্যে সংঘাত চরম মাত্রা ধারণ করায় ইসরাইলে জরুরি অবস্থা জারি করেছে দেশটির সরকার। সূত্র: কালের কণ্ঠ

**১২ মে, বুধবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা করোনাভাইরাসের কারণে দেশে আর্থিক সংকটে পড়া নন-এমপিও শিক্ষক-কর্মচারীদের ৭৪ হাজার ৮শ’ ১৭ কোটি টাকার এককালীন অনুদান প্রদান করেছেন। সূত্র: কালের কণ্ঠ
- বাংলাদেশকে উপহার হিসেবে দেওয়া চীনের পাঁচ লাখ সিনোফার্ম টিকা ঢাকায় পৌঁছাল। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৫ হাজার ২৯৬ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১,১৪০। সুস্থ ২,৯২৮ ও ৪০ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- রাশিয়ার কাজান শহরের একটি স্কুলে বন্দুকধারীর গুলিতে ১১ জন নিহত। সূত্র: সমকাল



**১৩ মে, বৃহস্পতিবার**

- ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে জাতির উদ্দেশে ভাষণ প্রদান করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: যুগান্তর
- করোনাভাইরাসের উর্ধ্বমুখী প্রবণতা ঠেকাতে মাস্ক পরা বাধ্যতামূলক করতে পুলিশকে বিচারিক ক্ষমতা দেওয়া হবে। গণমাধ্যমকে জনপ্রশাসন প্রতিমন্ত্রী। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৩ হাজার ৪৭১ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১,২৯০। সুস্থ ১,৩৭০ ও ৩১ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- তুরস্কের ইস্তানবুলে অবস্থিত বিখ্যাত মসজিদ আয়া সোফিয়াতে দীর্ঘ ৮৭ বছর পর ঈদের জামাত অনুষ্ঠিত। সূত্র: ইত্তেফাক

**১৪ মে, শুক্রবার**

- সারাদেশে পবিত্র ঈদ-উল-ফিতর উদ্‌যাপিত। দেশবাসীকে ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে বঙ্গভবন থেকে ভিডিয়ো বার্তায় শুভেচ্ছা জানান রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। সূত্র: ইত্তেফাক
- নোয়াখালীর দ্বীপ উপজেলা হাতিয়ার ভাসানচরে প্রথম রোহিঙ্গাদের ঈদ-উল- ফিতর উদ্‌যাপন। সূত্র: কালের কণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ৭ হাজার ৮৩৫ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৮৪৮। সুস্থ ৮,৫২ ও ২৬ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- নেপালের ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী হিসেবে কেপি শর্মা ওলিকে আবারও প্রধানমন্ত্রী নিয়োগ দেন দেশটির প্রেসিডেন্ট। সূত্র: ইত্তেফাক

**১৫ মে, শনিবার**

- করোনাভাইরাস সংক্রমণ পরিস্থিতি বিবেচনায় চলমান পূর্বের সকল বিধিনিষেধ ও কার্যক্রমের মেয়াদ ১৬ মে মধ্যরাত থেকে আগামী ২৩ মে মধ্যরাত পর্যন্ত এক সপ্তাহ বাড়িয়ে মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপন জারি। সূত্র: ইত্তেফাক
- মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানের চলমান ছুটি আগামী ২৯ মে পর্যন্ত বৃদ্ধি করে শিক্ষা মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তি। সূত্র: ইত্তেফাক

- গত ২৪ ঘণ্টায় দেশে ৩ হাজার ৭৫৮ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২৬১। সুস্থ ৯,০৬৪ ও ২২ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- ফিলিস্তিনের গাজায় ইসরাইলি ক্ষেপণাস্ত্র হামলায় গুঁড়িয়ে দেয়া হয়েছে আন্তর্জাতিক বার্তা সংস্থা অ্যাসোসিয়েটেড প্রেস (এপি) ও কাতারভিত্তিক সংবাদমাধ্যম আলজাজিরার কার্যালয়। সূত্র: প্রথম আলো
- জাতিসংঘে গণহত্যা প্রস্তাব অনুমোদনের আহ্বান জানিয়েছে জাপানে লিবারেল ডেমোক্র্যাটিক পার্টির পররাষ্ট্র বিষয়ক বিভাগ। সূত্র: ইত্তেফাক

**১৬ মে, রবিবার**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের আদেশক্রমে র‍্যাবে প্রথমবারের মতো ৪৮ পুলিশ সুপারকে উপপরিচালক পদে পদায়ন। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তি। সূত্র: যুগান্তর
- ফিলিস্তিনে ইসরাইলি বিমান হামলার তীব্র নিন্দা জানিয়ে প্রেসিডেন্ট মাহমুদ আব্বাসকে প্রধানমন্ত্রী শেখ হাসিনার চিঠি। সূত্র: ইত্তেফাক
- করোনা মহামারির মধ্যে লকডাউনের বিধিনিষেধ বাস্তবায়নে পুলিশকে বিচারিক ক্ষমতা দেওয়ার জন্য ‘সংক্রামক রোগ (প্রতিরোধ, নিয়ন্ত্রণ ও নির্মূল) আইন-২০১৮’ সংশোধনের উদ্যোগ নিয়েছে সরকার। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ৫ হাজার ৪৩০ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩৬৩। সুস্থ ৬০১ ও ২৫ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- ইসরাইলি ও ফিলিস্তিনিদের মধ্যে সহিংসতা বন্ধের ইস্যুতে ফিলিস্তিনকে ইসরাইলের বর্বর হামলা থেকে রক্ষা করার সিদ্ধান্ত ছাড়াই ওআইসির জরুরি উন্মুক্ত ভার্চুয়াল বৈঠক সমাপ্ত। সূত্র: যুগান্তর

**১৭ মে, সোমবার**

- আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৪১তম স্বদেশ প্রত্যাবর্তন দিবস উদ্‌যাপিত। সূত্র: কালের কণ্ঠ
- গণভবন থেকে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে মন্ত্রিসভার ভার্চুয়াল বৈঠক অনুষ্ঠিত। সূত্র: ইত্তেফাক



- চলমান করোনা পরিস্থিতিতে সরকারী কেনাকাটায় মিতব্যয় ও স্বচ্ছতার নির্দেশনা দিয়ে অর্থ মন্ত্রণালয়ের পরিপত্র জারি। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১০ হাজার ৩৪৭ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৬৯৮। সুস্থ ১,০৫৮ ও ৩২ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- বাংলাদেশের সরকার ও জনগণের পক্ষ থেকে কোরিয়া প্রজাতন্ত্রের নবনির্বাচিত প্রধানমন্ত্রী কিম বু-কিয়ামকে অভিনন্দন জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: যুগান্তর
- করোনা মহামারির দ্বিতীয় ধাক্কা পরিস্থিতিতে ভারত থেকে বাংলাদেশিদের ফেরতে নতুন নির্দেশনা দিয়ে ভারতে আটকেপড়া বাংলাদেশি নাগরিকদের দেশে ফেরার জন্য অনাপত্তিপত্র (এনওসি) ইস্যু শুরু কলকাতার বাংলাদেশ উপ-হাইকমিশনের। সূত্র: জনকণ্ঠ
- যুক্তরাষ্ট্রে বাবা-মায়ের সম্মতিতে ৮ মাস বয়সী শিশু এনজো মিনকোলাকে ফাইজার ভ্যাকসিনের দুটি ডোজ দিয়ে সর্বকনিষ্ঠ ভ্যাকসিন গ্রহণকারী সদস্য হিসেবে বিশ্ব রেকর্ড। সূত্র: সংবাদ

**১৮ মে, মঙ্গলবার**

- গণভবন থেকে প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপারসন শেখ হাসিনার সভাপতিত্বে শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত একনেক ভার্চুয়াল সভায় আগামী ২০২১-২০২২ অর্থবছরের বাজেটে পদ্মা সেতুসহ ১০ বড় প্রকল্পের ৪৩ হাজার ৪৭৮ কোটি ৬৭ লাখ টাকার বরাদ্দের প্রস্তাব অনুমোদন। সূত্র: ইত্তেফাক
- শুভেচ্ছা উপহার হিসেবে বাংলাদেশ সরকার ভারতকে বেনাপোল স্থলবন্দর দিয়ে দ্বিতীয় চালানে করোনা প্রতিরোধী ইনজেকশন, ক্যাপসুল, হ্যান্ড স্যানিটাইজারসহ ১৮ প্রকারের ৪ ট্রাক ওষুধ প্রদান। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৬ হাজার ৮৫৫ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১,২৭২। সুস্থ ১,১১৫ ও ৩০ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ

- প্রথম আলোর জ্যেষ্ঠ প্রতিবেদক রোজিনা ইসলামকে হেনস্তা ও গ্রেপ্তারের ঘটনায় উদ্‌বেগ প্রকাশ জাতিসংঘের। সূত্র: ভোরের কাগজ
- ফাইজার ও বায়োএনটেকের যৌথ উদ্যোগে তৈরি করোনার টিকা ফ্রিজে এক মাস রাখা যাবে। ইউরোপীয় ইউনিয়নের ওষুধ নিয়ন্ত্রক সংস্থা। সূত্র: প্রথম আলো
- পাকিস্তানে ঘুষ নিয়ে করোনার টিকা প্রয়োগের পাশাপাশি বিভিন্ন টিকাদান কেন্দ্রে নানা অনিয়মের অভিযোগে লাহোরের ১৮ জন কর্মকর্তাকে বরখাস্ত। সূত্র: প্রথম আলো

**১৯ মে, বুধবার**

- জরুরি বিবেচনায় অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামালের সভাপতিত্বে জাতীয় অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ভার্চুয়াল বৈঠকে চীনের সিনোফার্মার তৈরি সার্স কোভিড টু টিকা সরাসরি ক্রয় পদ্ধতি অনুসরণ করে কেনার প্রস্তাবে নীতিগত অনুমোদন। সূত্র: যুগান্তর
- সচিবালয়ে পেশাগত দায়িত্ব পালনের সময় সরকারি নথি 'চুরির চেষ্টার' অভিযোগে সাংবাদিক রোজিনা ইসলামের বিরুদ্ধে বাংলাদেশে ব্রিটিশ ঔপনিবেশিক আমলের '১৯২৩ সালের অফিসিয়াল সিক্রেটস অ্যাক্টে' প্রথমবারের মতো মামলা দায়ের করেছে স্বাস্থ্য মন্ত্রণালয়। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় দেশে ২০ হাজার ৫২৮ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১,৬০৮। সুস্থ ১,৯২৩ ও ৩৭ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- এশিয়ান-আমেরিকানদের বিরুদ্ধে বিদ্বেষমূলক অপরাধ থামাতে মার্কিন কংগ্রেসে বিল পাস। সূত্র: ইত্তেফাক
- ফিলিস্তিন ও ইসরাইলের সংঘাত এড়ানোর জন্য যুদ্ধবিরতির খসড়া প্রস্তাব জাতিসংঘের নিরাপত্তা পরিষদে ফ্রান্সের উত্থাপিত প্রস্তাবটি আটকে দিয়েছে যুক্তরাষ্ট্র। সূত্র: যুগান্তর
- ইন্ডিয়ান কাউন্সিল অব মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর) ঘরে বসেই করোনাভাইরাসের সংক্রমণ পরীক্ষার র‍্যাপিড এন্টিজেন নামের টেস্ট কিটের অনুমোদন দিয়েছে। সূত্র: যুগান্তর



**২০ মে, বৃহস্পতিবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে যুক্ত হয়ে ৯ জন বিশিষ্ট ব্যক্তি ও একটি প্রতিষ্ঠানকে 'স্বাধীনতা পুরস্কার ২০২১' প্রদান করেন। পুরস্কারপ্রাপ্ত ব্যক্তিদের মধ্যে চার জন মরণোত্তর। তারা হলেন: এ কে এম ফজলুর রহমান, শহীদ আহসান উল্লাহ মাস্টার, ব্রিগেডিয়ার জেনারেল খুরশীদ আহমেদ, আখতারুজ্জামান চৌধুরী বাবু। অন্যরা হলেন: বিজ্ঞান ও প্রযুক্তিতে ড. মৃন্ময় গুহ নিয়োগী, সাহিত্যে মহাদেব সাহা, সংস্কৃতিতে আতাউর রহমান, সঙ্গীতে গাজী মাজহারুল আনোয়ার, সমাজসেবায় অধ্যাপক ডাঃ এম আমজাদ হোসেন। সূত্র: যুগান্তর
- রাষ্ট্রপক্ষের মামলা পরিচালনায় আরও বেশি দায়িত্বশীল ও দায়বদ্ধ করে তোলার লক্ষ্যে দেশের সকল জেলায় নিয়োজিত সরকারি আইন কর্মকর্তাদের মাসিক রিটেইনার ফি ৪-৫ গুণ বাড়িয়েছে সরকার। এছাড়া মামলার শুনানির জন্য দৈনিক ফি এবং ভ্যালুয়েশন ফিও বাড়ানো হয়েছে। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৯ হাজার ৪৩৭ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১,৪৫৭। সুস্থ ১,৩৮৭ জন ও ৩৬ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- ব্ল্যাক ফাঙ্গাস বা মিউকোরমাইকোসিসকে মহামারি ঘোষণা ভারত সরকারের। সূত্র: যুগান্তর
- ইউরোপীয় ইউনিয়নের কর্মকর্তাদের ওপর থেকে নিষেধাজ্ঞা না তুললে ইউরোপে চীনের বিনিয়োগে নিষেধাজ্ঞা ইইউ'র। সূত্র: ইত্তেফাক

**২১ মে, শুক্রবার**

- দেশের দরিদ্র ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর দক্ষতা উন্নয়ন ও জীবিকা নির্বাহে সহায়তা করতে অ্যাকসিলারেটিং অ্যান্ড স্ট্রেনদেনিং স্কিলস ফর ইকোনমিক ট্রান্সফরমেশন (এএসএসইটি) ও রেসিলিয়েন্স এন্ট্রাপ্রেনিউরশিপ অ্যান্ড লাইভলি ইমপ্রুভমেন্ট (আরইএলআই) শীর্ষক দুই প্রকল্পে ৬০ কোটি ডলার বা ৫ হাজার ১০০ কোটি টাকা ঋণ অনুমোদন দিয়েছে বিশ্বব্যাংকের বোর্ড সভা। সূত্র: ইত্তেফাক

- ভারতের করোনাভাইরাস সংক্রমণ পরিস্থিতির কারণে দেশটির সঙ্গে চলমান স্থলসীমান্ত বন্ধের মেয়াদ আগামী ৩১ মে পর্যন্ত (আট দিন) বাড়িয়ে বাংলাদেশ পররাষ্ট্র মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তি প্রকাশ। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৮ হাজার ২৯৪ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষা। শনাক্ত ১,৫০৪ জনের, সুস্থ ১,৫২৯ জন ও ২৬ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- জাতিসংঘ সদর দফতরে বাংলাদেশের জন্য চিফ অব স্টাফ অফিসারসহ মিলিটারি অবজারভার ও স্টাফ অফিসারের ২০টি অতিরিক্ত পদ বরাদ্দ। আন্তঃবাহিনী জনসংযোগ পরিদফতর (আইএসপিআর)। সূত্র: জনকণ্ঠ
- যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ক্ষমতায় থাকাকালে বক্তব্য-বিবৃতিতে করোনাভাইরাসকে ব্যঙ্গ করে 'চায়না ভাইরাস', 'উহান ভাইরাস', 'কুংফু ভাইরাস'– এমন নানা নামে উল্লেখ করায় তার এমন ব্যঙ্গ চীনা ও এশিয়ান-আমেরিকানদের 'মানসিক কষ্ট' দিয়েছে বলে ট্রাম্পের নামে বেসরকারি সংস্থা চায়নিজ আমেরিকান সিভিল রাইটস কোয়ালিশন সংস্থার নিউইয়র্কের আদালতে মামলা। সূত্র: প্রথম আলো

**২২ মে, শনিবার**

- বঙ্গবন্ধু অ্যাভিনিউতে মৎস্যজীবী লীগের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে ভিডিয়ো বার্তায় শুভেচ্ছা জানান আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: ভোরের কাগজ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১২ হাজার ২৩০ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১,০২৮। সুস্থ ৭৫৯ ও ৩৮ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- মিয়ানমারে বিরোধী আন্দোলনে যুক্ত হওয়ার অভিযোগে এক লাখ ২৫ হাজারের বেশি স্কুল শিক্ষককে চাকরিচ্যুত করেছে জান্তা সরকার। সূত্র: ইত্তেফাক
- বিজ্ঞানী আলবার্ট আইনস্টাইনের হাতে লেখা একটি চিঠি যুক্তরাষ্ট্রে নিলামে ১২ লাখ ডলারে বিক্রি। সূত্র: সমকাল



**২৩ মে, রবিবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনের মূল অনুষ্ঠানে সংযুক্ত হয়ে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ২২৫টি স্থাপনার উদ্‌বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। সূত্র: ইত্তেফাক
- করোনাভাইরাসের সংক্রমণ নিয়ন্ত্রণে চলমান বিধিনিষেধ আরও সাত দিন বাড়িয়ে ৩০ মে পর্যন্ত করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপন জারি। সূত্র: সমকাল
- বাংলাদেশি পাসপোর্টধারীদের ইসরাইল ভ্রমণের ওপর আগের মতোই নিষেধাজ্ঞা বহাল রেখে বাংলাদেশ পাসপোর্টে সংশোধন। 'দিস পাসপোর্ট ইজ ভ্যালিড ফর অল কান্ট্রিজ অব দ্য ওয়ার্ল্ড একসেপ্ট ইসরাইল' লেখা থেকে 'একসেপ্ট ইসরাইল' বাদ দেওয়া হয়েছে ই-পাসপোর্টে। বাংলাদেশ পররাষ্ট্র মন্ত্রণালয়ের বিবৃতি। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৫ হাজার ২০৫ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১,৩৫৪। সুস্থ ৮৯৯ জন ও ২৮ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- সৌদি আরবে আজান ও ইকামাত ছাড়া মসজিদে মাইক ব্যবহারে বিধিনিষেধ আরোপ করেছে দেশটির ইসলাম বিষয়ক মন্ত্রণালয়। সূত্র: জনকণ্ঠ
- মিরপুর শেরেবাংলা স্টেডিয়ামে প্রথম ওয়ানডে ম্যাচে শ্রীলঙ্কার বিপক্ষে ৩৩ রানে জয় পেল বাংলাদেশ। এ জয়ে টাইগারদের অভিনন্দন প্রধানমন্ত্রী শেখ হাসিনার। সূত্র: সমকাল

**২৪ মে, সোমবার**

- প্রিন্স অব ওয়েলস চার্লস ফিলিপ আর্থার জর্জ আহ্বানে 'এশিয়া রিজিওনাল কমনওয়েলথ হেডস অব গভর্নমেন্ট'-এর গোলটেবিল আলোচনায় গণভবন থেকে ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে অংশগ্রহণ করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: প্রথম আলো

- বাংলা একাডেমির মহাপরিচালক একুশে পদকপ্রাপ্ত কবি হাবীবুল্লাহ সিরাজীর (৭৩) মৃত্যু। প্রধানমন্ত্রী শেখ হাসিনার শোক প্রকাশ। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৭ হাজার ৬৮৩ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১,৪৪১। সুস্থ ৮৩৪ ও ২৫ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- সেনা অভ্যুত্থানের পর গ্রেফতার মিয়ানমারের নেত্রী অং সান সু চিকে প্রথমবারের মতো সশরীরে আদালতে হাজির করে দেশটির প্রশাসন। সূত্র: জনকণ্ঠ
- অবরুদ্ধ ফিলিস্তিনি ভূখণ্ড গাজায় টানা ১১ দিন আগ্রাসনের পর ব্যর্থতা নিয়েই ইসরাইলি গোয়েন্দা সংস্থা মোসাদের প্রধান ইয়োসি কোহেনের পদত্যাগ। সূত্র: কালের কণ্ঠ
- মন্ত্রিসভা পুনর্গঠনের পর মালিতে সামরিক বাহিনীর সদস্যরা দেশটির অন্তর্বর্তী প্রেসিডেন্ট, প্রধানমন্ত্রী ও প্রতিরক্ষামন্ত্রীকে আটক করেছে। সূত্র: কালের কণ্ঠ

**২৫ মে, মঙ্গলবার**

- গণভবনে টিএসসির স্থাপত্য-সংক্রান্ত ডিজাইন নিয়ে পাওয়ার পয়েন্ট উপস্থাপনা শেষে ঢাকা বিশ্ববিদ্যালয়ে আধুনিক ও পরিবেশ-বান্ধব ছাত্র শিক্ষক কেন্দ্র (টিএসসি) ভবন নির্মাণের জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: সমকাল
- গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে জাতিসংঘের ৭৫তম সাধারণ অধিবেশনের সভাপতি (ইউএনজিএ) ভলকান বজকি সৌজন্য সাক্ষাত করেন। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৬ হাজার ৬২৪ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১,৬৭৫। সুস্থ ১,২৭৯ ও ৪০ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- করোনা পরিস্থিতিতে ভ্রমণ নিষেধাজ্ঞার কারণে বিভিন্ন দেশে আটকেপড়া প্রবাসীদের ইকামার (বসবাসের অনুমতি) ও ভিসার মেয়াদ আগামী ২ জুন পর্যন্ত বাড়ানোর ঘোষণা দিয়েছে সৌদি সরকার। সূত্র: প্রথম আলো



- শ্রীলঙ্কার বিরুদ্ধে প্রথম ওয়ানডে সিরিজ জয়ে বাংলাদেশ ক্রিকেট দল, কোচিং স্টাফ ও ব্যবস্থাপনা সংশ্লিষ্ট সবাইকে অভিনন্দন জানিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: ইত্তেফাক

**২৬ মে, বুধবার**

- বাংলাদেশের পক্ষ থেকে ফিলিস্তিনকে সহায়তা হিসেবে ৫০ হাজার মার্কিন ডলার (প্রায় চার কোটি ২৪ লাখ টাকা) দেয়ার ঘোষণা দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় এক অনুষ্ঠানে এই তথ্য জানান পররাষ্ট্রমন্ত্রী। সূত্র: জনকণ্ঠ
- জাতিসংঘের সাধারণ পরিষদের ৭৫ম অধিবেশনের সভাপতি ভলকান ভোজকি রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শন করেন। সূত্র: ইত্তেফাক
- ময়মনসিংহে স্টিলের একটি আর্চ সেতু নির্মাণ কাজের জন্য বাংলাদেশকে ২৬ কোটি ডলারের ঋণ অনুমোদন করেছে বেইজিংভিত্তিক ঋণদাতা প্রতিষ্ঠান 'এশিয়ান ইনফ্রাস্ট্রাকচার ইনভেস্টমেন্ট ব্যাংক '(এআইআইবি)। সূত্র: সমকাল
- দেশে আমদানি হওয়া পেট্রোলিয়াম বিটুমিন পণ্য সরকার নির্ধারিত তিন প্রতিষ্ঠানের মাধ্যমে গুণগত মান পরীক্ষা বাধ্যতামূলক করে বাণিজ্য মন্ত্রণালয়ের আদেশ জারি। সূত্র: কালের কণ্ঠ
- ভার্চুয়াল সংবাদ সম্মেলনে আগামী ১৩ জুন থেকে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ের সব শিক্ষা প্রতিষ্ঠান খুলে দেয়ার ঘোষণা শিক্ষামন্ত্রীর। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৬ হাজার ৪১৬ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১,৪৯৭। সুস্থ ১,০৫৬ ও ১৭ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- ইসরাইলের হামলায় ক্ষতিগ্রস্ত ফিলিস্তিনের গাজা শহর পুনর্গঠনের জন্য সহায়তার ঘোষণা দিয়েছে যুক্তরাষ্ট্র। সূত্র: প্রথম আলো

**২৭ মে, বৃহস্পতিবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভিডিয়ো কনফারেন্সিংয়ের মাধ্যমে মধুখালী-কামারখালী-মাগুরা নতুন রেললাইন নির্মাণ প্রকল্পের

ভিত্তিপ্রস্তর স্থাপন এবং 'ম্যাংগো স্পেশাল ট্রেন' ও রাজধানীর আগারগাঁওয়ে নবনির্মিত ডাক ভবনের উদ্‌বোধন করেন। সূত্র: ইত্তেফাক ও সমকাল

- দেশে জরুরি ব্যবহারের জন্য ফাইজার ও বায়োএনটেকের যৌথ উদ্যোগে বেলজিয়ামের তৈরি প্রতিরোধী চারটি করোনাভাইরাস টিকার অনুমোদন দিয়েছে ঔষধ প্রশাসন অধিদপ্তর। সূত্র: কালের কণ্ঠ
- করোনাভাইরাস সংক্রমণ পরিস্থিতি নিয়ন্ত্রণে থাকা সাপেক্ষে আগামী ১৩ জুন থেকে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ের শিক্ষাপ্রতিষ্ঠানগুলো খোলা এবং শিক্ষা কার্যক্রম পরিচালনার প্রয়োজনীয় প্রস্তুতিমূলক ব্যবস্থা গ্রহণের নির্দেশনা জারি করেছে শিক্ষা মন্ত্রণালয়। সূত্র: সমকাল
- দেশের সব শিক্ষা বোর্ডের ২০২২ সালের এসএসসি ও সমমান এবং এইচএসসি ও সমমান পরীক্ষার জন্য পুনর্বিন্যাস করা সংক্ষিপ্ত পাঠ্যসূচি প্রকাশ। সূত্র: জনকণ্ঠ
- অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামালের সভাপতিত্বে অনুষ্ঠিত সরকারী ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ভার্চুয়াল বৈঠকে চীনের সিনোফার্মের টিকা ১০ ডলার করে মোট দেড় কোটি ডোজ 'সার্স কোভ-২' ভ্যাকসিন ভ্যালুসেল ক্রয়ের জন্য ১৫০ মিলিয়ন মার্কিন ডলারের প্রস্তাব অনুমোদন। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৫ হাজার ৯১৫ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১,২৯২। সুস্থ ১,২৯১ ও ২২ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- সিরিয়ার প্রেসিডেন্ট হিসেবে বাশার আল আসাদ চতুর্থবারের মতো নির্বাচিত। সূত্র: জনকণ্ঠ
- করোনাভাইরাসের উৎস খুঁজতে আমেরিকার গোয়েন্দা সংস্থাগুলোকে তাদের চেষ্টা দ্বিগুণ করতে এবং বিষয়টি নিয়ে ৯০ দিনের মধ্যে রিপোর্ট জমা দিতে নির্দেশ দিয়েছে দেশটির প্রেসিডেন্ট জো বাইডেন। সূত্র: জনকণ্ঠ
- নোবেলজয়ী অর্থনীতিবিদ অমর্ত্য সেনের সমাজবিজ্ঞান বিভাগে স্পেনের সর্বোচ্চ পুরস্কার 'প্রিন্সেস অব অস্টুরিয়াস অ্যাওয়ার্ড' অর্জন। সূত্র: যুগান্তর



**২৮ মে, শুক্রবার**

- দেশে প্রথমবারের মতো জাতীয় হৃদরোগ ইনস্টিটিউটে ২-৩ ইঞ্চি ফুটো করে এমআইসিএস পদ্ধতিতে হার্টের ডাবল ভাল্ব-এর সফল প্রতিস্থাপন। সূত্র: সমকাল
- জাতিসংঘ শান্তিরক্ষা কার্যক্রমে কর্তব্যরত অবস্থায় নিহত আট বাংলাদেশিসহ বিশ্বের ৪৪টি দেশের ১২৯ জন শান্তিরক্ষীকে সর্বোচ্চ ত্যাগের জন্য শান্তিরক্ষী দিবস উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে দ্যাগ হ্যামারশোল্ড মেডেল প্রদান করে জাতিসংঘ। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৪ হাজার ৬০৬ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১,৩৫৮। সুস্থ ১,০৬৪ ও ৩১ জনের মৃত্যু। এ পর্যন্ত মৃত্যু হয়েছে মোট ১২ হাজার ৫১১ জনের। সূত্র: জনকণ্ঠ
- জার্মানি, যুক্তরাষ্ট্র ও কানাডায় ১২ থেকে ১৫ বছর বয়সী শিশুদের জন্য প্রথমবারের মতো ফাইজার বায়োএনটেকের করোনাভাইরাসের টিকার অনুমোদন করেছে ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) ওষুধ পর্যবেক্ষক সংস্থা (ইএমএ)। সূত্র: সমকাল
- ভারতের নাগরিকত্ব সংশোধনী আইনের অধীনে গুজরাট, রাজস্থান, ছত্তিশগড়, হরিয়ানা ও পাঞ্জাব- এই পাঁচ রাজ্যের ১৩ জেলায় বসবাসরত বাংলাদেশ, আফগানিস্তান ও পাকিস্তান থেকে আসা অমুসলিম বাসিন্দাদের নাগরিকত্ব দেওয়ার ঘোষণা দিয়ে দেশটির কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আদেশ জারি। সূত্র: সমকাল

**২৯ মে, শনিবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ঢাকা সেনানিবাসের সেনাকুঞ্জে 'আন্তর্জাতিক জাতিসংঘ শান্তিরক্ষী দিবস ২০২১' উদ্‌যাপন অনুষ্ঠানে ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বিশ্ব শান্তি প্রতিষ্ঠার ক্ষেত্রে সহযোগিতায় বাংলাদেশের দৃঢ় অঙ্গীকার ব্যক্ত করে বলেন, বাংলাদেশ জাতিসংঘ নিরাপত্তা পরিষদের অধীনে বিশ্বের যে কোনো প্রান্তে শান্তি প্রতিষ্ঠায় সদা প্রস্তুত রয়েছে, এটা জাতিসংঘকে আমি স্পষ্টভাবে জানিয়ে দিতে চাই। সূত্র: ইত্তেফাক

- প্রবাসী কর্মীদের সমস্যা দ্রুত সমাধানের জন্য প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের নির্দেশনায় কুইক রেসপন্স টিম গঠন। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৩ হাজার ১৮৪ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১,০৪৩। সুস্থ ১,১৭৮ ও ৩৮ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন দায়িত্ব নেওয়ার প্রথম বছরেই জলবায়ু ও পরিবেশ বিষয়ক কর্মসূচিকে গুরুত্ব দিয়ে ছয় ট্রিলিয়ন ডলারের বাজেট প্রস্তাব। সূত্র: সমকাল
- কানাডায় পুরনো আবাসিক স্কুলের নিচে গণকবরের সন্ধান। দেশের ইতিহাসের লজ্জাজনক অধ্যায় বলে মন্তব্য করেন দেশটির প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডো। সূত্র: যুগান্তর

**৩০ মে, রবিবার**

- দক্ষিণ কোরিয়ার রাজধানী সিউলে অনুষ্ঠিত পি৪জির দুদিনব্যাপী সম্মেলনে ভিডিয়ো বার্তা প্রদান করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এবার এই সম্মেলনের প্রতিপাদ্য: 'ইনক্লুসিভ গ্রিন রিকভারি টুওয়ার্ডস কার্বন নিউট্রালিটি'। সূত্র: কালের কণ্ঠ
- জাতীয় সংসদ ভবনে অনুষ্ঠিত সংসদ সচিবালয় কমিশনের ৩২তম বৈঠকে আসন্ন ২০২১-২০২২ অর্থবছরে 'জাতীয় সংসদ সচিবালয়ের জন্য' উন্নয়ন ও অনুন্নয়ন খাতে মোট ৩৩৬ কোটি ১৪ লাখ টাকার প্রাক্কলিত বাজেট অনুমোদন। সূত্র: জনকণ্ঠ
- রোগতত্ত্ব, রোগনিয়ন্ত্রণ ও গবেষণা প্রতিষ্ঠান (আইইডিসিআর) এর নিয়মিত ব্রিফিংয়ে পরিচালক অধ্যাপক ডা. তাহমিনা শিরীন গণমাধ্যমকে বলেন, দেশে নতুন নতুন করোনাভাইরাসের ভ্যারিয়েন্ট শনাক্ত হচ্ছে। দেশে এ যাবৎ ২৬৩টি সিকোয়েন্স করা হয়েছে। তার মধ্যে এখন পর্যন্ত ২৭টি ইউকে ভ্যারিয়েন্ট, ৮৫টি সাউথ আফ্রিকান ভ্যারিয়েন্ট, পাঁচটি নাইজেরিয়ান ভ্যারিয়েন্ট এবং ২৩টি ভারতের ভ্যারিয়েন্ট মিলেছে। সূত্র: যুগান্তর



- করোনাভাইরাস (কোভিড-১৯) সংক্রমণ রোধে চলমান লকডাউনের মেয়াদ ৭ দিন বাড়িয়ে ৬ জুন মধ্যরাত পর্যন্ত করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপন জারি। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৪ হাজার ২৭৭ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১,৪৪৪। সুস্থ ১,৩৯৭ ও ৩৪ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- চীনের দৃষ্টিহীন পর্বতারোহী ঝাং হং (৪৬) এর মাউন্ট এভারেস্ট জয়। সূত্র: প্রথম আলো

**৩১ মে, সোমবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে সচিবালয়ে মন্ত্রিসভার ভার্চুয়াল বৈঠকে ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২১-এর খসড়া নীতিগত অনুমোদন। সূত্র: ইত্তেফাক
- করোনা সংক্রমণের ঝুঁকিতে থাকা সীমান্তবর্তী ৭ জেলায় লকডাউনের বিষয়ে সংশ্লিষ্ট জেলা প্রশাসক (ডিসি) সিদ্ধান্ত নিতে পারবেন। মন্ত্রিসভার ভার্চুয়াল বৈঠক শেষে সাংবাদিকদের মন্ত্রিপরিষদ সচিব। সূত্র: জনকণ্ঠ
- আন্তর্জাতিক নৈতিক মান নিরীক্ষা (ইথিক্যাল অডিট) সূচকে প্রথমবারের মতো বাংলাদেশি পোশাক কারখানার উৎপাদন ব্যবস্থা দ্বিতীয় স্থান লাভ। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৮ হাজার ১৭৮ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১,৭১০। সুস্থ ১,৫৬৭ ও ৩৬ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- করোনাভাইরাস মহামারি মোকাবিলায় জাতীয় দুর্যোগ ত্রাণ তহবিলের জন্য মালয়েশিয়ার প্রধানমন্ত্রী ত্যান শ্রি মুহিউদ্দিন ইয়াসিন ও মন্ত্রিপরিষদের সদস্যগণ জুন মাস থেকে মোট তিন মাস বেতন না নেয়ার ঘোষণা দিয়েছেন। সূত্র: জনকণ্ঠ
- নাইজেরিয়ার নাইজার প্রদেশের তেজিনা শহরের এক ধর্মীয় শিক্ষাপ্রতিষ্ঠান থেকে বন্দুকধারীরা প্রায় দুইশ' শিক্ষার্থীকে অপহরণ করে। সূত্র: যুগান্তর

## জুন

### ১ জুন, মঙ্গলবার

- প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপারসন শেখ হাসিনার সভাপতিত্বে শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত একনেক ভার্চুয়াল সভায় পাঁচ হাজার ২৩৯ কোটি ৬২ লাখ টাকা ব্যয়ে ৯ প্রকল্প অনুমোদন। সভায় প্রাথমিক শিক্ষার্থীদের দুপুরের খাবারের জন্য প্রস্তাবিত খিচুড়ি প্রকল্প বাতিল করে নতুন আঙ্গিকে প্রকল্প তৈরির নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী। সূত্র: যুগান্তর
- জাপানের কোবে বন্দর থেকে জাহাজে যাত্রা করে মেট্রোরেলের ছয় কোচের দ্বিতীয় ট্রেন সেট ঢাকায় পৌঁছাল। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৮ হাজার ২৫০ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১,৭৬৫। সুস্থ ১,৭৭৯ ও ৪১ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- চীনের সিনোভ্যাক বায়োটেক কোম্পানির টিকা জরুরি ব্যবহারের অনুমোদন দিয়েছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা। সূত্র: কালের কণ্ঠ
- চীনে প্রথমবারের মতো মানবদেহে এইট১০এনত বার্ড ফ্লুর ভাইরাস শনাক্ত। সূত্র: ইত্তেফাক

### ২ জুন, বুধবার

- সাংবিধানিক বাধ্যবাধকতার কারণে করোনা পরিস্থিতির মধ্যে কঠোর সতর্কতা মেনে জাতীয় সংসদের বাজেট (ত্রয়োদশ) অধিবেশন শুরু। সংসদে প্রশ্নোত্তর পর্বে সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য বেগম মনিরা সুলতানের এক প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, করোনাভাইরাসের টিকা সংগ্রহের পাশাপাশি দেশে উৎপাদনেরও প্রক্রিয়া চলছে। এ লক্ষ্যে প্রযুক্তি হস্তান্তরের বিষয়ে বিভিন্ন দেশ ও উৎপাদনকারী প্রতিষ্ঠানের সঙ্গে আলোচনা চলছে। সূত্র: ইত্তেফাক
- সচিবালয়ে আইনশৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ষষ্ঠ সভায় বঙ্গবন্ধুর আত্মস্বীকৃত চার খুনী শরিফুল হক ডালিম, নূর চৌধুরী, রাশেদ চৌধুরী ও মোসলেহ উদ্দিনের রাষ্ট্রীয় খেতাব ও পদক বাতিলের সিদ্ধান্ত। সূত্র: জনকণ্ঠ



- গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে কপ-২৬-এর সভাপতি অলোক শর্মার সৌজন্য সাক্ষাৎ। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ২০ হাজার ২৫৯ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১,৯৮৮। সুস্থ ১,৯১৪ ও ৩৪ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- যুক্তরাষ্ট্রের ওকলাহামা অঙ্গরাজ্যের টুলসা শহরের গ্রিনউডে ১৯২১ সালে আফ্রিকান-আমেরিকানদের মধ্যে দাঙ্গায় ৩০০ কৃষ্ণাঙ্গ প্রাণ হারায়। আমেরিকার ইতিহাসের বর্ণবাদী এই কালো অধ্যায়ের শতবর্ষ পর প্রথমবারের মতো দেশটির প্রেসিডেন্ট জো বাইডেন দিনটি আনুষ্ঠানিক স্মরণ করেন। সূত্র: কালের কণ্ঠ
- রাশিয়ার পার্লামেন্টের উচ্চকক্ষে বিরোধী দমনে 'চরমপন্থী' আইন পাস। সূত্র: কালের কণ্ঠ

### ৩ জুন, বৃহস্পতিবার

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপস্থিতিতে সংসদ ভবনে মন্ত্রিপরিষদের বিশেষ বৈঠকে ২০২১-২২ অর্থবছরের জন্য ৬ লাখ ৩ হাজার ৬৮১ কোটি টাকার বাজেট অনুমোদন। সূত্র: ইত্তেফাক
- অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল জাতীয় সংসদে ২০২১-২২ অর্থবছরের অনুমোদিত বাজেট উপস্থাপন করেন। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৬ হাজার ৯৭২ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১,৬৮৭। সুস্থ ১,৯৭০ ও ৩০ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- জি-৭ প্রেসিডেন্সিতে ব্রিটিশ সরকারের প্রথমবারের মতো আয়োজিত ইভেন্ট ভ্যাকসিন কনফিডেন্স সামিটে ইংল্যান্ডে জাতীয় স্বাস্থ্যসেবা খাতে (এনএইচএস) কর্মরত বাংলাদেশি চিকিৎসক তাসনিম জারাকে 'ভ্যাকসিন লুমিনারি' হিসেবে স্বীকৃতি দিয়েছে দেশটির সরকার। সূত্র: ভোরের কাগজ
- ইসরাইলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহুকে ক্ষমতাচ্যুত করে জোট সরকার গঠনে আনুষ্ঠানিক চুক্তি স্বাক্ষর করেছে দেশটির বিরোধী দলের নেতারা। সূত্র: যুগান্তর

**৪ জুন, শুক্রবার**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ 'বিশ্ব পরিবেশ দিবস-২০২১' উপলক্ষ্যে বাণী প্রদান করেন। বাণীতে তিনি উন্নয়নকে টেকসই করতে সকল পর্যায়ে পরিবেশ সুরক্ষার বিষয়টি নিশ্চিত করতে সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানান। সূত্র: কালের কণ্ঠ
- দেশে 'প্রথম জাতীয় চা দিবস-২০২১' উপলক্ষ্যে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাণী প্রদান করেন। সূত্র: সংবাদ
- ইউনেস্কোর সাংস্কৃতিক বৈচিত্র্য শীর্ষক কনভেনশন ২০০৫-এর আন্তঃরাষ্ট্রীয় কমিটির ৮ম সাধারণ সভায় ২০২১-২০২৫ মেয়াদে প্রথমবারের মতো নির্বাচিত বাংলাদেশ। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৮ হাজার ৪৫৯ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১,৮৮৭। সুস্থ ১,৭২৩ ও ৩৪ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- তিন থেকে ১৭ বছর বয়সের শিশুদের সিনোভ্যাকের কোভিড-১৯ টিকা দেওয়ার জরুরি অনুমোদন চীনের। সূত্র: জনকণ্ঠ
- ফরাসি সাহিত্যিক ডেভিড ডিওপ 'অ্যাট নাইট অল ব্লাড ইস ব্ল্যাক' উপন্যাসের জন্য প্রথম ফরাসি হিসেবে ২০২১ সালের বুকার পুরস্কার পেলেন। সূত্র: জনকণ্ঠ
- রাশিয়া ভ্রমণে যাওয়া বিদেশিদের বিনামূল্যে কোভিড-১৯ এর টিকা দেওয়ার পরিকল্পনা। সেন্ট পিটার্সবুর্গ ইকোনমিক ফোরামে (এসপিআইইএফ) ভাষণে দেশটির প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন এই পরিকল্পনার কথা বলেন। সূত্র: জনকণ্ঠ

**৫ জুন, শনিবার**

- গণভবনে 'জাতীয় বৃক্ষরোপণ অভিযান-২০২১' উদ্‌বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: জনকণ্ঠ
- চীনা টিকার দাম জানানো মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব শাহিদা আকতারকে 'জনপ্রশাসন মন্ত্রণালয়ে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওএসডি)' করে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন জারি। সূত্র: সমকাল



- গত ২৪ ঘণ্টায় দেশে ১৩ হাজার ১১৫ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১,৪৪৭। সুস্থ ১,৬৬৭ ও ৪৩ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- করোনাভাইরাসের দ্বিতীয় ঢেউয়ে বিপর্যস্ত ভারতের মধ্যপ্রদেশে বিভিন্ন দাবিতে একযোগে প্রায় তিন হাজার জুনিয়র চিকিৎসকের পদত্যাগ। সূত্র: যুগান্তর
- লন্ডনে জি-৭ এর অর্থমন্ত্রীদের বৈঠকে গুগল, অ্যাপল এবং অ্যামাজনের মতো বহুজাতিক কোম্পানিগুলোর ওপর ১৫ শতাংশ কর আরোপের সিদ্ধান্ত। সূত্র: সমকাল

**৬ জুন, রবিবার**

- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে সপরিবারে হত্যায় জড়িত এবং আদালতে মৃত্যুদণ্ডপ্রাপ্ত পলাতক চার আত্মস্বীকৃত খুনির মুক্তিযোদ্ধা খেতাব বাতিল করে প্রজ্ঞাপন জারি করেছে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়। সূত্র: যুগান্তর
- করোনাভাইরাসের সংক্রমণ নিয়ন্ত্রণে সর্বশেষ ঘোষণা অনুযায়ী চলমান বিধিনিষেধ আরেক দফা বাড়িয়ে ১৬ জুন পর্যন্ত করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপন জারি। সূত্র: প্রথম আলো
- বাংলাদেশে জরুরি ব্যবহারের জন্য চীনের 'সিনোভ্যাক লাইফ সায়েন্সেস কোম্পানি' উদ্ভাবিত করোনাভাইরাসের টিকা ঔষধ প্রশাসন অধিদপ্তরের অনুমোদন। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৫ হাজার ৬১৩ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১,৬৭৬। সুস্থ ১,৮৯৭ ও ৩৮ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- পশ্চিম আফ্রিকান দেশ বুরকিনা ফাসোর উত্তরাঞ্চলীয় এলাকার একটি গ্রামে সশস্ত্র হামলায় ১৩৮ জন নিহত। সূত্র: সমকাল

**৭ জুন, সোমবার**

- ঐতিহাসিক ৬ দফা দিবস পালিত। দিবসটি উপলক্ষ্যে ভার্চুয়াল ভাষণে প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা বলেন, ছয় দফা

ছিল বাঙালির মুক্তির সনদ এবং এই ছয় দফার ভিত্তিতেই সত্তরের নির্বাচন এবং আমাদের যুদ্ধে বিজয় এবং আমরা স্বাধীনতা অর্জন করি। সূত্র: জনকণ্ঠ

- জাতীয় সংসদে চলতি ২০২০-২১ অর্থবছরের 'নির্দিষ্টকরণ (সম্পূরক) বিল-২০২১' এর উত্থাপিত ১৩ হাজার ৯৮৭ কোটি ২৭ লাখ টাকার সম্পূরক বাজেট কণ্ঠভোটে পাস। সূত্র: ইত্তেফাক
- জাতিসংঘের সদর দপ্তরে সাধারণ পরিষদে অনুষ্ঠিত নির্বাচনে সর্বসম্মতিক্রমে এশিয়া-প্যাসিফিক অঞ্চল থেকে ৭৬তম অধিবেশনের সহসভাপতি নির্বাচিত বাংলাদেশ। সূত্র: প্রথম আলো
- ৮ বিভাগের ৩৮৮ উপজেলার ১২ হাজার ১১৬ জন বীর মুক্তিযোদ্ধার নামের সমন্বিত তালিকা (তৃতীয় পর্ব) প্রকাশ করেছে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়। সূত্র: সমকাল
- সরকারি কর্মকর্তাদের ১৫০ দিনের বেশি ওএসডি করে রাখার বিধান অবৈধ ঘোষণা করে হাইকোর্টের পূর্ণাঙ্গ রায় প্রকাশ। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৭ হাজার ১৬৯ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১,৯৭০। সুস্থ ১,৯১৮ ও ৩০ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- ভারতে করোনা মহামারির তৃতীয় ঢেউ মোকাবিলায় দেশটির শিশুদের ওপর টিকার ক্লিনিক্যাল ট্রায়াল শুরু অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সের (এইমস)। সূত্র: কালের কণ্ঠ

**৮ জুন, মঙ্গলবার**

- প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপারসন শেখ হাসিনার সভাপতিত্বে শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত একনেক ভার্চুয়াল সভায় ছয় হাজার ৬৫১ কোটি ৩৪ লাখ টাকা ব্যয়ে ১০ প্রকল্প অনুমোদন। সূত্র: জনকণ্ঠ
- জাতীয় পরিচয়পত্র নিবন্ধন (এনআইডি) কার্যক্রম স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা বিভাগে হস্তান্তরের বিষয়ে নিজের বক্তব্য তুলে ধরে মন্ত্রিপরিষদ বিভাগে চিঠি দিয়েছে নির্বাচন কমিশন। সূত্র: ইত্তেফাক



- বাংলাদেশ ও অস্ট্রিয়ার মধ্যে বিমান চলাচলের চুক্তি (এএসএ) স্বাক্ষর। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৯ হাজার ১৬৫ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২,৩২২। সুস্থ ২,০৬২ ও ৪৪ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- জাতিসংঘ মহাপরিচালক পদে দ্বিতীয় মেয়াদে আন্তোনিও গুতেরেসকে সর্বসম্মতিক্রমে অনুমোদন নিরাপত্তা পরিষদের। সূত্র: ইত্তেফাক

**৯ জুন, বুধবার**

- বিশ্ব অ্যাক্রেডিটেশন দিবস-২০২১ উপলক্ষ্যে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বাণী প্রদান করেন। বাণীতে তিনি বলেন, বাংলাদেশ অত্যন্ত দক্ষতার সাথে জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন অভীষ্টর ১৭টি লক্ষ্য ও ১৬৯টি অভিলক্ষ্য অর্জনে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। জাতিসংঘ ২০৩০ সালের মধ্যে দারিদ্র্য নিরসনে কাজ করছে। সরকার সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের মতো টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জনে সর্বদা সচেষ্ট। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ২০ হাজার ৫৮৪ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২,৫৩৭। সুস্থ ২,২৬৭ ও ৩৬ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- চীনের মতো প্রতিযোগীদের 'অন্যায় বাণিজ্য কৌশল' ঠেকাতে 'স্ট্রাইক ফোর্স' গঠনের ঘোষণা ও সিনেটে বিল অনুমোদন যুক্তরাষ্ট্রের। সূত্র: সংবাদ
- ইসরাইলের বিদায়ী সরকার পূর্ব জেরুজালেমের পুরনো নগরীতে কট্টরপন্থী ইহুদিদের মিছিল করার অনুমতি দিয়েছে। সূত্র: ইত্তেফাক

**১০ জুন, বৃহস্পতিবার**

- 'মুজিববর্ষ' উপলক্ষ্যে গণভবন থেকে ভার্চুয়ালি সারা দেশে ৫০টি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র উদ্‌বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: ইত্তেফাক
- লেফটেন্যান্ট জেনারেল এস এম শফিউদ্দিন আহমেদকে সেনাবাহিনী প্রধান হিসেবে নিয়োগ দিয়ে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন জারি। সূত্র: জনকণ্ঠ

- করোনাভাইরাসের সংক্রমণ বাড়তে থাকায় প্রথম ধাপের ১৬৩ ইউনিয়ন পরিষদ (ইউপি) ও ষষ্ঠ ধাপের ৯টি পৌরসভার নির্বাচন স্থগিত। নির্বাচন কমিশনের ৮২তম সভায় সিদ্ধান্ত। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৯ হাজার ৪৪৭ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২,৫৭৬। সুস্থ ২,০৬১ ও ৪০ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- জো বাইডেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট হওয়ার পর প্রথমবারের মতো তিনদিনের সফরে যুক্তরাজ্য পৌঁছান। ইংল্যান্ডের কর্নওয়ালে জি৭ সম্মেলনে যোগ দেবেন তিনি। সূত্র: জনকণ্ঠ
- বিশ্বের প্রথম দেশ হিসেবে ডিজিটাল মুদ্রা বিটকয়েনকে বৈধতা দিয়েছে মধ্য আমেরিকার দেশ এল সালভাদর। সূত্র: যুগান্তর

**১১ জুন, শুক্রবার**

- আওয়ামী লীগ সভানেত্রী ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার কারামুক্তি দিবস পালন করে দল ও সহযোগী সংগঠন। সূত্র: ইত্তেফাক
- দেশে চলমান করোনাভাইরাস পরিস্থিতি এবং ভর্তি পরীক্ষার প্রাথমিক ও চূড়ান্ত আবেদন প্রক্রিয়া শেষ না হওয়ায় ২০টি সাধারণ এবং বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২০২০-২১ শিক্ষাবর্ষের গুচ্ছ ভর্তি পরীক্ষা সংশ্লিষ্ট কমিটির সভা স্থগিতের সিদ্ধান্ত। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৮ হাজার ৭৭৭ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২,৪৫৪। সুস্থ ২,২৮৬ ও ৪৩ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- যুক্তরাষ্ট্রের ইতিহাসে প্রথম মুসলিম বিচারক হিসেবে জাহিদ কুরাইশিকে ফেডারেল বেঞ্চে নিয়োগে প্রেসিডেন্ট বাইডেনের মনোনয়ন। সূত্র: জনকণ্ঠ
- সৌদি আরব কর্তৃপক্ষ দেশটির শরিয়াহ আইনের '১৬৯ বি' ধারাটি বাতিল করায় পুরুষ অভিভাবকের অনুমতি ছাড়াই সৌদি আরবে একা বসবাস করতে পারবেন প্রাপ্তবয়স্ক নারীরা। সূত্র: ইত্তেফাক



**১২ জুন, শনিবার**

- 'বিশ্ব শিশুশ্রম প্রতিরোধ' দিবস উপলক্ষ্যে বাণী প্রদান করেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। রাষ্ট্রপতি তাঁর বাণীতে বলেন, শিশুশ্রম একটি জাতীয় সমস্যা। উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ গড়তে হলে শিশুর সার্বিক কল্যাণ নিশ্চিত করে তাদের সুযোগ্য নাগরিক হিসেবে গড়ে তোলার কোনো বিকল্প নেই। সূত্র: জনকণ্ঠ
- প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গণভবনে আওয়ামী লীগের সংসদীয় বোর্ডের সভায় শূন্য হওয়া ঢাকা, সিলেট ও কুমিল্লার শূন্য তিন সংসদীয় আসনে দলীয় প্রার্থী চূড়ান্ত করা হয়। সূত্র: জনকণ্ঠ
- শিক্ষাপ্রতিষ্ঠানের চলমান ছুটি আগামী ৩০ জুন পর্যন্ত বাড়িয়ে শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তি। সূত্র: ইত্তেফাক
- দেশে আরও ১৬ বীরাঙ্গনা মুক্তিযোদ্ধার স্বীকৃতি দিয়ে গেজেট জারি করেছে জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১১ হাজার ৫৯০ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১,৬৩৭। সুস্থ ২,১০৮ ও ৩৯ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- চীনের উইঘুর মুসলিমদের বন্দিশিবিরের খবর প্রকাশ করে পুলিৎজারের আন্তর্জাতিক রিপোর্টিং বিভাগে পুরস্কার লাভ করেছেন ভারতীয় বংশোদ্ভূত তরুণী মেঘা। সূত্র: সমকাল
- ঢাকা প্রিমিয়ার ক্রিকেট লিগের ম্যাচে খেলোয়াড়দের আচরণবিধি ভঙ্গের অভিযোগে বিশ্বসেরা অলরাউন্ডার সাকিব আল হাসানকে তিন ম্যাচের জন্য নিষিদ্ধ ও ৫ লাখ টাকা জরিমানা করেছে প্রিমিয়ার লিগের নিয়ন্ত্রক ক্রিকেট কমিটি অব ঢাকা মেট্রোপলিস (সিসিডিএম)। সূত্র: ইত্তেফাক

**১৩ জুন, রবিবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপস্থিতিতে গণভবনে নৌবাহিনী প্রধান এডমিরাল এম শাহীন ইকবাল এবং বাংলাদেশ সেনাবাহিনীর কোয়ার্টার মাস্টার জেনারেল লেফটেন্যান্ট জেনারেল এস এম শফিউদ্দিন আহমেদ বিমানবাহিনী প্রধান এয়ার ভাইস মার্শাল শেখ আব্দুল হান্নানকে এয়ার মার্শাল র‍্যাঙ্ক পরিয়ে দেন। সূত্র: জনকণ্ঠ

- বীর মুক্তিযোদ্ধারা মারা যাওয়ার পর ‘গার্ড অব অনার’ প্রদানে নারী উপজেলা নির্বাহী অফিসারের (ইউএনও) বিকল্প চেয়ে সংসদ ভবনে অনুষ্ঠিত মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির বৈঠকে সুপারিশ। সূত্র: সংবাদ
- চীনের সিনোফার্মের দ্বিতীয় দফা উপহারের ছয় লাখ করোনা টিকা ঢাকায় পৌঁছাল। সূত্র: জনকণ্ঠ
- দেশের রিজার্ভের অর্থে প্রথম পায়রা বন্দরের রাবনাবাদ চ্যানেলের ক্যাপিটাল ও মেইনটেনেন্স ড্রেজিং প্রকল্পটি বাস্তবায়নে বেলজিয়াম ভিত্তিক ড্রেজিং কোম্পানি জেন ডি নুল (জেডিএন) এর সঙ্গে চুক্তি স্বাক্ষর। সূত্র: ইত্তেফাক
- বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার একাধিক জন্মদিন সংক্রান্ত সব তথ্য ষাট দিনের মধ্যে দাখিল করতে ভার্চুয়াল হাইকোর্টের আদেশ। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৮ হাজার ৭৪৯ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২,৪৩৬। সুস্থ ২,২৪২ ও ৪৭ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- নাইজেরিয়ার জামফারাতে উগ্রবাদী বন্দুকধারীদের হামলায় ৫৩ গ্রামবাসী নিহত। সূত্র: সংবাদ

**১৪ জুন, সোমবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভার ভার্চুয়াল বৈঠকে সিদ্ধান্ত হয় যে, করোনা ইস্যুতে কোনো ঝুঁকি নেওয়া যাবে না। যখন যে এলাকায় সংক্রমণ বাড়বে স্থানীয়ভাবে সে এলাকা ‘ব্লক’ করে দিতে হবে। বৈঠকে সংক্রমণ রোধে সবাইকে মাস্ক পরার আহ্বান জানিয়ে এ বিষয়ে প্রশাসনকে আরো তৎপর হওয়ার নির্দেশ দেয়া হয়। সূত্র: ইত্তেফাক
- আদালতে বা থানায় মামলা বা অভিযোগ (এফআইআর) করার ক্ষেত্রে বাদী বা অভিযোগকারীকে তার জাতীয় পরিচয়পত্রের (এনআইডি) নম্বর বাধ্যতামূলকভাবে দিতে হবে। ভার্চুয়াল বেঞ্চে আদেশ দিয়েছেন হাইকোর্ট। সূত্র: সমকাল



- জেনেভায় অনুষ্ঠিত আন্তর্জাতিক শ্রম সংস্থার (আইএলও) ১০৯তম অধিবেশনে ২০২১-২০২৪ মেয়াদে উপ-সদস্য নির্বাচিত বাংলাদেশ। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ২০ হাজার ৬০২ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩,০৫০। সুস্থ ২,৫৬৪ ও ৫৪ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- ইসরাইলের নতুন প্রধানমন্ত্রী নির্বাচিত হলেন দেশটির ডানপন্থী ইহুদি ধর্মীয় দল ইয়ামিনা পার্টির প্রধান নাফতালি বেনেট। সূত্র: যুগান্তর
- পুরুষ অভিভাবক বা মাহরাম ছাড়াই নারীদের হজের আবেদনের সুযোগ দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে সৌদি আরব। তবে এ ধরনের অনুমতি পেতে চাইলে তাদের নারীসঙ্গী থাকতে হবে। সৌদি হজ মন্ত্রণালয়। সূত্র: সমকাল

**১৫ জুন, মঙ্গলবার**

- প্রধানমন্ত্রীর কার্যালয়ে এসএসএফের ৩৫তম প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপন অনুষ্ঠানে গণভবন থেকে ভার্চুয়ালি সংযুক্ত হন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: যুগান্তর
- টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) অর্জনে শীর্ষ তিনে বাংলাদেশ। জাতিসংঘের সাসটেইনেবল ডেভেলপমেন্ট সলিউশনস নেটওয়ার্ক ২০২১ সালের অগ্রগতি প্রতিবেদন প্রকাশ। সূত্র: জনকণ্ঠ
- করোনাভাইরাস প্রতিরোধে ষষ্ঠ টিকা হিসেবে বেলজিয়ামে উৎপাদিত জনসন অ্যান্ড জনসনের এক ডোজের টিকা দেশে জরুরি ব্যবহারের অনুমোদন দিয়েছে ঔষধ প্রশাসন অধিদপ্তর। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৩ হাজার ২৬৫ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩,৩১৯। সুস্থ ২,২৪৩ ও ৫০ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- ইরানে জরুরি ব্যবহারের জন্য নিজেদের তৈরি কোভ-ইরান বারেকাত টিকার অনুমোদন দিয়েছে। সূত্র: ইত্তেফাক

**১৬ জুন, বুধবার**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বঙ্গভবন থেকে 'দ্বিতীয় ওআইসি সামিট অন সায়েন্স অ্যান্ড টেকনোলজিতে' ভার্চুয়ালি যুক্ত হন। তিনি স্বাধীন সার্বভৌম ফিলিস্তিন রাষ্ট্রের প্রতি বাংলাদেশের অকুণ্ঠ সমর্থনের বিষয়টি ব্যক্ত করেন। একই সঙ্গে দেশটির জনগণের জন্য মুসলিম বিশ্বের প্রতি ঐক্যবদ্ধ প্রচেষ্টার আহ্বান করেন। সূত্র: জনকণ্ঠ
- করোনা পরিস্থিতির জন্য চলমান বিধিনিষেধ আগামী ১৫ জুলাই মধ্যরাত পর্যন্ত বাড়িয়ে এ বিষয়ে প্রজ্ঞাপন জারি করেছে মন্ত্রিপরিষদ বিভাগ। সূত্র: জনকণ্ঠ
- শর্তসাপেক্ষে বাংলাদেশের গ্লোব বায়োটেকের করোনাভাইরাসের টিকা 'বঙ্গভ্যাক্স' এবং চীন ও ভারতের দুটি টিকাসহ মোট তিনটি টিকা মানুষের শরীরে পরীক্ষার (হিউম্যান ট্রায়াল) জন্য নীতিগত অনুমোদন দিয়েছে বাংলাদেশ মেডিক্যাল রিসার্চ কাউন্সিল। সূত্র: জনকণ্ঠ
- দারিদ্র্য বিমোচনে আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) মাধ্যমে সুদানকে ৬৫ কোটি টাকা দিল বাংলাদেশ। অর্থ মন্ত্রণালয়ের সংবাদ বিজ্ঞপ্তি। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৩ হাজার ৮০৭ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩,৯৫৬। সুস্থ ২,৬৭৯ ও ৬০ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- রাজতন্ত্রবিরোধী আন্দোলনের দায়ে সৌদি আরবের পূর্বাঞ্চলীয় কাতিফ শহরে ছয় বছর আগে আটক মুস্তাফা বিন হাশেম বিন ঈসা আল-দারভিশ নামে কিশোরের মৃত্যুদণ্ড কার্যকর। সূত্র: যুগান্তর

**১৭ জুন, বৃহস্পতিবার**

- দেশের প্রথম মেট্রো ট্রেন সেট ভায়াডাক্ট বা উড়ালপথে চলার আগে টেস্টট্র্যাক ডিপোর অভ্যন্তরে ১ হাজার ৫০ মিটার পরীক্ষামূলক চলাচল শুরু। সূত্র: ইত্তেফাক
- অস্ট্রেলিয়ার সিডনিভিত্তিক আন্তর্জাতিক গবেষণা প্রতিষ্ঠান 'ইনস্টিটিউট অব ইকোনমিকস অ্যান্ড পিস' সুরক্ষা ও নিরাপত্তা, চলমান সংঘাত এবং সামরিকায়নের মতো বিষয় নিয়ে বৈশ্বিক শান্তি সূচক ২০২১ প্রকাশ করেছে। বৈশ্বিক শান্তি সূচকে (জিপিআই) বিশ্বের ১৬৩টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ৯১তম। দক্ষিণ এশিয়ায় শান্তিতে বাংলাদেশের অবস্থান তৃতীয়। সূত্র: ইত্তেফাক
- শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন প্রতিষ্ঠান পেটেন্ট, ডিজাইন ও ট্রেড মার্কস অধিদপ্তরের (ডিপিডিটি) উদ্যোগে আয়োজিত 'জাতির পিতার স্বপ্ন বাস্তবায়নে মেধাসম্পদ' শীর্ষক সেমিনার এবং 'বিশ্ব মেধাসম্পদ দিবস ২০২১' উদ্‌যাপন। এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে ভৌগোলিক নির্দেশক পণ্য (জিআই) হিসেবে সনদপত্র পেল ঢাকাই মসলিন, রংপুরের শতরঞ্জি, রাজশাহীর সিল্ক, বিজয়পুরের সাদামাটি, দিনাজপুরের কাটারিভোগ ও কালিজিরা চাল। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৪ হাজার ৮৭১ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩,৮৪০। সুস্থ ২,৭১৪ ও ৬৩ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- আফ্রিকার দেশ বোতসোয়ানায় বিশ্বের তৃতীয় বৃহত্তম হীরকখণ্ডের সন্ধান। এর ওজন ১ হাজার ৯৮ ক্যারেট। সূত্র: ইত্তেফাক

**১৮ জুন, শুক্রবার**

- দেশের সামাজিক কর্মসূচির উন্নয়নে ২৫ কোটি ডলার (প্রায় দুই হাজার ১২৫ কোটি টাকা) ঋণ অনুমোদন করল এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)। সূত্র: যুগান্তর
- বাংলাদেশ ২০২২-২০২৪ মেয়াদে এশিয়া অঞ্চলের প্রতিনিধি হিসেবে রোমে ১৮৩টি সদস্য রাষ্ট্রের প্রতিনিধির অংশগ্রহণে জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা'র (এফএও) ৪২তম কনফারেন্সে সর্বসম্মতিক্রমে কাউন্সিলের সদস্য নির্বাচিত। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ২০ হাজার ৮৮২ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩,৮৮৩। সুস্থ ১,৯৯৫ ও ৫৪ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ

- জাতিসংঘ সাধারণ পরিষদের ১৯৩ সদস্য রাষ্ট্র সংস্থাটির মহাসচিব পদে আন্তোনিও গুতেরেসকে দ্বিতীয় মেয়াদে নিয়োগ দিল। সূত্র: জনকণ্ঠ
- নাইজেরিয়ায় বন্দুকধারীরা এক পুলিশ সদস্যকে হত্যা করে প্রায় ৮০ জন শিক্ষার্থী ও পাঁচ জন শিক্ষককে অপহরণ। সূত্র: ইত্তেফাক

**১৯ জুন, শনিবার**

- দেশব্যাপী ৬৭টি টিকা কেন্দ্রে চীনের সিনোফার্মের টিকা দেয়ার মধ্য দিয়ে স্বাস্থ্য অধিদফতরের দ্বিতীয় ধাপে গণটিকাদান কর্মসূচি শুরু। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৬ হাজার ৯৪৬ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩,০৫৭। সুস্থ ১,৭২৫ ও ৬৭ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- কোভিড-১৯ টিকার সরবরাহ চুক্তি নিয়ে করা মামলায় অ্যাংলো-সুইডিশ ওষুধ কোম্পানি অ্যাস্ট্রাজেনেকার কাছে হারল ইউরোপীয় ইউনিয়ন। সূত্র: ইত্তেফাক
- ইসরাইল থেকে পাঠানো টিকা প্রায় মেয়াদোত্তীর্ণ হওয়ায় টিকা পাওয়ার চুক্তি বাতিল করল ফিলিস্তিন। সূত্র: যুগান্তর

**২০ জুন, রবিবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়াল মাধ্যমে মুজিববর্ষ উপলক্ষ্যে সারাদেশের ৪৫৯টি উপজেলায় ভূমিহীন-গৃহহীন জমিসহ গৃহদান কার্যক্রমের (দ্বিতীয় পর্যায়ে) ৫৩ হাজার ৩৪০টি পরিবারের মাঝে জমিসহ ঘর প্রদান কার্যক্রমের উদ্‌বোধন করেন। সূত্র: জনকণ্ঠ
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে ঢাকা সেনানিবাসে বাংলাদেশ সেনাবাহিনীর ৫১ এমএলআরএস রেজিমেন্টে টাইগার মাল্টিপল লঞ্চ রকেট মিসাইল সিস্টেম (এমএলআরএমএস) সংযোগের উদ্‌বোধন করেন। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ২২ হাজার ২৩১ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩,৬৪১। সুস্থ ২,৫০৯ জন ও ৮২ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ



- ২০১৫ সালে স্বাক্ষরিত চুক্তি পুনরায় কার্যকর করার লক্ষ্যে ভিয়েনায় ইরানের সঙ্গে বিশ্বের ছয় পরাশক্তির পরমাণু চলমান আলোচনা স্থগিত। সূত্র: ইত্তেফাক

**২১ জুন, সোমবার**

- নির্বাচন কমিশন (ইসি) থেকে জাতীয় পরিচয়পত্র নিবন্ধন (এনআইডি) কার্যক্রম স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগে নিয়ে যাওয়ার সিদ্ধান্ত জানিয়ে ইসিকে চিঠি পাঠাল মন্ত্রিপরিষদ বিভাগ। সূত্র: ইত্তেফাক
- কোভ্যাক্স থেকে পাওয়া ফাইজার-বায়োএনটেকের প্রথম ডোজ হিসেবে পরীক্ষামূলক টিকাদান কর্মসূচি শুরু। সূত্র: যুগান্তর
- করোনাভাইরাস মহামারি ও বৃষ্টি-বন্যার মধ্যে প্রথম ধাপে ১৩টি জেলার ৪১টি উপজেলার ২০৪টি ইউনিয়ন পরিষদের (ইউপি) মধ্যে চেয়ারম্যান পদে বিনা প্রতিদ্বন্দ্বিতায় ২৮ জন নির্বাচিত। সূত্র: ভোরের কাগজ
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৪ হাজার ৫৭ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৪,৬৩৬। সুস্থ ২,৮২৭ ও ৭৮ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- নিউজিল্যান্ডে সাময়িকভাবে ১২ থেকে ১৫ বছর বয়সিদের জন্য ফাইজারের টিকা ব্যবহারের অনুমতি দেশটির ওষুধ নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের। সূত্র: ইত্তেফাক

**২২ জুন, মঙ্গলবার**

- প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপারসন শেখ হাসিনার সভাপতিত্বে শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত একনেকের ভার্চুয়াল সভায় ৪ হাজার কোটি ১৬৬ লাখ ১৬ কোটি ৬১ লাখ টাকা ব্যয়ে ১০ প্রকল্প অনুমোদন। সভার পূর্বে মুজিববর্ষ উপলক্ষ্যে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় প্রকাশিত স্মারকগ্রন্থ 'দুর্যোগ ঝুঁকি হ্রাসে বঙ্গবন্ধু'-এর মোড়ক উন্মোচন করেন। সূত্র: জনকণ্ঠ
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা কাতার ইকোনমিক ফোরামের তিন দিনব্যাপী সম্মেলনের ভার্চুয়াল বৈঠকে ভিডিয়ো বার্তা প্রদান করেন। ভিডিয়ো বার্তায় প্রধানমন্ত্রী কোভিড-১৯ পরবর্তী অর্থনৈতিক ব্যবস্থা পুনরুদ্ধারে

এবং সামগ্রিক উন্নয়নের জন্য ছয় দফা প্রস্তাব পেশ করেন এবং আন্তর্জাতিক সমৃদ্ধির জন্য বাণিজ্য, ব্যবসা ও বিনিয়োগ সম্প্রসারণের মাধ্যমে কোভিড-১৯ মহামারির প্রভাব নিরসনে অবিলম্বে সম্মিলিত ও সামগ্রিক পদক্ষেপ গ্রহণের আহ্বান। সূত্র: সমকাল

- গত ২৪ ঘণ্টায় দেশে ২৫ হাজার ২৮ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৪,৮৪৬। সুস্থ ২,৯০৩ ও ৭৬ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- স্পেন সরকার ২০১৭ সালে কাতালানদের স্বাধীনতা আন্দোলনের সময় রাষ্ট্রদ্রোহের অভিযোগে অভিযুক্ত ৯ জন কাতালান বিচ্ছিন্নতাবাদীকে ক্ষমা ঘোষণা করে। সূত্র: ইত্তেফাক

**২৩ জুন, বুধবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি রাজধানীর বঙ্গবন্ধু অ্যাভিনিউস্থ আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে কেন্দ্রীয় সংগঠন আয়োজিত মূল অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। সূত্র: সমকাল
- আন্তর্জাতিক নিরাপত্তা সংক্রান্ত নবম মস্কো সম্মেলনে ভার্চুয়ালি বক্তব্য প্রদানকালে বাংলাদেশে আশ্রয় নেওয়া ১১ লাখের বেশি রোহিঙ্গা শরণার্থীকে মর্যাদার সাথে ও শান্তিপূর্ণভাবে তাদের নিজে দেশে প্রত্যাবাসন নিশ্চিত করতে সহায়তার জন্য বিশ্ব সম্প্রদায়ের প্রতি আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: সংবাদ
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ‘অসমাপ্ত আত্মজীবনী’ অবলম্বনে নির্মিত ‘চিরঞ্জীব মুজিব’ পূর্ণ্যদৈর্ঘ্য চলচ্চিত্রের উদ্‌বোধন করেন। সূত্র: সমকাল
- দেশে প্রথমবারের মতো চীনের উদ্ভাবিত করোনাভাইরাসের টিকা মানুষের শরীরে পরীক্ষার (হিউম্যান ট্রায়াল) জন্য অনুমোদন দিয়েছে বাংলাদেশ মেডিক্যাল অ্যান্ড রিসার্চ কাউন্সিল (বিএমআরসি)। সূত্র: কালের কণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৮ হাজার ৫৮০ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৫,৭২৭। সুস্থ ৩,১৬৫ জন ও ৮৫ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ



- ওয়েবসাইটগুলোতে বিভ্রান্তি বা ভুল তথ্য ছড়ানোর অভিযোগে ইরান ও দেশটির সঙ্গে সংশ্লিষ্ট ৩৬টি ওয়েবসাইট বন্ধ করে দিয়েছে যুক্তরাষ্ট্র। সূত্র: সমকাল

**২৪ জুন, বৃহস্পতিবার**

- সারাদেশে করোনার ডেল্টা ধরনের উচ্চঝুঁকি নিয়ন্ত্রণে ১৪ দিন সম্পূর্ণ শাটডাউনের সুপারিশ কোভিড-১৯ সংক্রান্ত ৩৮তম সভায় জাতীয় কারিগরি পরামর্শ কমিটির। সূত্র: যুগান্তর
- প্রেস ইনস্টিটিউট বাংলাদেশের (পিআইবি) পরিচালনা বোর্ডের চেয়ারম্যান হলেন দৈনিক ডেইলি সানের সম্পাদক এনামুল হক চৌধুরী। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন। সূত্র: জনকণ্ঠ
- ৮ বিভাগের ৫৫ উপজেলার ২ হাজার ৯৭৩ বীর মুক্তিযোদ্ধার নামের সমন্বিত তালিকা (চতুর্থ পর্ব) প্রকাশ করেছে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়। সূত্র: জনকণ্ঠ
- ঢাকায় করোনাভাইরাসের টিকা সংগ্রহে ইআরডি ও এশীয় উন্নয়ন ব্যাংকের (এডিবি) সঙ্গে (দেশীয় মুদ্রায় এর পরিমাণ ৭ হাজার ৯৯০ কোটি টাকা) ৯৪ কোটি ডলারের ঋণ চুক্তি স্বাক্ষর। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ৩০ হাজার ৩৯১ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৬,০৫৮। সুস্থ ৩,২৩০ ও ৮১ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- বিশ্বব্যাপী স্কুল পর্যায়ের শিক্ষার্থীদের জন্য সুইজারল্যান্ডের জেনেভাভিত্তিক ইউরোপীয় পারমাণবিক গবেষণা সংস্থা (সিইআরএন) আয়োজিত ‘বিমলাইন ফর স্কুল-২০২১’ প্রতিযোগিতায় প্রথমবারের মতো বিজয়ীদের তালিকায় বাংলাদেশ। সূত্র: ইত্তেফাক

**২৫ জুন, শুক্রবার**

- পানি ও দুর্যোগ বিষয়ে ‘বিল্ডিং ব্যাক বেটার টুওয়ার্ডস মোর রেলিজেন্স অ্যান্ড সাসটেইনেবল পোস্ট কোভিড-১৯ ওয়ার্ল্ড’ শীর্ষক জাতিসংঘের পঞ্চম থিমেটিক ভার্চুয়াল অধিবেশনে ভিডিয়ো বার্তা প্রেরণ করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: জনকণ্ঠ

- গত ২৪ ঘণ্টায় দেশে ২৭ হাজার ৬৫৩ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৫,৮৬৯। সুস্থ ২,৭৭৬ ও ১০৮ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- আফগানিস্তানের হেরাতে ১৩০ তালেবান যোদ্ধার আত্মসমর্পণ। দেশটির সরকার এই তথ্য প্রকাশ করেছে। সূত্র: কালের কণ্ঠ
- ফিনল্যান্ডের সিটি কাউন্সিল নির্বাচনে ১৪৮ প্রার্থীর মধ্যে জয়লাভ করেছেন বাংলাদেশের হিজ্জাতুল আলম হিমেল। সূত্র: ভোরের কাগজ

**২৬ জুন, শনিবার**

- করোনা সংক্রমণ নিয়ন্ত্রণে ২৮ থেকে ৩০ জুন পর্যন্ত সীমিত আকারে লকডাউন। তবে ১ জুলাই থেকে সারাদেশে সাত দিনের লকডাউন শুরু। এ সময় সারাদেশে জরুরি পরিষেবা ছাড়া সব সরকারি-বেসরকারি অফিস বন্ধ থাকবে। বর্তমান নিয়মে শিল্পকারখানা, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান খোলা থাকবে। স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খানের সভাপতিত্বে উচ্চপর্যায়ের ভার্চুয়াল বৈঠকে সিদ্ধান্ত। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৯ হাজার ২৬২ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৪,৩৬৪। সুস্থ ৩,২৯৫ ও ৭৭ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- যুক্তরাষ্ট্রে কৃষ্ণাঙ্গ জর্জ ফ্লয়েডের হত্যাকাণ্ডের ঘটনায় দেশটির সাবেক শেতাঙ্গ পুলিশ কর্মকর্তা ডেরেক চাওভিনকে সাড়ে ২২ বছরের কারাদণ্ড দিয়েছেন আদালত। এ রায়ে ফ্লয়েডের পরিবার ও দেশটির প্রেসিডেন্ট জো বাইডেনের সন্তুষ্টি প্রকাশ। সূত্র: জনকণ্ঠ

**২৭ জুন, রবিবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে কৃষি মন্ত্রণালয় আয়োজিত 'বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার ১৪২৪' প্রদান অনুষ্ঠানে ভার্চুয়ালি অংশগ্রহণ করেন। সূত্র: ইত্তেফাক
- দেশের কয়লাভিত্তিক ১০ বিদ্যুৎ প্রকল্প বাতিল করার সিদ্ধান্ত নিয়েছে সরকার। সচিবালয়ে সংবাদ সম্মেলনে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ এই তথ্য জানান। সূত্র: জনকণ্ঠ



- করোনাভাইরাস পরিস্থিতির কারণে এইচএসসি ও সমমানের অনলাইন ফরম পূরণ স্থগিতের সিদ্ধান্ত জানিয়ে সব প্রতিষ্ঠান প্রধানদের চিঠি দিয়েছে ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড। সূত্র: সংবাদ
- তালাক নোটিসে নারীর প্রতি 'অবমাননাকর, অমানবিক ও অযৌক্তিক' শব্দের ব্যবহার কেন অবৈধ ঘোষণা করা হবে না- তা জানতে চেয়ে রুল জারি করেছে হাইকোর্ট। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৪ হাজার ৪০০ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৫,২৬৮। সুস্থ ৩,২৪৯ ও ১১৯ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- যুক্তরাষ্ট্রের ফ্লোরিডায় ভবন ধসের ঘটনায় নিহত পাঁচজন ও ধ্বংস্তূপের নিচে চাপা পড়া ১৫৬ জন নিখোঁজ। মায়ামির ডেইড কাউন্টির মেয়রের ব্রিফিং। সূত্র: জনকণ্ঠ

**২৮ জুন, সোমবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে মন্ত্রিসভার ভার্চুয়াল বৈঠকে সর্বোচ্চ দুই বছর কারাদণ্ড, ৫ লাখ টাকা জরিমানার বিধান রেখে 'মহাসড়ক আইন-২০২১' ও 'নিরাপত্তা বাহিনী আইন-২০২১' এর চূড়ান্ত অনুমোদন। সূত্র: ভোরের কাগজ
- পররাষ্ট্র সচিবের সভাপতিত্বে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভায় করোনা মহামারি পরিস্থিতি বিবেচনায় বাংলাদেশ-ভারত সীমান্ত বন্ধ রাখার মেয়াদ আগামী ১৪ জুলাই পর্যন্ত বাড়ানোর সিদ্ধান্ত। সূত্র: সমকাল
- দেশের মানুষের প্রত্যাশিত গড় আয়ু ২০২০ সালে বেড়ে দাঁড়িয়েছে ৭২ দশমিক ৮ বছর। এর আগের বছর যা ৭২ বছর ছিল। রাজধানীর আগারগাঁওয়ে পরিসংখ্যান ভবনে জনসংখ্যা বিষয়ক সমষ্টিগত পরিসংখ্যান নিয়ে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) অনুষ্ঠানে 'বাংলাদেশ স্যাম্পল ভাইটাল স্ট্যাটিস্টিকস-২০২০' প্রতিবেদনে এই তথ্য প্রকাশ করা হয়। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় দেশে ৩৫ হাজার ৫৯ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৮,৩৬৪। সুস্থ ৩,৫৭০ ও ১০৪ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ

- দেশটির ইতিহাসে প্রথমবারের মতো এমপিদের ভোটে ক্ষমতাচ্যুত হয়ে পদত্যাগ করলেন সুইডেনের প্রধানমন্ত্রী স্টেফান লোফভেন। সূত্র: ইত্তেফাক

**২৯ জুন, মঙ্গলবার**

- জাতীয় সংসদে ২০২১-২০২২ অর্থবছরের প্রস্তাবিত বাজেটের ওপর সাধারণ আলোচনায় অংশগ্রহণ করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: সমকাল
- স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আবেদনের পরিপ্রেক্ষিতে করোনাভাইরাস সংক্রমণ প্রতিরোধে যুক্তরাষ্ট্রের তৈরি মডার্নার টিকা দেশে জরুরি ব্যবহারের জন্য অনুমোদন দিয়েছে ঔষধ প্রশাসন অধিদপ্তর। সূত্র: সমকাল
- করোনা সংক্রমণ থেকে শিক্ষার্থীদের সুরক্ষার জন্য আগামী ৩১ জুলাই পর্যন্ত সব ধরনের সরকারি, বেসরকারি প্রাথমিক বিদ্যালয় ও কিন্ডারগার্টেনে চলমান ছুটি বাড়িয়ে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তি। সূত্র: সমকাল
- বাংলাদেশে কোভিড-১৯ এর বিস্তার রোধে যুক্তরাষ্ট্র সরকার আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা ইউএসএআইডির মাধ্যমে জরুরি চিকিৎসা সরঞ্জাম ও সরবরাহ অনুদান দিয়েছে। সূত্র: ইত্তেফাক
- করোনাভাইরাস পরিস্থিতিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন চলমান সব প্রশিক্ষণ কোর্স পুনরাদেশ না দেয়া পর্যন্ত স্থগিত করেছে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তি। সূত্র: জনকণ্ঠ
- করোনাভাইরাস মহামারির মধ্যে মানুষের চলাচলে বিধিনিষেধ থাকায় মন্ত্রিসভার নির্দেশনায় দরিদ্র, দুস্থ, অসচ্ছল ও কর্মহীন মানুষকে সহায়তা দিতে ২৩ কোটি ছয় লাখ ৭৫ হাজার টাকা বরাদ্দ। ত্রাণ মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তি। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ৩১ হাজার ৯৮২ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৭,৬৬৬। সুস্থ ৪,০২৭ ও ১১২ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ



- কোভিডের সুরক্ষায় প্রথম ও দ্বিতীয় ডোজ হিসেবে আলাদা আলাদা প্রতিষ্ঠানের টিকা নিলে সেটা এই ভাইরাস থেকে সুরক্ষায় বেশি কাজ করে। অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের কম-কোভ ট্রায়াল নামের গবেষণা। সূত্র: সমকাল
- দক্ষিণ আফ্রিকার সাবেক প্রেসিডেন্ট জ্যাকব জুমাকে দুর্নীতি মামলায় আদালত অবমাননার দায়ে ১৫ মাসের কারাদণ্ড দিয়েছেন দেশটির সর্বোচ্চ আদালত। সূত্র: সমকাল

**৩০ জুন, বুধবার**

- স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপস্থিতিতে অনুষ্ঠিত জাতীয় সংসদের অধিবেশনে ২০২১-২২ অর্থবছরের বাজেট পাস। সূত্র: ইত্তেফাক
- করোনাভাইরাসের বিস্তার রোধে ১ জুলাই ভোর ৬টা থেকে ৭ জুলাই মধ্যরাত পর্যন্ত সাতদিন মানুষের সার্বিক কার্যাবলী ও চলাচলে বিধিনিষেধ আরোপ করে 'কঠোর লকডাউনে'র প্রজ্ঞাপন জারি করেছে মন্ত্রিপরিষদ বিভাগ। সূত্র: সংবাদ
- করোনাভাইরাসের সংক্রমণ রোধে সরকারের বিধিনিষেধের মধ্যে মোবাইল কোর্ট পরিচালনার জন্য বিসিএস প্রশাসন ক্যাডারের ১০৬ কর্মকর্তাকে নির্বাহী ম্যাজিস্ট্রেট নিয়োগ দিয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের আদেশ জারি। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ৩৫ হাজার ১০৫ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৮,৮২২। সুস্থ ৪,৫৫০ ও ১১৫ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- গত ফেব্রুয়ারির অভ্যুত্থানের পর সামরিক বাহিনীর বিরুদ্ধে দেশজুড়ে চলমান বিক্ষোভের বিভিন্ন পর্যায়ে গ্রেফতার হওয়া ৭০০ বন্দিকে মুক্তি দিয়েছে মিয়ানমার। সূত্র: সংবাদ
- কানাডার ইতিহাসে সর্বোচ্চ তাপপ্রবাহ। তাপমাত্রা প্রায় ৫০ ডিগ্রি সেলসিয়াস। শতাধিক মৃত্যু। সবাইকে ঘরে থাকার নির্দেশ দিয়েছে দেশটির প্রশাসন। সূত্র: ইত্তেফাক

## জুলাই

**১ জুলাই, বৃহস্পতিবার**

- কমিউনিস্ট পার্টি অব চায়নার (সিপিসি) শততম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে শুভেচ্ছা বার্তা প্রেরণ করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্রঃ জনকণ্ঠ
- করোনা প্রতিরোধে দেশে চীনের কোম্পানি সিনোফার্ম ও যুক্তরাষ্ট্রের ফাইজারের তৈরি টিকা দিয়ে দ্বিতীয় ধাপে গণটিকাকরণ কর্মসূচি শুরু। সূত্রঃ জনকণ্ঠ
- সারাদেশে করোনাভাইরাসের সংক্রমণ উদ্‌বেগজনক হারে বেড়ে যাওয়ায় গরিব মানুষের কোভিড-১৯ নমুনা পরীক্ষা বিনামূল্যে করার নির্দেশ দিয়েছে স্বাস্থ্য মন্ত্রণালয়। সূত্রঃ জনকণ্ঠ
- ঢাকা বিশ্ববিদ্যালয়ের শতবর্ষ পূর্তি। আজ ১০১ বছরে পা দিল এ বিশ্ববিদ্যালয়। সূত্রঃ সমকাল
- দেশজুড়ে কঠোর লকডাউনের প্রথম দিন রাজধানীতে বিধি-নিষেধ অমান্য করে ঘর থেকে বের হওয়ায় ৪৭৬ জন আটক। ঢাকা মহানগর পুলিশ। সূত্রঃ ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ৩২ হাজার ৫৫ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৮,৩০১। সুস্থ ৪,৬৬৩ জন ও ১৪৩ জনের মৃত্যু। সূত্রঃ জনকণ্ঠ
- ইরাক ও আফগানিস্তান যুদ্ধের হোতা সাবেক মার্কিন প্রতিরক্ষামন্ত্রী ডোনাল্ড রামসফেল্ডের (৮৮) মৃত্যু। সূত্রঃ জনকণ্ঠ

**২ জুলাই, শুক্রবার**

- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের অংশ হিসেবে সিউলস্থ বাংলাদেশ দূতাবাসের আয়োজনে সিউলে কোরিয়ান ভাষায় লি ডং-হেওন'র অনুবাদকৃত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের 'অসমাপ্ত আত্মজীবনীর' মোড়ক উন্মোচন। সূত্রঃ ইত্তেফাক



- বাংলাদেশের স্বাধীনতা অর্জনের পর বাণিজ্যিকভাবে রামপাল তাপ বিদ্যুৎ কেন্দ্রের জন্য ৩৭৫২ টন কয়লা নিয়ে প্রথম ভারত থেকে নদীপথে কয়লা এলো বাংলাদেশে। সূত্রঃ জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ৩০ হাজার ১২ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৮,৪৮৩। সুস্থ ৪,৫০৯ ও ১৩২ জনের মৃত্যু। সূত্রঃ জনকণ্ঠ
- যুক্তরাষ্ট্রে সব মৃত্যুদণ্ডের রায়ে সাময়িক স্থগিতাদেশ। সূত্রঃ ইত্তেফাক

**৩ জুলাই, শনিবার**

- জাতীয় সংসদের বাজেট অধিবেশনের সমাপনী বক্তব্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশবাসীকে কঠোর লকডাউনের বিধিনিষেধ মেনে চলার আহ্বান জানান। সূত্রঃ সমকাল
- জাতীয় সংসদে 'চলচ্চিত্র শিল্পী কল্যাণ ট্রাস্ট আইন ২০২১' পাস। সূত্রঃ যুগান্তর
- যুক্তরাষ্ট্র ও চীন থেকে দুই দিনে চারটি বিশেষ ফ্লাইটে কোভ্যাক্সের আওতায় মডার্নার ও সিনোফার্মের ৪৫ লাখ ডোজ টিকা বাংলাদেশে পৌঁছাল। স্বাস্থ্য অধিদফতর। সূত্রঃ ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ২২ হাজার ৬২৭ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৬,২১৪। সুস্থ ৩,৭৭৭ ও ১৩৪ জন মৃত্যু। সূত্রঃ জনকণ্ঠ
- মিয়ানমারে অভ্যুত্থানের মাধ্যমে ক্ষমতা দখল করা জান্তা সরকারের কয়েক মন্ত্রী, আমলা ও সেনাকর্মকর্তাসহ ২২ জনের ওপর নতুন নিষেধাজ্ঞা আরোপ করেছে যুক্তরাষ্ট্র। সূত্রঃ জনকণ্ঠ

**৪ জুলাই, রবিবার**

- ঢাকার রফতানিকারক প্রতিষ্ঠান অ্যাগ্রোভিশন প্রাইভেট লিমিটেডের মাধ্যমে প্রতিবেশী রাষ্ট্র ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ও পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিকে উপহার হিসেবে আম পাঠাল প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্রঃ জনকণ্ঠ

- সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের ক্ষেত্রে সরকারি চাকরিজীবীরা 'নির্দেশনা' মেনে চলছেন কিনা তা পর্যবেক্ষণ ও পর্যালোচনার জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের আদেশে কমিটি গঠন। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে নমুনা পরীক্ষা ২৯ হাজার ৮৭৯ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৮,৬৬১। সুস্থ ৪,৬৯৮ ও ১৫৩ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- প্রাকৃতিক দুর্যোগ ও নানা দ্বন্দ্ব-সংঘাতে ২০২০ সালে বিশ্বের ১৪৯টি দেশ ও ভূখণ্ডে নতুন করে উদ্বাস্তু মানুষের সংখ্যা দাঁড়িয়েছে পাঁচ কোটি ৫০ লাখ। এর মধ্যে অভ্যন্তরীণভাবে উদ্বাস্তু চার কোটি পাঁচ লাখ ছাড়িয়েছে। আর বাংলাদেশে এর সংখ্যা ৪৪ লাখ ৪৩ হাজার ২৩০ জন। এ ছাড়া প্রাকৃতিক বিপর্যয়ের কারণে বিশ্বে উদ্বাস্তু হয়েছে তিন কোটি সাত লাখ মানুষ এবং সংঘাতের কারণে উদ্বাস্তর সংখ্যা ৯৮ লাখ। সুইজারল্যান্ড ভিত্তিক সংস্থা ইন্টারনাল ডিসপ্লেসমেন্ট মনিটরিং সেন্টারের (আইডিএমসি) 'গ্লোবাল রিপোর্ট অন ইন্টারনাল ডিসপ্লেসমেন্ট ২০২১' এর প্রতিবেদন। সূত্র: যুগান্তর

**৫ জুলাই, সোমবার**

- করোনা সংক্রমণ নিয়ন্ত্রণে চলমান কঠোর বিধিনিষেধ আরও এক সপ্তাহ বাড়িয়ে ১৪ জুলাই মধ্যরাত পর্যন্ত করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপন জারি। সূত্র: জনকণ্ঠ
- ভারতসহ আট দেশে বাংলাদেশিদের ভ্রমণ এবং এ দেশগুলো থেকে বাংলাদেশে প্রবেশে অনির্দিষ্টকালের নিষেধাজ্ঞা জারি করেছে সরকার। সূত্র: জনকণ্ঠ
- অনলাইন শ্রমবাজার বা ফ্রিল্যান্সিং খাতে বিশ্বে দ্বিতীয় স্থানে বাংলাদেশ। বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি) আয়োজিত ওয়েবিনারে প্রতিবেদন। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে নমুনা পরীক্ষা ৩৪ হাজার ২ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৯,৯৬৪। সুস্থ ৫,১৮৫ ও ১৬৪ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ



- ইসরাইলে যৌথ সামরিক মহড়ায় অংশ নিতে প্রথমবারের মতো মরক্কোর সামরিক বিমান সি-১৩০ কার্গো দেশটির বিমান ঘাঁটিতে অবতরণ। সূত্র: যুগান্তর

**৬ জুলাই, মঙ্গলবার**

- মুজিব শতবর্ষ উপলক্ষ্যে আশ্রয়ণ প্রকল্পের অধীনে ভূমিহীনদের ঘর নির্মাণ নিয়ে অনিয়মের অভিযোগে পাঁচজনকে ওএসডি করে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন জারি। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ৩৬ হাজার ৬৩১ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১১,৫২৫। সুস্থ ৫,৪৪৩ ও ১৬৩ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- হাইতির প্রেসিডেন্ট জোভেনেল মোয়েসে নিজ বাড়িতে অস্ত্রধারী দুর্বৃত্তদের গুলিতে নিহত। সূত্র: জনকণ্ঠ
- ভারতে করোনা মহামারি মোকাবিলা এবং অর্থনৈতিক বিপর্যয়ের সমালোচনা সামাল দিতে মন্ত্রিসভায় ৩৬ জন নতুন মুখ নিয়োগ করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। সূত্র: সমকাল
- যুক্তরাষ্ট্রে ৭২ ঘণ্টার ব্যবধানে বন্দুক সহিংসতায় নিহত ২৩৩ জন এবং আহত ৬১৮ জন। সূত্র: ইত্তেফাক

**৭ জুলাই, বুধবার**

- 'জাতীয় উদ্ভিদ উদ্যানের মাস্টারপ্ল্যান হালনাগাদকরণ এবং বাস্তুসংস্থান সংরক্ষণসহ অত্যাবশ্যকীয় অবকাঠামো সংস্কার ও উন্নয়ন' শীর্ষক প্রকল্পের আওতায় প্রণীত পুনর্গঠিত মাস্টারপ্ল্যান অনুমোদন করেছে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়। সূত্র: জনকণ্ঠ
- প্রথম ধাপে অনুষ্ঠিত দেশের বিভিন্ন জেলায় ২০৪টি ইউনিয়ন পরিষদ (ইউপি) নির্বাচনের ফল গেজেট আকারে প্রকাশ করেছে নির্বাচন কমিশন। সূত্র: ভোরের কাগজ
- গত ২৪ ঘণ্টায় দেশে ৩৫ হাজার ৬৩৯ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১১,১৬২। সুস্থ ৫,৯৮৭ ও ২০১ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ

- উপমহাদেশের কিংবদন্তি অভিনেতা দিলীপ কুমারের মৃত্যু। প্রধানমন্ত্রী শেখ হাসিনা গভীর শোক ও দুঃখ প্রকাশ করেন। সূত্র: জনকণ্ঠ
- গুপ্তচরবৃত্তির অভিযোগে রাশিয়া থেকে এস্তোনিয়ার কূটনীতিককে বহিষ্কার দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়ের। সূত্র: ইত্তেফাক

**৮ জুলাই, বৃহস্পতিবার**

- অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামালের সভাপতিত্বে বাংলাদেশ আয়োজিত প্রথমবারের মতো ঝুঁকিপূর্ণ ২০টি দেশের (ভি-২০) অর্থমন্ত্রীদের সম্মেলন 'ক্লাইমেট ভালনারেবল ফাইন্যান্স সামিট' (সিভিএফ) অনুষ্ঠিত। গণভবন থেকে ভার্চুয়ালি এই সম্মেলন উদ্‌বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ৩৬ হাজার ৮৫০ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১১,৬৫১। সুস্থ ৫,৮৪৪ ও ১৯৯ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- করোনাভাইরাস প্রতিরোধে বাংলাদেশি বংশোদ্ভূত ব্রিটিশ বিজ্ঞানী সাদিয়া খানমের আবিষ্কৃত জীবাণুনাশক 'ভলটিক' নামক স্প্রে ব্রিটেনের জাতীয় স্বাস্থ্যসেবা ব্যবস্থা এনএইচএসসহ বিভিন্ন কর্তৃপক্ষ পরীক্ষা-নিরীক্ষার পর অনুমোদন। যে কোনো বস্তুর সারফেসে এই স্প্রে করা হলে সেটি দুই সপ্তাহের জন্য জীবাণুমুক্ত থাকবে। সূত্র: ইত্তেফাক
- দুর্নীতি ও আদালত অবমাননার অভিযোগে দক্ষিণ আফ্রিকার প্রেসিডেন্ট জ্যাকব জুমার পুলিশের কাছে আত্মসমর্পণ। দেশটির ইতিহাসে প্রথমবার কোনো প্রেসিডেন্টের জেলজীবন শুরু। সূত্র: যুগান্তর
- প্রথমবারের মতো ফ্রান্সের কান চলচ্চিত্র উৎসবের মূল আসরে প্রদর্শিত হলো বাংলাদেশের আব্দুল্লাহ মোহাম্মদ সাদ নির্মিত ছবি 'রেহানা মরিয়ম নূর'। সূত্র: কালের কণ্ঠ

**৯ জুলাই, শুক্রবার**

- নারায়ণগঞ্জের রূপগঞ্জে সেজান জুস ফ্যাক্টরিতে ভয়াবহ অগ্নিকাণ্ড। প্রাণ ও সম্পদের ক্ষয়ক্ষতিতে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার শোক প্রকাশ। সূত্র: জনকণ্ঠ



- বাংলাদেশে ইউনেস্কো ক্লাব অ্যাসোসিয়েশন 'ইউনেস্কো-বাংলাদেশ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ইন্টারন্যাশনাল প্রাইজ ইন দ্য ফ্লিড অব ক্রিয়েটিভ ইকোনমি' শীর্ষক পুরস্কার প্রদানের সিদ্ধান্ত সংস্থাটির। সূত্র: ভোরের কাগজ
- গত ২৪ ঘণ্টায় দেশে ৩৬ হাজার ৫৮৬ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১১,৩২৪। সুস্থ ৬,০৩৮ ও ২১২ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- বাংলাদেশের শিক্ষার্থী হিসেবে প্রথমবার বিশ্বে কারিগরি পেশাজীবীদের সবচেয়ে বড় সংগঠন নিউইয়র্কভিত্তিক আইটিপলই (আইইইই)-র 'ইন্সপায়ারিং স্টুডেন্ট মেম্বার অব দ্য ইয়ার' পুরস্কার পেয়েছেন সৈয়দ সাদিয়া হোসেন। সূত্র: জনকণ্ঠ

**১০ জুলাই, শনিবার**

- করোনার দ্বিতীয় ঢেউ প্রতিরোধে বিদেশি বিনিয়োগকারী ও ব্যবসায়ী ব্যতীত সকল দেশের নাগরিকদের জন্য বাংলাদেশে আগমনী (অন-অ্যারাইভাল) ভিসা দেয়া স্থগিত রাখার নির্দেশনা সরকারের। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৭ হাজার ৮৮৪ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৮,৭৭২। সুস্থ ৭৫৫ ও ১৮৫ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- চীনের উইঘুর নির্যাতন এবং রাশিয়া ও ইরানে রপ্তানিতে জড়িত ৩৪টি কোম্পানি ও অন্যান্য প্রতিষ্ঠান চীন, রাশিয়া ও ইরানের ওপর নিষেধাজ্ঞা আরোপ করেছে যুক্তরাষ্ট্র। সূত্র: যুগান্তর
- আফগানিস্তান থেকে ন্যাটো জোটের সেনারা চলে যাওয়ার পর কাবুল আন্তর্জাতিক বিমানবন্দরের নিরাপত্তা রক্ষার দায়িত্ব নিল তুরস্ক। সংবাদ সম্মেলনে দেশটির প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোগান। সূত্র: যুগান্তর
- রাকানা স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় ব্রাজিলকে ১-০ গোলে হারিয়ে ২৮ বছর পর আন্তর্জাতিক শিরোপা জয় আর্জেন্টিনার। সূত্র: সমকাল

**১১ জুলাই, রবিবার**

- বিশ্ব জনসংখ্যা দিবস উপলক্ষে বাণী দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্রঃ যুগান্তর
- করোনাভাইরাসের সংক্রমণ রোধে সরকার ঘোষিত কঠোর বিধিনিষেধের মধ্যে সরকারি অফিসের দাপ্তরিক কাজ ভার্চুয়ালি পরিচালনার নির্দেশনা দিয়েছে মন্ত্রিপরিষদ বিভাগ। সূত্রঃ সমকাল
- নারায়ণগঞ্জের রূপগঞ্জে সজীব গ্রুপের 'হাসেম ফুড' কারখানা ভবনে অগ্নিকাণ্ডে ৫২ শ্রমিকের আটকে পড়ে মর্মান্তিক মৃত্যুর ঘটনায় প্রতিষ্ঠানটির চেয়ারম্যানসহ আটজন গ্রেপ্তার। সূত্রঃ কালের কণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ৪০ হাজার ১৫ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১১,৮৭৪। সুস্থ ৬,৩৬২ জন ও ২৩০ জনের মৃত্যু। সূত্রঃ জনকণ্ঠ
- জিম্বাবুয়ের মাঠে বাংলাদেশ-জিম্বাবুয়ে একমাত্র টেস্টে ২২০ রানে বাংলাদেশের জয়। বাংলাদেশ ক্রিকেট দলের খেলোয়াড়, কোচ ও ম্যানেজারসহ সংশ্লিষ্ট সকলকে অভিনন্দন জানান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্রঃ যুগান্তর

**১২ জুলাই, সোমবার**

- বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী, বাংলাদেশের স্বাধীনতা এবং ভারত-বাংলাদেশের কূটনৈতিক সম্পর্কের ৫০ বছর পূর্তি উপলক্ষে দিল্লি- বিশ্ববিদ্যালয়ে 'বঙ্গবন্ধু চেয়ার' প্রতিষ্ঠা করলো ইন্ডিয়ান কাউন্সিল ফর কালচারাল রিলেশনস-আইসিসিআর। সূত্রঃ জনকণ্ঠ
- ঢাকা উত্তর সিটি করপোরেশনের বোর্ড সভায় ২০২১-২০২২ অর্থবছরের প্রস্তাবিত চার হাজার ৮০৬ কোটি ৪৫ লাখ টাকার বাজেট অনুমোদন। সূত্রঃ যুগান্তর
- মিয়ানমারের রাখাইনে রোহিঙ্গাদের ওপর ভয়াবহ নৃশংসতার জবাবদিহি নিশ্চিত এবং বাংলাদেশে আশ্রয় পাওয়া রোহিঙ্গাদের দ্রুত প্রত্যাবাসনের প্রস্তাব প্রথমবারের মতো জাতিসংঘে সর্বসম্মতিক্রমে পাস। জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী মিশনের বিজ্ঞপ্তি। সূত্রঃ ইত্তেফাক



- গণটিকাকরণ কর্মসূচির দ্বিতীয় ধাপে সারাদেশের জেলা ও উপজেলা হাসপাতালগুলোতে চীনের সিনোফার্মের টিকা প্রদান শুরু। সূত্রঃ জনকণ্ঠ
- খ্যাতিমান কবি মুহম্মদ নূরুল হুদাকে ৩ বছর মেয়াদে বাংলা একাডেমির মহাপরিচালক নিয়োগ দিয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন জারি। সূত্রঃ ভোরের কাগজ
- গত ২৪ ঘণ্টায় দেশে ৪৪ হাজার ৬৭ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১৩,৭৬৮। সুস্থ ৭,০২০ ও ২২০ জনের মৃত্যু। সূত্রঃ জনকণ্ঠ
- বিশ্বজুড়ে করোনায় আক্রান্ত, মৃত্যু ও সুস্থ হয়ে ওঠাদের সংখ্যা বিষয়ক তথ্যানুযায়ী নবম স্থানে বাংলাদেশ। ওয়ার্ল্ডোমিটার্স-এর প্রতিবেদন। সূত্রঃ কালের কণ্ঠ
- করোনাভাইরাসের অতি সংক্রামক ডেলটা ধরনের বিরুদ্ধে প্রতিরোধ ক্ষমতা বাড়াতে বিশ্বের প্রথম দেশ হিসেবে থাইল্যান্ড গণটিকাদান কর্মসূচির নীতি পরিবর্তন করেছে। অক্সফোর্ড-অ্যাস্ট্রাজেনেকার দুই রকম টিকা মিলিয়ে দেওয়ার ঘোষণা দেশটির সরকারের। সূত্রঃ সমকাল
- নেপালের প্রধানমন্ত্রী কে পি শর্মা অলিকে প্রধানমন্ত্রী পদ থেকে অপসারণ ও সেই সঙ্গে নেপালি কংগ্রেসের সভাপতি শের বাহাদুর দেউবাকে দুদিনের মধ্যে প্রধানমন্ত্রী করার নির্দেশ দিয়েছে দেশটির সুপ্রিমকোর্ট। সূত্রঃ যুগান্তর

**১৩ জুলাই, মঙ্গলবার**

- দেশে মহামারি করোনাভাইরাসের সংক্রমণ প্রতিরোধে আর্থ-সামাজিক অবস্থা এবং অর্থনৈতিক কার্যক্রম স্বাভাবিক রাখার স্বার্থে ও আসন্ন ঈদ-উল-আজহা উপলক্ষ্যে আগামী ১৪ জুলাই মধ্যরাত থেকে ২৩ জুলাই সকাল ৬টা পর্যন্ত আরোপিত সব বিধি-নিষেধ শিথিল। একই কারণে ঈদের পর আগামী ২৩ জুলাই থেকে ৫ আগস্ট পর্যন্ত কঠোর লকডাউন জারি করে মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপন জারি। সূত্রঃ জনকণ্ঠ
- বাংলাদেশ ও মালয়েশিয়ার তরল প্রাকৃতিক গ্যাস (এলএনজি) সরবরাহ সংক্রান্ত ভার্চুয়ালি সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষর। সূত্রঃ জনকণ্ঠ

- সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম (ফেইসবুক, টুইটার ইত্যাদি) ব্যবহার নির্দেশিকা যথাযথ অনুসরণ করা হচ্ছে কিনা তা মনিটরিংয়ের কমিটি পুনর্গঠন করে জনপ্রশাসন মন্ত্রণালয়ের আদেশ জারি। সূত্র: সংবাদ
- গত ২৪ ঘণ্টায় দেশে ৪১ হাজার ৭৫৫ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১২,১৯৮। সুস্থ ৭,৬৪৬ ও ২০৩ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- মিয়ানমারের ক্ষমতাচ্যুত নেত্রী অং সান সু চির বিরুদ্ধে আরও চারটি মামলা দায়ের দেশটির আদালতে। সূত্র: সংবাদ

**১৪ জুলাই, বুধবার**

- মহামারি করোনাভাইরাসের প্রতিরোধে সরকারী ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ভার্চুয়াল সভায় চীনের সিনোফার্ম ইন্টারন্যাশনাল কোম্পানি থেকে দেড় কোটি ডোজ টিকা আমদানির চূড়ান্ত অনুমোদন। সূত্র: জনকণ্ঠ
- করোনাভাইরাসের সংক্রমণ রোধে চলমান কঠোর বিধিনিষেধ অমান্য করে বাইরে বের হওয়ায় রাজধানীজুড়ে ৯ হাজার দুজন গ্রেফতার। ঢাকা মেট্রোপলিটন পুলিশ। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ৪২ হাজার ৪৯০ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১২,৩৮৩। সুস্থ ৮,২৪৫ ও ২১০ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- ৬৩ বছর সম্প্রচারের পর ভয়েস অব আমেরিকার (ভিওএ) বাংলা রেডিও সেবা বন্ধ ঘোষণা। ভিওএ ওয়েবসাইটে বিজ্ঞপ্তি। সূত্র: সংবাদ

**১৫ জুলাই, বৃহস্পতিবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে সেনাসদরে মাল্টিপারপাস কমপ্লেক্সে 'সেনাসদর নির্বাচনী পর্ষদ-২০২১ (প্রথম পর্ব)' এর অনুষ্ঠানে ভার্চুয়ালি অংশ নেন। সূত্র: জনকণ্ঠ



- করোনাভাইরাস রোধে স্বাস্থ্যসেবা বিভাগের প্রস্তাবে চীনের সিনোফার্মের তৈরি দ্বিতীয় কিস্তির টিকা কেনার জন্য ২৪৬ কোটি ৫০ লাখ টাকা ছাড় দিল অর্থ মন্ত্রণালয়। ২৪তম সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ভার্চুয়াল বৈঠক শেষে সাংবাদিকদের অর্থমন্ত্রী একথা জানান। সূত্র: কালের কণ্ঠ
- যাবজ্জীবন মানে ৩০ বছর সশ্রম কারাদণ্ড। কিন্তু কোনো মামলায় আসামিকে আমৃত্যু কারাদণ্ড দেওয়ার এখতিয়ার দেশের আদালত বা ট্রাইব্যুনালের রয়েছে। সুপ্রিমকোর্টের আপিল বিভাগের দেওয়া পূর্ণাঙ্গ রায় সুপ্রিমকোর্টের ওয়েবসাইটে প্রকাশ। সূত্র: ইত্তেফাক
- করোনা পরিস্থিতি স্বাভাবিক হলে চলতি বছরের নভেম্বরে এসএসসি ও ডিসেম্বরে এইচএসসি পরীক্ষা অনুষ্ঠিত হবে। সংবাদ সম্মেলনে শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি। সূত্র: ভোরের কাগজ
- গত ২৪ ঘণ্টায় দেশে ৪৪ হাজার ৯৯১ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১২,২৩৬। সুস্থ ৮,৩৯৫ ও ২২৬ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- জেনেভায় জাতিসংঘ মানবাধিকার পরিষদের ৪৭তম অধিবেশনে বাংলাদেশসহ তিনটি দেশের পক্ষ থেকে উত্থাপিত মানবাধিকারের ওপর জলবায়ু পরিবর্তনের প্রতিকূল প্রভাব বিষয়ক প্রস্তাব পাস। সূত্র: জনকণ্ঠ
- সংখ্যালঘু উইঘুর মুসলিম সম্প্রদায়ের ওপর নির্যাতনের অভিযোগে চীন থেকে পণ্য আমদানিতে নিষেধাজ্ঞা দিয়ে নতুন বিল পাস করল মার্কিন সিনেট। সূত্র: কালের কণ্ঠ

**১৬ জুলাই, শুক্রবার**

- 'প্রধানমন্ত্রী শেখ হাসিনার কারাবন্দি দিবস' পালন। এই উপলক্ষ্যে ঢাকাসহ সারাদেশে স্মৃতিচারণ, আলোচনা সভা, দোয়া ও মিলাদ মাহফিল এবং দুস্থদের মধ্যে খাবার বিতরণসহ বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ৪১ হাজার ৯৪৭ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১২,১৮৪। সুস্থ ৮,৫৩৬ ও ১৮৭ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ

- ভ্যাকসিন গবেষণা ও উন্নয়ন, প্রযুক্তি হস্তান্তর করার লক্ষ্যে সিউলে আন্তর্জাতিক ভ্যাকসিন ইনস্টিটিউটের (আইভিআই) সদর দফতরে আয়োজিত অনুষ্ঠানে সরাসরি এবং ভার্চুয়ালি আনুষ্ঠানিকভাবে যোগ দিল বাংলাদেশসহ আইভিআইয়ের সদস্য দেশগুলোর প্রতিনিধি। পররাষ্ট্র মন্ত্রণালয়। সূত্র: জনকণ্ঠ
- আফগানিস্তানের নিরাপত্তা বাহিনী ও তালেবানের মধ্যকার সংঘর্ষে পেশাগত দায়িত্ব পালনকালে ভারতীয় পুলিৎজার পুরস্কারজয়ী ও সংবাদ সংস্থা রয়টার্সের চিত্র সাংবাদিক দানিশ সিদ্দিকির মৃত্যু। সূত্র: কালের কণ্ঠ
- হংকংয়ে গণতান্ত্রিক প্রক্রিয়ার ওপর হস্তক্ষেপের অভিযোগে চীনের সাত কর্মকর্তার ওপর নিষেধাজ্ঞা দিল যুক্তরাষ্ট্র। সূত্র: ইত্তেফাক

**১৭ জুলাই, শনিবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা তার নিজ নির্বাচনি এলাকা টুঙ্গিপাড়া ও কোটালীপাড়া স্বাস্থ্য কেন্দ্রে করোনা রোগীদের জন্য ৫০টি করে মোট একশটি অক্সিজেন সিলিন্ডার সংশ্লিষ্ট উপজেলা স্বাস্থ্য কেন্দ্রের (হাসপাতালের) প্রধানদের হাতে তুলে দেন। সূত্র: যুগান্তর
- পবিত্র ঈদ-উল-আজহার ছুটির পর আগামী ২৩ জুলাই সকাল ৬টা থেকে আগামী ৫ আগস্ট পর্যন্ত কঠোর লকডাউনে সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত, বেসরকারি অফিস ও গার্মেন্টসসহ সব ধরনের শিল্পকারখানা বন্ধ রাখার নির্দেশনা জনপ্রশাসন মন্ত্রণালয়ের। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৯ হাজার ২১৪ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৮,৪৮৯। সুস্থ ৮,৮২০ ও ২০৪ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- চীন থেকে কেনা সিনোফার্মের কোভিড টিকার দ্বিতীয় চালানের ১০ লাখ ডোজ ঢাকা পৌঁছায়। সূত্র: ইত্তেফাক

**১৮ জুলাই, রবিবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে মন্ত্রণালয় ও বিভাগগুলোর ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) স্বাক্ষর এবং এপিএ ও শুদ্ধাচার পুরস্কার প্রদান অনুষ্ঠান ২০২১-এর মূল অনুষ্ঠানে ভার্চুয়ালি অংশ নেন। ওসমানী স্মৃতি মিলনায়তনে মন্ত্রিপরিষদ বিভাগ এই অনুষ্ঠানের আয়োজন করে। সূত্র: যুগান্তর



- বেসরকারিভাবে দেশের ৭৮টি প্রতিষ্ঠানকে কোভিড ১৯ রোগ নির্ণয়ে র‍্যাপিড এন্টিজেন টেস্টের অনুমোদন দিল সরকার। সূত্র: ভোরের কাগজ
- কুচক্রী মহল দ্বারা বার বার বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানের বিরুদ্ধে মানহানিকর ও উদ্দেশ্যমূলক চিঠি পাঠানোর প্রেক্ষিতে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস এ্যাসোসিয়েশনের অফিসিয়াল প্যাড সম্পূর্ণরূপে বাতিল করল আইন মন্ত্রণালয়। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ৩৯ হাজার ৮০৬ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১১,৫৭৮। সুস্থ ৮,৮৪৫ ও ২২৫ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- জাতিসংঘের সহযোগী সংস্থা ইউনিসেফ করোনা সংক্রমণ ঠেকাতে বিশ্বব্যাপী মানুষের মাঝে সচেতনতা বাড়াতে সারা বিশ্বে 'মাস্ক সপ্তাহ' পালন। সূত্র: ইত্তেফাক

**১৯ জুলাই, সোমবার**

- করোনাভাইরাস প্রতিরোধে চলমান গণটিকা কর্মসূচির পরিধি বাড়াতে নিবন্ধনের বয়সসীমা কমিয়ে ৩০ বছর করার সিদ্ধান্ত স্বাস্থ্য অধিদফতরের। সূত্র: জনকণ্ঠ
- রামপালের কয়লাভিত্তিক তাপবিদ্যুৎ কেন্দ্রের ৩ হাজার ৭৫২ মেট্রিক টন কয়লা নিয়ে ভারতের কলকাতা বন্দর থেকে ছেড়ে আসা তিনটি কার্গো জাহাজ মোংলা বন্দর পৌঁছায়। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ৪৫ হাজার ১২ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১৩,৩২১। সুস্থ ৯,৩৩৫ ও ২৩১ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- করোনা মহামারির মধ্যে দ্বিতীয়বারের মতো কঠোর স্বাস্থ্যবিধি মেনে পবিত্র হজ পালিত। সূত্র: যুগান্তর

- আফগানিস্তানে শান্তি প্রতিষ্ঠার লক্ষ্যে কাতারে আফগান সরকার ও তালেবানের মধ্যে দুই দিনের বৈঠক শেষে যৌথ বিবৃতি। সূত্র: সমকাল
- ভারতের সংসদ অধিবেশনে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দেশটিতে করোনাভাইরাসের টিকা গ্রহণকারীদের 'বাহুবলী' আখ্যা দেন। সূত্র: সমকাল

**২০ জুলাই, মঙ্গলবার**

- দেশবাসীকে ঈদ-উল-আজহার শুভেচ্ছা জানিয়ে ভিডিয়ো বার্তা প্রদান করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ৩৯ হাজার ৫১০ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১১,৫৭৯। সুস্থ ৯,৯৯৭ ও ২০০ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- বাংলাদেশ সরকারের কাছ থেকে 'মুক্তিযুদ্ধ মৈত্রী সম্মাননা' পাওয়া ব্রিটিশ সাংবাদিক সায়মন ড্রিংয়ের মৃত্যু। রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার শোক প্রকাশ। সূত্র: জনকণ্ঠ
- হাজিদের নিরাপত্তায় মক্কা ও মদিনায় প্রথমবার নারী সেনা নিয়োগ সৌদি আরব সরকারের। সূত্র: যুগান্তর
- হাইতির নতুন প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব নিলেন অ্যারিয়েল হেনরি। সূত্র: সমকাল

**২১ জুলাই, বুধবার**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বঙ্গবভবনে ঈদ-উল-আজহার নামাজ পড়েন। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৪ হাজার ৯৭৯ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৭,৬১৪। সুস্থ ৯,৭০৪ ও ১৭৩ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় চালানো গণহত্যা (হলোকাস্ট) নিয়ে টিভি অনুষ্ঠানে মজা করার জেরে জাপানের টোকিওতে অলিম্পিকের উদ্‌বোধনী অনুষ্ঠানের ডিরেক্টর কেনতারো কোবায়াশিকে বরখাস্ত সংশ্লিষ্ট কর্তৃপক্ষের। সূত্র: সমকাল



- নাইজেরিয়ার উত্তর-পশ্চিমাঞ্চলীয় প্রদেশ জামফারায় অপহৃত ১০০ নারী ও শিশুকে মুক্ত করল দেশটির আইনশৃঙ্খলা ও নিরাপত্তা বাহিনীর সদস্যরা। সূত্র: জনকণ্ঠ

**২২ জুলাই, বৃহস্পতিবার**

- পঞ্চমবারের মতো নেপালের নতুন প্রধানমন্ত্রী হলেন শের বাহাদুর দেউবা। তাকে অভিনন্দন জানান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: যুগান্তর
- ইসরাইলে তৈরি হ্যাকিং সফটওয়্যার পেগাসাসে বাংলাদেশের নামসহ ৪৫টি দেশ। বাংলাদেশে কোন ধরনের 'অসঙ্গতি পাওয়া যায়নি' মন্তব্য করে ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রী মোস্তাফা জব্বার বলেন, সরকার এ বিষয়ে 'সতর্ক রয়েছে'। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১১ হাজার ৪৮৬ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩,৬৯৭। সুস্থ ৮,৫৬৬ ও ১৮৭ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- আরো নতুন নতুন ভবন হওয়ায় নগরীর 'ঐতিহাসিক মূল্য এবং অখণ্ডতা' ক্ষুণ্ন হওয়ার কারণে ইউনেসকোর বিশ্ব ঐতিহ্যের তালিকা থেকে বাদ পড়ল যুক্তরাজ্যের ঐতিহ্যবাহী বন্দরনগরী লিভারপুল। সূত্র: জনকণ্ঠ

**২৩ জুলাই, শুক্রবার**

- যুক্তরাষ্ট্র থেকে মাইন প্রতিরোধী ও চোরাগোপ্তা হামলা সুরক্ষিত ৩১টি ম্যাক্সপ্রো এনআরএপি গাড়ি এবং তিনটি ধাতুনির্মিত শার্ক বোটের প্রথম চালান ঢাকা পৌঁছাল। সূত্র: যুগান্তর
- পদ্মা সেতুর পিলারে ধাক্কা দেওয়ায় মুন্সীগঞ্জের শিমুলিয়া-মাদারীপুরের বাংলাবাজার রুটে চলাচলরত ফেরি 'শাহজালাল' এর ইনচার্জ ইনল্যান্ড মাস্টার অফিসার আব্দুর রহমানকে সাময়িক বরখাস্ত। বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশন (বিআইডব্লিউটিসি) থেকে আদেশ জারি। সূত্র: কালের কণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ২০ হাজার ৪৯৩ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৬,৩৬৪। সুস্থ ৯,০০৬ ও ১৬৬ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ

- গণসংগীত শিল্পী ফকির আলমগীরের মৃত্যু। রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার শোক প্রকাশ। সূত্র: সংবাদ
- মালয়েশিয়ায় স্ট্যান্ডার্ড অপারেটিং সিস্টেম (এসওপি) লঙ্ঘন করে লোক জমায়েত করে ঈদের জামাত আদায় করায় ২৫ বাংলাদেশির প্রত্যেককে ৫ হাজার রিংগিত জরিমানা ও অনাদায়ে ২ মাসের কারাদণ্ড দিল দেশটির আদালত। সূত্র: যুগান্তর
- করোনার কারণে স্থগিত হওয়া ২০২০ সালের ৩২তম টোকিও অলিম্পিকের উদ্‌বোধনী অনুষ্ঠান সম্পন্ন। সূত্র: জনকণ্ঠ
- সামাজিক ব্যবসার ধারণাকে ক্রীড়াক্ষেত্রের উন্নয়নে কাজে লাগিয়ে বিশেষ অবদান রাখার জন্য বাংলাদেশি নোবেলবিজয়ী অর্থনীতিবিদ ড. মুহাম্মদ ইউনূসকে 'অলিম্পিক লরেল' পুরস্কার প্রদান অলিম্পিক কর্তৃপক্ষের। সূত্র: সমকাল
- চীনের প্রেসিডেন্ট হিসেবে শি জিনপিংয়ের প্রথমবারের মতো তিব্বত সফর। সূত্র: সমকাল

**২৪ জুলাই, শনিবার**

- করোনাভাইরাসে আক্রান্তদের জীবন রক্ষাকারী অক্সিজেন বহনকারী ভারতীয় রেলওয়ের 'অক্সিজেন এক্সপ্রেস' ২০০ মেট্রিক টন তরল মেডিক্যাল অক্সিজেন নিয়ে বেনাপোল বন্দর পৌঁছাল। সূত্র: ইত্তেফাক
- জাপান সরকারের উপহারের দুই লাখ ৪৫ হাজার ২০০ ডোজ অক্সফোর্ড-অ্যাস্ট্রাজেনেকার তৈরি করোনাভাইরাসের টিকা ঢাকা পৌঁছাল। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ২০ হাজার ৮২৭ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৬,৭০৮। সুস্থ ৯,৭২৩ ও ১৯৫ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট বাইডেন 'অপ্রত্যাশিত জরুরি' শরণার্থী চাহিদা মেটানোর খরচ জোগানোর জন্য ১০ কোটি ডলারের তহবিল অনুমোদন করেছেন। হোয়াইট হাউসের বিবৃতি। সূত্র: যুগান্তর



**২৫ জুলাই, রবিবার**

- জিম্বাবুয়ের বিপক্ষে বাংলাদেশের টি-২০ সিরিজে ৫ উইকেটে জয়লাভ। বাংলাদেশ ক্রিকেট দলের সংশ্লিষ্ট সবাইকে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার অভিনন্দন। সূত্র: কালের কণ্ঠ
- করোনাভাইরাস মহামারি পরিস্থিতিতে চলমান 'কঠোর বিধিনিষেধ'র কারণে ২০২২ সালের এসএসসি, এইচএসসি ও নিম্ন-মাধ্যমিক ও মাধ্যমিক স্তরের পরীক্ষার্থীদের অ্যাসাইনমেন্ট বিতরণ-গ্রহণ কার্যক্রম স্থগিত করে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের (মাউশি) পৃথক দুই স্মারক। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ৩৭ হাজার ৫৮৭ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১১,২৯১। সুস্থ ১০,৫৮৪ ও ২২৮ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- অস্ট্রেলিয়ার সিডনিতে লকডাউনবিরোধী আন্দোলনের অভিযোগে কয়েকশ' বিক্ষোভকারীকে গ্রেপ্তার ও জরিমানা দেশটির প্রশাসনের। সূত্র: যুগান্তর
- তালেবান বাহিনীর হাতে বিভিন্ন শহরের পতন ঠেকাতে আফগানিস্তানজুড়ে কারফিউ জারি। সূত্র: জনকণ্ঠ

**২৬ জুলাই, সোমবার**

- করোনা মহামারি মোকাবিলায় সারাদেশে ওয়ার্ড পর্যায়ে টিকার কার্যক্রম আরও জোরদার করার নির্দেশ প্রধানমন্ত্রী শেখ হাসিনার। কেবিনেট বৈঠক শেষে সাংবাদিকদের স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রী। সূত্র: সমকাল
- করোনাকালে জাতীয় পরিচয়পত্র (এনআইডি) সেবা অব্যাহত রাখতে আঞ্চলিক নির্বাচন কর্মকর্তাদের নির্দেশনা নির্বাচন কমিশনের (ইসি)। সূত্র: কালের কণ্ঠ
- গ্লোব বায়োটেক উদ্‌ভাবিত করোনাভাইরাসের টিকা বঙ্গভ্যাক্সের ক্লিনিক্যাল ট্রায়ালের নীতিগত অনুমোদন দিতে সরকারকে সুপ্রিমকোর্টের আইনজীবী অ্যাডভোকেট আবদুস সাত্তার পালোয়ানের আইনি নোটিস। সূত্র: কালের কণ্ঠ

- গত ২৪ ঘণ্টায় দেশে ৫০ হাজার ৯৫২ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১৫,১৯২। সুস্থ ১১,০৫২ ও ২৪৭ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- ইউনেস্কো কমিটির ৪৪তম সভায় প্রাচীন মানুষের জীবনধারার স্বাক্ষর বহনকারী সৌদি আরবের দক্ষিণ-পশ্চিমের নাজরান প্রদেশের 'হিমা' সাংস্কৃতিক এলাকাকে বিশ্ব ঐতিহ্য হিসেবে স্বীকৃতি। সূত্র: সমকাল

**২৭ জুলাই, মঙ্গলবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়াল মাধ্যমে ওসমানী স্মৃতি মিলনায়তনে জনপ্রশাসন মন্ত্রণালয় আয়োজিত 'পাবলিক সার্ভিস দিবস' উদ্‌যাপন এবং 'জনপ্রশাসন পদক ২০২০ ও ২০২১' প্রদান অনুষ্ঠানে সংযুক্ত হন। সূত্র: জনকণ্ঠ
- করোনাভাইরাসে আক্রান্তদের জীবন রক্ষাকারী অক্সিজেন বহনকারী ভারতীয় রেলওয়ের 'অক্সিজেন এক্সপ্রেস' ২০০ মেট্রিক টন তরল মেডিক্যাল অক্সিজেনের (এলএমও) দ্বিতীয় চালান বেনাপোল বন্দর পৌঁছাল। সূত্র: জনকণ্ঠ
- তুরস্কের বাংলাদেশ দূতাবাস ও তুরস্কের পররাষ্ট্র মন্ত্রণালয়ের বিশেষ বৈঠকে দেশটিতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মরণে তুরস্কের ডাক বিভাগ কর্তৃক প্রকাশিত ডাকটিকিট অবমুক্ত। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ৫২ হাজার ৪৭৮ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১৪,৯২৫। সুস্থ ১২,৪৩৯ ও ২৫৮ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে নিয়ে অসত্য প্রতিবেদন প্রকাশ করায় রিপোর্টার্স উইদাউট বর্ডার্সের (আরএসএফ) বিরুদ্ধে ফরাসি আইনজীবী মাদৌ কোনের আইনি নোটিস। সূত্র: ইত্তেফাক
- হোয়াইট হাউসে ইরাকের প্রধানমন্ত্রী মুস্তাফা আল-খাদিমির সঙ্গে বৈঠকে ইরাকে যুদ্ধ মিশন সমাপ্ত করার ঘোষণা প্রেসিডেন্ট বাইডেনের। সূত্র: সমকাল



- হাইতির প্রেসিডেন্ট জোভেনাল মইসি হত্যার ঘটনায় তদন্তের অংশ হিসেবে তার নিরাপত্তা প্রধান জিয়ান লগুয়েল সিভিলকে গ্রেফতার করেছে দেশটির পুলিশ। সূত্র: সংবাদ

**২৮ জুলাই, বুধবার**

- প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপারসন শেখ হাসিনার সভাপতিত্বে শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত একনেক ভার্চুয়াল সভায় ২ হাজার ৫৭৫ কোটি ৪২ লাখ টাকা ব্যয়ে ১০ প্রকল্প অনুমোদন। সূত্র: যুগান্তর
- করোনা আক্রান্ত রোগীদের অক্সিজেনের উচ্চ চাহিদা পূরণে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) উদ্ভাবিত 'অক্সিজেট' প্রাথমিকভাবে 'সীমিত' (২০০টি ইউনিট) তৈরির অনুমোদন সরকারের ঔষধ প্রশাসন অধিদপ্তরের (ডিজিডিএ)। সূত্র: প্রথম আলো
- গত ২৪ ঘণ্টায় দেশে ৫৩ হাজার ৮৭৭ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১৬,২৩০। সুস্থ ১৩,৪৭০ ও ২৩৭ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- চীনে অবৈধভাবে জমি দখল, সরকারি স্থাপনায় হামলার জন্য গণজমায়েত এবং সরকারি কর্মকর্তাদের কাজে বাধা দেওয়ার অভিযোগে বিলিয়নেয়ার সান দাওয়েরকে ১৮ বছরের কারাদণ্ড ও তিন দশমিক ১১ মিলিয়ন ইয়ান অর্থদণ্ড দিয়েছে দেশটির আদালত। বিবিসির প্রতিবেদন। সূত্র: প্রথম আলো
- উইকিলিকস প্রতিষ্ঠাতা জুলিয়ান অ্যাসাঞ্জের নাগরিকত্বের তথ্য বিবরণীতে নানা অসঙ্গতি, স্বাক্ষরের ভিন্নতা এবং ঠিকমতো ফি পরিশোধ না করার কারণে নাগরিকত্ব বাতিল করল ইকুয়েডর। সূত্র: ইত্তেফাক

**২৯ জুলাই, বৃহস্পতিবার**

- চীনের বেইজিং ক্যাপিটাল ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট থেকে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সে সিনোফার্মের ৩০ লাখ কোভিড ১৯ টিকা ঢাকা পৌঁছাল। সূত্র: সমকাল

- ভার্চুয়াল মুদ্রা বা ক্রিপ্টোকারেন্সিতে লেনদেনের পাশাপাশি সব ধরনের প্রচার-প্রচারণায় নিষেধাজ্ঞা দিয়ে বাংলাদেশ ব্যাংকের বিজ্ঞপ্তি। সূত্র: ইত্তেফাক
- করোনা পরিস্থিতির আরও অবনতি হওয়ায় মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ের সব শিক্ষাপ্রতিষ্ঠান এবং এবতেদায়ি ও কওমি মাদ্রাসাসমূহের চলমান ছুটি আগামী ৩১ আগস্ট পর্যন্ত বৃদ্ধি করে শিক্ষা মন্ত্রণালয়ের সংবাদ বিজ্ঞপ্তি। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ৫২ হাজার ২৮২ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১৫,২৭১। সুস্থ ১৪,৩৩৬ ও ২৩৯ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- যুক্তরাষ্ট্রের ডেল্টা ধরনের উর্ধ্বগতির মধ্যে টিকাদানের হার বাড়াতে নতুন টিকাগ্রহীতাদের ১০০ ডলার করে প্রণোদনা দিতে রাজ্যগুলোর প্রতি আহ্বান জানিয়েছেন দেশটির প্রেসিডেন্ট জো বাইডেন। সূত্র: জনকণ্ঠ
- পেরুর প্রেসিডেন্ট হিসেবে শপথ নিলেন দেশটির বামপন্থি নেতা ও প্রাক্তন স্কুলশিক্ষক পেদ্রো ক্যাস্তিলো। সূত্র: ইত্তেফাক

**৩০ জুলাই, শুক্রবার**

- বীর মুক্তিযোদ্ধা ও কুমিল্লা-৭ (চান্দিনা) থেকে পাঁচবার নির্বাচিত সংসদ সদস্য অধ্যাপক আলী আশরাফের (৭৪) মৃত্যু। শোক প্রকাশ রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার। সূত্র: জনকণ্ঠ
- চলমান কঠোর লকডাউনের মধ্যে সার্বিক পরিস্থিতি বিবেচনায় ১ আগস্ট থেকে রপ্তানিমুখী শিল্প ও কল-কারখানা খোলা রাখার অনুমতি দিয়ে মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপন জারি। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ৪৫ হাজার ৪৪ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১৩,৮৬২। সুস্থ ১৩,৯৭৫ ও ২১২ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- হংকংয়ে জাতীয় নিরাপত্তা আইনে প্রথম দোষী সাব্যস্ত তং ইং-কিটকে ৯ বছরের কারাদণ্ড দিয়েছেন দেশটির আদালত। সূত্র: ইত্তেফাক
- কিউবার পুলিশ বাহিনী ও এর দুই শীর্ষ কর্মকর্তার ওপর নিষেধাজ্ঞা দিয়েছে যুক্তরাষ্ট্র। সূত্র: জনকণ্ঠ



**৩১ জুলাই, শনিবার**

- কোভ্যাক্সের মাধ্যমে জাপান সরকারের উপহার হিসেবে দেয়া ৭ লাখ ৮১ হাজার ৩২০ ডোজ টিকা ঢাকা পৌঁছাল। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ৩০ হাজার ৯৮০ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৯,৩৬৯। সুস্থ ১৪,০১৭ ও ২১৮ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- করোনার ডেল্টা ভ্যারিয়েন্ট শিশুদের জন্য নয়। বিশ্ব স্বাস্থ্য সংস্থার (ডব্লিউএইচও) বিবৃতি। সূত্র: যুগান্তর
- প্রথমবারের মতো ভারতীয় বংশোদ্ভূত আমেরিকান নাগরিক রাশিদ হুসাইনকে (৪১) 'মুসলিম দূত' হিসেবে মনোনয়ন দিয়েছে দেশটির প্রেসিডেন্ট জো বাইডেন। সূত্র: ভোরের কাগজ
- সান মেরিনোর ইতিহাসে প্রথমবার অলিম্পিকে ব্রোঞ্জ জয় দেশটির শ্যুটার আলেসান্দ্রা পেরিলি। সূত্র: কালের কণ্ঠ

## আগস্ট

**১ আগস্ট, রবিবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা 'জাতীয় শোক দিবস' উপলক্ষ্যে গণভবন থেকে ভার্চুয়ালি ধানমন্ডির জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘর সংলগ্ন এলাকায় বাংলাদেশ কৃষক লীগ আয়োজিত 'স্বেচ্ছায় রক্ত ও প্লাজমা দান কর্মসূচি'র উদ্‌বোধন করেন। সূত্র: জনকণ্ঠ
- ৪১তম বিসিএসের প্রিলিমিনারি পরীক্ষার প্রকাশিত ফল প্রকাশ। ২১ হাজার ৫৬ জন প্রাথমিকভাবে উত্তীর্ণ। বাংলাদেশ সরকারি কর্মকমিশন (পিএসসি)। সূত্র: জনকণ্ঠ
- চিলাহাটি-হলদিবাড়ী রেলপথে ৫৫ বছর পর পুনরায় ভারত-বাংলাদেশে পণ্যবাহী ট্রেন চলাচল শুরু। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ৪৯ হাজার ৫২৯ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১৪,৮৪৪। সুস্থ ১৫,০৫৪ ও ২৩১ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ

- মিয়ানমারে তত্ত্বাবধায়ক সরকারের প্রধানমন্ত্রীর দায়িত্ব নিল অভ্যুত্থানের নেতা সেনাপ্রধান জেনারেল মিন অং হ্লাইং। সূত্র: ইত্তেফাক
- ফিলিস্তিনি সংগঠন হামাসের প্রধান হিসেবে আগামী চার বছরের জন্য দ্বিতীয় মেয়াদে নির্বাচিত হয়েছেন ইসমাইল হানিয়া। সূত্র: সমকাল

**২ আগস্ট, সোমবার**

- বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গাদের সামাজিক অন্তর্ভুক্তিতে বিশ্বব্যাংকের প্রস্তাব প্রত্যাখ্যান করেছে বাংলাদেশ। ঢাকায় নিযুক্ত চীনের রাষ্ট্রদূত লি জিমিং-এর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ শেষে সাংবাদিকদের পররাষ্ট্রমন্ত্রী। সূত্র: যুগান্তর
- জাতিসংঘের আন্তর্জাতিক পরমাণু শক্তি সংস্থার (আইএইএ) পুরস্কার পেল বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা) ও এর মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. শামসুন নাহার বেগম। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ৫৩ হাজার ৪৬২ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১৫,৯৮৯। সুস্থ ১৫,৪৮২ ও ২৪৬ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- মালয়েশিয়ায় প্রধানমন্ত্রী মুহিউদ্দিন ইয়াসিনের পদত্যাগ দাবিতে রাজপথে আন্দোলনে দেশটির এমপিরা। সূত্র: যুগান্তর

**৩ আগস্ট, মঙ্গলবার**

- জাপান থেকে উপহারের ৬ লাখ ১৬ হাজার ৭৮০ কোভ্যাক্স করোনার টিকার তৃতীয় চালান ঢাকা পৌঁছাল। সূত্র: যুগান্তর
- দেশে ভারতের নিজস্ব উদ্ভাবিত টিকা 'কোভ্যাকসিন' ট্রায়ালের অনুমোদন দিল বাংলাদেশ মেডিক্যাল অ্যান্ড রিসার্চ কাউন্সিল (বিএমআরসি)। সূত্র: সংবাদ
- গত ২৪ ঘণ্টায় দেশে ৫৫ হাজার ২৮৪ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১৫,৭৭৬। সুস্থ ১৬,২৯৭ ও ২৩৫ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ



- অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ৫ ম্যাচের টি-২০ সিরিজের প্রথম ম্যাচে ২৩ রানে বিজয় লাভ করায় বাংলাদেশ ক্রিকেট দলকে প্রধানমন্ত্রী শেখ হাসিনার অভিনন্দন। সূত্র: সমকাল

**৪ আগস্ট, বুধবার**

- অর্থমন্ত্রীর সভাপতিত্বে অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ভার্চুয়াল সভায় ৩০টি অক্সিজেন প্লান্ট কেনার সিদ্ধান্ত অনুমোদন। সূত্র: জনকণ্ঠ
- মন্ত্রিপরিষদ বিভাগের অধীন কর্মকর্তা ও কর্মচারীদের জরুরী ভিত্তিতে সম্পদের হিসাব দিতে নির্দেশনা দিয়েছে মন্ত্রিপরিষদ বিভাগ। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ৪৯ হাজার ৫১৪ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১৩,৮১৭। সুস্থ ১৬,১১২ ও ২৪১ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- মিয়ানমারের মধ্যাঞ্চলের জঙ্গলে সেনাবাহিনীর সঙ্গে দেশটির মিলিশিয়া গোষ্ঠীর সংঘর্ষে ৪০ জনের মরদেহ উদ্ধার। সূত্র: ইত্তেফাক

**৫ আগস্ট, বৃহস্পতিবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি শহীদ ক্যাপ্টেন শেখ কামালের জন্মবার্ষিকী উপলক্ষ্যে ১০ টাকা মূল্যমানের স্মারক ডাকটিকিট, ১০ টাকার উদ্‌বোধনী খাম ও ৫ টাকা মূল্যের ডাটাকার্ড অবমুক্ত করেন। সূত্র: সংবাদ
- উর্ধ্বমুখী করোনা সংক্রমণ নিয়ন্ত্রণে দেশে চলমান সর্বাত্মক লকডাউন ৫ আগস্ট মধ্যরাত থেকে ১০ আগস্ট রাত ১২টা পর্যন্ত বাড়িয়ে প্রজ্ঞাপন জারি। সূত্র: যুগান্তর
- কোভিড-১৯ মহামারি মোকাবিলায় ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির উপহারের ৩০টি অ্যাম্বুলেন্স পেট্রাপোলে পৌঁছায়। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ৪৬ হাজার ৯৯৫ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১২,৭৪৪। সুস্থ ১৫,৭৮৬ ও ২৬৪ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ

- ইরানের নতুন প্রেসিডেন্ট হিসেবে ইব্রাহিম রইসি দেশটির জাতীয় সংসদে শপথ গ্রহণ করেন। সূত্র: যুগান্তর
- চীনে মহামারি করোনাভাইরাসের সংক্রমণ রোধে দেশটির সরকারের দেওয়া সিদ্ধান্তে ১২ থেকে ১৭ বছর বয়সী স্কুলগামী শিক্ষার্থীদের টিকাদান শুরু। সূত্র: ইত্তেফাক

**৬ আগস্ট, শুক্রবার**

- মিরপুর শেরেবাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে অনুষ্ঠিত দুই ম্যাচ বাকি থাকতেই অস্ট্রেলিয়ার বিপক্ষে টি-২০ সিরিজে ১০ রানে জয়ী বাংলাদেশ ক্রিকেট দল। অভিনন্দন জানিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ৪৮ হাজার ১৫ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১২,৬০৬। সুস্থ ১৫,৪৯৪ জন ও ২৪৮ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- যুক্তরাষ্ট্রে করোনাভাইরাসের সংক্রমণ বাড়ায় দেশটিতে আমাজনের কর্মীদের ২০২২ সালের ৩ জানুয়ারি পর্যন্ত হোম অফিস করানোর বিষয়ে সিদ্ধান্ত প্রযুক্তি জায়ান্ট প্রতিষ্ঠানটির। সূত্র: সমকাল
- টিকা না নিয়ে অফিসে আসার অভিযোগে মার্কিন সংবাদমাধ্যম সিএনএনের ৩ কর্মী বরখাস্ত। সূত্র: যুগান্তর
- কারারুদ্ধ ক্রেমলিন সমালোচক অ্যালেক্সি নাভালনির সংস্থাসমূহকে আনুষ্ঠানিকভাবে নিষিদ্ধ করল রাশিয়া। সূত্র: ইত্তেফাক
- টোকিও অলিম্পিকে চীনকে পরাজিত করে নারী বক্সিংয়ে তুরস্কের ইতিহাসে প্রথমবারের মতো বুসেনাজ সারমেনেলির (২৩) সোনা জয়। সূত্র: যুগান্তর

**৭ আগস্ট, শনিবার**

- মহামারি করোনাভাইরাসে আক্রান্তদের চিকিৎসার জন্য ইন্দোনেশিয়াকে জরুরি ওষুধ উপহার হিসেবে দিল বাংলাদেশ। সূত্র: সমকাল
- করোনাভাইরাসের সংক্রমণ নিয়ন্ত্রণে আনতে দেশব্যাপী গণটিকাদান কার্যক্রম শুরু। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য। সূত্র: সমকাল



- গত ২৪ ঘণ্টায় দেশে ৩১ হাজার ৭১৪ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৮,১৩৬। সুস্থ ১৬,৩৮৩ ও ২৬১ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- আফগানিস্তানের উত্তরাঞ্চলীয় প্রদেশ জাওজানের রাজধানী শেবেরগান দখল করল তালেবান। সূত্র: জনকণ্ঠ
- জাতিসংঘে মিয়ানমারের রাষ্ট্রদূতকে হত্যা অথবা আহত করার পরিকল্পনার অভিযোগে দুইজনকে গ্রেফতার করেছে যুক্তরাষ্ট্রের পুলিশ। সূত্র: জনকণ্ঠ

**৮ আগস্ট, রবিবার**

- জাতীয়ভাবে প্রথমবার বঙ্গমাতা ফজিলাতুন নেছা মুজিবের জন্মবার্ষিকী উদ্‌যাপন। এই উপলক্ষ্যে ওসমানী স্মৃতি মিলনায়তনে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় আয়োজিত অনুষ্ঠানে গণভবন থেকে ভার্চুয়ালি সংযুক্ত হয়ে ‘বঙ্গমাতা ফজিলাতুন নেছা মুজিব পদক-২০২১’ প্রদান করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: যুগান্তর
- মুক্তিযুদ্ধ, মুক্তিযুদ্ধের স্মৃতি সংরক্ষণ এবং চেতনা বিকাশে ব্যক্তি, সংগঠন বা সংস্থার গুরুত্বপূর্ণ অবদান ও গৌরবোজ্জ্বল ভূমিকা রাষ্ট্রীয় পর্যায়ে সম্মানিত ও উৎসাহিত করার জন্য ৭ ক্যাটাগরিতে ‘মুক্তিযুদ্ধ পদক’ প্রবর্তন করে প্রজ্ঞাপন জারি করেছে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়। সূত্র: সমকাল
- দেশে গর্ভবতী নারী ও স্তন্যদানকারীদের টিকা দেওয়ার সিদ্ধান্ত নিল স্বাস্থ্য অধিদপ্তর। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ৪২ হাজার ৩ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১০,২৯৯। সুস্থ ১৬,৬২৭ ও ২৪১ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- সাত বছর পর বোকো হারামের জঙ্গিদের হাতে অপহরণ হওয়া প্রায় ৩শ’ নাইজেরিয়ান স্কুলছাত্রীর মধ্যে ২শ’ ছাত্রী মুক্তি পাওয়ার পর পরিবারের কাছে হস্তান্তর করেছে দেশটির কর্তৃপক্ষ। সূত্র: জনকণ্ঠ

**৯ আগস্ট, সোমবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে মন্ত্রিসভার ভার্চুয়াল বৈঠকে 'বাংলাদেশ জাতীয় জাদুঘর আইন ২০২১' এর খসড়া চূড়ান্ত অনুমোদন। সূত্র: জনকণ্ঠ
- গোপালগঞ্জের কোটালীপাড়ায় ২০১৭ সালের ২০ আগস্ট প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে হত্যাচেষ্টার মামলায় ১০ জঙ্গির মৃত্যুদণ্ড বহালের বিষয়ে হাইকোর্টের পূর্ণাঙ্গ রায় প্রকাশ। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ৪৭ হাজার ২০৭ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১১,৪৬৩। সুস্থ ১৪,৪১২ ও ২৪৫ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- আমাজন রক্ষার উদ্দেশ্যে ব্রাজিলের কোম্পানি থেকে চার লাখ একর জমি কিনেছেন সুইডেনের ধনকুবের জোহান ইলিয়াস। সূত্র: যুগান্তর
- মিরপুর শেরেবাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে অস্ট্রেলিয়ার বিপক্ষে সিরিজের পঞ্চম ও শেষ টি২০ সিরিজে ৬০ রানে জয়ী বাংলাদেশ ক্রিকেট দল। অভিনন্দন জানিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: ইত্তেফাক

**১০ আগস্ট, মঙ্গলবার**

- প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপারসন শেখ হাসিনার সভাপতিত্বে শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত একনেক ভার্চুয়াল সভায় ৭ হাজার ৯৮৫ কোটি ৫১ লাখ টাকা ব্যয়ে ১০টি প্রকল্প অনুমোদন। সূত্র: ইত্তেফাক
- করোনা টিকা সরবরাহের বৈশ্বিক উদ্যোগে কোভ্যাক্স কর্মসূচির আওতায় চীন থেকে সিনোফার্মের আরও ১৭ লাখ ডোজ টিকা দেশে পৌঁছায়। সূত্র: যুগান্তর
- ১৯টি পরিবারের ১৯ জমজ শিশুকে ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজে প্রথম শ্রেণীতে ভর্তি করতে নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। সূত্র: জনকণ্ঠ



- কক্সবাজারের উখিয়া ও টেকনাফে অবস্থিত ৩৪টি ক্যাম্পের রোহিঙ্গাদের মধ্যে প্রথম দফায় ৫৫ বছরের ঊর্ধ্বে ৪৮ হাজার রোহিঙ্গাকে ৫৬টি কেন্দ্রে প্রথম দফায় করোনার টিকা প্রদান কর্মসূচি শুরু। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ৪৭ হাজার ৪২৪ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১১,১৬৪। সুস্থ ১৪,৯০৩ ও ২৬৪ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- ভারতে রাজনীতিকে 'অপরাধমুক্ত' করতে হাইকোর্টের সম্মতি ছাড়া কোনো বিধায়ক বা সাংসদের বিরুদ্ধে চলা মামলা প্রত্যাহার করা যাবে না। পাশাপাশি আদালত অবমাননার দায়ে বিজেপি, কংগ্রেসসহ মোট ৯টি রাজনৈতিক দলকে জরিমানা করলেন দেশটির সুপ্রিমকোর্ট। সূত্র: যুগান্তর

**১১ আগস্ট, বুধবার**

- চীনের সিনোফার্মের আরও ৬ কোটি টিকা কেনার জন্য সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ভার্চুয়াল সভায় অনুমোদন। সূত্র: ইত্তেফাক
- রোহিঙ্গাদের বাংলাদেশে অবাধ কাজকর্ম করা এবং স্থানীয় জনগণের সঙ্গে অন্তর্ভুক্তির ব্যাপারে বিশ্বব্যাংকের প্রস্তাব প্রত্যাখ্যান করে চিঠি দিল বাংলাদেশ। সূত্র: যুগান্তর
- করোনাভাইরাসের চিকিৎসাসেবা ভারত থেকে বেনাপোল স্থলবন্দর দিয়ে 'অক্সিজেন এক্সপ্রেস' ট্রেনটি আরও ১৮৬ মেট্রিক টন ২৯০ কেজি তরল মেডিক্যাল অক্সিজেন নিয়ে দেশে পৌঁছায়। সূত্র: ভোরের কাগজ
- গত ২৪ ঘণ্টায় দেশে ৪৪ হাজার ৪৩০ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১০,৪২০। সুস্থ ১৩,৩১৩ ও ২৩৭ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- দুর্নীতি ও ক্ষমতার অপব্যবহারসহ বিভিন্ন অভিযোগে দুই শতাধিক সরকারি কর্মচারি-কর্মকর্তাকে গ্রেফতার করেছে সৌদি আরবের দুর্নীতিবিরোধী কর্তৃপক্ষ। সূত্র: জনকণ্ঠ

**১২ আগস্ট, বৃহস্পতিবার**

- বাংলাদেশসহ বিশ্বের ৩৫টি দেশের সহস্রাধিক বিতার্কিকের অংশগ্রহণে দেশে প্রথমবারের মতো 'ন্যাশনাল ডিবেট ফেডারেশন বাংলাদেশ' (এনডিএফ বিডি) ও আলেশা হোল্ডিংস লিমিটেড দুই দিনব্যাপী ভার্চুয়াল আন্তর্জাতিক বিতর্ক উৎসব শুরু। সূত্র: ইত্তেফাক।
- গত ২৪ ঘণ্টায় দেশে ৪৬ হাজার ২৪২ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১১,০৫১। সুস্থ ১৩,৭১৪ ও ২৪৩ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- করোনাভাইরাস মোকাবিলায় টিকার মিশ্র ডোজের কার্যকারিতা যাচাইয়ে পরীক্ষা চালানোর অনুমোদন চীনের স্বাস্থ্য নিয়ন্ত্রক কর্তৃপক্ষের। সূত্র: কালের কণ্ঠ
- মিয়ানমারের সামরিক সরকারকে ২১টি উন্নয়ন প্রকল্পে সাহায্য করতে আর্থিক সহায়তায় মিয়ানমার-চীনের মধ্যে চুক্তি স্বাক্ষর। সূত্র: ভোরের কাগজ
- আন্তর্জাতিক শান্তি ও নিরাপত্তার আলোচ্য সূচির আওতায় ভারতের ইতিহাসে কোনো প্রধানমন্ত্রী হিসেবে প্রথমবারের মতো জাতিসংঘ নিরাপত্তা পরিষদের 'সমুদ্র নিরাপত্তা বৃদ্ধি: আন্তর্জাতিক সহযোগিতা' বিষয়ে সভাপতিত্ব করল দেশটির প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। সূত্র: কালের কণ্ঠ

**১৩ আগস্ট, শুক্রবার**

- পদ্মা সেতুর ১০ নম্বর পিলারে ফেরির ধাক্কার পর শিমুলিয়া-বাংলাবাজার নৌরুটে ফেরি চলাচল সীমিত করে বিকল্প রুট ব্যবহারের জন্য সংশ্লিষ্ট সবাইকে অনুরোধ করেছে সরকার। সূত্র: জনকণ্ঠ
- বর্ডার গার্ড বাংলাদেশের (বিজিবি) ১৯৬ সদস্যের মুক্তিযোদ্ধা হিসেবে যাবতীয় ভাতা ও আর্থিক সুবিধা দেওয়ার আদেশ বহাল আপিল বিভাগে। সূত্র: কালের কণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ৪০ হাজার ৬৪১ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৮,৪৬। সুস্থ ১১,৪৫৭ ও ১৯৭ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ



- যুক্তরাষ্ট্রের নীতিনির্ধারকরা রোগপ্রতিরোধ ক্ষমতা দুর্বল এমন ব্যক্তিদের জন্য করোনা টিকার বুস্টার ডোজের অনুমোদন দিয়ে দেশটির খাদ্য ও ওষুধ প্রশাসনের (এফডিএ) নির্দেশনা জারি। সূত্র: কালের কণ্ঠ

**১৪ আগস্ট, শনিবার**

- দেশে মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) তৈরিতে প্রযুক্তিগত সহায়তার জন্য মালয়েশিয়ার আইরিস প্রতিষ্ঠানের সঙ্গে দ্বিতীয় মেয়াদে চুক্তি করেছে সরকার। সূত্র: কালের কণ্ঠ
- এমবিবিএস-বিডিএস ডিগ্রিধারী ছাড়া হোমিওপ্যাথি, ইউনানি ও আয়ুর্বেদিক কর্মকর্তাদের নামের আগে ডাক্তার পদবি ব্যবহার করতে পারবেন না বলে রায় দিয়েছেন হাইকোর্ট। সূত্র: প্রথম আলো
- গত ২৪ ঘণ্টায় দেশে ৩৩ হাজার ৩৩০ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৬,৫৮৫। সুস্থ ৭,৮০৫ ও ১৮৭ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- তালেবান ক্ষমতা দখলের পর দেশ ছাড়লেন আফগানিস্তানের প্রেসিডেন্ট আশরাফ গনি। দেশটির স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ঘোষণা। সূত্র: সমকাল
- রুশ সাংবাদিকদের সঙ্গে লন্ডনের বৈষম্যমূলক আচরণের পাল্টা হিসেবে মস্কোয় কর্মরত ব্রিটিশ সংবাদমাধ্যম বিবিসির সাংবাদিক সারাহ রেইনসফোর্ডকে বহিষ্কার ও চলতি মাসের মধ্যেই রাশিয়া ছাড়তে নির্দেশ দিয়েছে দেশটির কর্তৃপক্ষ। সূত্র: জনকণ্ঠ

**১৫ আগস্ট, রবিবার**

- জাতীয় শোক দিবস ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদাতবার্ষিকী উপলক্ষ্যে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: ভোরের কাগজ
- গত ২৪ ঘণ্টায় দেশে ৩৩ হাজার ১ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৬,৬৮৪। সুস্থ ১১,৩৭১ ও ১৮৭ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ

- যুক্তরাষ্ট্রের এনওয়াই ড্রিমস প্রোডাকশনের কর্ণধার প্রবাসী ফাহিম ফিরোজের ব্যক্তিগত উদ্যোগে টাইমস স্কয়ারের বিলবোর্ডে প্রথমবারের মতো বাংলাদেশের স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে তাঁর দুর্লভ ছবি প্রদর্শিত। সূত্র: যুগান্তর
- আফগানিস্তানে চলমান যুদ্ধের সমাপ্তি ঘোষণা ও একইসঙ্গে আন্তর্জাতিক সম্প্রদায়ের সঙ্গে শান্তিপূর্ণ সম্পর্ক বজায় রাখার আহ্বান তালেবানের। সূত্র: ভোরের কাগজ

**১৬ আগস্ট, সোমবার**

- বঙ্গবন্ধু অ্যাভিনিউয়ে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে জাতীয় শোক দিবস উপলক্ষ্যে আয়োজিত স্মরণ সভায় গণভবন থেকে ভার্চুয়াল মাধ্যমে যুক্ত হন প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা। প্রধানমন্ত্রী বলেন, যারা জাতির পিতার হত্যাকাণ্ড ঘটিয়েছে, যারা এই হত্যাকারীদের পাশে ছিল এবং যারা এই হত্যাকাণ্ডের পটভূমি তৈরি করেছিল এরা সবাই সমান দোষী। আগে খুনিদের বিচার করা জরুরি ছিল, সেটা আমরা করেছি। এখন সময় এসেছে বাকিদের বিচারের। সূত্র: ইত্তেফাক
- দেশেই চীনের সিনোফার্মের টিকা উৎপাদনের লক্ষ্যে ঢাকায় সিনোফার্ম, স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয় এবং ইনসেপ্টা ভ্যাকসিন লিমিটেডের মধ্যে সমঝোতা চুক্তি স্বাক্ষর। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘন্টায় দেশে ৩৩ হাজার ১৫ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৬,৯৫৯। সুস্থ ৯,২৬৮ ও ১৭৪ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- পুরো মন্ত্রিসভা নিয়ে পদত্যাগ করল মালয়েশিয়ার প্রধানমন্ত্রী মুহিউদ্দিন ইয়াসিন। সূত্র: জনকণ্ঠ

**১৭ আগস্ট, মঙ্গলবার**

- জাতীয় শোক দিবস উপলক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি আয়োজিত 'শোক থেকে শক্তি, শোক থেকে জাগরণ' শীর্ষক আলোচনা সভায় ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে অংশগ্রহণ করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: ইত্তেফাক



- সচিবালয়ে আন্তঃমন্ত্রণালয় সভায় দেশে সরকারি চাকরিতে প্রবেশের সময় এবং বছরে একবার সকল সরকারি চাকরিজীবীদের ডোপ টেস্ট করার সিদ্ধান্ত। সূত্র: যুগান্তর
- করোনা মহামারি মোকাবিলা ও জনস্বাস্থ্য পরিষেবা উন্নয়নে বাংলাদেশ সরকারের প্রচেষ্টায় সহায়তা করতে উপহারের ৩১টি বেসিক লাইফ সাপোর্ট অ্যাম্বুলেন্স ও প্রায় ২০ টন প্রয়োজনীয় চিকিৎসাসামগ্রী ঢাকায় ভারতীয় হাইকমিশনার বিক্রম কুমার দোরাইস্বামী সরকারের কাছে হস্তান্তর করেন। সূত্র: ইত্তেফাক
- প্রথমবারের মতো সম্পূর্ণ নিজস্ব ব্যবস্থাপনায় সাশ্রয়ী খরচে দেশেই অত্যাধুনিক ড্রিমলাইনারের সি-চেক কার্যক্রমের শুরু করল বিমান। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘন্টায় দেশে ৩৯ হাজার ২৭৮ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৭,৫৩৫। সুস্থ ১২,৯৫০ ও ১৯৮ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ

**১৮ আগস্ট, বুধবার**

- প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপারসন শেখ হাসিনার সভাপতিত্বে শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত একনেক ভার্চুয়াল সভা। সূত্র: যুগান্তর
- ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত রাজধানীর সরকারি সাত কলেজের অনার্স ও মাস্টার্সের স্থগিত হওয়া সব পরীক্ষা সশরীরে কেন্দ্রে উপস্থিত হয়ে আগামী ১ সেপ্টেম্বর হবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (শিক্ষা) ও সাত কলেজের প্রধান সমন্বয়কারী অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামালের সঙ্গে সাত কলেজের অধ্যক্ষের সভায় সিদ্ধান্ত। সূত্র: জনকণ্ঠ

- বাণিজ্যিক ব্যাংকগুলোর ঝুঁকির মাত্রা কমানো ও সক্ষমতা বাড়ানোর জন্য মূলধন সংরক্ষণের হার বৃদ্ধির বাধ্যবাধকতা আরোপ করে বাংলাদেশ ব্যাংকের সার্কুলার জারি। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ৪১ হাজার ১৪ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৭,২৪৮। সুস্থ ১২,১১২ ও ১৭২ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- তালেবান নিয়ন্ত্রিত আফগানিস্তান থেকে রাষ্ট্রদূত ও অন্য সব কূটনীতিককে সরিয়ে নিল ভারত। সূত্র: জনকণ্ঠ

**১৯ আগস্ট, বৃহস্পতিবার**

- বৈদেশিক মুদ্রার সংকটে থাকা শ্রীলঙ্কাকে প্রতিশ্রুত ২৫ কোটি ডলার ঋণের মধ্যে ৫ কোটি ডলার ছাড় দিল বাংলাদেশ ব্যাংক। সূত্র: ইত্তেফাক
- করোনা সংক্রমণ পরিস্থিতির কারণে নিয়োগ প্রক্রিয়া আটকে থাকায় ক্ষতিগ্রস্ত চাকরিপ্রার্থীদের সরকারি চাকরিতে প্রবেশে বয়সের ক্ষেত্রে ২১ মাসের ছাড় দিয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনা। সূত্র: জনকণ্ঠ
- ভারত থেকে আমদানিকৃত আরও ১৯৮ টন তরল অক্সিজেন ভারতের পেট্রাপোল বন্দর হয়ে বিশেষ অক্সিজেন এক্সপ্রেস বেনাপোল বন্দর রেলস্টেশনে পৌঁছায়। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ৩৭ হাজার ২২৬ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৬,৫৬৬। সুস্থ ১০,১৫৩ ও ১৫৯ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- আফগানিস্তানের নতুন সরকারের আন্তর্জাতিক স্বীকৃতির বিষয়টি পরিষ্কার না হওয়ায় দেশটির সব ধরনের সহযোগিতা স্থগিত করল আন্তর্জাতিক মুদ্রা তহবিল (আইএমএফ)। সূত্র: ইত্তেফাক

**২০ আগস্ট, শুক্রবার**

- ২০০২ সালের ৩০ আগস্ট সাতক্ষীরার কলারোয়ায় তৎকালীন বিরোধী দলীয় নেতা বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনার গাড়িবহরে হামলা



মামলায় সাজাপ্রাপ্ত পলাতক আসামিকে গ্রেপ্তার করল ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) গোয়েন্দা পুলিশ। সূত্র: ভোরের কাগজ

- পদ্মা সেতুতে শরীয়তপুরের জাজিরা প্রান্তে সেতুর রেলপথের পূর্ব পাশে গ্যাস পাইপ স্থাপনের কাজ শুরু। সূত্র: ভোরের কাগজ
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৩ হাজার ৮৮২ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩,৯৫১। সুস্থ ৭,৬৬৬ ও ১২০ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- করোনাভাইরাস প্রতিরোধে নিজেদের তৈরি বিশ্বের প্রথম তিন ডোজের প্লাজমিড ডিএনএ টিকা 'জাইকভ-ডি' ১২ বছর বয়সীদের জন্য জরুরি ব্যবহারের অনুমোদন দিল ভারত। সূত্র: জনকণ্ঠ
- ইসমাইল সাবরি ইয়াকুবকে মালয়েশিয়ার নবম প্রধানমন্ত্রী হিসেবে মনোনীত। সূত্র: কালের কণ্ঠ

**২১ আগস্ট, শনিবার**

- ২০০৪ সালের ২১ আগস্ট আওয়ামী লীগের সমাবেশে গ্রেনেড হামলার ১৭তম বার্ষিকী উপলক্ষ্যে গণভবন থেকে ভার্চুয়ালি বাংলাদেশ আওয়ামী লীগ আয়োজিত বঙ্গবন্ধু এ্যাভিনিউয়ে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে অনুষ্ঠিত মূল অনুষ্ঠানে অংশ নেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৩ হাজার ৮৮২ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩,৯৯১। সুস্থ ৭,৬৬৬ ও ১২০ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- কোভ্যাক্স সুবিধার আওতায় জাপান থেকে অ্যাস্ট্রাজেনেকার আরও সাত লাখ ৮১ হাজার ডোজ টিকা ঢাকা পৌঁছায়। সূত্র: জনকণ্ঠ
- আফগানদের প্রবেশ ঠেকাতে তুরস্ক লাগোয়া সীমান্তে ৪০ কিলোমিটারজুড়ে প্রতিরক্ষা দেয়াল দিয়ে নিরাপত্তা জোরদার করল গ্রিস। সূত্র: যুগান্তর
- জন্মহার বাড়াতে ২০১৬ সালে চীনে এক সন্তান নীতি বাতিল করে আনুষ্ঠানিকভাবে দেশটির ন্যাশনাল পিপলস কংগ্রেস (এনপিসি)-এর সভায় 'তিন সন্তান নীতি' আইন পাস। সূত্র: যুগান্তর

**২২ আগস্ট, রবিবার**

- ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের সভাপতিত্বে বঙ্গবন্ধু শেখ মুজিব রিসার্চ ইনস্টিটিউট ফর পিস অ্যান্ড লিবার্টির বোর্ড অব গভর্নসের প্রথম সভায় প্রতিবছর ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকীতে আনুষ্ঠানিকভাবে 'বঙ্গবন্ধু স্বর্ণপদক' প্রদানের সিদ্ধান্ত। সূত্র: জনকণ্ঠ
- দেশে শিক্ষাপ্রতিষ্ঠানে 'বুলিং' (অসৌজন্য ও অশালীন আচরণ, নির্যাতন, উৎপীড়ন) থেকে শিক্ষার্থীদের সুরক্ষায় প্রতিরোধমূলক ব্যবস্থা নিতে সংশ্লিষ্টদের নিষ্ক্রিয়তা ও উদাসীনতা কেন বেআইনি ঘোষণা করা হবে না ও একই সঙ্গে বুলিং রোধে নীতিমালা তৈরি করা হবে না- তা জানতে চেয়ে রুল জারি করেছেন হাইকোর্ট। সূত্র: যুগান্তর
- আফগানিস্তান পরিস্থিতি নিয়ে ইসলামী সহযোগিতা সংস্থার (ওআইসি) স্থায়ী প্রতিনিধিদের সভায় সৌদি আরবে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত ও স্থায়ী প্রতিনিধি ড. মোহাম্মদ জাবেদ পাটোয়ারী আফগানিস্তানে দ্রুত স্থায়ী শান্তি প্রতিষ্ঠা, জনসাধারণের নিরাপত্তা এবং আটকেপড়া বিদেশীদের নিরাপদে প্রত্যাবর্তনের আহ্বান জানান। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ৩১ হাজার ৬৮৯ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৪,৮০৪। সুস্থ ৮,৫৫৩ ও ১৩৯ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- মুক্তিযুদ্ধে পাকিস্তানি বাহিনীর নির্মমতার সাক্ষী মার্কিন সাংবাদিক ও লেখক জোসেফ গ্যালোওয়ের (৭৯) মৃত্যু। সূত্র: ভোরের কাগজ
- যুক্তরাষ্ট্রের ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিস প্রথমবারের মতো এশিয়া সফর শুরু করেছেন। সূত্র: ইত্তেফাক

**২৩ আগস্ট, সোমবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে সচিবালয়ে মন্ত্রিসভার ভার্চুয়াল বৈঠকে বাংলাদেশ সুপ্রিমকোর্টের বিচারক 'বেতন ও সুবিধাদি আইন ২০২১' এবং 'বাংলাদেশ সুপ্রিমকোর্টের বিচারক (ভ্রমণ ও ভাতা)



আইন ২০২১' ও প্রতি বছর ১৮ অক্টোবর 'শেখ রাসেল দিবস' পালন-এর খসড়ার চূড়ান্ত অনুমোদন। সূত্র: জনকণ্ঠ

- সরকারি, আধাসরকারি, রাষ্ট্রীয় মালিকানাধীন এবং স্বশাসিত প্রতিষ্ঠানে নবনিযুক্ত কর্মচারিরা চাকরিতে যোগদানের মাস থেকেই পদের মূল বেতনের সমপরিমাণ অর্থ উৎসব ভাতা হিসেবে প্রাপ্য হবেন। সংশ্লিষ্টদের অর্থ মন্ত্রণালয়ের চিঠি। সূত্র: যুগান্তর
- এস্তোনিয়াভিত্তিক ই-গভর্নেন্স একাডেমি ফাউন্ডেশনের প্রতিবেদনে সাইবার নিরাপত্তা সূচকে ২৭ ধাপ উন্নতি করে ৫৯.৭৪ নম্বর পেয়ে সার্ক দেশগুলোর মধ্যে প্রথম বাংলাদেশ। আর বিশ্বে ১৬০টি দেশের মধ্যে ৩৮তম। সূত্র: কালের কণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ৩৬ হাজার ৭৮৯ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৫,৩১৭। সুস্থ ৮,৯৮২ ও ১১৭ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- সুপ্রিমকোর্টের হাইকোর্ট বিভাগের বিচারপতি, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের সদস্য ও বীর মুক্তিযোদ্ধা বিচারপতি আমির হোসেনের মৃত্যু। রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার শোক প্রকাশ। সূত্র: কালের কণ্ঠ
- যুক্তরাষ্ট্রে বিশ্বে প্রথম স্থায়ী করোনাভাইরাসের টিকা হিসেবে ফাইজার-বায়োএনটেকের তৈরি টিকাকে অনুমোদন দিয়েছে দেশটির 'ফুড অ্যান্ড ড্রাগ অ্যাডমিনিস্ট্রেশন' (এফডিএ)। সূত্র: সমকাল

**২৪ আগস্ট, মঙ্গলবার**

- প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপারসন শেখ হাসিনার সভাপতিত্বে শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত একনেক ভার্চুয়াল সভায় পাঁচ হাজার ৪৪১ কোটি ৬৩ লাখ টাকা ব্যয়ে ৮টি প্রকল্প অনুমোদন। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ৩৪ হাজার ৭০৮ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৫,২৪৯। সুস্থ ৮,৯০৭ ও ১১৪ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ

- শিশুদের বুকের দুধ পান করাতে মায়েদের সহায়তা করার তালিকায় ৯৮টি দেশের মধ্যে ৯১ দশমিক ৫ স্কোর নিয়ে বাংলাদেশ বিশ্বে প্রথম স্থান অর্জন। ওয়ার্ল্ড ব্রেস্টফিডিং ট্রেন্ডস ইনিশিয়েটিভের (ডব্লিউবিটিআই) প্রতিবেদন। সূত্র: জনকণ্ঠ
- ক্ষমতা দখলের পর তালেবানের সহপ্রতিষ্ঠাতা মোল্লাহ আব্দুল গানি বারাদারের সঙ্গে প্রথম গোপন বৈঠক করল যুক্তরাষ্ট্রের কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থার (সিআইএ) প্রধান। সূত্র: সমকাল
- প্রথমবারের মতো গ্রিনল্যান্ডের সর্বোচ্চ বরফচূড়ায় বৃষ্টিপাতের ঘটনায় উদ্‌বেগ প্রকাশ করেছে বিজ্ঞানীরা। সূত্র: ইত্তেফাক
- তালেবানরা আফগানিস্তানের ক্ষমতা দখলের পর দেশটির ৫০ নারী ফুটবলারকে আশ্রয় দিল অস্ট্রেলিয়া। সূত্র: ইত্তেফাক

**২৫ আগস্ট, বুধবার**

- ৩৮তম বিসিএস পরীক্ষার নন-ক্যাডার পদে অনলাইন আবেদনপত্র জমা না দেয়ায় ১২৮ প্রার্থীর সংশ্লিষ্ট পদে সুপারিশসহ প্রার্থিতা বাতিল করেছে বাংলাদেশ সরকারি কর্মকমিশন। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ৩৩ হাজার ৬২৫ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৪,৯৬৬। সুস্থ ৭,৮০৮ ও ১১৪ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- আফগানিস্তানে তালেবান ক্ষমতা দখলের পর দেশটিতে সহায়তা স্থগিত ঘোষণা করল বিশ্বব্যাংক। সূত্র: সমকাল
- জরুরি ব্যবহারের জন্য চীনের সিনোভ্যাক ও সিনোফার্মের করোনা টিকার অনুমোদন দিল সৌদি আরব। সূত্র: জনকণ্ঠ

**২৬ আগস্ট, বৃহস্পতিবার**

- করোনা মোকাবিলায় ভারত থেকে উপহারের তৃতীয় চালানের ৪০টি অ্যাম্বুলেন্স বেনাপোল বন্দর পৌঁছাল। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ৩৪ হাজার ১১১ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৪,৬৯৮। সুস্থ ৮,৩১৪ ও ১০২ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ



- আফগানিস্তানের সাবেক প্রেসিডেন্ট হামিদ কারজাই ও হাই কাউন্সিল ফর ন্যাশনাল রিকন্সিলিয়েশনের প্রধান আব্দুল্লাহ আব্দুল্লাহকে গৃহবন্দি করেছে তালেবান। সূত্র: যুগান্তর

**২৭ আগস্ট, শুক্রবার**

- এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি) বাংলাদেশে ঢাকা-সিলেট বাণিজ্য করিডরে গতিশীলতা, সড়ক নিরাপত্তা ও আঞ্চলিক বাণিজ্যের অগ্রগতির জন্য ১.৭৮ বিলিয়ন মার্কিন ডলারের অনুমোদন দিয়েছে। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৭ হাজার ২৯৪ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩,৫২৫। সুস্থ ৬,৪৮৫ ও ১১৭ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- কাবুল বিমানবন্দরের হামলার পর ইসরাইলি প্রধানমন্ত্রী নাফতালি বেনেটের সঙ্গে মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেনের বৈঠক স্থগিত করেছে যুক্তরাষ্ট্র। সূত্র: যুগান্তর

**২৮ আগস্ট, শনিবার**

- জাপান থেকে উপহার হিসেবে অক্সফোর্ড-অ্যাস্ট্রাজেনেকার আরো ৬ লাখ ৩৪ হাজার ৯২০ ডোজ টিকা দেশে পৌঁছেছে। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য প্রকাশ। সূত্র: ইত্তেফাক
- সুপ্রিমকোর্টের ফুলকোর্ট ভার্চুয়াল সভায় করোনাভাইরাসজনিত উদ্ভূত পরিস্থিতিতে মামলা জট কমিয়ে আনতে চলতি বছরে সুপ্রিমকোর্টের সেপ্টেম্বর মাসের অবকাশকালীন ছুটি বাতিলের সিদ্ধান্ত। সূত্র: ভোরের কাগজ
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৫ হাজার ১২৯ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩,৪৩৬। সুস্থ ৪,৮৬১ জন ও ৮০ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- আফগানিস্তানে চলমান পরিস্থিতিতে কাবুল থেকে সব ব্রিটিশ সেনা, কূটনীতিবিদ ও কর্মীদের সরিয়ে নিল যুক্তরাজ্য। সূত্র: সমকাল

**২৯ আগস্ট, রবিবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়াল মাধ্যমে কক্সবাজার বিমানবন্দর রানওয়ের সম্প্রসারণ কাজের উদ্‌বোধন করেন। সূত্র: যুগান্তর
- উত্তরার দিয়াবাড়ি থেকে যাত্রা শুরু করে পল্লবী পর্যন্ত ছয়টি বগিতে যাত্রী নিয়ে পরীক্ষামূলকভাবে দেশের প্রথম মেট্রোরেলের আনুষ্ঠানিক পরীক্ষামূলক চলাচলের উদ্‌বোধন করেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৭ হাজার ৯২১ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩,৯৪৮। সুস্থ ৬,৪৬৬ ও ৮৯ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- চীন প্রতিযোগিতামূলক শিক্ষা ব্যবস্থায় অভিভাবক ও শিক্ষার্থীদের ওপর চাপ কমানোর জন্য প্রথম ও দ্বিতীয় শ্রেণিতে লিখিত পরীক্ষা নিষিদ্ধ করেছে। সূত্র: কালের কণ্ঠ
- যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট হিসেবে জো বাইডেন ক্ষমতা গ্রহণের পর প্রথমবার চীন-যুক্তরাষ্ট্রের ভার্চুয়াল শীর্ষ বৈঠক অনুষ্ঠিত। সূত্র: সংবাদ

**৩০ আগস্ট, সোমবার**

- কমানো শুল্কে প্রায় ১৭ লাখ টন চাল আমদানির জন্য ৪১৫ ব্যক্তি ও প্রতিষ্ঠানকে অনুমতি দিয়েছে খাদ্য মন্ত্রণালয়। সূত্র: যুগান্তর
- বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের পাইলট ক্যাপ্টেন নওশাদ আতাউল কাইয়ুমের মৃত্যু। প্রধানমন্ত্রী শেখ হাসিনার শোক প্রকাশ। সূত্র: সমকাল
- এশিয়ার নোবেল খ্যাত রেমন ম্যাগসেসে ২০২১ পদক পেল বাংলাদেশের খ্যাতিমান বিজ্ঞানী আইসিডিডিআরবির সিনিয়র সায়েন্টিস্ট ড. ফেরদৌসী কাদরী। সূত্র: ভোরের কাগজ
- গত ২৪ ঘণ্টায় দেশে ৩০ হাজার ৮৫৫ জনের করোনাভাইরাসের নমুনায় শনাক্ত ৩,৭২৪। সুস্থ ৬,১৮৬ ও ৯৪ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- নিউজিল্যান্ডে ফাইজার-বায়োএনটেকের কোভিড-১৯ টিকা নেওয়ার পর এক নারীর মৃত্যু। সূত্র: ইত্তেফাক



**৩১ আগস্ট, মঙ্গলবার**

- চীন থেকে সিনোফার্মের আরও ২০ লাখ ডোজ টিকা ঢাকায় পৌঁছাল। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৮ হাজার ৯৭ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩,৩৫৭। সুস্থ ৪,১০২ ও ৮৬ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- দুই দশকের যুদ্ধ শেষে আফগানিস্তান থেকে বিদায় নিল যুক্তরাষ্ট্র। সূত্র: প্রথম আলো
- দোহায় ভারতীয় দূতাবাসে তালেবানের দোহা দপ্তরের ভারপ্রাপ্ত নেতা শের মোহম্মদ আব্বাস স্তানেকজাইয়ের সঙ্গে প্রথমবার বৈঠক করল কাতারে নিযুক্ত ভারতের রাষ্ট্রদূত দীপক মিত্তল। সূত্র: ইত্তেফাক
- জাতিসংঘের নিরাপত্তা পরিষদে আফগানিস্তান ইস্যুতে প্রস্তাব গৃহীত। সূত্র: সমকাল

## সেপ্টেম্বর

**১ সেপ্টেম্বর, বুধবার**

- কোভ্যাক্সের সহায়তায় মার্কিন যুক্তরাষ্ট্র থেকে ফাইজার-বায়োএনটেকের তৈরি করোনাভাইরাসের আরও ১০ লাখ ডোজ টিকার দ্বিতীয় চালান ঢাকা পৌঁছায়। সূত্র: ইত্তেফাক
- দেশ-বিদেশে পুলিশের অর্জন ও পজিটিভ বাংলাদেশকে তুলে ধরার লক্ষ্যে পুলিশ সদর দফতরে নিউজ ডট পুলিশ ডট গভ ডট বিডি নিউজপোর্টাল চালু করল বাংলাদেশ পুলিশ। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ৩০ হাজার ২৯৪ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩,০৬২। সুস্থ ৫,৯৯৯ ও ৭৯ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- দক্ষিণ আমেরিকার কলম্বিয়ায় করোনার নতুন পরিবর্তিত ধরন 'মিউ' শনাক্ত। জনকণ্ঠ
- আফগানিস্তানের রাজধানী কাবুলে শরিয়া আইন চালু করল তালেবান। সূত্র: যুগান্তর

- মিরপুর শেরেবাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে অনুষ্ঠিত টি-২০ সিরিজের প্রথম ম্যাচে নিউজিল্যান্ডের বিপক্ষে প্রথমবার ৭ উইকেটে বাংলাদেশ জয়ী। প্রধানমন্ত্রী শেখ হাসিনার অভিনন্দন । সূত্র: সমকাল

**২ সেপ্টেম্বর, বৃহস্পতিবার**

- করোনা মোকাবিলায় ভারতের উপহারের দুটি মোবাইল অক্সিজেন প্লান্ট দেশে পৌঁছাল। সূত্র: ইত্তেফাক
- ব্রাজিল, রাশিয়া, ভারত, চীন এবং দক্ষিণ আফ্রিকার সমন্বয়ে গঠিত অর্থনীতির জোট ব্রিকসের উদ্যোগে নিউ ডেভেলপমেন্ট ব্যাংকে (এনডিবি) সদস্যপদ পেল বাংলাদেশ। অর্থ মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তি। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ৩৩ হাজার ২৫ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩,৪৩৬। সুস্থ ৫,৯০১ ও ৮৮ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- প্রথমবার বাংলাদেশি বংশোদ্ভূত এবং সাউথ এশিয়ান মুসলিম নারী নুসরাত জাহান চৌধুরী যুক্তরাষ্ট্রের ফেডারেল আদালতের বিচারক হিসেবে নিয়োগ পেয়েছেন। সূত্র: ইত্তেফাক
- আফগানিস্তানে ক্ষমতা দখল করা তালেবান প্রধান হিসেবে হাইবাতুল্লাহ আখুন্দজাদার নাম ঘোষণা করেছে দেশটি। সূত্র: জনকণ্ঠ

**৩ সেপ্টেম্বর, শুক্রবার**

- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের পরিবারের সদস্যসহ দেশের গুরুত্বপূর্ণ ব্যক্তিদের দৈহিক নিরাপত্তা দেওয়ার জন্য 'বিশেষ নিরাপত্তা বাহিনী (স্পেশাল সিকিউরিটি ফোর্স) বিল ২০২১' সংসদে বিল উত্থাপিত। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৯ হাজার ৪৩৮ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩,১৬৭। সুস্থ ৪,৬৯৭ ও ৭০ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- ভারতের কাশ্মীরের স্বাধীনতার দাবির পক্ষের নেতা সৈয়দ আলি গিলানির (৯২) ইন্তেকাল। সূত্র: ভোরের কাগজ



- যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে হ্যারিকেন আইদার প্রভাবে অতি বর্ষণের কারণে বন্যাজনিত জরুরি অবস্থা জারি। সূত্র: জনকণ্ঠ

**৪ সেপ্টেম্বর, শনিবার**

- বিগত বিএনপি ও তত্ত্বাবধায়ক আমলে অন্তর্ভুক্ত ১০ হাজার ভুয়া মুক্তিযোদ্ধার সনদ বাতিল। সংসদ অধিবেশনে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৭ হাজার ৭৫০ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১,৮৪৩। সুস্থ ৩,৪২৪ ও ৬১ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- যুক্তরাষ্ট্রে ২০০১ সালে টুইন টাওয়ারে সন্ত্রাসী হামলার তদন্তের পূর্ণাঙ্গ চিত্র এবং গোপনীয় প্রতিবেদন প্রকাশের নির্দেশ দিল দেশটির প্রেসিডেন্ট জো বাইডেন। সূত্র: ইত্তেফাক
- তালেবান ক্ষমতা নেওয়ার পর সিলেট আন্তর্জাতিক স্টেডিয়ামে অনুষ্ঠিত বাংলাদেশ-আফগানিস্তান অনূর্ধ্ব-১৯ দলের বিপক্ষে খেলতে আফগানিস্তান ক্রিকেট দলের প্রথম বিদেশ সফর। সূত্র: যুগান্তর

**৫ সেপ্টেম্বর, রবিবার**

- ১২ সেপ্টেম্বর থেকে ২০২১ ও ২০২২ সালে এসএসসি ও এইচএসসি পরীক্ষার্থীদের এবং পঞ্চম শ্রেণির শিক্ষার্থীরা (সপ্তাহে ছয় দিন) ক্লাস করবে। প্রথম, দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ শ্রেণির ক্লাস এবং মাধ্যমিকে ষষ্ঠ, সপ্তম, অষ্টম ও নবম শ্রেণির ক্লাস হবে সপ্তাহে এক দিন। সচিবালয়ে শিক্ষাপ্রতিষ্ঠান খোলা নিয়ে আন্তঃমন্ত্রণালয় সভায় সিদ্ধান্ত। সূত্র: ইত্তেফাক
- করোনাভাইরাস মহামারির কারণে প্রায় দেড় বছর বন্ধ থাকার পর শিক্ষা প্রতিষ্ঠান খুলে দেয়ার সিদ্ধান্তকে স্বাগত জানাল জাতিসংঘের শিশু তহবিল ইউনিসেফ। সূত্র: জনকণ্ঠ
- সরকারি হাট-বাজার ইজারার আয়ের অর্থ থেকে বীর মুক্তিযোদ্ধাদের জন্য চিকিৎসায় অনুদানের পরিমাণ বাড়াল সরকার। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৫ হাজার ১৬৩ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২,৪৩০। সুস্থ ৫,০৬০ ও ৭০ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ

- অননুমোদিত কারখানায় উৎপাদনের কারণে চীনের সিনোভ্যাক বায়োটেক লিমিটেডের উৎপাদিত করোনাভাইরাস টিকার এক কোটি ২১ লাখ ডোজের ব্যবহার স্থগিত করল ব্রাজিলের ফেডারেল স্বাস্থ্য নিয়ন্ত্রক সংস্থা আনভিজা। সূত্র: সংবাদ
- আফগানিস্তানে কাবুলসহ দেশটির বিভিন্ন স্থানে শিক্ষাসহ বিভিন্ন মৌলিক ও মানবিক অধিকারের বিষয়ে দেশটির নারীদের বিক্ষোভ। সূত্র: প্রথম আলো

**৬ সেপ্টেম্বর, সোমবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে সচিবালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার ভার্চুয়াল বৈঠকে 'সরকারি ঋণ আইন ২০২১' এর খসড়ার চূড়ান্ত অনুমোদন। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৭ হাজার ৫৯৫ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২,৭১০। সুস্থ ৪,১২৪ ও ৬৫ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- করোনাভাইরাসের সংক্রমণ প্রতিরোধে অনন্য অবদানের স্বীকৃতি হিসেবে রোটারি ইন্টারন্যাশনাল কর্তৃক 'কোভিড হিরো' পুরস্কার পেল অধ্যাপক ডা. এ বি এম আবদুল্লাহ ও সিলেট এম এ জি ওসমানী মেডিক্যাল কলেজের ইএনটি বিভাগের প্রধান অধ্যাপক ডা. মনিলাল আইচ লিটু। সূত্র: সমকাল
- আফ্রিকার দেশ গিনিতে সেনা অভ্যুত্থানের ঘটনায় দেশব্যাপী কারফিউ জারি। সূত্র: যুগান্তর

**৭ সেপ্টেম্বর, মঙ্গলবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) ভার্চুয়াল সভায় প্রায় সাড়ে ৭ হাজার কোটি টাকা ব্যয়ে মোট ৮টি প্রকল্প অনুমোদন। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৭ হাজার ২৩৩ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২,৬৩৯। সুস্থ ৫,৫৬৭ ও ৫৬ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ



- আফগানিস্তানে তালেবান অন্তর্বর্তী সরকারের প্রধানমন্ত্রী হিসেবে মোল্লাহ মোহাম্মদ হাসান আখুন্দক ও উপপ্রধান হিসেবে তালেবান গোষ্ঠীর সহপ্রতিষ্ঠাতা মোল্লাহ আব্দুল ঘানি বারাদার এবং প্রতিরক্ষামন্ত্রী হিসাবে মোল্লাহ ইয়াকুবের নাম ঘোষণা তালেবান গোষ্ঠীর। একইসঙ্গে আফগানিস্তানকে 'ইসলামি আমিরাত' ঘোষণা। সূত্র: ইত্তেফাক
- বিশ্বের প্রথম দুই থেকে আঠারো বছরের শিশুদের করোনার টিকা দেওয়া শুরু করল কিউবা। সূত্র: সমকাল

**৮ সেপ্টেম্বর, বুধবার**

- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ শিক্ষার্থীদের পাঠ্যসূচিতে অন্তর্ভুক্তির নির্দেশ দিয়েছে হাইকোর্ট। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৭ হাজার ৫২৮ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২,৪৯৭। সুস্থ ৩,৮৪০ ও ৫২ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- আফগানিস্তানের নবগঠিত তালেবান সরকাকে স্বাগত জানাল চীন। সূত্র: সমকাল

**৯ সেপ্টেম্বর, বৃহস্পতিবার**

- ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের ২০২১ সালের এইচএসসি পরীক্ষার কেন্দ্র তালিকা ও আসন বিন্যাস প্রকাশ। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৯ হাজার ৫৪১ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২,৫৮৮। সুস্থ ৩,৬১৭ ও ৫৮ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- তালেবানের অধীনে মার্কিন নাগরিকসহ প্রায় ২০০ যাত্রী নিয়ে কাবুল বিমানবন্দর থেকে কাতারের রাজধানী দোহায় গেল প্রথম আন্তর্জাতিক বাণিজ্যিক ফ্লাইট। সূত্র: জনকণ্ঠ

**১০ সেপ্টেম্বর, শুক্রবার**

- করোনা পরিস্থিতিতে আঠারো মাস পর স্কুল শুরুর লক্ষ্যে দেশের সব প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের ক্লাস রুটিন পাঠালো শিক্ষা মন্ত্রণালয়। সূত্র: প্রথম আলো
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৬ হাজার ৮৭৮ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২,৩২৫। সুস্থ ৩,৮৫৬ ও ৩৮ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- সরকারি কর্মীর জন্য করোনা টিকা বাধ্যতামূলক করে যুক্তরাষ্ট্রে সংক্রমণ মোকাবিলার নতুন নীতিমালা ঘোষণা করেছে দেশটির প্রেসিডেন্ট জো বাইডেন। সূত্র: ইত্তেফাক

**১১ সেপ্টেম্বর, শনিবার**

- চীন থেকে ক্রয় করা সিনোফার্মের আরও ৫৪ লাখ করোনাভাইরাসের টিকা ঢাকা পৌঁছাল। সূত্র: যুগান্তর
- প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতায় ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের অর্থায়নে প্রবাসী বাংলাদেশী কর্মীর সন্তানদের পড়াশোনার সুবিধার্থে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে পাঁচটি দেশে তার নামে স্কুল চালানোর জন্য ১০০ কোটি টাকা বরাদ্দ। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৮ হাজার ৮৬৯ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১,৩২৭। সুস্থ ৩,১৬৮ ও ৪৮ জন মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- যুক্তরাষ্ট্রের টুইন টাওয়ারে ২০০১ সালের হামলার ঘটনার প্রথম নথি প্রকাশ করল দেশটির ফেডারেল ব্যুরো অব ইনভেস্টিগেশন (এফবিআই)। সূত্র: জনকণ্ঠ

**১২ সেপ্টেম্বর, রবিবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়াল মাধ্যমে বিদ্যুৎ ভবনে বিদ্যুৎ বিভাগ আয়োজিত মূল অনুষ্ঠানে সংযুক্ত হয়ে ৭৭৯ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনে সক্ষম দেশে পাঁচটি বিদ্যুৎ কেন্দ্র উদ্‌বোধন করেন। সূত্র: যুগান্তর



- প্রধানমন্ত্রীর কার্যালয়ের গাড়ি কেনা বাতিল করে এই খাতে ২০২১-২০২২ অর্থবছরের বরাদ্দকৃত ১৫ কোটি টাকা সাধারণ মানুষের স্বাস্থ্যসেবায় খরচ করতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশনা বাস্তবায়নে সংশ্লিষ্টদের চিঠি। সূত্র: সমকাল
- করোনা পরিস্থিতিতে আঠারো মাস পর দেশে স্কুল খুলল। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৫ হাজার ৭৪ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১,৮৭১। সুস্থ ৩,৫৮৬ ও ৫১ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- আফগানিস্তানে শান্তি, স্থিতিশীলতা, নিরাপত্তা প্রতিষ্ঠায় পাকিস্তান, চীন, রাশিয়া ও ইরানসহ কাবুলের প্রতিবেশী কয়েকটি এশীয় দেশের গোয়েন্দা প্রধানদের বৈঠক অনুষ্ঠিত। সূত্র: প্রথম আলো

**১৩ সেপ্টেম্বর, সোমবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে সচিবালয়ে ভার্চুয়ালি সংযুক্ত হয়ে নতুন জাতীয় শিক্ষাক্রমের খসড়া রূপরেখার অনুমোদন করেন। সূত্র: জনকণ্ঠ
- ২০২৩ সাল থেকে নতুন কারিকুলামে পঞ্চম শ্রেণির প্রাথমিক সমাপনী পরীক্ষা (পিইসি) ও অষ্টম শ্রেণির জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষা থাকবে না। সচিবালয়ে মন্ত্রণালয়ের সংবাদ সম্মেলনে শিক্ষামন্ত্রী। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৫ হাজার ৩৮৮ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১,৯৫৩। সুস্থ ৪,১১২ ও ৪১ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- দীর্ঘদিনের রাজনৈতিক অচলাবস্থার অবসানের লক্ষ্যে মালয়েশিয়ায় সরকার ও বিরোধীদের মধ্যে সমঝোতা চুক্তি স্বাক্ষর। সূত্র: ইত্তেফাক
- তালেবানকে সরকার পরিচালনায় নবীজির (সা.) আদর্শ ও খোলাফায়ে রাশেদীনের পদাঙ্ক অনুসরণের আহ্বান জানিয়েছে বিশ্বের প্রভাবশালী আলেমদের নিয়ে গঠিত সংগঠন ইন্টারন্যাশনাল ইউনিয়ন অব মুসলিম স্কলারস। সূত্র: যুগান্তর

**১৪ সেপ্টেম্বর, মঙ্গলবার**

- বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের 'বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিব' কনভেনশন সেন্টারে ১ হাজার শয্যাবিশিষ্ট 'কোভিড ফিল্ড হাসপাতাল' স্থাপনের জন্য জরুরি প্রয়োজনীয় সামগ্রী সরাসরি ক্রয় পদ্ধতিতে সংগ্রহের প্রস্তাব অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ভার্চুয়াল সভায় নীতিগত অনুমোদন। সূত্র: ইত্তেফাক
- ভারত সরকারের উপহারের পঞ্চম তথা শেষ চালানের ৯টি লাইফ সাপোর্ট অ্যাম্বুলেন্স ভারতের পেট্রাপোল বন্দর দিয়ে বেনাপোল স্থলবন্দরে পৌঁছাল। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ৩১ হাজার ৭২৮ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষা। শনাক্ত ২,০৭৪। সুস্থ ৩,৭৩৫ ও ৩৫ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- আফগানিস্তানের দরিদ্র জনগোষ্ঠীর জন্য জেনেভায় জাতিসংঘ আয়োজিত দাতা সম্মেলনে ১০০ কোটি ডলারেরও বেশি আর্থিক সহায়তা দেওয়ার প্রতিশ্রুতি। সূত্র: সমকাল

**১৫ সেপ্টেম্বর, বুধবার**

- বাণিজ্য মন্ত্রণালয়ে ভার্চুয়াল মাধ্যমে বাংলাদেশ ও অস্ট্রেলিয়ার মধ্যে 'ট্রেড অ্যান্ড ইনভেস্টমেন্ট ফ্রেমওয়ার্ক অ্যারেঞ্জমেন্ট' বা টিফা স্বাক্ষরিত। সূত্র: যুগান্তর
- বুলগেরিয়া থেকে উপহারের অক্সফোর্ড-অ্যাস্ট্রাজেনেকার দুই লাখ ৭০ হাজার ডোজ করোনাভাইরাস প্রতিরোধী টিকা ঢাকায় পৌঁছাল। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৮ হাজার ৬১৫ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১,৯০১। সুস্থ ৩,৮৭৩ ও ৫১ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- যুক্তরাজ্যের মন্ত্রিসভায় পররাষ্ট্রমন্ত্রীর পদে লিজ ট্রাসকে ও স্বরাষ্ট্রমন্ত্রী পদে প্রীতি প্যাটেলকে নিয়োগ দিয়েছেন প্রধানমন্ত্রী বরিস জনসন। সূত্র: যুগান্তর



**১৬ সেপ্টেম্বর, বৃহস্পতিবার**

- জরুরি ভিত্তিতে বিদ্যুৎ ঘাটতি মেটাতে ভাড়াভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র চালানোর বিশেষ আইনের মেয়াদ ৫ বছর বাড়িয়ে জাতীয় সংসদে 'বিদ্যুৎ ও জ্বালানির দ্রুত সরবরাহ বৃদ্ধি (বিশেষ বিধান) (সংশোধন) বিল ২০২১' পাস। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ৩১ হাজার ১৪৯ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১,৮৬২। সুস্থ ৩ ও ৫১ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- ফ্রান্সে করোনাভাইরাসের টিকা না নেয়ার কারণে প্রায় তিন হাজার স্বাস্থ্যকর্মীকে সাময়িক বরখাস্তের নোটিস। সূত্র: জনকণ্ঠ
- যুক্তরাষ্ট্রের মোস্ট ওয়ান্টেড সন্ত্রাসীর তালিকায় থাকা তালেবান সরকারের স্বরাষ্ট্রমন্ত্রী সিরাজুদ্দিন হাক্কানির সঙ্গে জাতিসংঘের বৈঠক। সূত্র: সমকাল

**১৭ সেপ্টেম্বর, শুক্রবার**

- চীন থেকে সিনোফার্মের আরও ৫০ লাখ ডোজ করোনার টিকার চালান বিমান বাংলাদেশ এয়ারলাইন্সে দেশে পৌঁছাল। সূত্র: সমকাল
- জাতিসংঘে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ভাষণের দিনকে (২৫ সেপ্টেম্বর) 'বাংলাদেশি ইমিগ্র্যান্ট ডে' ঘোষণা। সূত্র: সংবাদ
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৯ হাজার ৭৫৬ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১,৯০৭। সুস্থ ২,৫৪৯ ও ৩৮ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- আফগানিস্তানে মেয়ে শিক্ষার্থীদের মাধ্যমিক পর্যায়ের শিক্ষা নিষিদ্ধ ঘোষণা করেছে তালেবান সরকারের শিক্ষা মন্ত্রণালয়। সূত্র: জনকণ্ঠ
- ইউরোপের অর্থনৈতিক দেশ হিসেবে প্রথম কোভিড-১৯ সংক্রমণ রোধে সব কর্মজীবীর জন্য 'গ্রিন পাস' বাধ্যতামূলক করল ইতালি সরকার। সূত্র: কালের কণ্ঠ
- করোনাভাইরাস মহামারিতে যুক্তরাষ্ট্রে ৬৫ বছর উর্ধে এবং উচ্চঝুঁকিতে রয়েছেন এমন ব্যক্তিদের ফাইজার-বায়োএনটেকের বুস্টার ডোজ দেওয়ার অনুমোদন দেশটির খাদ্য ও ওষুধ নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের (এফডিএ)। সূত্র: কালের কণ্ঠ

**১৮ সেপ্টেম্বর, শনিবার**

- গত ২৪ ঘণ্টায় দেশে ১৯ হাজার ৬৬৮ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১,১৯০। সুস্থ ১,৬৪৫ ও ৩৫ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- প্রথমবারের মতো সৌদি আরবের পররাষ্ট্রমন্ত্রী প্রিন্স ফয়সাল বিন ফারহান তিন দিনের সফরে ভারত পৌঁছাল। সূত্র: কালের কণ্ঠ
- প্রথমবারের মতো টানা তিন দিন মহাকাশ ভ্রমণ শেষে পৃথিবীতে ফিরে এলেন চার পর্যটক। সূত্র: কালের কণ্ঠ
- রানি দ্বিতীয় এলিজাবেথের মর্যাদা রক্ষায় ব্রিটেনের প্রয়াত ডিউক অব এডিনবার্গ প্রিন্স ফিলিপের উইল ৯০ বছর গোপন রাখার সিদ্ধান্তের কথা জানাল দেশটির হাইকোর্ট। সূত্র: ইত্তেফাক

**১৯ সেপ্টেম্বর, রবিবার**

- জাতিসংঘের ৭৬তম অধিবেশনে যোগ দিতে ফিনল্যান্ডের হেলসিঙ্কিতে যাত্রাবিরতি শেষে নিউইয়র্কের উদ্দেশে যাত্রা করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৪ হাজার ৬২৩ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১,৩৮৩। সুস্থ ২,৮৮৭ ও ৪৩ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- প্রথম নারী ও প্রথম মুসলিম হিসেবে ইন্টারন্যাশনাল প্রেস ইনস্টিটিউটের (আইপিআই) ৩৫তম চেয়ারম্যান নির্বাচিত খাদিজা প্যাটেল। সূত্র: যুগান্তর
- আফগানিস্তানের সরকারি চাকরিজীবী নারীদের কাজ করা থেকে বিরত থেকে ঘরে থাকার নির্দেশনা দিয়েছে মেয়র হামদুল্লাহ নোমান। সূত্র: সমকাল

**২০ সেপ্টেম্বর, সোমবার**

- নিউইয়র্কে আয়োজিত জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবিলা বিষয়ক বৈঠকে ছয় সুপারিশ পেশ করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: সমকাল



- গত ২৪ ঘণ্টায় দেশে ২৪ হাজার ৪৩১ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১,৫৫৫। সুস্থ ১,৫৬৫ ও ২৬ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- রাশিয়ার সংসদ নির্বাচনে দেশটির বর্তমান প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন সমর্থিত 'ইউনাইটেড রাশিয়া পার্টি' জয়ী। সূত্র: যুগান্তর
- যুক্তরাষ্ট্র, ব্রিটেন ও অস্ট্রেলিয়ার বিশেষ নিরাপত্তা চুক্তি ও সাবমেরিন ইস্যুতে টানাপোড়েনের কারণে যুক্তরাজ্যের সঙ্গে প্রতিরক্ষা আলোচনা বাতিল করেছে ফ্রান্স। সূত্র: জনকণ্ঠ

**২১ সেপ্টেম্বর, মঙ্গলবার**

- জাতিসংঘের টেকসই উন্নয়ন সংক্রান্ত নবম বার্ষিক আন্তর্জাতিক সম্মেলনের পূর্ণ অধিবেশনে 'এসডিজি অগ্রগতি পুরস্কার' প্রদান অনুষ্ঠানে বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে 'ক্রাউন জুয়েল' বা 'মুকুট মণি' হিসেবে আখ্যা দিয়েছে আর্থ ইনস্টিটিউট, কলাম্বিয়া বিশ্ববিদ্যালয়, গ্লোবাল মাস্টার্স অব ডেভেলপমেন্ট প্র্যাকটিস এবং ইউএন সাসটেইনেবল ডেভেলপমেন্ট সল্যুশনস নেটওয়ার্ক। সূত্র: সমকাল
- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে তাঁর সম্মানে জাতিসংঘ সদর দফতরের উত্তর লনের বাগানে একটি বেঞ্চ উৎসর্গ এবং সেই সঙ্গে একটি বৃক্ষরোপণ। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ৩৩ হাজার ৩২৭ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১,৫৬২। সুস্থ ১,৬০৩ ও ২৬ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- আফগানিস্তানে অন্তর্বর্তী সরকারের মন্ত্রিসভার সম্প্রসারণ করেছে তালেবান। সূত্র: যুগান্তর
- কানাডার আগাম জাতীয় নির্বাচনে তৃতীয়বারের মতো জয়ী বর্তমান প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডো। সূত্র: যুগান্তর

**২২ সেপ্টেম্বর, বুধবার**

- ইউএস-বাংলাদেশ বিজনেস কাউন্সিলের উদ্যোগে আয়োজিত 'বাংলাদেশ ফরওয়ার্ড : দ্য ফ্রন্টিয়ার ফর গ্রোথ' শীর্ষক গোলটেবিল বৈঠকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা লোটে নিউইয়র্ক প্যালেস থেকে ভার্চুয়ালি অংশ নেন। সূত্র: জনকণ্ঠ

- নিউইয়র্কে জাতিসংঘ সাধারণ পরিষদের সভাপতির আহ্বানে নারী নেতাদের নিয়ে উচ্চপর্যায়ের বৈঠকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা লিঙ্গ সমতা নিশ্চিত করতে নারী নেতৃবৃন্দের একটি নেটওয়ার্ক গঠনের ওপর বিশেষ গুরুত্ব আরোপ করেন এবং বিশ্ব নেতাদের সামনে ৩ দফা প্রস্তাব পেশ করেন। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৮ হাজার ৭৩৬ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১,৩৭৬। সুস্থ ১,৪২৭ ও ৩৬ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- ভারতের সেরাম ইনস্টিটিউটের তৈরি করোনাভাইরাসের টিকা কোভিশিল্ডকে স্বীকৃতি দিল যুক্তরাজ্য। সূত্র: যুগান্তর
- আফগানিস্তান ইস্যুতে নিউইয়র্কে দক্ষিণ এশীয় আঞ্চলিক সহযোগিতা সংস্থার (সার্ক) পূর্ব নির্ধারিত বৈঠক বাতিল করেছে সার্কভুক্ত দেশগুলোর পররাষ্ট্রমন্ত্রীরা। সূত্র: সংবাদ

**২৩ সেপ্টেম্বর, বৃহস্পতিবার**

- বাংলাদেশের সৌজন্যে আয়োজিত 'হাই লেভেল সাইড ইভেন্ট অন ফোর্সিবলি ডিসপ্লেসড মিয়ানমার রোহিঙ্গা ক্রাইসিস : ইমপারেটিভ ফর এ সাসটেইনেবল সলিউশনস' শীর্ষক অনুষ্ঠানে মার্কিন রাষ্ট্রদূত লিন্ডা থমাস মানবিক সংকট মোকাবিলায় মিয়ানমারের ভেতরে এবং বাংলাদেশে আশ্রয় নেওয়া বাস্তুচ্যুত রোহিঙ্গাদের জন্য সহায়তা হিসেবে প্রায় ১৮ কোটি মার্কিন ডলার প্রদানের ঘোষণা দেন। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৪ হাজার ৮২০ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১,১৪৪। সুস্থ ১,৬৫৩ ও ২৪ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের আঁকা নামহীন ছবি যুক্তরাজ্যভিত্তিক ক্রিস্টিজরে সাইটে 'যুগল' নামে উল্লেখ করে নিলামে পাঁচ লাখ পাউন্ডে বিক্রি। সূত্র: সমকাল
- যুক্তরাষ্ট্রে ৬৫ বা তার বেশি বয়সী নাগরিক করোনাভাইরাসের কারণে উচ্চ ঝুঁকিতে থাকা ব্যক্তি এবং যাদের নিয়মিত ভাইরাসের সংস্পর্শে



যেতে হয় তাদের ফাইজার ও বায়োএনটেকের করোনার বুস্টার ডোজ দেওয়ার অনুমতি দিল দেশটির খাদ্য ও ওষুধ কর্তৃপক্ষ (এফডিএ)। সূত্র: সমকাল

- কাবুল বিশ্ববিদ্যালয়ে বিশিষ্ট শিক্ষাবিদ ও পিএইচডি ডিগ্রিধারী মোহাম্মদ ওসমান বাবুরিকে বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের পদ থেকে বরখাস্ত করে তালেবান ঘনিষ্ঠ বি এ পাস মোহাম্মদ আশরাফ ঘাইরতকে নিয়োগ দিয়েছে তালেবান সরকার। সূত্র: ইত্তেফাক

**২৪ সেপ্টেম্বর, শুক্রবার**

- নিউইয়র্কে জাতিসংঘ সাধারণ পরিষদের ৭৬তম অধিবেশনে ভাষণ প্রদান করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ভাষণে প্রধানমন্ত্রী প্রাকৃতিক দুর্যোগ, মহামারি এবং মানবসৃষ্ট নানা সংঘাত ও দুর্যোগ মোকাবিলায় ৬ দফা প্রস্তাব পেশ করেন। সূত্র: যুগান্তর
- নিউইয়র্ক প্যালেসে শেখ হাসিনার সঙ্গে দ্বিপাক্ষিক আলোচনাকালে জাতিসংঘ মহাসচিব আন্তোনিও গুতেরেস বাংলাদেশের বিস্ময়কর উন্নয়ন এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনার বলিষ্ঠ ও দূরদর্শী নেতৃত্বের উচ্ছ্বসিত প্রশংসা করেন এবং গতিশীল অর্থনীতির দেশ হিসেবে বাংলাদেশকে 'রোল মডেল' হিসাবে অভিহিত করেন। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৭ হাজার ১৪১ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১,২৩৩। সুস্থ ১,৪১৩ জন ও ৩১ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- জাতিসংঘ শান্তিরক্ষায় বামাকোতে ইউনাইটেড নেশনস মাল্টিডাইমেনশনাল ইন্টিগ্রেটেড স্ট্যাবিলাইজেশন মিশন ইন মালি (এমআইইউএসএমএ) এর সদর দপ্তর ব্যানএফপিইউ ক্যাম্পে কর্মরত বাংলাদেশ পুলিশের ১৪০ সদস্যকে পেশাদারিত্বের স্বীকৃতি হিসেবে জাতিসংঘ শান্তিরক্ষা পদকে ভূষিত করা হয়। সূত্র: সমকাল
- বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও) কোভিড-১৯ চিকিৎসায় মার্কিন বায়োটেক কোম্পানি রেজিনারনের সিন্থেটিক অ্যান্টিবডি চিকিৎসার অনুমোদন। সূত্র: ইত্তেফাক

**২৫ সেপ্টেম্বর, শনিবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতিসংঘ সাধারণ পরিষদের ৭৬তম অধিবেশন ও উচ্চ পর্যায়ের পার্শ্ব-আলোচনায় যোগদান শেষে ওয়াশিংটন পৌঁছান। সূত্র: জনকণ্ঠ
- বাংলাদেশের স্বাস্থ্য, শিক্ষাসহ ক্ষুদ্র ও মাঝারি শিল্পে ঋণ সহায়তায় বাজেট সাপোর্ট হিসেবে ২৫ কোটি ডলার অর্থাৎ দুই হাজার ১২৫ কোটি টাকা ঋণ দিতে এডিবির বোর্ড সভায় ঋণ প্রস্তাবের অনুমোদন। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৭ হাজার ৮১৮ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৮১৮ জন। ৯৬৫ ও ২৫ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- ইন্দো-প্যাসিফিক অঞ্চলে গণতন্ত্র স্থিতিশীল রাখার লক্ষ্যে হোয়াইট হাউসে কোয়াডের চার সদস্য দেশ যুক্তরাষ্ট্র, অস্ট্রেলিয়া, ভারত ও জাপানের নেতার মধ্যে প্রথমবারের মতো সশরীরে বৈঠক অনুষ্ঠিত। সূত্র: সমকাল
- ৩০ সেকেন্ডে হাতের পিঠে সর্বোচ্চ ৫০টি পেন্সিল ব্যালান্স করে গিনেস ওয়ার্ল্ড রেকর্ড করেছে বাংলাদেশী শিক্ষার্থী মনিরুল ইসলাম। সূত্র: জনকণ্ঠ

**২৬ সেপ্টেম্বর, রবিবার**

- 'বিশ্ব পর্যটন দিবস' উপলক্ষে বাণী প্রদান করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: যুগান্তর
- সেনাবাহিনীর ২৭৮ জন মুক্তিযোদ্ধার সামরিক গেজেট বাতিল করে জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের সিদ্ধান্ত অনুযায়ী মন্ত্রণালয় প্রজ্ঞাপন জারি করেছে। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ২২ হাজার ২২১ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৯৮০। সুস্থ ১,৩১২ ও ২১ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- জার্মানিতে অ্যাঞ্জেলা মেরকেলের দলকে হারিয়ে মধ্য বামপন্থী দল সোশ্যাল ডেমোক্র্যাটিক পার্টি এসপিডির নির্বাচনে জয়লাভ। সূত্র: কালের কণ্ঠ



- বিশ্বের ৬ষ্ঠ এবং ইউরোপের প্রথম দেশ হিসেবে ৬৩ আসনের সংসদে ৩৩টি আসনে নির্বাচিত হয়ে নারী সংখ্যাগরিষ্ঠ সংসদ গঠিত হয়েছে আইসল্যান্ডে। সূত্র: ইত্তেফাক

**২৭ সেপ্টেম্বর, সোমবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৫তম জন্মদিন ও বঙ্গবন্ধুর জন্মশতবর্ষ উপলক্ষ্যে উভয়ের প্রতি শ্রদ্ধা নিবেদনের অংশ হিসেবে 'পিতা দিয়েছে স্বাধীন স্বদেশ কন্যা দিয়েছে আলো' শিরোনামে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটির ই-পোস্টার প্রকাশ। সূত্র: কালের কণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৭ হাজার ৭৮৭ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১,২১২। সুস্থ ১,২০২ ও ২৫ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- তালেবান আফগানিস্তান দখলের পর কাবুলে নারী মালিকানাধীন ব্যবসা এবং রেস্তোরাঁ ও ক্যাফে বন্ধ। সূত্র: সমকাল
- আফগানিস্তানের সব সেলুনে দাড়ি কামানো ও ছাঁটার ওপর নিষেধাজ্ঞা জারি করেছে তালেবান সরকার। সূত্র: জনকণ্ঠ

**২৮ সেপ্টেম্বর, মঙ্গলবার**

- আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৫তম জন্মদিন উদ্‌যাপন। সূত্র: জনকণ্ঠ
- কোভ্যাক্স সুবিধার আওতায় যুক্তরাষ্ট্র থেকে বাংলাদেশের জন্য উপহার হিসেবে ফাইজার-বায়োএনটেকের আরো ২৫ লাখ ডোজ করোনার টিকা দেশে পৌঁছাল। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৯ হাজার ১৮৬ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১,৩১০। সুস্থ ১,১৯৫ ও ৩১ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- জার্মানিতে প্রথমবারের মতো ট্রান্সজেন্ডার উইমেন (রূপান্তরিত নারী) টেজা গেনজেরা (৪৪) ও নাইকি স্লাভেক (২৭) গ্রিন পার্টি থেকে পার্লামেন্ট সদস্য নির্বাচিত হয়েছেন। সূত্র: সংবাদ

- আরব বিশ্বের ইতিহাসে তিউনিশিয়ায় প্রথম নারী প্রধানমন্ত্রী হিসেবে নাজলা বাউডেন রোমধানের নাম ঘোষণা করেছে প্রেসিডেন্ট কাইস সাঈদ। সূত্র: যুগান্তর

**২৯ সেপ্টেম্বর, বুধবার**

- যুক্তরাষ্ট্রের মেরিল্যান্ডে নবনির্মিত বাংলাদেশ হাউসের উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: যুগান্তর
- দক্ষিণ এশিয়ার সর্ববৃহৎ শপিংমল যমুনা ফিউচার পার্কের ব্লকবাস্টার সিনেমাসে দেশের প্রথম অ্যানিমেশন চলচ্চিত্র 'মুজিব আমার পিতা' প্রদর্শিত হয়েছে। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৮ হাজার ৫৯৯ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১,১৮৭। সুস্থ ১,০৮৬ ও ১৭ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- বাস্তুচ্যুতদের সাহায্য করায় ইয়েমেনের জিল আলবেনো অ্যাসোসিয়েশন ফর হিউমেনিটারিয়ান ডেভেলপমেন্ট নামের মানবাধিকার সংগঠনকে মর্যাদাপূর্ণ 'নানসেন শরণার্থী' পুরস্কারে ভূষিত করেছে জাতিসংঘ। সূত্র: যুগান্তর
- আফগানিস্তানের নারী ও শিশু অধিকারকর্মী ফ্রেশতা কারিমি (৩৮) ফ্রান্সের প্যারিসভিত্তিক লুদোভিচ-ত্রারিউস ইন্টারন্যাশনাল হিউম্যান রাইটস শীর্ষক পুরস্কারে ভূষিত হয়েছেন। সূত্র: কালের কণ্ঠ

**৩০ সেপ্টেম্বর, বৃহস্পতিবার**

- আগামী ২ অক্টোবর থেকে তৃতীয় ও চতুর্থ শ্রেণিতে সপ্তাহে এক দিনের পরিবর্তে দুই দিন ক্লাস করার নতুন সময়সূচি প্রকাশ করেছে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। সূত্র: ভোরের কাগজ
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৬ হাজার ৫৬৯ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৮৬০। সুস্থ ৯৭৯ ও ২৩ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- কক্সবাজারের উখিয়ার কুতুপালংয়ে দুর্বৃত্তদের গুলিতে আরাকান সোসাইটি ফর পিস অ্যান্ড হিউম্যান রাইটসের চেয়ারম্যান মুহিবুল্লাহ নিহত হয়েছেন। সূত্র: ইত্তেফাক



- কেটে ফেলা ৬ ফুট ৩ ইঞ্চি লম্বা চুল শিশুদের কল্যাণে দান করে বৈশ্বিক স্বীকৃতি পেল পাকিস্তানি বংশোদ্ভূত ৩১ বছর বয়সি যুক্তরাষ্ট্রের জাহাব খান। গিনেস ওয়ার্ল্ড রেকর্ডসে কর্তৃপক্ষের তথ্য প্রকাশ। সূত্র: যুগান্তর
- আফগানিস্তানের পতনের জন্য সাবেক মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের নেতৃত্বাধীন প্রশাসনের সঙ্গে তালেবান গোষ্ঠীর ২০২০ সালের চুক্তি দায়ী। যুক্তরাষ্ট্রের পার্লামেন্টের শুনানিতে এই মন্তব্য দেশটির সেনাবাহিনীর মেরিন শাখার কমান্ডার জেনারেল ফ্র্যাঙ্ক ম্যাকেঞ্জির। সূত্র: জনকণ্ঠ

## অক্টোবর

**১ অক্টোবর, শুক্রবার**

- করোনা মহামারির কারণে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০২০-২১ শিক্ষাবর্ষে বিজ্ঞান অনুষদভুক্ত 'ক ইউনিটের' ভর্তি পরীক্ষা ঢাকাসহ সাতটি বিভাগীয় শহরে একযোগে অনুষ্ঠিত। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৪ হাজার ৬৭০ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৮৪৭। সুস্থ ৯৬০ ও ২১ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- করোনাভাইরাসের প্রথম কার্যকর অ্যান্টিভাইরাল পিল আনলো যুক্তরাষ্ট্রের ওষুধ কোম্পানি মার্ক। সূত্র: সমকাল
- ফ্রান্সের সঙ্গে সাবমেরিন চুক্তি বাতিল করার পর অস্ট্রেলিয়ার সঙ্গে অবাধ বাণিজ্য চুক্তি (এফটিএ) আলোচনা বাতিল করেছে ইউরোপীয় ইউনিয়ন (ইইউ)। সূত্র: ইত্তেফাক

**২ অক্টোবর, শনিবার**

- জাতিসংঘ সাধারণ পরিষদের (ইউএনজিএ) ৭৬তম অধিবেশন ও অন্যান্য উচ্চপর্যায়ের পার্শ্ব-আলোচনায় যোগদান ও যুক্তরাষ্ট্র সফর সমাপ্ত করে দেশে পৌঁছান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: যুগান্তর
- জাপানের কোবে বন্দর থেকে নদীপথে মেট্রোরেলের আরো চারটি ইঞ্জিন ও আটটি কোচ মোংলা বন্দর পৌঁছায়। সূত্র: ইত্তেফাক

- জার্মানি থেকে কাতার এয়ারওয়েজের বিমানে করোনাভাইরাসের প্রতিষেধক অক্সফোর্ড-অ্যাস্ট্রাজেনেকার টিকার আরও সাত লাখ ৯০ হাজার ডোজ দেশে পৌঁছায়। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৭ হাজার ২৮৩ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৬৯৮। সুস্থ ৭৪১ ও ২৪ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ

**৩ অক্টোবর, রবিবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে নিউইয়র্কে জাতিসংঘের ৭৬তম সাধারণ পরিষদের অধিবেশনে অংশগ্রহণ-পরবর্তী ভার্চুয়াল সংবাদ সম্মেলন করেন। সূত্র: ইত্তেফাক
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে মন্ত্রিসভার সাপ্তাহিক ভার্চুয়াল বৈঠক অনুষ্ঠিত। সূত্র: ভোরের কাগজ
- গত ২৪ ঘণ্টায় দেশে ২১ হাজার ২৪৬ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৬১৭। সুস্থ ১,১১২ ও ১৮ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- কাবুল বিশ্ববিদ্যালয়ের পর আফগানিস্তানের স্কুলগুলোতেও নারীদের নিষিদ্ধের সিদ্ধান্ত তালেবান সরকারের। সূত্র: যুগান্তর

**৪ অক্টোবর, সোমবার**

- যুক্তরাষ্ট্র থেকে কোভ্যাক্স সুবিধার আওতায় ফাইজার-বায়োএনটেকের তৈরি ২৫ লাখ ৯৫০ ডোজ টিকার প্রথম চালান ঢাকা পৌঁছায়। সূত্র: সমকাল
- জাপানের সিউকুরো মানাবে, জার্মানি ক্লস হাসেলমান এবং ইতালির জার্জিও পারিসি এই তিন বিজ্ঞানী পদার্থ বিজ্ঞানে নোবেল পুরস্কার পেলেন। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৪ হাজার ৯২৮ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৭৯৪। সুস্থ ৮৩৪ জন ও ১৮ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- জাপানের শততম প্রধানমন্ত্রী হিসেবে দেশটির লিবারেল ডেমোক্র্যাটিক পার্টির (এলডিপি) প্রধান ও সাবেক পররাষ্ট্রমন্ত্রী ফুমিও কিশিদা (৬৪) নির্বাচিত। সূত্র: সমকাল



- মিসরের জাতীয় বিমান সংস্থার লোগো সংবলিত উড়োজাহাজ প্রথমবারের মতো ইসরাইলের বিমানবন্দরে অবতরণ করেছে। সূত্র: যুগান্তর

**৫ অক্টোবর, মঙ্গলবার**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে বঙ্গভবনে ফিলিপাইনে নবনিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত এফ এম বোরহান উদ্দিন এবং ফ্রান্সের রাষ্ট্রদূত খন্দকার মোহাম্মদ তালহার সৌজন্য সাক্ষাৎ। সূত্র: যুগান্তর
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) ভার্চুয়াল সভায় ছয় হাজার ৫৫১ কোটি ২৭ লাখ টাকা ব্যয়ে মোট ৯টি প্রকল্প অনুমোদন। সূত্র: ভোরের কাগজ
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৫ হাজার ৪৯৯ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৬৯৪। সুস্থ ৭০৮ ও ২৩ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ

**৬ অক্টোবর, বুধবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। এ সময় প্রধানমন্ত্রী জাতিসংঘ সাধারণ পরিষদের ৭৬তম অধিবেশনে যোগদানসহ যুক্তরাষ্ট্র সফরের সার্বিক বিষয় রাষ্ট্রপতিকে অবহিত করেন। সূত্র: ইত্তেফাক
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি শাহবাগস্থ বিসিএস প্রশিক্ষণ একাডেমি মিলনায়তনে অনুষ্ঠিত ১১৯ এবং ১২০তম আইন ও প্রশাসন প্রশিক্ষণ কোর্সের সমাপনী ও সনদ বিতরণী অনুষ্ঠানে অংশ নেন। সূত্র: জনকণ্ঠ
- করোনাভাইরাস মোকাবিলায় ফাইজারের আরও ২ দশমিক ৫ মিলিয়ন ডোজ টিকা দিল যুক্তরাষ্ট্র। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৪ হাজার ৩৭৬ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৭০৩। সুস্থ ৮১৭ ও ২১ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- ঘানা, কেনিয়া ও মালাউয়িতে পাইলট টিকাদান কর্মসূচির পর আফ্রিকা মহাদেশের শিশুদের প্রাণঘাতী ম্যালেরিয়া রোগ থেকে সুরক্ষার জন্য টিকার অনুমোদন দিয়েছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা। সূত্র: যুগান্তর

- অপ্রতিসম অর্গানোক্যাটালাইসিস বা জৈব-অনুঘটন বিক্রিয়া আবিষ্কারের জন্য রসায়নশাস্ত্রে নোবেল পুরস্কার পেল জার্মান রসায়নবিদ বেঞ্জামিন লিস্ট ও স্কটিশ বংশোদ্ভূত মার্কিনী ডেভিড ম্যাকমিলান। সূত্র: যুগান্তর

**৭ অক্টোবর, বৃহস্পতিবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবনে অনুষ্ঠিত আওয়ামী লীগের সংসদীয় মনোনয়ন বোর্ড ও স্থানীয় সরকার জনপ্রতিনিধি মনোনয়ন বোর্ডের যৌথসভায় অংশ নেন। সূত্র: জনকণ্ঠ
- বাংলাদেশকে ১০ লাখ ডোজ করোনার টিকা পাঠাতে সেরাম ইনস্টিটিউট অব ইন্ডিয়াকে অনুমতি দিয়েছে ভারত। সূত্র: ইত্তেফাক
- বাংলাদেশের করোনার টিকা সনদ অনুমোদন করেছে যুক্তরাজ্য। যুক্তরাজ্য সরকারের সিদ্ধান্ত অনুযায়ী, বাংলাদেশি নাগরিকদের পূর্ণ ডোজ টিকা নেওয়া থাকলে ১১ অক্টোবর থেকে দেশটিতে প্রবেশের পর ১০ দিন হোটেল কোয়ারেন্টাইন বা হোম কোয়ারেন্টাইনে থাকতে হবে না। তবে দেশটিতে পৌঁছানোর দুদিন পর তাদের কোভিড-১৯ টেস্ট করাতে হবে। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ২২ হাজার ৩২১ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৬৬৩। সুস্থ ৬৬৪ ও ১২ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- সাহিত্যে নোবেলবিজয়ী হিসেবে ভারত মহাসাগরের বিচ্ছিন্ন দ্বীপ জাঞ্জিবারের শরণার্থী ঔপন্যাসিক বর্তমানে ব্রিটেনের নাগরিক আবদুল রাজাক গুরনাহর নাম ঘোষণা। সূত্র: জনকণ্ঠ

**৮ অক্টোবর, শুক্রবার**

- নেপালের লুম্বিনিতে বাংলাদেশ সরকারের অর্থায়নে বৌদ্ধ বিহার নির্মাণের লক্ষ্যে নেপাল-বাংলাদেশের মধ্যে চুক্তি স্বাক্ষর। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৩ হাজার ৩০২ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৬৪৫। সুস্থ ৮১৪ ও ৭ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- শান্তিতে নোবেল পেয়েছেন দুই সাংবাদিক ফিলিপাইনের মারিয়া রেসা ও রাশিয়ার দিমিত্রি মুরাতভ। সূত্র: প্রথম আলো



**৯ অক্টোবর, শনিবার**

- বেক্সিমকোর কেনা ভারতের সেরাম ইনস্টিটিউট থেকে করোনার ১০ লাখ ডোজ কোভিশিল্ড টিকা দেশে পৌঁছেছে। সাংবাদিকদের এই তথ্য জানিয়েছে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। সূত্র: জনকণ্ঠ
- কক্সবাজারের মতো নোয়াখালীর ভাসানচরেও বাস্তুচ্যুত মিয়ানমারের নাগরিকদের (রোহিঙ্গা) মানবিক সহায়তার লক্ষ্যে জাতিসংঘের সঙ্গে বাংলাদেশ সরকারের সমঝোতা স্মারক স্বাক্ষর। সূত্র: সংবাদ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৬ হাজার ৯২৫ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৪১৫। সুস্থ ৫৪৩ ও ২০ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- আফগানিস্তান থেকে সর্বশেষ মার্কিন সৈন্য প্রত্যাহারের পর প্রথমবারের মতো কাতারের দোহায় বৈঠক করেছে যুক্তরাষ্ট্র-তালেবান। সূত্র: ভোরের কাগজ

**১০ অক্টোবর, রবিবার**

- গণভবন থেকে ভার্চুয়ালি পাবনার রূপপুরে নির্মাণাধীন দেশের প্রথম পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের প্রথম ইউনিটের মূল যন্ত্র রিঅ্যাক্টর প্রেসার ভেসেল বা পরমাণু চুল্লিপাত্র স্থাপন কাজের উদ্‌বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: ইত্তেফাক
- শিশুসাহিত্যিক, ছড়াকার, শিশু সংগঠক, নাট্যকার, গীতিকার, প্রবীণ সাংবাদিক ও দৈনিক যুগান্তরের ফিচার সম্পাদক রফিকুল হক দাদু ভাই (৮৫)-এর ইন্তেকাল। প্রধানমন্ত্রী শেখ হাসিনার শোক প্রকাশ। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ২০ হাজার ৩৫৫ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৪৮১। সুস্থ ৬৯৯ ও ১৪ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ

**১১ অক্টোবর, সোমবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে রাশিয়ার রাষ্ট্রীয় পরমাণু শক্তি করপোরেশন রোসাটমের মহাপরিচালক আলেক্সি লিখাচেভের সৌজন্য সাক্ষাৎ। সূত্র: যুগান্তর

- করোনাভাইরাসের ধাক্কা সামাল দিয়ে ১২১ দেশের মধ্যে ৪৮ ধাপ এগিয়ে বাংলাদেশ ২৬তম। জাপানের শীর্ষস্থানীয় ইংরেজি দৈনিক নিক্কি সংক্রমণ নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা, টিকাদান কর্মসূচি এবং সামাজিক গতিশীলতার ওপর ভিত্তি করে এশিয়া বৈশ্বিক করোনা সূচক প্রকাশ। সূত্র: কালের কণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৭ হাজার ১৯৩ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষা। শনাক্ত ৫৯৯ জনের, সুস্থ ৬৩৪ জন ও ১১ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- অর্থনীতিতে যৌথভাবে নোবেল পুরস্কারবিজয়ী হয়েছেন কানাডিয়ান অর্থনীতিবিদ ডেভিড কার্ড, মার্কিন জোশুয়া অ্যাংগ্রিস্ট ও ডাচ-মার্কিন গুইডো ইমবেনস। সূত্র: সমকাল
- ভন দে লিয়েন ইতালি কর্তৃক আয়োজিত ভার্চুয়াল জি-২০ সম্মেলনে আফগানিস্তানে 'মানবিক ও আর্থ-সামাজিক পতন' ঠেকাতে এক বিলিয়ন ইউরো এইড প্যাকেজের অঙ্গীকার করেছে ইউরোপিয়ান ইউনিয়ন। সূত্র: কালের কণ্ঠ

**১২ অক্টোবর, মঙ্গলবার**

- গণভবনে আওয়ামী লীগের স্থানীয় সরকার জনপ্রতিনিধি মনোনয়ন বোর্ডের মুলতবি বৈঠকে আগামী ১১ নভেম্বর অনুষ্ঠিতব্য দ্বিতীয় ধাপের ৮৪৮ ইউনিয়ন পরিষদ নির্বাচনে প্রার্থীদের চেয়ারম্যান পদে মনোনয়ন দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: ইত্তেফাক
- 'হিন্দু উইমেন্স রাইটস টু প্রোপার্টি অ্যাক্ট (১৯৩৭ সাল)' অনুযায়ী বাংলাদেশের হিন্দু বিধবা নারীরা সব সম্পত্তি স্থাবর বা অস্থাবর, বসতভিটা, কৃষিভূমি, নগদ টাকা বা অন্য ধরনের সম্পত্তিতে ভাগ পাবেন। হাইকোর্টের পূর্ণাঙ্গ রায় প্রকাশ। সূত্র: প্রথম আলো
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৩ হাজার ১৫৫ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৫৪৩। সুস্থ ৭০১ ও ১৪ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- ভারতে শিশুদের জন্য অনুমোদন পেল কোভ্যাকসিন। ভারতে ২ থেকে ১৮ বছর বয়সীদের করোনা টিকাদান কর্মসূচিতে কোভ্যাকসিন ব্যবহারের



প্রাথমিক অনুমোদন দিল দেশটির কেন্দ্রীয় ওষুধ নিয়ন্ত্রণ সংস্থা ড্রাগ কন্ট্রোলার জেনারেল অব ইন্ডিয়ার (ডিজিসিআই)। সূত্র: জনকণ্ঠ

- ৬০ বছরের বেশি বয়সী যারা চীনের সিনোভ্যাক এবং সিনোফার্মের টিকা নিয়েছেন, তাদের তৃতীয় ডোজ দিতে বিশ্ব স্বাস্থ্য সংস্থার (ডব্লিউএইচও) টিকাদান বিষয়ে বিশেষজ্ঞদের নীতিনির্ধারণী দল স্ট্যাটেজিক অ্যাডভাইজারি গ্রুপ অব এক্সপার্টস অন ইমিউনাইজেশনের (এসএজিই) সুপারিশ। সূত্র: সমকাল
- ৬৭ বছর পর আবারও এয়ার ইন্ডিয়া কিনল দেশটির টাটা গ্রুপ। ১৯৩২ সালে ভারতবর্ষ স্বাধীন হওয়ার আগে টাটা গোষ্ঠী এয়ার ইন্ডিয়া কিনে নেয়। তখন এর নাম ছিল টাটা এয়ারলাইন্স। এরপর ১৯৫৩ সালে এয়ার ইন্ডিয়া রাষ্ট্রায়ত্ত সংস্থা হয়। সূত্র: ভোরের কাগজ

**১৩ অক্টোবর, বুধবার**

- ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচির (সিপিপি) ৫০ বছরে পদার্পণ ও আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস ২০২১ উদ্‌যাপন অনুষ্ঠানে গণভবন থেকে ওসমানী স্মৃতি মিলনায়তনে আয়োজিত অনুষ্ঠানে ভার্চুয়ালি অংশ নেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: ইত্তেফাক
- করোনা সংক্রমণ নিয়ন্ত্রণে আসায় মাধ্যমিকে (ষষ্ঠ থেকে নবম শ্রেণি) বার্ষিক পরীক্ষা এবং দশম শ্রেণির শিক্ষার্থীদের নির্বাচনী পরীক্ষা নেওয়ার নির্দেশনা জারি করেছে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর। সূত্র: কালের কণ্ঠ
- সুনামগঞ্জে ৫০ মামলায় লঘু অপরাধে অভিযুক্ত ৭০ শিশুকে কারাগারে না পাঠিয়ে সব মামলা নিষ্পত্তি করে ছয় শর্তে সংশোধনের জন্য মা-বাবার জিম্মায় দিয়েছেন আদালত। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় দেশে ২২ হাজার ১৫৩ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৫১৮। সুস্থ ৫০৫ ও ১৭ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- অ্যালপার ডগার (এডি) সায়েন্টিফিক ইনডেক্স নামে আন্তর্জাতিক গবেষক ও বিশ্ববিদ্যালয় র‍্যাঙ্কিং প্রতিষ্ঠানের তালিকা প্রকাশ। বিশ্বের সেরা গবেষক ২০২১ এর তালিকায় স্থান পেল বাংলাদেশের ১৭৮৮ জন গবেষক। সূত্র: সমকাল

**১৪ অক্টোবর, বৃহস্পতিবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ঢাকেশ্বরী জাতীয় মন্দিরে কেন্দ্রীয় পূজা মণ্ডপে সনাতন ধর্মাবলম্বীদের সঙ্গে ভার্চুয়ালি শুভেচ্ছা বিনিময় করেন। সূত্র: যুগান্তর
- দেশে ১২ থেকে ১৭ বছরী ১২০ শিক্ষার্থীকে ফাইজারের টিকা দেয়ার মাধ্যমে পরীক্ষামূলকভাবে শিশুদের করোনাভাইরাসের টিকা দেয়ার কার্যক্রম উদ্‌বোধন করেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ২১ হাজার ৫৬৮ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৪৬৬। সুস্থ ৬৯৫ ও ৭ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- করোনাভাইরাস প্রতিরোধে সফল টিকা উদ্‌ভাবক তুর্কি বংশোদ্ভূত মুসলিম জার্মান দম্পতি উগুর শাহিন ও ওজলেম তুরেসিকে দেশটির মর্যাদাবান পুরস্কার দিল গ্রিস। সূত্র: যুগান্তর
- আন্তর্জাতিক সীমান্তের বিভিন্ন অংশে ড্রোনে করে অবৈধ অস্ত্র আসার পরিপ্রেক্ষিতে ভারতের সীমান্তরক্ষী বাহিনীকে (বিএসএফ) পাকিস্তান ও বাংলাদেশ লাগোয়া তিন রাজ্য পশ্চিমবঙ্গ, আসাম ও পাঞ্জাবে অধিক ক্ষমতা দিল দেশটির সরকার। সূত্র: ইত্তেফাক
- বাংলাদেশি বিজ্ঞানী প্রিন্সটন বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক জাহিদ হাসানসহ বিশ্বের পাঁচ মুসলিম বিজ্ঞানী ইরানের মোস্তফা পুরস্কার (২০২১) অর্জন করেছে। সূত্র: কালের কণ্ঠ

**১৫ অক্টোবর, শুক্রবার**

- রোহিঙ্গা সমস্যার স্থায়ী সমাধানের লক্ষ্যে কার্যকর পদক্ষেপ নিতে জার্মানিতে সফররত রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের জার্মানিসহ বিশ্ব সম্প্রদায়ের প্রতি আহবান জানান। সূত্র: ভোরের কাগজ
- ৩৮তম বিসিএসের লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্য থেকে কারিগরি ও মাদরাসা শিক্ষা অধিদপ্তরের অধীন পলিটেকনিক ও মনোটেকনিক ইনস্টিটিউটে জুনিয়র ইনস্ট্রাক্টর (নন-ক্যাডার) পদে সুপারিশপ্রাপ্ত ২৭৭ জন শিক্ষকের নিয়োগ আদেশ জারি। সূত্র: ইত্তেফাক



- গ্লোবাল হাঙ্গার ইনডেক্স (জিআইএইচ) অনুযায়ী দক্ষিণ এশিয়ায় ভারত-পাকিস্তানের চেয়ে এগিয়ে ২০২১ সালের সূচকে ১১৬টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ৭৬তম। সূত্র: কালের কণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৮ হাজার ৯৮০ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩৯৬। সুস্থ ৫২৩ ও ৯ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- সাবেক মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প জাতিসংঘের মানবাধিকার পরিষদ থেকে যুক্তরাষ্ট্রকে প্রত্যাহারের তিন বছর পর ৪৭ সদস্যবিশিষ্ট পরিষদের ১৯৩ সদস্যের দেওয়া গোপন ভোটের ১৬৮টি পেয়ে তিন বছরের জন্য পরিষদভুক্ত হয়েছে দেশটি। সূত্র: ইত্তেফাক

**১৬ অক্টোবর, শনিবার**

- 'বিশ্ব খাদ্য দিবস-২০২১' উপলক্ষ্যে কৃষি মন্ত্রণালয় আয়োজিত হোটেল ইন্টারকন্টিনেন্টালে মূল অনুষ্ঠানে গণভবন থেকে ভার্চুয়ালি প্রধান অতিথি হিসেবে অংশগ্রহণ করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: যুগান্তর
- আইনের শাসন প্রতিষ্ঠায় বিশ্বের ১৩৯টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ১২৪তম। এছাড়া দক্ষিণ এশিয়ার ছয় দেশ নেপাল, শ্রীলঙ্কা, ভারত, আফগানিস্তান ও পাকিস্তানের মধ্যে সূচকে ৪র্থ স্থানে বাংলাদেশ। আইনশৃঙ্খলা পরিস্থিতি জরিপকারী আন্তর্জাতিক সংগঠন 'ওয়ার্ল্ড জাস্টিস প্রোজেক্টের (ডব্লিউজেপি) ২০২১' এর প্রতিবেদন। সূত্র: জনকণ্ঠ
- সরকারি কাজে দরপত্রে অংশ নেওয়া ঠিকাদারের ঋণ সহায়তার বিষয়ে ব্যাংকের দেওয়া প্রতিশ্রুতি মাঝপথে বাতিল করা যাবে না। এ বিষয়ে নির্দেশ দিয়ে বাংলাদেশ ব্যাংকের সার্কুলার জারি। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৫ হাজার ৫৮০ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২৯৩। সুস্থ ৪৪২ ও ৬ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- আফগানিস্তানে শীর্ষ আদালতের নির্দেশ ছাড়া প্রকাশ্যে মৃত্যুদণ্ড ও লাশ প্রদর্শন নিষিদ্ধ করেছে তালেবান সরকার। সূত্র: যুগান্তর

**১৭ অক্টোবর, রবিবার**

- দেশে করোনা পরিস্থিতিতে পঞ্চম শ্রেণির শিক্ষার্থীদের চলতি বছরের (পিইসি) ও মাদ্রাসা শিক্ষা (ইবতেদায়ী) সমাপনী পরীক্ষা বাতিলে প্রধানমন্ত্রী শেখ হাসিনার অনুমোদন। সমাপনী পরীক্ষার পরিবর্তে নিজ নিজ স্কুলেই বার্ষিক পরীক্ষার মাধ্যমে মূল্যায়ন করে তাদের ষষ্ঠ শ্রেণিতে উন্নীত করা হবে। সূত্র: জনকণ্ঠ
- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে বাংলাদেশে নবনিযুক্ত নেদারল্যান্ডসের রাষ্ট্রদূত অ্যানা জেরার্ড ভ্যান লিউয়েনের সৌজন্য সাক্ষাৎ। সূত্র: যুগান্তর
- দীর্ঘদিন বন্ধ থাকার পর সদ্য নিয়োগ পাওয়া বিচারপতি কে এম হাফিজুল আলমের কাজে যোগদানের মধ্যদিয়ে মানবতাবিরোধী অপরাধীদের বিরুদ্ধে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের বিচারকাজ আবার শুরু। সূত্র: ভোরের কাগজ
- ২০২০-২১ শিক্ষাবর্ষের স্নাতক প্রথম বর্ষের ২০টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের সমন্বিত ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৮ হাজার ৯৭ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩১৪। সুস্থ ৫২৯ ও ১৬ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- মহাকাশে আঘাত হানতে সক্ষম হাইপারসনিক ক্ষেপণাস্ত্রের পরীক্ষা চালিয়েছে চীন। সূত্র: জনকণ্ঠ
- মিয়ানমারের সামরিক নেতারা সংলাপ ও দেশের পরিস্থিতি শান্ত করতে অস্বীকার করায় দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশগুলোর জোট অ্যাসোসিয়েশন অব সাউথইস্ট অ্যাসিয়ান ন্যাশনসের (আসিয়ান) বার্ষিক শীর্ষ সম্মেলন থেকে মিয়ানমারের জান্তা সরকারের প্রধান মিন অং হ্লাইংয়ের নাম বাদ দিল আসিয়ান। সূত্র: ভোরের কাগজ

**১৮ অক্টোবর, সোমবার**

- বঙ্গবন্ধুর কনিষ্ঠ পুত্র শহিদ শেখ রাসেলের ৫৮তম জন্মদিন উপলক্ষ্যে গণভবন থেকে সরকারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং শেখ রাসেল জাতীয় শিশু-কিশোর পরিষদের যৌথ উদ্যোগে বঙ্গবন্ধু



আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে আয়োজিত 'শেখ রাসেল দিবস ২০২১' ভার্চুয়ালি উদ্‌বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: জনকণ্ঠ

- 'সম্প্রীতি সমাবেশ ও শান্তি শোভাযাত্রা' কর্মসূচি পালনের উদ্দেশ্যে আওয়ামী লীগের আয়োজনে ধানমণ্ডিতে আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনার রাজনৈতিক কার্যালয়ে অনুষ্ঠিত জরুরি সভায় সভানেত্রী ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভার্চুয়ালি সংযুক্ত হন। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৮ হাজার ৮১২ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩৩৯। ৫০৯ ও ১০ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- জার্মানিতে ২৬তম শ্লিঙ্গেল আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে জুনিয়র ফিল্ম শাখায় এসএলএম টপ পুরস্কার জিতল বাংলাদেশ-আমেরিকা যৌথ-প্রযোজনায় নির্মিত অমিতাভ রেজার চলচ্চিত্র 'রিকশা গার্ল'। সূত্র: ইত্তেফাক
- নারী শিক্ষায় নিষেধাজ্ঞা বাতিলে তালেবানকে উদ্দেশ করে খোলা চিঠি পাকিস্তানের নারী শিক্ষা অধিকারকর্মী এবং শান্তিতে নোবেলজয়ী মালালা ইউসুফজাইয়ের। সূত্র: যুগান্তর
- জলবায়ু সংকট ও পৃথিবীর সবচেয়ে বড় চ্যালেঞ্জগুলোর মোকাবিলায় পরিবেশ ও প্রকৃতি রক্ষার নতুন নতুন ধারণা এবং প্রযুক্তি উদ্ভাবনের জন্য পাঁচটি ক্যাটাগরিতে 'আর্থশট' পুরস্কার প্রবর্তন করেছে ব্রিটিশ রাজপরিবারের উত্তরাধিকারী প্রিন্স উইলিয়াম। সূত্র: যুগান্তর

**১৯ অক্টোবর, মঙ্গলবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে সচিবালয়ে মন্ত্রিসভার ভার্চুয়াল বৈঠকে পাবলিক সার্ভিস কমিশন (পিএসসি) আইন প্রস্তাব এবং 'যাকাত তহবিল ব্যবস্থাপনা আইন ২০২১' এর খসড়ার নীতিগত অনুমোদন। বৈঠকে কুমিল্লায় পবিত্র কোরআন অবমাননার অভিযোগের পর পূজামণ্ডপে হামলার ঘটনায় জড়িতদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে স্বরাষ্ট্রমন্ত্রীকে নির্দেশ দেন প্রধানমন্ত্রী। সূত্র: জনকণ্ঠ
- লন্ডন ভিত্তিক সংবাদপত্র ফাইন্যান্সিয়াল টাইমসে প্রকাশিত নিবন্ধে 'বৈশ্বিক জলবায়ু পরিকল্পনা' প্রণয়নে ধনী দেশগুলোর ব্যর্থতার কথা তুলে ধরেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: জনকণ্ঠ

- চীনের সিনোভ্যাকের ১০ লাখ ও প্রথম বারের মতো নেদারল্যান্ডস থেকে অ্যাস্ট্রাজেনেকার আরও ১০ লাখ ডোজ করোনাভাইরাসের টিকা দেশে পৌঁছায়। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ২১ হাজার ৩০৮ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৪৬৯। সুস্থ ৬৫৭ ও ৭ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- যুক্তরাষ্ট্রের আফগানিস্তান বিষয়ক শীর্ষ দূত জালমে খলিলজাদের পদত্যাগ। মার্কিন পররাষ্ট্র মন্ত্রণালয়ের বিবৃতি। সূত্র: ইত্তেফাক
- ভারতের জম্মু ও কাশ্মীর প্রশাসন নানামুখী উন্নয়নে দুবাই সরকারের সাথে সমঝোতা চুক্তি স্বাক্ষর। সূত্র: সমকাল
- কাতারের কেন্দ্রীয় আইনসভা শূরা কাউন্সিলে শেখ বিনতে ইউসুফ আল জুফাইরি এবং হামদা বিনতে হাসান আল সুলাইতিকে নিয়োগ দিয়েছে আমির শেখ তামিম বিন হামাদ আল থানি। সূত্র: জনকণ্ঠ

**২০ অক্টোবর, বুধবার**

- দেশে করোনাভাইরাসের টিকা নিতে নিবন্ধনের জন্য বয়সসীমা কমিয়ে ১৮ বছর নির্ধারণ। আঠারোর্ধ যে কেউ সুরক্ষা ওয়েবসাইট এবং অ্যাপে নিবন্ধন করে টিকা নিতে পারবেন। সূত্র: যুগান্তর
- চীন থেকে সিনোফার্মের আরও ৫৫ লাখ ডোজ টিকা দেশে পৌঁছায়। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ২০ হাজার ৩৯৩ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩৬৮। সুস্থ ৪৮১ ও ৬ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- ইসরাইল-আমেরিকা-সংযুক্ত আরব আমিরাতের পররাষ্ট্রমন্ত্রীদের সঙ্গে এশিয়া ও পশ্চিম এশিয়ায় বাণিজ্যিক, অর্থনৈতিক ও রাজনৈতিক সহযোগিতা বাড়ানোর পাশাপাশি সমুদ্রপথের নিরাপত্তা জোরদারে ইসরাইলে পাঁচ দিনের সফরত ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্কর ভার্চুয়ালি প্রথম বারের মতো বৈঠক করল। সূত্র: কালের কণ্ঠ
- বিশ্বের দরিদ্র দেশগুলো টিকা না পাওয়ায় করোনাভাইরাস মহামারি সঙ্কট ২০২২ সালে গড়াবে বলে হুঁশিয়ারি দিল বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও)। ব্রিটিশ সংবাদমাধ্যম বিবিসির প্রতিবেদন। সূত্র: কালের কণ্ঠ



- তালেবান সরকার আফগানিস্তানে জাতীয় নিরাপত্তা ও রাজনৈতিক পরিস্থিতির উন্নয়নের যে প্রচেষ্টা চালাচ্ছে তার প্রশংসা করল রাশিয়া। আফগানিস্তানের ভবিষ্যৎ নিয়ে মস্কোতে আয়োজিত আলোচনা পররাষ্ট্রমন্ত্রী সের্গেই লাভরভের। সূত্র: ইত্তেফাক

**২১ অক্টোবর, বৃহস্পতিবার**

- দেশে পদ্মা ও মেঘনা নামে দুটি বিভাগ হবে। ফরিদপুর বিভাগ হবে পদ্মার নামে। আর কুমিল্লা বিভাগ হবে মেঘনা নামে। কুমিল্লা মহানগর আওয়ামী লীগ কার্যালয় উদ্‌বোধনী অনুষ্ঠানে ভার্চুয়ালি যুক্ত হয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ কথা বলেন। সূত্র: যুগান্তর
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি 'বঙ্গবন্ধু বাংলাদেশ-চায়না ফ্রেন্ডশিপ এক্সিবিশন সেন্টার'র উদ্‌বোধন করেন। সূত্র: যুগান্তর
- চাঁপাইনবাবগঞ্জের ক্ষীরশাপাতি আমের পর এবার রসালো, আঁশবিহিন, আকারে বিশাল ফজলি আম এবং কালো ডোরা কাটা বাগদা চিংড়ি জিওগ্রাফিক্যাল ইনডিকেটর বা জিআই সনদ পেল। শিল্প মন্ত্রণালয়ের প্যাটেন্টস, ডিজাইন এবং ট্রেডমার্ক বিভাগের 'দ্য জিওগ্রাফিক্যাল আইডেন্টিকেশনের' (জিআই) ১০ নম্বর জার্নালে গেজেট প্রকাশ। সূত্র: সমকাল ও ভোরের কাগজ
- কর্মস্থল ও শিক্ষাঙ্গনে নারী ও শিশুদের যৌন হয়রানি প্রতিরোধে হাইকোর্টের রায় বাস্তবায়ন চেয়ে জনপ্রশাসনের সচিবসহ ৪০ সচিবকে বিবাদী করে আইন ও সালিশ কেন্দ্রের পক্ষে অ্যাডভোকেট সৈয়দা নাসরিন ও মো. শাহিনুজ্জামানের রিট দায়ের। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৬ হাজার ৮৮ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২৪৩। সুস্থ ৫৩৪ ও ১০ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- প্রথমবারের মতো নিজেদের বানানো কেএসএলভি-টু নুরি রকেট পরীক্ষামূলকভাবে মহাকাশে পাঠাল দক্ষিণ কোরিয়া। সূত্র: জনকণ্ঠ
- মিসরে প্রশাসনিক বিচারিক আদালত স্টেট কাউন্সিলে প্রথমবারের মতো নিয়োগ পেল ৯৮ জন নারী বিচারক। সূত্র: জনকণ্ঠ

**২২ অক্টোবর, শুক্রবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গণভবনে অনুষ্ঠিত আওয়ামী লীগের স্থানীয় সরকার জনপ্রতিনিধি মনোনয়ন বোর্ডের সভায় ৯টি পৌরসভা এবং তৃতীয় ধাপের রংপুর ও রাজশাহী বিভাগের ইউনিয়ন পরিষদ (ইউপি) নির্বাচনে মনোনীত প্রার্থীদের নামের তালিকা ঘোষণা। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৭ হাজার ১০০ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২৩২। সুস্থ ৫৬৪ ও ৪ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- সিরিয়ায় 'বনে আগুন' দেওয়ার দায়ে দোষী সাব্যস্ত ২৪ জনের মৃত্যুদণ্ড এবং ১১ জনকে যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড দিয়েছে দেশটি। সূত্র: ইত্তেফাক
- চীনে নতুন করে করোনাভাইরাসের সংক্রমণ বেড়ে যাওয়ায় শতাধিক ফ্লাইট বাতিল ও স্কুল বন্ধ ঘোষণা। সূত্র: সংবাদ

**২৩ অক্টোবর, শনিবার**

- জাতিসংঘের ৭৬তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনার বার্তা। সূত্র: জনকণ্ঠ
- প্রধানমন্ত্রীর শেখ হাসিনার উপস্থিতিতে গণভবনে আওয়ামী লীগের ঢাকা ও ময়মনসিংহ বিভাগের স্থানীয় সরকার জনপ্রতিনিধি মনোনয়ন বোর্ডের মুলতবি বৈঠক অনুষ্ঠিত। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৫ হাজার ৪২ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২৭৮। সুস্থ ২৯৪ ও ৯ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- মস্কো ও বেইজিংয়ের মধ্যকার সামরিক ও কূটনৈতিক সম্পর্ক জোরদারের লক্ষ্যে প্রথমবারের মতো প্রশান্ত মহাসাগরের রাশিয়া ও চীনের রণতরীর যৌথ মহড়া। রুশ প্রতিরক্ষা মন্ত্রণালয়ের বিবৃতি। সূত্র: যুগান্তর
- জাপানে দেশজুড়ে দেশটির স্থলবাহিনী গ্রাউন্ড সেলফ ডিফেন্স ফোর্সের (জিএসডিএফ) নেতৃত্বে সামরিক মহড়া। সূত্র: সমকাল



**২৪ অক্টোবর, রবিবার**

- গণভবন থেকে ভার্চুয়ালি পটুয়াখালীর দুমকি উপজেলার লেবুখালীতে পায়রা নদীর ওপর নির্মিত 'পায়রা সেতু' উদ্‌বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: সমকাল
- ভারত সরকার গত ২১ অক্টোবরের মধ্যে দেশটির জনগণকে ১০০ কোটি ডোজ কোভিড-১৯ টিকা প্রদানের ঐতিহাসিক মাইলফলক অর্জন করায় ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে অভিনন্দন প্রধানমন্ত্রী শেখ হাসিনার। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৮ হাজার ৪৮৫ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২৭৫। সুস্থ ৩৮৬ ও ৯ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- বিচারাধীন ব্যবসায়ী ওসমান কাভালার মুক্তি দাবি করায় তুরস্কে নিযুক্ত কানাডা, ডেনমার্ক, ফ্রান্স, জার্মানি, নেদারল্যান্ডস, নরওয়ে, সুইডেন, ফিনল্যান্ড, নিউজিল্যান্ড ও যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূতকে দেশ থেকে বহিষ্কার করতে পররাষ্ট্র মন্ত্রণালয়কে নির্দেশ দিয়েছে প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোগান। সূত্র: যুগান্তর

**২৫ অক্টোবর, সোমবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে বাংলাদেশে নবনিযুক্ত পাকিস্তানের হাইকমিশনার ইমরান আহমেদ সিদ্দিকীর সৌজন্য সাক্ষাৎ। সূত্র: সমকাল
- ১৮৯৮ সালের ফৌজদারি কার্যবিধির প্রয়োজনীয় সংশোধন, সংযোজন, পরিমার্জন এবং এ সংক্রান্ত সংস্কার ও গবেষণাপূর্বক যুগোপযোগী, আধুনিকায়ন ও বাংলা ভাষায় প্রণয়নের বিষয়ে প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষার জন্য লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের আদেশক্রমে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী আনিসুল হকের কমিটি গঠন। সূত্র: জনকণ্ঠ
- ১৯৭৫ সালের ১৫ আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তার পরিবারের সদস্যদের হত্যা ষড়যন্ত্রের নেপথ্যে থাকা কুশীলবদের

খুঁজে বের করতে তদন্ত কমিশন গঠনের নির্দেশনা চেয়ে সুপ্রিমকোর্টের আইনজীবী অ্যাডভোকেট সুবীর নন্দী দাসের পক্ষে অ্যাডভোকেট মো.আসফাকোজ্জোহা হাইকোর্টের সংশ্লিষ্ট শাখায় রিট করেছেন। সূত্র: জনকণ্ঠ

- গত ২৪ ঘণ্টায় দেশে ২০ হাজার ৮৩৩ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২৯৮। সুস্থ ৪১৩ ও ৫ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- চীনে শিশুদের মানবিক বোধ, বুদ্ধিমত্তার বিকাশ এবং সামাজিক অভ্যাস প্রতিপালনের ব্যাপারে অভিভাবকদের উৎসাহ দিতে শিশুদের ওপর থেকে স্কুলের হোমওয়ার্কের চাপ কমাতে আইনসভায় নতুন শিক্ষা আইন পাস। সূত্র: সমকাল
- সুদানে সামরিক অভ্যুত্থান। প্রধানমন্ত্রী, মন্ত্রীসহ বহু রাজনীতিককে গ্রেফতারের পর সার্বভৌম কাউন্সিল এবং অন্তর্বর্তীকালীন সরকার ভেঙ্গে দিয়ে জরুরি অবস্থা ঘোষণা করেছে সেনাবাহিনী। সূত্র: ইত্তেফাক

**২৬ অক্টোবর, মঙ্গলবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী এবং বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন উপলক্ষ্যে বাণিজ্য মন্ত্রণালয় ও ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) আয়োজনে সপ্তাহব্যাপী 'বাংলাদেশ বাণিজ্য ও বিনিয়োগ সম্মেলন ২০২১' উদ্‌বোধন করেন। সূত্র: জনকণ্ঠ
- আন্তর্জাতিক স্বেচ্ছাসেবী সংগঠন রেডক্রিসেন্ট সোসাইটির মাধ্যমে চীনের সিনোফার্মের দুই লাখ ডোজ করোনাভাইরাসের টিকা দেশে পৌঁছায়। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৯ হাজার ১৮৪ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২৭৬। সুস্থ ৪৪০ ও ৬ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- পাকিস্তানের আজাদ জম্মু ও কাশ্মীরের রাওয়ালাকোটে প্রথম নারীচালিত পুলিশ স্টেশন উদ্‌বোধন করেছেন পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) ড. সোহেইল হাবিব তাজিক। সূত্র: সমকাল



- মিয়ানমারকে বাদ দিয়ে ভার্চুয়ালি দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশগুলোর রাজনৈতিক ও অর্থনৈতিক সংস্থা আসিয়ানের বার্ষিক শীর্ষ সম্মেলন শুরু। সূত্র: ইত্তেফাক

**২৭ অক্টোবর, বুধবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি চট্টগ্রামের হালিশহর আর্টিলারি সেন্টার অ্যান্ড স্কুল ও ঢাকা সেনানিবাসে মুজিব রেজিমেন্ট আর্টিলারি ও রওশন আরা রেজিমেন্ট আর্টিলারিকে পতাকা হস্তান্তর এবং সেনাবাহিনীর ১০টি ইউনিটকে ন্যাশনাল স্ট্যান্ডার্ড প্রদান করেন। সূত্র: ইত্তেফাক
- করোনাভাইরাস প্রতিরোধে যুক্তরাষ্ট্র থেকে উপহারের আরও ৩৫ লাখ ডোজ ফাইজার কোভিড-১৯ টিকা দেশে পৌঁছায়। সূত্র: যুগান্তর
- প্রতিরক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় কমিটির বৈঠকে সেনা, বিমান ও নৌবাহিনীর কর্মকর্তাদের অবসরের বয়সসীমা সমতাকরণের সুপারিশ। সূত্র: সমকাল
- বাংলাদেশে সফররত কুয়েত সশস্ত্র বাহিনীর সহকারী চীফ অব স্টাফ (অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড ম্যানপাওয়ার অথরিটি) মেজর জেনারেল খালেদ এ এইচ এইচ এম আল কাদরি এবং বাংলাদেশ সেনাবাহিনীর অ্যাডজুটেন্ট জেনারেল মেজর জেনারেল সাকিল আহমেদ ঢাকা সেনানিবাসে 'বাংলাদেশ মিলিটারি কন্টিনজেন্ট চুক্তি ২০২১' স্বাক্ষর করেন। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৯ হাজার ৯১৮ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩০৬। সুস্থ ২৮৮ ও ৭ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- সেনা অভ্যুত্থান ইস্যুতে সুদানের সদস্যপদ স্থগিত করেছে আফ্রিকান ইউনিয়ন (এইউ)। সূত্র: প্রথম আলো

**২৮ অক্টোবর, বৃহস্পতিবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গণভবন থেকে মন্ত্রিসভার ভার্চুয়াল বৈঠক। বৈঠকে দেশে ই-কমার্সের সঙ্গে যুক্ত প্রতিষ্ঠানগুলোকে

আগামী দুই মাসের মধ্যে বাণিজ্য মন্ত্রণালয় থেকে রেজিস্ট্রেশন (নিবন্ধন) নিতে হবে এবং বাংলাদেশ ব্যাংকে একটি ডিপোজিট রাখতে বাধ্যতামূলক নির্দেশনা প্রদান। এছাড়া 'কপিরাইট আইন ২০২১' এর খসড়ার নীতিগত অনুমোদন। সূত্র: জনকণ্ঠ

- অনুমোদনের প্রায় চার বছর পর ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ প্রকল্পের জন্য বাংলাদেশ সরকার ও চীনের পলিসি প্রিফারেন্সিয়াল বায়ার্স ক্রেডিটের (পিবিসি) আওতায় দেশটির এক্সিম ব্যাংকের সঙ্গে ঋণচুক্তি স্বাক্ষরিত। সূত্র: জনকণ্ঠ
- কলকাতা প্রেসক্লাবে বঙ্গবন্ধু সংবাদ কেন্দ্র উদ্‌বোধন করেন ভারত সফররত তথ্য ও সম্প্রচারমন্ত্রী ড. হাছান মাহমুদ। সূত্র: সমকাল
- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে দেশে প্রথমবারের মতো সাত ক্যাটাগরিতে ২৩টি শিল্প প্রতিষ্ঠানকে 'বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প পুরস্কার' প্রদান। সূত্র: ইত্তেফাক
- সংবিধানে মহান মুক্তিযুদ্ধ ও মুক্তিযোদ্ধাদের বিষয় সংযুক্ত করতে হাইকোর্টে আইনজীবী আবেদা গুলরুখ ও নাসরিন সুলতানা রিট দায়ের করেছেন। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৯ হাজার ৫৩৫ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২৯৪। সুস্থ ২২৭ ও ৬ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- পাসপোর্টে ননবাইনারি, উভলিঙ্গ এবং জেন্ডার-ননকনফর্মিং মানুষদের বুঝানোর জন্য লিঙ্গের স্থানে 'এক্স' অপশন যুক্ত করেছে যুক্তরাষ্ট্র। সূত্র: ভোরের কাগজ
- চীনের ছোট শহরগুলোতে 'সুপার হাইরাইজ ভবন' নির্মাণে নিষেধাজ্ঞা জারি করেছে দেশটির গৃহায়ন ও নগর-পল্লী বিষয়ক মন্ত্রণালয়। সূত্র: কালের কণ্ঠ

**২৯ অক্টোবর, শুক্রবার**

- বাংলাদেশে বিনিয়োগ বাড়াতে সরকারি-বেসরকারি অংশীদারির (পিপিপি) আওতায় রিয়াদের বাদশাহ আব্দুল আজিজ আন্তর্জাতিক



সম্মেলন কেন্দ্রে 'ফিউচার ইনভেস্টমেন্ট ইনিশিয়েটিভ' শীর্ষক সম্মেলনে বাংলাদেশ-সৌদি আরবের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর। সূত্র: কালের কণ্ঠ

- ভারত-বাংলাদেশ ঋণচুক্তি প্রকল্পের অগ্রগতি পর্যালোচনায় দুই দেশের কর্মকর্তা পর্যায়ে ঢাকায় বৈঠক অনুষ্ঠিত। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৭ হাজার ৮১১ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩০৫। সুস্থ ২৭১ ও ৭ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- সৌদি আরবে নিযুক্ত লেবাননের রাষ্ট্রদূতকে 'লেবাননের মন্ত্রীর অপমানজনক মন্তব্যের' প্রতিক্রিয়ায় সৌদি আরব ছাড়ার নির্দেশ দিয়েছে রিয়াদ। সূত্র: সমকাল
- দ্বীপের কাছে সমুদ্র থেকে ৪০০ অভিবাসন প্রত্যাশী বোঝাই কার্গো জাহাজ উদ্ধার করেছে গ্রিস। সূত্র: জনকণ্ঠ
- পাঁচ থেকে এগারো বছর বয়সী সব শিশুদের জন্য ফাইজার-বায়োএনটেকের টিকা অনুমোদন দিয়েছে যুক্তরাষ্ট্রের খাদ্য ও ওষুধ প্রশাসন। সূত্র: সমকাল

**৩০ অক্টোবর, শনিবার**

- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে প্রথমবারের মতো বঙ্গবন্ধুর নামে আন্তর্জাতিক পুরস্কার ঘোষণা করেছে ইউনেস্কো নির্বাহী সংসদ। সূত্র: যুগান্তর
- যাত্রীদের সুবিধার্থে রেলওয়ের অনলাইন টিকিটের সব তথ্য ইংরেজির পাশাপাশি বাংলায়ও লেখার কার্যক্রম শুরু। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৩ হাজার ২৪০ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১৬৬। সুস্থ ১৮১ ও ৮ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- রোমে বিশ্বের শীর্ষ ২০ অর্থনীতির দেশের নেতারা কর ফাঁকি দিতে বহুজাতিক কোম্পানিগুলোর ব্যবসা নিবন্ধনের পথ বন্ধ করতে ন্যূনতম ১৫ শতাংশ বৈশ্বিক কর্পোরেট করের চুক্তি অনুমোদন করেছে। সূত্র: জনকণ্ঠ

**৩১ অক্টোবর, রবিবার**

- জাতিসংঘের জলবায়ু সম্মেলন (কপ-২৬) ও অন্য কয়েকটি অনুষ্ঠানে যোগ দিতে যুক্তরাজ্য ও ফ্রান্সের উদ্দেশে ঢাকা ত্যাগ করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৭ হাজার ২২৬ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২১১। সুস্থ ২৭৬ ও ৬ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- জলবায়ু সঙ্কট মোকাবিলায় জোরালো আহ্বানে স্কটল্যান্ডের গ্লাসগোতে ১২ দিনব্যাপী ২৬তম জলবায়ু সম্মেলনের উদ্‌বোধন করেছেন জাতিসংঘ মহাসচিব আন্তোনিও গুতেরেস। সূত্র: সমকাল
- লেবানিজ বংশোদ্ভূত আমেরিকান মুসলিম নারী প্রতিবন্ধী সারাহ মেনকারাকে আন্তর্জাতিক অধিকার বিষয়ক উপদেষ্টা হিসেবে নিয়োগ দিয়েছে মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন প্রশাসন। সূত্র: জনকণ্ঠ

## নভেম্বর

**১ নভেম্বর, সোমবার**

- জাতিসংঘের জলবায়ু সম্মেলন (কপ-২৬) অনুষ্ঠানের অংশ হিসেবে 'অ্যাকশন অ্যান্ড সলিডারিটি-ক্রিটিক্যাল ডিকেড' শীর্ষক নেতৃবৃন্দের সভায় ভাষণ প্রদান করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন, অর্থ ও শক্তিশালী রাজনৈতিক সদিচ্ছার অভাবে বৈশ্বিক অভিযোজন কর্মকাণ্ড কার্যকর হচ্ছে না। অভিযোজন ও প্রশমনের জন্য উন্নত দেশগুলোকে অবশ্যই তাদের ৫০:৫০ বরাদ্দসহ বার্ষিক একশ' বিলিয়ন ডলার জলবায়ু অর্থায়নের প্রতিশ্রুতি পূরণ করতে হবে। ক্ষতিগ্রস্ত দেশগুলোর প্রতি উন্নত দেশগুলোর সমর্থন ও সহায়তা প্রয়োজন। সূত্র: সমকাল
- রাজধানীর মতিঝিল আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজে ১২ থেকে ১৭ বছর বয়সী শিশু শিক্ষার্থীদের করোনার টিকাদান কার্যক্রম উদ্‌বোধন করেন স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক ও শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি। সূত্র: জনকণ্ঠ



- সমঝোতা স্মারক অনুযায়ী ভাসানচরে রোহিঙ্গা ইস্যুতে কার্যক্রম শুরু করেছে জাতিসংঘ। সূত্র: জনকণ্ঠ
- গিনেস বুক অব ওয়ার্ল্ড রেকর্ডসে ১০ম বারের মতো নাম লিখালেন মাগুরার মাহমুদুল হাসান ফয়সাল। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৭ হাজার ৭৩৪ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২১৪। সুস্থ ২০২ ও ২ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- চলতি বছর টিকা তথা ভ্যাকসিন বোঝাতে বহুল ব্যবহৃত 'ভ্যাক্স' শব্দটিকে 'ওয়ার্ড অব দ্য ইয়ার' (বর্ষসেরা শব্দ) ঘোষণা করল অক্সফোর্ড ইংরেজি অভিধানের গ্রন্থনাকারীরা। সূত্র: কালের কণ্ঠ

**২ নভেম্বর, মঙ্গলবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতিসংঘের জলবায়ু সম্মেলন (কপ-২৬) এ উইমেন অ্যান্ড ক্লাইমেট চেঞ্জ শীর্ষক উচ্চ পর্যায়ের সভায় বক্তৃতা করেন। সূত্র: জনকণ্ঠ
- জাতিসংঘের পক্ষে ইউএনএইচসিআর ও ডব্লিউএফপির ২১ সদস্যের প্রতিনিধি দল ভাসানচরে রোহিঙ্গাদের রাখার ব্যবস্থাপনা কার্যক্রম পরিদর্শন করেন। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে নমুনা পরীক্ষা ২০ হাজার ৩১ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২২৯। সুস্থ ২১১ ও ৩ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- জাতিসংঘ জলবায়ু সম্মেলনে (কপ-২৬) যুক্তরাষ্ট্র এবং ইউরোপীয় ইউনিয়ন (ইইউ) ২০৩০ সালের মধ্যে গ্রিন হাউস গ্যাস মিথেন নিঃসরণের মাত্রা কমিয়ে আনতে বৈশ্বিক অংশীদারিত্ব ঘোষণা করে। সূত্র: ইত্তেফাক
- যুক্তরাষ্ট্রের নোভাভ্যাক্সের টিকা ইন্দোনেশিয়ায় জরুরী ব্যবহারের অনুমোদন দিয়েছে যুক্তরাষ্ট্রের বায়োটেক প্রতিষ্ঠান। সূত্র: জনকণ্ঠ
- আফগানিস্তানে দেশের অর্থনৈতিক পরিস্থিতি এবং জাতীয় স্বার্থের জন্য বিদেশি মুদ্রা ব্যবহারে নিষেধাজ্ঞা জারি করেছে তালেবান সরকার। সূত্র: কালের কণ্ঠ

**৩ নভেম্বর, বুধবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা স্কটিশ পার্লামেন্টে 'কল ফর ক্লাইমেট প্রোসপারিটি' শীর্ষক অনুষ্ঠানে ভাষণ প্রদান করেন। সূত্র: জনকণ্ঠ
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতিসংঘ জলবায়ু সম্মেলনে (কপ-২৬) যোগদান শেষে গ্লাসগো থেকে লন্ডন পৌঁছান। সূত্র: ভোরের কাগজ
- ক্ষুদ্র ও কৃষিঋণ এবং সেবা খাতের বিল খেলাপিদের জাতীয় সংসদ নির্বাচনে অংশ নেওয়ার সুযোগ বাড়িয়ে গণপ্রতিনিধিত্ব আদেশ ১৯৭২ (আরপিও) ও বয়স্ক ও প্রতিবন্ধী ব্যক্তিদের পোস্টাল ব্যালটে ভোট দেওয়ার ব্যবস্থা অন্তর্ভুক্তিসহ মোট দশটি উপধারা সংশোধনের খসড়া চূড়ান্ত করেছে নির্বাচন কমিশন। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৯ হাজার ৫২৩ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২৫৬। সুস্থ ২৩৭ ও ৭ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- ভারতের হায়দরাবাদ ভিত্তিক ওষুধ কোম্পানি 'ভারত বায়োটেকের' তৈরি করোনার টিকা কোভ্যাকসিনের জরুরী ব্যবহারের অনুমোদন দিল বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও)। সূত্র: জনকণ্ঠ
- নিউইয়র্কে ২৮ বছর পর দ্বিতীয় কৃষ্ণাঙ্গ এরিক অ্যাডামস ১১০তম মেয়র হিসেবে নির্বাচিত হয়েছেন। সূত্র: সমকাল

**৪ নভেম্বর, বৃহস্পতিবার**

- রাঙ্গামাটির কাপ্তাইয়ে অবস্থিত প্রশিক্ষণ ঘাঁটির প্যারেড গ্রাউন্ডে আয়োজিত ন্যাশনাল স্ট্যান্ডার্ড প্রদান অনুষ্ঠানে বঙ্গভবন থেকে ভার্চুয়ালি যোগ দেন রাষ্ট্রপতি এবং সশস্ত্রবাহিনীর সর্বাধিনায়ক মো. আবদুল হামিদ। সূত্র: যুগান্তর
- লন্ডনের ওয়েস্টমিনস্টারে স্পিকার্স হাউস স্টেট রুমে 'বাংলাদেশ অ্যাট ৫০ : দি রিজিলেন্ট ডেল্টা' শীর্ষক অনুষ্ঠানে ভাষণ দেন সফররত প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৮ হাজার ৯৬০ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২৪৭। সুস্থ ২২৭ ও ৭ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- 'দ্য প্রমিজ' বইটির জন্য 'বুকার' জিতেছেন দক্ষিণ আফ্রিকার সাহিত্যিক ডেমন গ্যালগেট। সূত্র: সমকাল



- প্রথমবারের মতো সৌদি আরবের কাছে ৬৫ কোটি মার্কিন ডলার মূল্যের ক্ষেপণাস্ত্র বিক্রির অনুমোদন মার্কিন যুক্তরাষ্ট্রের। সূত্র: ভোরের কাগজ

**৫ নভেম্বর, শুক্রবার**

- যুক্তরাজ্যে সফররত প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশটির দ্য ক্লারিজ হোটেলে 'সিক্রেট ডকুমেন্টস অব ইনটেলিজেন্স ব্রাঞ্চ অন ফাদার অব দ্য নেশন : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান' এবং 'মুজিব ও পরিচিতি' বই দুটির ইংরেজি সংস্করণের প্রকাশনা অনুষ্ঠানে অংশ নেন। সূত্র: যুগান্তর
- জ্বালানি তেলের দাম বৃদ্ধির প্রতিবাদে পরিবহণ সেক্টরের 'পরিবহন ধর্মঘটে' অচল রাজধানীসহ সারাদেশ। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৭ হাজার ৪৪৬ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১৯৬। সুস্থ ১৭৮ জন ও ৩ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- করোনাভাইরাসের উপসর্গের চিকিৎসায় দিনে দুবার করে মলনুপিরাভির বড়ি মুখে খাওয়ার প্রথম ওষুধটি অনুমোদন যুক্তরাজ্যের ওষুধ নিয়ন্ত্রক সংস্থার। সূত্র: সমকাল
- জলবায়ু পরিবর্তন রোধে 'গ্লোবাল ডে অব অ্যাকশন ফর ক্লাইমেট জাস্টিস' উপলক্ষ্যে গ্লাসগোসহ যুক্তরাজ্যের বড় শহর ও বিমানবন্দরগুলোতে পরিবেশবান্ধব জ্বালানি ব্যবহারের দাবিতে বিক্ষোভের ঘোষণা দিয়েছে পরিবেশবাদীরা। সূত্র: জনকণ্ঠ
- সুদানে সেনা অভ্যুত্থানের সময় গ্রেফতার হওয়া চার মন্ত্রীকে মুক্তির নির্দেশ দিয়েছে সেনাপ্রধান জেনারেল আবদেল ফাত্তাহ আল-বুরহান। সূত্র: ইত্তেফাক

**৬ নভেম্বর, শনিবার**

- ব্রাহ্মণবাড়িয়ার কসবা থেকে পাঁচশ' জনকে পাচারের অভিযোগে মানবপাচার চক্রের আট জনকে রাজধানী থেকে গ্রেপ্তার করেছে র‍্যাব। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৩ হাজার ৭২ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১৫৭। সুস্থ ১৬৭ ও ১ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ

- পাঁচ থেকে ১১ বছর বয়সী শিশুদের জন্য ফাইজার-বায়োএনটেকের তৈরি করোনা টিকা ব্যবহারের অনুমতি দিয়েছে মার্কিন খাদ্য ও ওষুধ প্রশাসন। সূত্র: ইত্তেফাক
- বহু বিরোধিতার মধ্যেও মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেনের ১ দশমিক ২ ট্রিলিয়ন ডলারের পরিকাঠামো আইন পাস হয়েছে মার্কিন প্রতিনিধি পরিষদে। সূত্র: প্রথম আলো

**৭ নভেম্বর, রবিবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা লন্ডনে তার আবাসস্থল থেকে ভার্চুয়ালি বাংলাদেশ হাইকমিশন ভবনের (বিএইচসি) সম্প্রসারিত অংশ উদ্‌বোধন করেন। সূত্র: জনকণ্ঠ
- সর্বোচ্চ আদালতের পূর্ণাঙ্গ রায় প্রকাশের আগে কোনো আসামির মৃত্যুদণ্ড কার্যকর করা যাবে না। এ ব্যাপারে কারা মহাপরিদর্শকের (আইজি প্রিজনস) সঙ্গে কথা বলতে অ্যাটর্নি জেনারেলকে নির্দেশ দিয়েছেন সুপ্রিমকোর্টের আপিল বিভাগ। সূত্র: যুগান্তর
- পারিবারিক আদালতে সন্তানের অভিভাবকত্ব নিয়ে বিচারাধীন মামলাগুলো ছয় মাসের মধ্যে নিষ্পত্তি করার নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৫ হাজার ২৩৪ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১৭৮। সুস্থ ১৯০ ও ৪ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ

**৮ নভেম্বর, সোমবার**

- কুইন এলিজাবেথ সেন্টারে যুক্তরাজ্য প্রবাসী বাংলাদেশীদের আয়োজিত সংবর্ধনা অনুষ্ঠানে সফরকালীন আবাসস্থল হোটেল ক্ল্যারিজ থেকে ভার্চুয়ালি অংশ নেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৬ হাজার ৮১২ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২১৫। সুস্থ ২০৯ ও ৬ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- চীনের নিজস্ব মহাকাশ স্টেশন তিয়ানগংয়ে গবেষণার কাজে নিয়োজিত নারী নভোচারী ওয়াং ইয়াপিং প্রথমবারের মতো মহাকাশে হেঁটে নতুন ইতিহাসের সূচনা করেছেন। সূত্র: সমকাল



- আফগানিস্তানের তালেবান সরকার সেনাবাহিনীর আটটি দলের নাম ২০৯ নম্বর শাহিন কোর নাম বদলে আল-ফাতাহ করেছে। সূত্র: জনকণ্ঠ

**৯ নভেম্বর, মঙ্গলবার**

- ইউনেস্কোর ৭৫তম বার্ষিকীতে যোগ দিতে এবং 'ইউনেস্কো-বাংলাদেশ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ইন্টারন্যাশনাল প্রাইজ ফর ক্রিয়েটিভ ইকোনমি'র পুরস্কার বিতরণ করতে লন্ডন সফর শেষে প্যারিস পৌঁছান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: ভোরের কাগজ
- দেশে করোনাভাইরাস সংক্রমণ প্রতিরোধে দেশে 'মলনুপিরাভি'র অ্যান্টিভাইরাল ট্যাবলেটের জরুরি ব্যবহারের অনুমোদন দিয়েছে ওষুধ প্রশাসন অধিদপ্তর। সূত্র: ইত্তেফাক
- ভারতের মর্যাদাপূর্ণ পদ্মশ্রী পুরস্কার পেয়েছেন বাংলাদেশের বীর মুক্তিযোদ্ধা লেফটেন্যান্ট কর্নেল (অব.) কাজী সাজ্জাদ আলী জহির (বীরপ্রতীক) ও বিশিষ্ট রবীন্দ্রসংগীত বিশারদ সন্‌জীদা খাতুন। সূত্র: প্রথম আলো
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৭ হাজার ৫৩০ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২০৬। সুস্থ ৩৬৫ ও ৩ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- চায়না রেডক্রস ও বাংলাদেশ রেডক্রিসেন্ট যৌথভাবে বাংলাদেশকে উপহার হিসেবে দুই লাখ ডোজ চীনের সিনোফার্মের করোনার টিকা দিয়েছে। সূত্র: ভোরের কাগজ
- গ্লাসগোর স্কটিশ ইভেন্ট সেন্টারে জলবায়ু সম্মেলনে (কপ-২৬) 'জলবায়ু অভিযোজন তহবিলে' অর্থায়নের ঘোষণা দিল যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন। সূত্র: কালের কণ্ঠ

**১০ নভেম্বর, বুধবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্যারিসে এলিসি প্রাসাদে ফ্রান্সের প্রেসিডেন্ট ইমানুয়েল মাক্রোঁর সঙ্গে বৈঠক করেন। বৈঠকের পর বাংলাদেশ ও ফ্রান্স ব্যবসা, বিনিয়োগ ও প্রতিরক্ষা সহযোগিতার সম্মতিপত্র স্বাক্ষরিত হয়। সূত্র: যুগান্তর

- পুলিশ সদর দপ্তরে পুলিশ মহাপরিদর্শক (আইজিপি) ড. বেনজীর আহমেদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে জাতিসংঘের অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি জেনারেল ক্রিশ্চিয়ান ফ্রান্সিস সভার্স শান্তিরক্ষা মিশনে বাংলাদেশ পুলিশের অনবদ্য অবদান ও কৃতিত্বপূর্ণ ভূমিকার 'ভূয়সী প্রশংসা' করেন। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৭ হাজার ৯৮৭ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২৩৫। সুস্থ ২৭১ ও ২ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- আফগানিস্তানের পরিস্থিতি নিয়ে ভারতের সভাপতিত্বে দিল্লিতে অনুষ্ঠিত বৈঠকে রাশিয়া, ইরান এবং কাজাখস্তান, কিরঘিজস্তান, উজবেকিস্তান, তুর্কমেনিস্তান ও তাজিকিস্তানসহ আট দেশ অংশ নেয়। সূত্র: ইত্তেফাক

**১১ নভেম্বর, বৃহস্পতিবার**

- ফ্রান্স সফররত প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে করোনা ব্যবস্থাপনা, পানি ও বিমান চলাচল খাতে আর্থিক ও প্রযুক্তিগত সহযোগিতা বাড়াতে ফ্রান্স-বাংলাদেশের তিন চুক্তি স্বাক্ষর। সূত্র: সংবাদ
- বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে বিভিন্ন জাতীয় অনুষ্ঠানস্থলের এক কিলোমিটারের মধ্যে গ্যাসচালিত গাড়ির ওপর নিষেধাজ্ঞা জারি। সূত্র: জনকণ্ঠ
- মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের সভায় ২০২২ সালে প্রথম থেকে নবম শ্রেণী পর্যন্ত সারাদেশের সরকারি-বেসরকারি স্কুলগুলোতে ভর্তির জন্য লটারির মাধ্যমে শিক্ষার্থী বাছাইয়ের সিদ্ধান্ত। সূত্র: জনকণ্ঠ
- করোনা চিকিৎসায় মুখে খাওয়ার ক্যাপসুল মলনুপিরাভির 'এমোরিভির ২০০' নামে বেক্সিমকো ফার্মাসিউটিক্যালকে তৈরি ও বাজারজাতের অনুমোদন দিয়েছে ঔষধ প্রশাসন অধিদপ্তর। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৯ হাজার ৫৪৪ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২৩৭। সুস্থ ২৩১ ও ১ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- স্কটল্যান্ডের গ্লাসগোয় চলমান বিশ্ব জলবায়ু সম্মেলনে (কপ-২৬) জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবিলায় সহযোগিতা বাড়াতে চীন ও যুক্তরাষ্ট্রের যৌথ ঘোষণা। সূত্র: জনকণ্ঠ



**১২ নভেম্বর, শুক্রবার**

- প্যারিস পিস ফোরামে (পিপিএফ) 'সাউথ-সাউথ অ্যান্ড ট্রায়াঙ্গুলার কোঅপারেশন' শীর্ষক উচ্চ পর্যায়ের প্যানেল আলোচনায় অংশ নেন সফররত প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: সমকাল
- সৃজনশীল অর্থনীতির ক্ষেত্রে তরুণদের শিল্প উদ্যোগকে এগিয়ে নিতে কর্মসূচি প্রণয়ন ও সহায়তার স্বীকৃতি হিসেবে উগান্ডার বেসরকারি সংস্থা মোটিভ ক্রিয়েশন্স লিমিটেডকে (MoTIV Creations Limited) ইউনেস্কো-বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আন্তর্জাতিক পুরস্কার প্রদান করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ইউনেস্কো সদর দফতরে পুরস্কার বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। সূত্র: ভোরের কাগজ
- বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গাদের মানবিক সহায়তা প্রদান ও জীবনযাত্রার মান উন্নয়নের আহ্বান জানিয়ে পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেনকে যুক্তরাষ্ট্রের ১২ জন সিনেটরের চিঠি। সূত্র: যুগান্তর
- দেশের তথ্যপ্রযুক্তি খাতে বৈপ্লবিক পরিবর্তন ও অবদানের জন্য প্রধানমন্ত্রীর আইসিটি উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়কে এশিয়া-ওশেনিয়া অঞ্চলের ২৪টি দেশের সংস্থা এশিয়ান-ওশেনিয়ান কম্পিউটিং ইন্ডাস্ট্রি অর্গানাইজেশন 'অ্যাসোসিও লিডারশিপ অ্যাওয়ার্ড-২০২১' পুরস্কারে ভূষিত করে। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৩ হাজার ৫৬৯ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২২১। সুস্থ ২১৯ ও ৫ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- সংবাদকক্ষে দৃষ্টান্তমূলক ভূমিকা এবং নেতৃত্বের মাধ্যমে সমাজে বিশেষ ভূমিকা রাখায় ওয়ার্ল্ড অ্যাসোসিয়েশন অব নিউজ পাবলিশার্স ওয়ান-ইফরা 'এডিটোরিয়াল লিডারশিপ অ্যাওয়ার্ড-২০২১' পেয়েছে মালাওয়ির 'দ্য নেশন অন সানডে' পত্রিকার সম্পাদক এডিথ ক্যাম্বালামে, মিয়ানমারের 'সেভেন ডে ডিজিটাল' এর প্রধান সম্পাদক নিয়েন নিয়েন নাইং এবং টমসন রয়টার্সের মধ্যপ্রাচ্য বিষয়ক সম্পাদক সামিয়া নাখুল। সূত্র: সমকাল

**১৩ নভেম্বর, শনিবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা ইউনেস্কোর ৭৫তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে প্যারিসে ইউনেস্কোর সদর দপ্তরে আয়োজিত অনুষ্ঠানে সমৃদ্ধির দিকে এগিয়ে যেতে বিশ্ব সম্প্রদায়ের কাছে ৪টি প্রস্তাব উপস্থাপন। সূত্র: সংবাদ

- ‘ডিজিটাল বাংলাদেশ’ কর্মসূচি প্রণয়ন ও তা বাস্তবায়নে বলিষ্ঠ নেতৃত্বদান এবং তথ্যপ্রযুক্তি ব্যবহারের মাধ্যমে বাংলাদেশের মানুষের জীবনমান উন্নয়নে অবদানের স্বীকৃতিস্বরূপ প্রধানমন্ত্রী শেখ হাসিনা পেয়েছেন ‘উইটসা এমিনেন্ট পার্সনস অ্যাওয়ার্ড-২০২১’ পুরস্কার। সূত্র: জনকণ্ঠ
- জাপানের কোবে বন্দর থেকে মেট্রোরেলের আরও চারটি কোচ এবং দুটি ইঞ্জিন দেশে পৌঁছাল। সূত্র: ভোরের কাগজ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৩ হাজার ৭২ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১৫১। সুস্থ ১৯২ ও ৬ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ

**১৪ নভেম্বর, রবিবার**

- গ্লাসগো, লন্ডন ও প্যারিসে দুই সপ্তাহের সরকারি সফর শেষে দেশে পৌঁছান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: যুগান্তর
- ব্রিটিশ আমলের প্যাটেন্ট আইন বাতিল করে ‘বাংলাদেশ প্যাটেন্ট বিল ২০২১’ নতুন আইনের বিল জাতীয় সংসদে উত্থাপন করেন শিল্পমন্ত্রী। সূত্র: কালের কণ্ঠ
- করোনা সংক্রমণের কারণে দেশে প্রায় দেড় বছর পর এসএসসি ও সমমানের পরীক্ষা শুরু। সূত্র: সংবাদ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৯ হাজার ৫১৭ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২২৩। সুস্থ ২১২ ও ৪ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- শ্বাসের সঙ্গে নেয়া যায় এমন করোনা টিকা উদ্ভাবন করেছে চীনা বিজ্ঞানীরা। বায়ুবীয় এ টিকা একটি জারের মধ্যে রাখা থাকবে। যাকে টিকাটি দেয়া হবে তাকে মুখ দিয়ে ওই জার থেকে টেনে নিতে হবে টিকা। সূত্র: ভোরের কাগজ
- স্কটল্যান্ডের গ্লাসগোয় দুই সপ্তাহব্যাপী বিশ্ব জলবায়ু সম্মেলন (কপ-২৬) সমাপ্ত। সূত্র: যুগান্তর
- বিশ্বব্যাপী জনপ্রিয় ও সর্বাধিক বিক্রীত বইয়ের লেখক উইলবার স্মিথ (৮৮) দক্ষিণ আফ্রিকার কেপটাউন শহরে নিজ বাড়িতে মৃত্যুবরণ করেন। সূত্র: জনকণ্ঠ



**১৫ নভেম্বর, সোমবার**

- স্পীকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে জাতীয় সংসদ অধিবেশনে ‘ইউনেস্কো-বাংলাদেশ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ইন্টারন্যাশনাল প্রাইস ফর ক্রিয়েটিভ ইকোনমি’ শীর্ষক পুরস্কার প্রবর্তন করায় বাংলাদেশের জনগণের পক্ষ থেকে জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতি সংস্থাকে (ইউনেস্কো) ধন্যবাদ জানাতে আনীত প্রস্তাবের ওপর সাধারণ আলোচনায় অংশ নেন প্রধানমন্ত্রী ও সংসদ নেতা শেখ হাসিনা। সূত্র: জনকণ্ঠ
- একুশে পদকপ্রাপ্ত প্রখ্যাত কথাসাহিত্যিক অধ্যাপক হাসান আজিজুল হকের (৮২) ইন্তেকাল। রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার শোক প্রকাশ। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৭ হাজার ৭০০ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২৩৪। সুস্থ ২৩৪ ও ৪ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন ও চীনের প্রেসিডেন্ট শি জিনপিং পারস্পরিক তিক্ততা দূর করতে প্রথমবারের মতো ভার্চুয়ালি দ্বিপক্ষীয় বৈঠকে অংশ নেন। সূত্র: ইত্তেফাক

**১৬ নভেম্বর, মঙ্গলবার**

- জাতীয় সংসদে ‘বিরোধী দলের নেতা এবং উপনেতা (পারিতোষিক ও বিশেষাধিকার) বিল ২০২১’ টি বিল পাস। সূত্র: ভোরের কাগজ
- দেশে করোনাভাইরাসে আক্রান্ত রোগীদের চিকিৎসায় মুখে খাওয়ার ওষুধ মলনুপিরাভিরের আনুষ্ঠানিক ছাড়পত্র দিয়েছে স্বাস্থ্য অধিদপ্তর। এ বিষয়ে দেশের সরকারি-বেসরকারি সব হাসপাতাল কর্তৃপক্ষের কাছে চিঠি দিয়েছে স্বাস্থ্য অধিদপ্তর। সূত্র: সমকাল
- দেশে করোনাভাইরাস মোকাবিলায় ১৫ লাখ ডোজ অ্যাস্ট্রাজেনেকার টিকা উপহার দিল সৌদি আরব। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ২০ হাজার ৭৬৪ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২১৩। সুস্থ ২২৩ ও ২ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ

- কুমিল্লার প্রবীণ আওয়ামী লীগ নেতা ও জেলা ১৪ দলীয় জোটের আহ্বায়ক বীর মুক্তিযোদ্ধা অধ্যক্ষ আফজল খানের (৮২) ইন্তেকাল। সূত্র: যুগান্তর
- টাঙ্গাইল-৭ (মির্জাপুর) আসনের সংসদ সদস্য সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি একাব্বর হোসেনের (৬৫) ইন্তেকাল। সূত্র: যুগান্তর
- হোয়াইট হাউস প্রাঙ্গণের সাউথ লনে অনুষ্ঠিত স্বাক্ষর গ্রহণ অনুষ্ঠানে ট্রিলিয়ন ডলারের (১.২ ট্রিলিয়ন ডলারের) অবকাঠামো বিলে স্বাক্ষর করেন প্রেসিডেন্ট জো বাইডেন। সূত্র: যুগান্তর

**১৭ নভেম্বর, বুধবার**

- নিউইয়র্কে জাতিসংঘ সদর দপ্তরে প্রথমবারের মতো সর্বসম্মতিক্রমে রোহিঙ্গা রেজ্যুলেশন গৃহীত। ২০১৭ সাল থেকে প্রতিবছর জাতিসংঘে রোহিঙ্গা রেজ্যুলেশন গৃহীত হয় ভোটের মাধ্যমে। এ বছরই প্রথম সর্বসম্মতিক্রমে রেজ্যুলেশনটি গৃহীত হলো। সূত্র: ইত্তেফাক
- গাজীপুর-৪ (কাপাসিয়া) সাবেক সংসদ সদস্য ও প্রতিমন্ত্রী অ্যাডভোকেট আফসার উদ্দিন খানের (৮১) ইন্তেকাল। প্রধানমন্ত্রী শেখ হাসিনার শোক প্রকাশ। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৯ হাজার ৬৭০ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২৬৬। সুস্থ ২৫৭ ও ৬ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- বাংলাদেশসহ ৯৫ দেশের ওষুধ কোম্পানিগুলোকে নিজেদের তৈরি করোনার ওষুধ উৎপাদনের অনুমতি দিল ফাইজার। এ বিয়য়ে জাতিসংঘ সমর্থিত গ্রুপ মেডিসিনস প্যাটেন্ট পুলের (এমপিপি) সঙ্গে চুক্তি স্বাক্ষর মার্কিন ফার্মাসিউটিক্যাল জায়ান্টদের। সূত্র: জনকণ্ঠ
- বায়ুদূষণ মোকাবিলায় রাজধানী দিল্লির পাশে অবস্থিত পাঁচটি কয়লাচালিত বিদ্যুৎ কেন্দ্র সাময়িকভাবে বন্ধ ঘোষণা করেছে ভারতের কেন্দ্রীয় পরিবেশ মন্ত্রণালয়। সূত্র: জনকণ্ঠ



**১৮ নভেম্বর, বৃহস্পতিবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গ্লাসগোতে বিশ্ব জলবায়ু সম্মেলন (কপ-২৬) থেকে ফিরে গণভবনে আয়োজিত সংবাদ সম্মেলনে অংশ নেন। সূত্র: জনকণ্ঠ
- একাদশ জাতীয় সংসদের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ২৪তম বৈঠকে ১ ডিসেম্বরকে 'জাতীয় মুক্তিযোদ্ধা দিবস' হিসেবে ঘোষণা ও পালনের প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে সুপারিশ করা হয়। সূত্র: ভোরের কাগজ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৯ হাজার ৫০৭ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২৪৪। সুস্থ ২৯৪ ও ৫ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- স্কুলে স্কুলে গিয়ে শিক্ষার্থীদের করোনার টিকা দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে সরকার। রাজধানীতে বিশ্ব অ্যান্টিবায়োটিক সচেতনতা দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে ঔষধ প্রশাসন অধিদপ্তর আয়োজিত অনুষ্ঠানে স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক এ কথা জানান। সূত্র: জনকণ্ঠ
- ক্ষুধাবিরোধী লড়াইয়ে ইলন মাস্কের দান করা ছয় বিলিয়ন ইউএস ডলার কিভাবে ব্যয় করা হবে তার 'প্রুফ' দিল জাতিসংঘ। সূত্র: সমকাল

**১৯ নভেম্বর, শুক্রবার**

- প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনার সভাপতিত্বে গণভবনে আওয়ামী লীগের কার্যনির্বাহী সংসদের বৈঠক অনুষ্ঠিত। সূত্র: সংবাদ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৮ হাজার ১২৪ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২৫৩। সুস্থ ২৯৮ ও ৭ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- কোভিডের দুই ডোজ টিকা নিয়ে পবিত্র ওমরাহ পালনে ১৮ থেকে ৫০ বছর বয়সী বিদেশি নাগরিকদের জন্য নতুন বয়সসীমা নির্ধারণ করে দিয়েছে সৌদি সরকার। সূত্র: যুগান্তর
- বিতর্কিত তিন কৃষি আইন বাতিলের ঘোষণা দিয়েছে ভারত সরকার। সূত্র: জনকণ্ঠ

- যুক্তরাষ্ট্রে ১৮ বছরের বেশি বয়সী সবার জন্য ফাইজার এবং মডার্নার কোভিড টিকার বুস্টার ডোজের অনুমোদন দিয়েছে ওষুধ নিয়ন্ত্রক কর্তৃপক্ষ। সূত্র: প্রথম আলো

**২০ নভেম্বর, শনিবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গণভবনে আওয়ামী লীগের স্থানীয় সরকার জনপ্রতিনিধি মনোনয়ন বোর্ডের সভা অনুষ্ঠিত। চতুর্থ ধাপের ৮৪০টি ইউনিয়ন পরিষদ (ইউপি) নির্বাচনের চেয়ারম্যান এবং তিনটি পৌরসভা নির্বাচনের মেয়র পদে দলীয় প্রার্থী চূড়ান্ত করতে এ সভা ডাকা হয়েছিল। সূত্র: ইত্তেফাক
- আগামী শিক্ষাবর্ষে সরকারি স্কুলে প্রথম শ্রেণির ভর্তিতে শিক্ষার্থীর বয়স ছয় বছরের বেশি হতে হবে। সরকারি স্কুলে ভর্তির সংশোধিত বিজ্ঞপ্তি প্রকাশ করেছে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর। সূত্র: ভোরের কাগজ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৫ হাজার ১০৭ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১৭৮। সুস্থ ১৯০ ও মৃত্যু নেই। সূত্র: জনকণ্ঠ
- জো বাইডেন নিয়মিত স্বাস্থ্য পরীক্ষার জন্য হাসপাতালে যাওয়ায় যুক্তরাষ্ট্রের প্রথম নারী প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব পালন করেন ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিস। সূত্র: জনকণ্ঠ

**২১ নভেম্বর, রবিবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি ঢাকা সেনানিবাসের সেনাকুঞ্জে 'সশস্ত্র বাহিনী দিবস-২০২১' এর সংবর্ধনা অনুষ্ঠানে অংশ নেন। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৭ হাজার ১৩৫ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১৯৯। সুস্থ ১৯২ ও ৭ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- সেনা অভ্যুত্থানের প্রতিক্রিয়ায় সুদানে কয়েক সপ্তাহের রাজনৈতিক অস্থিরতার পর সামরিক বাহিনী ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী আবদাল্লা হামদককে আবার প্রধানমন্ত্রী পদে বহাল করেছে। সূত্র: ইত্তেফাক
- আফগানিস্তানে সরকারি কর্মীদের বেতন দেওয়া শুরু হয়েছে। প্রথমে তিন মাসের বেতন দেওয়া হবে। সূত্র: সমকাল



**২২ নভেম্বর, সোমবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে সচিবালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে ভার্চুয়ালি অংশ নেন ও সভাপতিত্ব করেন। সূত্র: যুগান্তর
- স্থগিতাদেশ থাকার পরও ধর্ষণ মামলায় এক আসামিকে জামিন দেওয়ার ঘটনায় ঢাকার নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-৭ এর সাবেক বিচারক মোছা. কামরুন্নাহারের ফৌজদারি বিচারিক ক্ষমতা কেড়ে নিয়েছেন আপিল বিভাগ। সূত্র: যুগান্তর
- বন্যপ্রাণী (সংরক্ষণ ও নিরাপত্তা) আইন ২০১২ অনুসারে ১২টি দেশের এলিফ্যান্ট করিডরকে সংরক্ষিত করিডর হিসেবে ঘোষণা করে গেজেট জারি করতে কেন নির্দেশ দেয়া হবে না, তা জানতে চেয়ে রুল জারি করেছে হাইকোর্ট। সূত্র: সংবাদ
- বেঞ্চমার্ক অ্যালায়েন্স ও ইউনাইটেড প্রকাশিত 'জাতিসংঘের বীজ' সূচকে ৩১টি দেশের মধ্যে প্রথমবারের মতো বাংলাদেশের 'লাল তীর সিডস লিমিটেড'র অবস্থান শীর্ষ সাতে। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৮ হাজার ৬১৪ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২৬৪। সুস্থ ৩৩৯ ও ২ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- ক্যানবেরাতে ব্রিটেন ও যুক্তরাষ্ট্রের সঙ্গে আনুষ্ঠানিকভাবে পরমাণু বিষয়ক অকাস চুক্তি স্বাক্ষর করেছে অস্ট্রেলিয়া। সূত্র: যুগান্তর
- আফগানিস্তানে জারি করা নতুন নির্দেশ অনুযায়ী টেলিভিশন নাটকে নারীদের নিষিদ্ধসহ আট দফা নির্দেশনা তালেবান সরকারের। সূত্র: সমকাল
- কার্বন ডাইঅক্সাইডের পরিমাণ বেড়ে যাওয়ায় ইতালির আয়োলিয়ান দ্বীপপুঞ্জের ভলকানো দ্বীপের বাসিন্দাদের ওই এলাকা ছাড়ার নির্দেশ দিয়েছে দেশটি। সূত্র: জনকণ্ঠ

**২৩ নভেম্বর, মঙ্গলবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে রাজধানীর শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) ভার্চুয়াল সভায় ২৯ হাজার ৩৪৪ কোটি ২৭ লাখ টাকা ব্যয়ে মোট ১০টি প্রকল্প অনুমোদন। সভায় কক্সবাজারের

মহেশখালী ও মাতারবাড়ি এলাকায় চলমান উন্নয়ন প্রকল্পগুলোর মধ্যে সমন্বয় করার জন্য একটি কর্তৃপক্ষ গঠন করার নির্দেশ দিয়ে প্রধানমন্ত্রী বলেন, মাতারবাড়ি ও মহেশখালী এলাকায় অনেক প্রকল্পের কাজ চলছে। এ সব কাজ বিচ্ছিন্নভাবে না করে একটি কর্তৃপক্ষের আওতায় করতে হবে। সূত্র: জনকণ্ঠ

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার 'বাংলাদেশের চোখে জলবায়ু পরিবর্তন' শিরোনামে নিবন্ধটি প্রখ্যাত 'ডিপ্লোম্যাট' ম্যাগাজিনে প্রকাশিত। প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রকাশিত নিবন্ধে বলেছেন, জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাবে ক্ষতিগ্রস্ত হলেও বাংলাদেশ জলবায়ু পরিবর্তন মোকাবিলায় বিশ্বের সামনে রোল মডেল হিসেবে ভূমিকা রাখতে পারে। সূত্র: যুগান্তর
- দেশে গ্লোব বায়োটেকের তৈরি করোনাভাইরাসের টিকা বঙ্গভ্যাক্স মানুষের শরীরে পরীক্ষামূলক প্রয়োগের অনুমতি দিয়েছে 'বাংলাদেশ চিকিৎসা গবেষণা কাউন্সিল' (বিএমআরসি)। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৯ হাজার ৫৬৮ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২৮৪। সুস্থ ৩১৮ ও ৩ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- বিশ্বের ইতিহাসে প্রথমবারের মতো এন্টার্কটিকায় অবতরণ করেছে পর্তুগিজ চার্টার এয়ারলাইন্সের এয়ারবাস এ৩৪০। সূত্র: যুগান্তর

**২৪ নভেম্বর, বুধবার**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ একাদশ জাতীয় সংসদ অধিবেশনে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে বিশেষ আলোচনার স্মারক বক্তৃতা প্রদান করেন। সূত্র: জনকণ্ঠ
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতীয় সংসদে উন্নত ও সমৃদ্ধশালী দেশ হিসেবে গড়ে তোলার মাধ্যমে বাংলাদেশকে মর্যাদাপূর্ণ অবস্থানে নিয়ে যাওয়ার অঙ্গীকার ব্যক্ত করে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে বিশেষ আলোচনা প্রস্তাব উত্থাপন করেন। সূত্র: সংবাদ
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবনে সফররত মালদ্বীপের ভাইস প্রেসিডেন্ট ফয়সাল নাসিমের সঙ্গে বাংলাদেশ ও মালদ্বীপের মধ্যে যোগাযোগ বৃদ্ধি করতে দ্বিপক্ষীয় বৈঠক করেন। সূত্র: সমকাল



- জাতিসংঘের সাধারণ পরিষদের ৭৬তম বৈঠকের ৪০তম প্ল্যানারি সেশনে স্বল্পোন্নত দেশ (এলডিসি) থেকে বাংলাদেশের উত্তরণের সুপারিশ অনুমোদন করা হয়। সূত্র: যুগান্তর
- আগারগাঁও নির্বাচন ভবনে আইন-শৃঙ্খলা সংক্রান্ত বিশেষ সভায় প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কে এম নূরুল হুদা নির্বাচনে যারা বিশৃঙ্খলা সৃষ্টি করতে পারে তাদের আগাম গ্রেফতারের নির্দেশ দেন। সূত্র: ইত্তেফাক
- দেশে ১২ বছর এবং তার বেশি বয়সীদের টিকাদান কর্মসূচি চালিয়ে যেতে বাংলাদেশকে ফাইজারের তৈরি আরও ১৮ লাখ ডোজ করোনাভাইরাসের টিকা উপহার দিল যুক্তরাষ্ট্র। সূত্র: সংবাদ
- গত ২৪ ঘণ্টায় দেশে ২১ হাজার ২ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩১২। সুস্থ ৩৩৮ জন ও ৩ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ঘোষণার পর বিতর্কিত তিন কৃষি আইন বাতিলের প্রস্তাব কেন্দ্রীয় মন্ত্রিসভায় অনুমোদন। সূত্র: জনকণ্ঠ

**২৫ নভেম্বর, বৃহস্পতিবার**

- স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে জাতীয় সংসদে প্রধানমন্ত্রী ও সংসদ নেতা শেখ হাসিনার ১৪৭ বিধিতে উত্থাপিত সাধারণ প্রস্তাবটি সর্বসম্মতি ক্রমে গৃহীত। সূত্র: যুগান্তর
- পাবনার ঈশ্বরদীতে বাস্তবায়নাধীন রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্পের প্রথম ইউনিটে সবগুলো বাষ্প জেনারেটর স্থাপনের কাজ সম্পন্ন। সূত্র: ভোরের কাগজ
- বাংলাদেশ নৌবাহিনীর ব্যবস্থাপনায় ভাসানচরে গেল আরো ৩৭৯ রোহিঙ্গা। এ নিয়ে সাত দফায় ভাসানচরে স্থানান্তরিত হলো প্রায় ১৯ হাজার রোহিঙ্গা। সূত্র: জনকণ্ঠ
- প্রকৃত মুক্তিযোদ্ধা যাচাই-বাছাইয়ের পর তাদের গেজেটভুক্তির ক্ষেত্রে জেলা ও উপজেলায় বিদ্যমান গেজেটভুক্ত মুক্তিযোদ্ধার ১০ শতাংশের বেশি তালিকাভুক্ত করা যাবে না- এমন বিধান রেখে ২০১৯ সালের ১৮ এপ্রিল জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের জারি করা পরিপত্র বাতিল করেছেন হাইকোর্ট। সূত্র: সমকাল

- গত ২৪ ঘণ্টায় দেশে ১৮ হাজার ৮৮৮ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২৩৭। সুস্থ ৩৬০ ও ৯ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- সুইডেনের সংসদে শরিক দল গ্রিন পার্টির জোট ত্যাগ এবং বাজেট প্রস্তাব পাস না হওয়ায় দেশটির ইতিহাসে প্রথমবারের মতো নারী প্রধানমন্ত্রীর দায়িত্ব পাওয়ার কয়েক ঘণ্টা পরই পদত্যাগ করেছেন নবনির্বাচিত ম্যাগডালেনা অ্যান্ডারসন। সূত্র: জনকণ্ঠ
- তেল ও গ্যাসের দাম কমাতে মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেনের ভ্যারিফায়েড ফেসবুক পেজে পোস্টে রাষ্ট্রীয়ভাবে মজুদ করে রাখা তেল থেকে পাঁচ কোটি ব্যারেল বাজারে ছাড়ার ঘোষণা। সূত্র: জনকণ্ঠ
- ভারতের নয়ডায় এশিয়ার বৃহত্তম এবং ভারতের প্রথম কার্বনশূন্য বিমানবন্দরের ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। সূত্র: যুগান্তর

**২৬ নভেম্বর, শুক্রবার**

- কম্বোডিয়ার নমপেনে শুরু হওয়া দুই দিনব্যাপী ১৩তম এএসইএম শীর্ষ সম্মেলনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভিডিয়ো বার্তা প্রচার। এই ভিডিয়ো বার্তায় প্রধানমন্ত্রী বদ্বীপ পরিকল্পনার মতো বাংলাদেশের দীর্ঘমেয়াদি জলবায়ু প্রকল্পে এএসইএম অংশীদারদের বিনিয়োগের আহ্বান জানান। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৬ হাজার ৯১৬ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২৩৯। সুস্থ ২৭৭ ও ৩ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- দক্ষিণ আফ্রিকা ও বতসোয়ানায় করোনাভাইরাসের নতুন ভেরিয়েন্ট বি.১.১.৫২৯ সার্স-কভ-২ শনাক্ত হওয়ার পর এ বিষয়ে সংশ্লিষ্ট বিশেষজ্ঞদের সঙ্গে বিশ্ব স্বাস্থ্য সংস্থার (ডব্লিউএইচও) জরুরি বৈঠক। সূত্র: প্রথম আলো
- ওমরাহ ছাড়াই পবিত্র কাবাঘর তাওয়াফ বা প্রদক্ষিণ করার অনুমতি দিল পবিত্র দুই মসজিদের তত্ত্বাবধায়ক ও সৌদি বাদশাহ সালমান বিন আব্দুল আজিজ। সূত্র: ভোরের কাগজ



- জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান ও সাংস্কৃতিক সংস্থা (ইউনেস্কো) বিশ্বের ১৯৩টি দেশের সঙ্গে কাজ করতে প্রথমবারের মতো কৃত্রিম বুদ্ধিমত্তা খাতের উন্নয়নে নীতি এবং মূল্যবোধ অনুসরণের চুক্তি করেছে। সূত্র: যুগান্তর

**২৭ নভেম্বর, শনিবার**

- মহাসড়ক ও এক্সপ্রেসওয়ে নির্মাণ, রক্ষণাবেক্ষণ এবং টোল আদায় বিষয়ক 'মহাসড়ক বিল-২০২১' জাতীয় সংসদে পাস। সূত্র: সংবাদ
- চট্টগ্রামের মীরসরাই উপজেলায় দুর্গম পাহাড়ে প্রায় ২৭শ' বছর আগের প্রত্নতাত্ত্বিক নিদর্শনের সন্ধান পাওয়া গেছে। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের প্রত্নতত্ত্ব অধিদপ্তরের তথ্য প্রকাশ। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৩ হাজার ৪৬২ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১৫৫। সুস্থ ১৮৮ ও ২ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- করোনার নতুন ধরন 'ওমিক্রন' সংক্রমণের আতঙ্কে জেনেভায় অনুষ্ঠিতব্য বিশ্ব বাণিজ্য সংস্থার সম্মেলন স্থগিত। সূত্র: ইত্তেফাক
- প্রথমবারের মতো ওয়ানডে বিশ্বকাপে বাংলাদেশ নারী ক্রিকেট দল। সূত্র: যুগান্তর

**২৮ নভেম্বর, রবিবার**

- প্রধানমন্ত্রী এবং সংসদ নেতা শেখ হাসিনা একাদশ জাতীয় সংসদের পঞ্চদশ অধিবেশনের সমাপনী ভাষণ দেন। সূত্র: যুগান্তর
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি রাজধানীর রেডিসন ব্লু হোটেলে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) আয়োজিত দুই দিনব্যাপী 'আন্তর্জাতিক বিনিয়োগ শীর্ষ সম্মেলন ২০২১' উদ্‌বোধন করেন। সূত্র: কালের কণ্ঠ
- দেশে প্রথমবারের মতো তৃতীয় লিঙ্গের ইউপি চেয়ারম্যান পদে বিজয়ী ঝিনাইদহের কালীগঞ্জের নজরুল ইসলাম ঋতু। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৯ হাজার ৫৫২ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২০৫। সুস্থ ২৯৯ ও ৩ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ

- আফগানিস্তানে তালেবানের নেতৃত্বাধীন সরকার কোনো দেশের অভ্যন্তরীণ বিষয়ে নাক গলাবে না বলে প্রতিশ্রুতি। প্রথমবারের মতো রাষ্ট্রীয় টেলিভিশনে ভারপ্রাপ্ত প্রধানমন্ত্রী মোল্লা মোহাম্মদ হাসান আখুন্দ এই প্রতিশ্রুতি প্রদান করেন। সূত্র: যুগান্তর

**২৯ নভেম্বর, সোমবার**

- 'জাতীয় আয়কর দিবস-২০২১' উপলক্ষ্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাণী প্রদান করেন। সূত্র: যুগান্তর
- বাংলাদেশে কর্মসংস্থান সৃষ্টির জন্য ক্ষুদ্র উদ্যোক্তাদের সহায়তা করতে রাজধানীর শেরেবাংলা নগরে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইআরডি) সঙ্গে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি) ঋণচুক্তি স্বাক্ষর। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৬ হাজার ৮৯১ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২২৭। সুস্থ ২৮০ ও ২ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- করোনাভাইরাসের নতুন ধরন ওমিক্রনের সংক্রমণ ছড়িয়ে পড়ার উদ্বেগের মধ্যেই ভবিষ্যৎ মহামারি মোকাবিলায় প্রস্তুতি ও কী কী পদক্ষেপ নেওয়া যেতে পারে সে ব্যাপারে আলোচনা করতে সুইজারল্যান্ডের জেনেভায় বিশেষ অধিবেশন শুরু হয়েছে বিশ্ব স্বাস্থ্য সংস্থার (ডব্লিউএইচও)। সূত্র: সমকাল
- চেক প্রজাতন্ত্রের প্রেসিডেন্ট মিলোস জেমান করোনাভাইরাসে আক্রান্ত হওয়ায় বিশেষভাবে তৈরি কাচের বাক্সে বসে প্রধানমন্ত্রী নিয়োগের আনুষ্ঠানিকতা সম্পন্ন করেছেন। সূত্র: সমকাল
- ভারতের পার্লামেন্টে শীতকালীন অধিবেশনে ধ্বনিভোটে বিতর্কিত কৃষি আইন প্রত্যাহার বিল পাস। সূত্র: যুগান্তর

**৩০ নভেম্বর, মঙ্গলবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে বাংলাদেশে নিযুক্ত ভারতীয় হাইকমিশনার বিক্রম কুমার দোরাইস্বামীর সৌজন্য সাক্ষাৎ। এ সময় হাইকমিশনার বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১৯৭২ সালের একটি দুর্লভ ছবি প্রধানমন্ত্রীকে উপহার দেন। সূত্র: যুগান্তর



- পাবনার ঈশ্বরদীতে নির্মাণাধীন রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্পে দ্বিতীয় ইউনিটের রিঅ্যাক্টর বিল্ডিংয়ে চক্রাকার (পোলার) ক্রেন ব্রিজ স্থাপন করেছে রুশ প্রতিষ্ঠান এনার্গোস্পেকমনতাঝের বিশেষজ্ঞরা। সূত্র: সমকাল
- বাংলাদেশকে ২০ লাখ ৬ হাজার ৪শ' ডোজ অ্যাস্ট্রাজেনেকার টিকা উপহার দিয়েছে ফ্রান্স। সূত্র: সংবাদ
- একুশে ও স্বাধীনতা পুরস্কারপ্রাপ্ত লেখক, ভাষাসৈনিক ও বিশিষ্ট নজরুল গবেষক জাতীয় অধ্যাপক ড. মো. রফিকুল ইসলামের (৮৭) ইন্তেকাল। রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার শোক প্রকাশ। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৯ হাজার ৮০২ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২৭৩। সুস্থ ৩৬৮ ও ১ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- গ্রিসের মন্ত্রিসভায় ৬০ বছর বয়সী ও তদূর্ধ্বদের জন্য করোনা টিকা বাধ্যতামূলক ও আর যারা টিকা নেবে না তাদেরকে ১০০ ইউরো (৯ হাজার ৭০৯ টাকা) জরিমানা করার সিদ্ধান্ত। সূত্র: ইত্তেফাক

## ডিসেম্বর

**১ ডিসেম্বর, বুধবার**

- ঢাকা বিশ্ববিদ্যালয়ের শতবর্ষ পূর্তি ও বাংলাদেশের মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠান বঙ্গভবন থেকে ভার্চুয়ালি উদ্‌বোধন করেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। সূত্র: কালের কণ্ঠ
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি বাংলাদেশ শিশু একাডেমি প্রাঙ্গণে 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরাল' উদ্‌বোধন এবং রাজধানীর ধানমন্ডিতে নারী উদ্যোক্তাদের জন্য ১২তলা বিশিষ্ট অত্যাধুনিক 'জয়িতা টাওয়ার' নির্মাণের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে অংশ নেন। সূত্র: জনকণ্ঠ

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি রাজধানীর হাতিরঝিলে এম্ফিথিয়েটারের সঙ্গে যুক্ত হয়ে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে ১৬ দিনব্যাপী 'বিজয়ের ৫০ বছর : লাল সবুজের মহোৎসব' কর্মসূচির উদ্‌বোধন করেন। সূত্র: কালের কণ্ঠ
- ঢাকার আমিনবাজারে সাড়ে ৪২ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন 'বর্জ্য বিদ্যুৎ কেন্দ্র' স্থাপনের জন্য রাজধানীর হোটেল সোনারগাঁওয়ে স্থানীয় সরকার বিভাগ, বিদ্যুৎ বিভাগ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এবং চীনের চায়না মেশিনারি ইঞ্জিনিয়ারিং করপোরেশনের (সিএমইসি) মধ্যে চুক্তি স্বাক্ষর। সূত্র: কালের কণ্ঠ
- দেশে সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্টের অভিযোগ সংশ্লিষ্ট মামলার অভিযোগপত্র বিচারিক আদালতে পাওয়ার ৯০ কার্যদিবসের মধ্যে নিষ্পত্তির নির্দেশনা দিয়েছেন সুপ্রিমকোর্ট। সূত্র: কালের কণ্ঠ
- করোনাভাইরাস মোকাবিলায় ভারতের সেরাম ইনস্টিটিউট থেকে অক্সফোর্ড অ্যাস্ট্রাজেনেকার আরও ৪৫ লাখ ডোজ কোভিশিল্ড টিকা দেশে পৌঁছায়। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৮ হাজার ৯২৮ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২৮২। সুস্থ ৩৮৩ ও ২ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- করোনাভাইরাসের নতুন ধরন 'ওমিক্রন' এখন পর্যন্ত ২৩টি দেশে শনাক্ত। গত সপ্তাহে দক্ষিণ আফ্রিকায় 'ওমিক্রন' প্রথম শনাক্ত হয়। সূত্র: সমকাল
- মিয়ানমারের ক্ষমতাচ্যুত নেত্রী অং সান সু চির বিরুদ্ধে দুর্নীতিবিরোধী আইন লঙ্ঘনের অভিযোগ এনে মামলা দায়ের করেছে সামরিক জান্তা। সূত্র: ইত্তেফাক

**২ ডিসেম্বর, বৃহস্পতিবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি মিরপুর ক্যান্টনমেন্টস্থ 'ন্যাশনাল ডিফেন্স কোর্স ২০২১ (এনডিসি)' এবং 'আর্মড ফোর্সেস ওয়ার কোর্স ২০২১ (এএফডব্লিউসি)'-এর গ্র্যাজুয়েশন সেরিমনিতে অংশ নেন। সূত্র: জনকণ্ঠ



- বিজয়ের সুবর্ণজয়ন্তী এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে গঠিত নিরাপত্তা বিষয়ক উপকমিটির সভা সচিবালয়ে অনুষ্ঠিত। সভা শেষে সাংবাদিকদের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটির প্রধান সমন্বয়ক কামাল আবদুল নাসের চৌধুরী জানান, প্রধানমন্ত্রী শেখ হাসিনা 'বিজয়ের সুবর্ণজয়ন্তী' ও 'মুজিব বর্ষ' উপলক্ষ্যে সারাদেশের মানুষকে ১৬ ডিসেম্বর শপথবাক্য পড়াবেন। সূত্র: সমকাল
- গণপরিবহনে বেআইনি, অযৌক্তিক ও অস্বাভাবিক ভাড়া বৃদ্ধির নামে সাধারণ যাত্রীদের হেনস্থা ও হয়রানি বন্ধে ঢাকাসহ সারাদেশে কার্যকর ব্যবস্থা নিতে আইনি নোটিস পাঠিয়েছেন সুপ্রিমকোর্টের আইনজীবী আবু তালেব। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় দেশে ২১ হাজার ৫৭ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২৬১। সুস্থ ৩১৩ ও ৩ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- করোনার নতুন ধরন 'ওমিক্রনে'র বিরুদ্ধে কার্যকর ও উচ্চ ঝুঁকিতে থাকা লোকজনের চিকিৎসার জন্য গ্লাক্সোস্মিথক্লাইনের তৈরি সোট্রোভিম্যাব নামের ওষুধের অনুমোদন দিয়েছে ব্রিটেনের ওষুধ এবং স্বাস্থ্যসেবা পণ্য নিয়ন্ত্রক সংস্থা (এমএইচআরএ)। সূত্র: জনকণ্ঠ
- যুক্তরাষ্ট্রের বহুজাতিক বিনোদন এবং মিডিয়া গ্রুপ ওয়াল্ট ডিজনিতে প্রথমবারের মতো নারী চেয়ারম্যান হিসেবে নির্বাচিত হয়েছেন সুসান আর্নল্ড। সূত্র: জনকণ্ঠ
- ঘরের মাঠে প্রিমিয়ার লিগের ম্যাচে আর্সেনালের বিপক্ষে গোল করে ক্লাব ও আন্তর্জাতিক ফুটবল মিলিয়ে ৮০০ গোল করে প্রথম ফুটবলার হিসেবে ইতিহাস সৃষ্টি করেছেন পর্তুগিজ ফুটবলার ক্রিশ্চিয়ানো রোনালদো। সূত্র: কালের কণ্ঠ

**৩ ডিসেম্বর, শুক্রবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা 'বস্ত্র খাতের বিশ্বায়ন-বাংলাদেশের উন্নয়ন' প্রতিপাদ্যে 'জাতীয় বস্ত্র দিবস ২০২১' উপলক্ষ্যে বাণী দিয়েছেন। সূত্র: যুগান্তর

- স্বল্পোন্নত দেশের (এলডিসি) তালিকা থেকে উন্নয়নশীল দেশে উত্তরণের সুপারিশ অনুমোদন পাওয়ায় বাংলাদেশকে আনুষ্ঠানিক অভিনন্দন জানিয়েছে যুক্তরাষ্ট্র। সূত্রঃ সংবাদ
- পারফরমেন্স টেস্ট করতে রাজধানীর উত্তরার দিয়াবাড়ি থেকে আগারগাঁও পর্যন্ত আগামী ১২ ডিসেম্বর পরীক্ষামূলকভাবে চলবে মেট্রোরেল। ঢাকা মাস ট্রানজিট কোম্পানি লিমিটেডের (ডিএমটিসিএল) কর্তৃপক্ষ এই তথ্য প্রকাশ করেছে। সূত্রঃ জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৭ হাজার ৩৮৭ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২৪৩। সুস্থ ২২৫ ও ৩ জনের মৃত্যু। সূত্রঃ জনকণ্ঠ
- আফগানিস্তানে ক্ষমতাসীন তালেবান গোষ্ঠী নারী অধিকার নিয়ে নতুন আদেশ জারি। আদেশ অনুযায়ী, নারী কোনো সম্পদ নয়, বরং স্বাধীন ও উন্নত চরিত্রের মানুষ। শান্তির জন্য বা শত্রুতার অবসানের জন্য কেউ কোনো নারীকে অন্য কারো হাতে তুলে দিতে পারে না। নারীদের 'সম্পত্তি' ভাবা যাবে না, বিয়ের আগে অবশ্যই তাদের অনুমতি নিতে হবে এবং সব বিধবা অবশ্যই তাদের মৃত স্বামীর সম্পত্তির অংশ পাবেন। সূত্রঃ সংবাদ
- সিরিয়ার গোলান মালভূমি থেকে ইহুদিবাদী ইসরাইলের সব সেনাকে সম্পূর্ণভাবে প্রত্যাহার করার জন্য জাতিসংঘ সাধারণ পরিষদে প্রস্তাব পাস। সূত্রঃ সংবাদ
- ভারতের কেন্দ্রীয় থিঙ্ক ট্যাংক সংস্থা নিতি আয়োগের সঙ্গে দেশটির প্লাস্টিক বর্জ্য ব্যবস্থাপনাকে সুদৃঢ় করতে আগামী ২০২৪ সালের মধ্যে ১০০ শহরের নতুন পরিকল্পনা নিয়েছে জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি (ইউএনডিপি) সূত্রঃ সংবাদ

**৪ ডিসেম্বর, শনিবার**

- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে রাজধানীর হোটেল ইন্টারকন্টিনেন্টালে দুই দিনব্যাপী আয়োজিত 'ওয়ার্ল্ড পিস কনফারেন্স ২০২১' উদ্‌বোধন করেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। সূত্রঃ ইত্তেফাক



- একুশে পদকপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধা, ভাষাসৈনিক ও বর্ষীয়ান আওয়ামী লীগ নেতা এ্যাডভোকেট গোলাম হাসনায়েনের (৯১) ইন্তেকাল। সূত্রঃ জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৬ হাজার ৪২৮ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১৭৬। সুস্থ ১৬২ ও ৬ জনের মৃত্যু। সূত্রঃ জনকণ্ঠ
- অস্ট্রেলিয়ায় প্রথমবারের মতো লেবার পার্টির সাবরিন ফারুকী ও লিবারেল পার্টির সাজেদা আক্তার সানজিদা বাংলাদেশি নারী কাউন্সিলর হিসেবে নির্বাচিত। সূত্রঃ সংবাদ

**৫ ডিসেম্বর, রবিবার**

- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে রাজধানীর হোটেল ইন্টারকন্টিনেন্টালে দুই দিনব্যাপী 'ওয়ার্ল্ড পিস কনফারেন্স ২০২১' এর সমাপনী ভাষণ প্রদান করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্রঃ যুগান্তর
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ৯ম জাতীয় 'এসএমই পণ্য মেলা ২০২১' এর মূল অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে অংশগ্রহণ করেন। সূত্রঃ ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৯ হাজার ১৩২ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১৯৭। সুস্থ ২২৬ ও ৬ জনের মৃত্যু। সূত্রঃ জনকণ্ঠ
- ক্ষমতা দখলের পর থেকে ৪ মাসে তালেবান সরকার আফগান নিরাপত্তা বাহিনীর শতাধিক সাবেক সদস্যকে হত্যা ও গুম করেছে। এ সংক্রান্ত প্রতিবেদন প্রকাশ করেছে 'হিউম্যান রাইটস ওয়াচ'। সূত্রঃ সমকাল

**৬ ডিসেম্বর, সোমবার**

- বাংলাদেশ-ভারত কূটনৈতিক সম্পর্কের ৫০ বছর পূর্তি উপলক্ষ্যে নয়াদিল্লিতে ইন্ডিয়ান কাউন্সিল অব ওয়ার্ল্ড অ্যাফেয়ার্স (আইসিডব্লিউএ) আয়োজিত অনুষ্ঠানে ভিডিয়ো বার্তা প্রদান করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্রঃ জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৯ হাজার ২৩৭ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২৭৭। সুস্থ ৩৩৬ ও ৪ জনের মৃত্যু। সূত্রঃ জনকণ্ঠ

- ক্ষমতাচ্যুত বেসামরিক নেতা অং সান সু চির বিরুদ্ধে ১১টি মামলার মধ্যে একটির রায়। সূত্র: কালের কণ্ঠ
- ভারত সফররত রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে ২৮টি সমঝোতা চুক্তি স্বাক্ষর। সূত্র: ইত্তেফাক

**৭ ডিসেম্বর, মঙ্গলবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে রাজধানীর শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) ভার্চুয়াল সভায় সাত হাজার ৪৪৭ কোটি ৭ লাখ টাকা ব্যয়ে ১০ প্রকল্পের অনুমোদন। সভায় কুমিল্লা ও ফরিদপুর বিভাগের নাম যথাক্রমে মেঘনা ও পদ্মা নদীর নামে করার নির্দেশনা দেন প্রধানমন্ত্রী। সূত্র: সংবাদ
- বিতর্কিত ও অসৌজন্যমূলক বক্তব্য দেওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশের পর তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী মুরাদ হাসান পদত্যাগপত্র জমা দিলে তা অনুমোদন করেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। একই দিনে এ বিষয়ে প্রজ্ঞাপন জারি। সূত্র: কালের কণ্ঠ
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবনে 'নেতা মোদের শেখ মুজিবুর' নামক গবেষণাধর্মী গ্রন্থের মোড়ক উন্মোচন করেন। স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান (এমপি) গ্রন্থটি সম্পাদনা করেছেন। সূত্র: ইত্তেফাক
- ঢাকা ও দিল্লির দ্বিপাক্ষিক ইস্যু নিয়ে পররাষ্ট্র সচিব মাসুদ বিন মোমেনের সঙ্গে বৈঠক করেছেন বাংলাদেশ সফররত ভারতের পররাষ্ট্র সচিব হর্ষবর্ধন শ্রিংলা। সূত্র: ইত্তেফাক
- বাংলাদেশের মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর উপহার হিসেবে মুক্তিযুদ্ধে পাক হানাদার বাহিনীর বিরুদ্ধে ভারতীয় সেনাবাহিনীর ব্যবহৃত একটি টি-৫৫ ট্যাংক (বর্তমানে অকেজো) ও একটি ৭৫/২৪ মি.মি. মাউন্টেন হাউটজার গান পেট্রাপোল স্থলবন্দর দিয়ে বেনাপোলে বাংলাদেশ সেনাবাহিনীর কাছে হস্তান্তর করেছে ভারত। সূত্র: সংবাদ
- গত ২৪ ঘণ্টায় দেশে ২০ হাজার ১৪ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২৯১। সুস্থ ৩০৮ ও ৫ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ



**৮ ডিসেম্বর, বুধবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় আয়োজিত পরিবেশবান্ধব শিল্প প্রতিষ্ঠানের মাঝে 'গ্রিন ফ্যাক্টরি অ্যাওয়ার্ড ২০২০' বিতরণ এবং বিভিন্ন শিল্প, শিক্ষায়তন ভবন, মহিলা শ্রমজীবী হোস্টেলসহ ৮টি নবনির্মিত স্থাপনা উদ্‌বোধন করেন। সূত্র: জনকণ্ঠ
- মার্কিন সাময়িকী 'ফোর্বস' এর ২০২১ সালের প্রভাবশালী ১০০ নারীর তালিকায় বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা ৪৩তম। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ২০ হাজার ৫৪৯ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২৭৭। সুস্থ ২৯৬ ও ৬ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- ভারতের তামিলনাড়ুতে চিফ অব ডিফেন্স স্টাফ বিপিন রাওয়াতকে বহনকারী সামরিক হেলিকপ্টার (এমআই-১৭) বিধ্বস্ত হয়ে পাঁচ জনের মৃত্যু। সূত্র: সমকাল
- জার্মানির চ্যান্সেলর হিসেবে শপথ নিল দেশটির এসপিডি দলের নেতা ওলাফ শলস। সূত্র: সমকাল

**৯ ডিসেম্বর, বৃহস্পতিবার**

- 'আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস ২০২১' উপলক্ষ্যে রাজধানীর বাংলাদেশ শিল্পকলা একাডেমির জাতীয় নাট্যশালা অডিটরিয়ামে দুদক আয়োজিত আলোচনা সভায় ভিডিয়ো বার্তা প্রদান করেন রাষ্ট্রপতি মো. আব্দুল হামিদ। সূত্র: জনকণ্ঠ
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি কমলাপুর বীরশ্রেষ্ঠ শহিদ সিপাহি মোহাম্মদ মোস্তফা কামাল স্টেডিয়ামে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট বালক (অনূর্ধ-১৭) ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিব জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট বালিকা (অনূর্ধ-১৭) ২০২১ এর চূড়ান্ত প্রতিযোগিতা উপভোগ ও পুরস্কার বিতরণ করেন। সূত্র: জনকণ্ঠ
- অক্সফোর্ড-অ্যাস্ট্রাজেনেকার তৈরি কোভিশিল্ডের করোনার আরও ২৫ লাখ টিকার চালান ভারতের সেরাম ইনস্টিটিউট থেকে ঢাকা পৌঁছায়। সূত্র: ভোরের কাগজ

- গত ২৪ ঘণ্টায় দেশে ২১ হাজার ৪৯৬ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২৬২। সুস্থ ২৮৭ ও কোনো মৃত্যু হয়নি। সূত্র: জনকণ্ঠ

**১০ ডিসেম্বর, শুক্রবার**

- বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে (বিআইসিসি) 'ফোর্থ ইন্ডাস্ট্রিয়াল রেভ্যুলেশন অ্যান্ড বিয়ন্ড (আইসিআইআর) ২০২১' বিষয়ক দুদিনব্যাপী সম্মেলন ভার্চুয়ালি উদ্‌বোধন করেন রাষ্ট্রপতি মো. আব্দুল হামিদ। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ২০ হাজার ৫২ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২৬৯। সুস্থ ২৪৯ ও ১ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- জিম্বাবুয়ে ফেরত বাংলাদেশ নারী ক্রিকেট দলের দুই সদস্যের শরীরে করোনাভাইরাসের ওমিক্রন ধরন শনাক্ত। সূত্র: ইত্তেফাক
- মিয়ানমারে গত ফেব্রুয়ারিতে অভ্যুত্থানের পর বিক্ষোভকারী ও রাজনৈতিক কর্মীদের ওপর ব্যাপক দমন-পীড়ন চালানোর ঘটনায় মানবতাবিরোধী অপরাধের দায়ে আন্তর্জাতিক অপরাধ আদালতে (আইসিসি) অভিযুক্ত হয়েছেন মিয়ানমারের সামরিক শাসক জেনারেল মিন অং হ্লাইং। সূত্র: সমকাল
- মালিতে জাতিসংঘের শান্তিরক্ষী বাহিনীর গাড়িবহরে বোমা হামলার ঘটনায় সাত শান্তিরক্ষী নিহত। সূত্র: সমকাল

**১১ ডিসেম্বর, শনিবার**

- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে দুদিনব্যাপী 'ফোর্থ ইন্ডাস্ট্রিয়াল রেভ্যুলেশন অ্যান্ড বিয়ন্ড (আইসিআইআর) ২০২১' বিষয়ক আন্তর্জাতিক সম্মেলনের সমাপনী অনুষ্ঠানে গণভবন থেকে ভার্চুয়ালি অংশ নেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৫ হাজার ৬৩২ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১৭৭। সুস্থ ১২২ ও ৫ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ



- আফগানিস্তানে আটকে থাকা তহবিল থেকে খাদ্য ও স্বাস্থ্য সহায়তা হিসেবে আংশিক অর্থ (২৮ কোটি ডলার) ফেরত দেওয়ার ঘোষণা দিল বিশ্বব্যাংক। সূত্র: যুগান্তর
- জার্মানির নতুন চ্যান্সেলর ওলাফ শোলজ ইরাকি বংশোদ্ভূত মুসলিম নারী রিম আল-আবালিকে জার্মানির অভিবাসন ও শরণার্থী বিষয়ক মন্ত্রী মনোনীত করেছেন। সূত্র: জনকণ্ঠ

**১২ ডিসেম্বর, রবিবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে 'ডিজিটাল বাংলাদেশ দিবস' উপলক্ষ্যে রাজধানীর হোটেল রেডিসন ব্লুতে টেলিটকের পরীক্ষামূলক ফাইভ-জি নেটওয়ার্ক উদ্‌বোধন অনুষ্ঠানে ভিডিয়ো বার্তা প্রদান করেন। সূত্র: যুগান্তর
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি চট্টগ্রামের ভাটিয়ারিতে বাংলাদেশ মিলিটারি একাডেমি (বিএমএ)-এর আয়োজনে মূল অনুষ্ঠানে অংশ নেন। সূত্র: জনকণ্ঠ
- করোনাভাইরাস মোকাবিলায় কোভ্যাক্স কর্মসূচির অধীনে আসা বাংলাদেশকে অ্যাস্ট্রাজেনেকা ১২ লাখ ডোজ কোভিড-১৯ টিকা উপহার দিয়েছে নরওয়ে, সুইডেন ও সুইজারল্যান্ড। সূত্র: জনকণ্ঠ
- স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে দেশের কওমি মাদ্‌রাসায় মুক্তিযুদ্ধের ইতিহাসকে পাঠ্য করা হয়েছে। জাতীয় প্রেসক্লাবে সংবাদ সম্মেলনে জাতীয় কওমি মাদ্‌রাসা শিক্ষা বোর্ড কর্মকর্তারা এই তথ্য জানান। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ২১ হাজার ৬১২ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩২৯। সুস্থ ২৮৮ জন ও ৬ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- তাবলিগ জামাতকে 'সন্ত্রাসবাদের অন্যতম দরজা' আখ্যা দিয়ে নিষিদ্ধ করেছে সৌদি আরব। সৌদি আরবের ইসলামি বিষয়ক মন্ত্রী ড. আব্দুল লাতিফ আল শেখের টুইট। সূত্র: যুগান্তর

**১৩ ডিসেম্বর, সোমবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গণভবন থেকে মন্ত্রিসভার ভার্চুয়াল বৈঠকে বাণিজ্য সংগঠন আইন, আন্তর্জাতিক উদরাময় গবেষণা

কেন্দ্র আইন, পেমেন্ট অ্যান্ড সেটেলমেন্ট সিস্টেমস আইন ২০২১ এর খসড়ার চূড়ান্ত অনুমোদন। সূত্র: যুগান্তর

- তুরস্কের রাজধানী আঙ্কারায় বঙ্গবন্ধুর শেখ মুজিবুর রহমানের আবক্ষ ভাস্কর্য ও একটি উদ্যানের উদ্‌বোধন করেছেন ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র আতিকুল ইসলাম। সূত্র: সমকাল
- স্বাধীনতার ঘোষণাপত্র পাঠ্যবইয়ে অন্তর্ভুক্তির বিষয়ে বিশেষজ্ঞ কমিটি গঠনের নির্দেশ ও একই সঙ্গে কেন তা পাঠ্যবইয়ে অন্তর্ভুক্ত করা হবে না তা জানতে চেয়ে রুল জারি করেছেন আদালত। সূত্র: জনকণ্ঠ
- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচিতে (সিপিপি) নারী ক্ষমতায়ন উদ্যোগের স্বীকৃতি হিসেবে 'এসডিজি অর্জনে জেন্ডার-রেসপন্সিভ সেবা' ক্যাটাগরিতে 'জাতিসংঘ জনসেবা পদক ২০২১' পদক অর্জন করেছে বাংলাদেশ। সংযুক্ত আরব আমিরাতের দুবাইয়ে জাতিসংঘ আয়োজিত অনুষ্ঠানে সরকারের পক্ষে পদক গ্রহণ করেন দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ডা. এনামুর রহমান। সূত্র: যুগান্তর
- দেশের সব মহানগরে বেসরকারি বাসে শিক্ষার্থীদের হাফ পাস নির্ধারণ করে প্রজ্ঞাপন জারি করেছে সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রণালয়। সড়ক পরিবহণ আইন ২০১৮ এর ধারা ৩৪ (২) এ প্রদত্ত ক্ষমতাবলে এই প্রজ্ঞাপন জারি করা হয়। সূত্র: ইত্তেফাক
- দেশের প্রথম মহিলা তথ্যপ্রযুক্তিবিদ খন্দকার আফরোজা হোসেন পলির (৬১) ইন্তেকাল। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ২২ হাজার ৩৭ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩৮৫। সুস্থ ২৬৭ ও ৩ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- প্রতিরক্ষা খাতে অস্ট্রেলিয়া ও দক্ষিণ কোরিয়ার মধ্যে ৭০ কোটি ১৭ লাখ মার্কিন ডলারের চুক্তি স্বাক্ষরিত। চুক্তির ফলে প্রথমবারের মতো পারমাণবিক ক্ষমতাসম্পন্ন সাবমেরিন তৈরি করতে পারবে অস্ট্রেলিয়া। সূত্র: যুগান্তর

**১৪ ডিসেম্বর, মঙ্গলবার**

- শহিদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষ্যে জাতির শ্রেষ্ঠ সন্তানদের প্রতি রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনার পক্ষ থেকে মিরপুর



শহীদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে শ্রদ্ধা জানানো হয়। দিবসটি উপলক্ষ্যে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী প্রদান করেন। সূত্র: ইত্তেফাক

- শহিদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষ্যে গণভবনে বাংলাদেশ ডাক বিভাগ থেকে ইস্যু করা আলাদা স্মারক ডাকটিকিট অবমুক্ত করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: যুগান্তর
- করোনাভাইরাস মোকাবিলায় কোভ্যাক্স-এর আওতায় ৮০ লাখেরও বেশি অ্যাস্ট্রাজেনেকার টিকা হস্তান্তর করেছে জাপান ও যুক্তরাজ্য। স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী এই তথ্য জানান। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ২২ হাজার ৮৭০ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২৯৫। সুস্থ ২৪৭ ও ৩ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- ইসলামী সহযোগিতা সংস্থা (ওআইসি) সম্মেলনে অংশ নিতে ডিসেম্বরের তৃতীয় সপ্তাহে পাকিস্তানের ইসলামাবাদে অনুষ্ঠিতব্য আফগানিস্তানের ক্ষমতাসীন তালেবান সরকারকে আমন্ত্রণ জানানো হয়েছে। সূত্র: জনকণ্ঠ
- চীনের প্রেসিডেন্ট শি জিনপিং এবং রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন ভার্চুয়াল বৈঠক। সূত্র: ইত্তেফাক
- মার্কিন প্রযুক্তি উদ্যোক্তা ও গাড়ি নির্মাণ প্রতিষ্ঠান টেসলার প্রধান নির্বাহী ইলন মাস্ককে 'পারসন অব দ্য ইয়ার ২০২১' অভিহিত করেছে মার্কিন সাময়িকী টাইম। সূত্র: যুগান্তর

**১৫ ডিসেম্বর, বুধবার**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের আমন্ত্রণে মহান বিজয় দিবসের সুবর্ণজয়ন্তী, মুজিববর্ষের সমাপনী দিন ও বাংলাদেশ-ভারত বন্ধুত্বের ৫০ বছর পূর্তি উদ্‌যাপন উপলক্ষ্যে আয়োজিত কর্মসূচিতে অংশ নিতে ভারতের রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ তিন দিনের রাষ্ট্রীয় সফরে ঢাকা পৌঁছান। সূত্র: সমকাল
- বাংলাদেশ সফররত ভারতের রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ সাভার জাতীয় স্মৃতিসৌধে বীর শহীদদের প্রতি এবং ধানমন্ডিতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। সূত্র: জনকণ্ঠ

- বঙ্গভবনে বাংলাদেশের রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন ভারতের রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ। পরে বঙ্গভবনে ভারতের রাষ্ট্রপতির সৌজন্যে দেওয়া নৈশভোজে প্রধানমন্ত্রী শেখ হাসিনাও অংশ নেন। সূত্র: সমকাল
- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি সম্মান দেখাতে কানাডার সাস্কাচুয়ান বিশ্ববিদ্যালয়ের গ্লোবাল ইনস্টিটিউট ফর ফুড সিকিউরিটিতে 'বঙ্গবন্ধু রিসার্চ চেয়ার' স্থাপন করা হয়েছে। সূত্র: জনকণ্ঠ
- জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি (ইউএনডিপি) ও মোহাম্মদ বিন রশিদ আল মাকতুম নলেজ ফাউন্ডেশন প্রকাশিত গ্লোবাল নলেজ ইনডেক্স (জিকেআই) ২০২১ শীর্ষক প্রতিবেদন প্রকাশ। বৈশ্বিক জ্ঞান সূচকে ২০২১ সালে ১৫৪টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ১২০তম। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৮ হাজার ১৫৩ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২৯৭। সুস্থ ২৬৯ ও ৪ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- সংযুক্ত আরব আমিরাতের যুবরাজ শেখ মুহাম্মদ বিন জায়েদ আল নাহিয়ানের সঙ্গে বৈঠক করেছেন সফররত ইসরাইলের প্রধানমন্ত্রী নাফতালি বেনেট। সূত্র: সমকাল

**১৬ ডিসেম্বর, বৃহস্পতিবার**

- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও বিজয়ের সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় 'মহাবিজয়ের মহানায়ক' প্রতিপাদ্যে অনুষ্ঠানে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ অংশগ্রহণ করেন। সূত্র: ইত্তেফাক
- স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও মুজিববর্ষ উপলক্ষ্যে জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় আয়োজিত 'মহাবিজয়ের মহানায়ক' শিরোনামের অনুষ্ঠান থেকে ভার্চুয়ালি সারা দেশের সঙ্গে যুক্ত হয়ে সর্বস্তরের মানুষকে শপথবাক্য পাঠ করান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: ইত্তেফাক
- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও দেশের স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবনে আয়োজিত অনুষ্ঠানে স্মারক ডাকটিকিট অবমুক্ত করেন। সূত্র: জনকণ্ঠ



- বাংলাদেশের মুক্তিযুদ্ধের ৫০ বছর পূর্তি আর ভারত-বাংলাদেশ মৈত্রীর সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে কলকাতায় বাংলাদেশ ভিসা আবেদন কেন্দ্র ভার্চুয়ালি উদ্‌বোধন করেন পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন। সূত্র: ভোরের কাগজ
- গত ২৪ ঘণ্টায় দেশে ২৫ হাজার ২০৩ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২৫৭। সুস্থ ১৮১ ও ৩ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- বীর মুক্তিযোদ্ধা এ্যাডভোকেট পরিমল চন্দ্র গুহের (পি সি গুহ) (৭৫) মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- আফগানিস্তানে প্রথমবারের মতো 'সৌদির রাষ্ট্রীয় প্রতিষ্ঠান কিং সালমান হিউম্যানেটিরিয়ান এইড অ্যান্ড রিলিফ সেন্টারের (কেএস রিলিফ)' পক্ষ থেকে মানবিক সহায়তা পাঠাল সৌদি আরব। সূত্র: ইত্তেফাক

**১৭ ডিসেম্বর, শুক্রবার**

- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও দেশের মহান বিজয়ের সুবর্ণজয়ন্তী উদ্‌যাপনের সমাপনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা অংশ নেন। সূত্র: যুগান্তর
- 'আন্তর্জাতিক অভিবাসী দিবস' উপলক্ষ্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাণী প্রদান করেন। বাণীতে তিনি বলেন, জাতির পিতার প্রতি শ্রদ্ধা জানিয়ে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় বিদেশে ৫টি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সেনটিনিয়াল স্কুল প্রতিষ্ঠা করতে যাচ্ছে। এর ফলে অভিবাসীর সন্তানদের জন্য প্রবাসে শিক্ষার সুযোগ সৃষ্টি হবে।' সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৬ হাজার ৩১০ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১৯১। সুস্থ ১৪৫ ও ২ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন অস্ট্রেলিয়ায় রাষ্ট্রদূত হিসেবে যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট জন এফ কেনেডির মেয়ে ক্যারোলাইন কেনেডিকে (৬৪) মনোনীত করেছেন। সূত্র: ইত্তেফাক

**১৮ ডিসেম্বর, শনিবার**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বঙ্গভবন থেকে 'বাংলাদেশ সুপ্রিমকোর্ট দিবস ২০২১' উদ্‌যাপন উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে ভার্চুয়ালি যুক্ত হন। সূত্র: ইত্তেফাক
- ২০২১ সালের বাংলা একাডেমি পুরস্কার ঘোষণা করা হয়। সূত্র: ইত্তেফাক
- বীর মুক্তিযোদ্ধার ইংরেজি প্রতিশব্দ 'হিরোইক ফ্রিডম ফাইটার' নির্ধারণ। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন জারি। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৩ হাজার ৩১০ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ১২২। সুস্থ ১৪৪ ও ৪ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- রাশাদ হোসাইনকে যুক্তরাষ্ট্রের প্রথম মুসলিম আন্তর্জাতিক ধর্মীয় স্বাধীনতা বিষয়ক দূত হিসেবে অনুমোদন দিয়েছে সিনেট। সূত্র: সমকাল

**১৯ ডিসেম্বর, রবিবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গণভবন থেকে সচিবালয়ে ভার্চুয়ালি অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে বাংলাদেশ ইউনানি ও আয়ুর্বেদিক চিকিৎসা শিক্ষা আইনের খসড়া নীতিগত আইনের খসড়া অনুমোদন। সূত্র: সমকাল
- বর্ডার গার্ড বাংলাদেশের (বিজিবি) 'বিজিবি দিবস-২০২১' উদ্‌যাপন উপলক্ষ্যে রাজধানীর পিলখানায় গণভবন থেকে ভার্চুয়ালি প্রধান অতিথি হিসেবে অংশ নেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এ সময় পিলখানায় নবনির্মিত সীমান্ত সম্মেলন কেন্দ্রেরও উদ্‌বোধন করেন প্রধানমন্ত্রী। সূত্র: জনকণ্ঠ
- দেশে প্রথম করোনার বুস্টার ডোজ নিল 'প্রথম করোনা টিকা গ্রহণকারী নার্স রুনু ভেরোনিকা কস্তা।' সূত্র: জনকণ্ঠ
- করোনাভাইরাস মোকাবিলায় বাংলাদেশকে আরও ১৭ লাখ ৮০ হাজার ডোজ ফাইজারের টিকা উপহার দিয়েছে যুক্তরাষ্ট্র। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৭ হাজার ৩৩২ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২১১। সুস্থ ২৬৮ ও ১ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- ঢাকায় যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত হিসেবে পিটার ডি হাসকে মনোনয়ন দিয়েছে যুক্তরাষ্ট্র কংগ্রেস। সূত্র: ভোরের কাগজ



- বিবিসির অনুসন্ধানী প্রতিবেদন: মিয়ানমারের সেনাবাহিনী সাগাইং জেলার কানি শহরে অন্তত ৪০ জনকে নির্যাতনের পর হত্যা করেছে। গত জুলাই মাসে সেনাবাহিনী সিরিজ আকারে এসব হত্যাকাণ্ড চালিয়েছে। এসব তথ্যের অনুসন্ধানে যেসব ভিডিয়ো ও ছবি মিলেছে, তাতে দেখা গেছে, অধিকাংশ ক্ষেত্রে হত্যা করার আগে নির্যাতন চালানো হয়। তারপর মাটিতে গর্ত খুঁড়ে পুঁতে ফেলা হয় মরদেহ। সূত্র: ইত্তেফাক
- পাকিস্তানের রাজধানী ইসলামাবাদে অর্গানাইজেশন অব ইসলামিক কোঅপারেশন (ওআইসি)-র সদস্যভুক্ত ৫৭টি দেশের প্রতিনিধির বৈঠক অনুষ্ঠিত। বৈঠকে আফগানিস্তানকে অর্থনৈতিক সংকট থেকে বাঁচাতে মানবিক সহায়তা ফান্ড গঠন করে অর্থ সাহায্যের সিদ্ধান্ত। সূত্র: সংবাদ

**২০ ডিসেম্বর, সোমবার**

- বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের কাছে জাতীয় সংসদের প্রধান বিরোধী দল জাতীয় পার্টির (জাপা) নির্বাচন কমিশন (ইসি) গঠনে সংবিধানের নির্দেশনা অনুযায়ী আইন প্রণয়নের দাবি করেছে। এ সময় রাষ্ট্রপতির কাছে সার্চ কমিটির জন্য চারজন এবং প্রধান নির্বাচন কমিশনার হিসেবে একজনের নাম প্রস্তাব করে জাপা। সূত্র: যুগান্তর
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি রাজধানীর বেইলি রোডে বাংলাদেশ ফরেন সার্ভিস একাডেমি মিলনায়তনে পররাষ্ট্র মন্ত্রণালয় আয়োজিত বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে 'বঙ্গবন্ধু মেডেল ফর ডিপ্লোমেটিক এক্সিলেন্স অ্যাওয়ার্ড-২০২০' অনুষ্ঠানে অংশ নেন। সূত্র: জনকণ্ঠ
- বিভিন্ন ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতি স্বরূপ দেশের ৩১ ব্যক্তি ও সংগঠনকে 'জয় বাংলা ইয়ুথ অ্যাওয়ার্ড-২০২১' প্রদান করা হয়। সাভারের শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটে আয়োজিত অনুষ্ঠানে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দৌহিত্র ও সেন্টার ফর রিসার্চ অ্যান্ড ইনফরমেশনের (সিআরআই) ট্রাস্টি রেদওয়ান মুজিব সিদ্দিক বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন। সূত্র: ইত্তেফাক
- সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ৪১তম সভায় ১৬ হাজার ৬২০ কোটি টাকা ব্যয়ে ১২টি প্রস্তাব অনুমোদন। সূত্র: ইত্তেফাক

- একাত্তরে স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের শব্দ সৈনিক, বীর মুক্তিযোদ্ধা, নারীনেত্রী, সাহিত্যিক, উদীচী চট্টগ্রামের সভাপতি ও শহীদজায়া মুশতারী শফীর (৮৪) ইন্তেকাল। শোক ও দুঃখ প্রকাশ করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: ইত্তেফাক
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৯ হাজার ২৫৫ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২৬০। সুস্থ ২৩৬ ও ২ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- ২০১৫ সালে বাংলাদেশি ব্লগার ও লেখক অভিজিৎ রায়কে হত্যার মূল পরিকল্পনাকারী মৃত্যুদণ্ডপ্রাপ্ত পলাতক আসামি সৈয়দ জিয়াউল হক ওরফে মেজর জিয়া এবং আকরাম হোসেনের ব্যাপারে তথ্য দিলে ৫০ লাখ ডলার (প্রায় ৪৪ কোটি টাকা) পুরস্কার দেয়ার ঘোষণা যুক্তরাষ্ট্রের। মার্কিন পররাষ্ট্র দপ্তরের রিওয়ার্ড ফর জাস্টিস-ইউএসএর টুইটার। সূত্র: সংবাদ
- মিয়ানমারের সেনাবাহিনী এবং জাতিগত বিদ্রোহীদের মধ্যে তীব্র লড়াইয়ের মুখে পালিয়ে আসা ৬শ'রও বেশি শরণার্থীকে ফেরত পাঠাল থাইল্যান্ড। সূত্র: সংবাদ
- চিলির ছাত্র আন্দোলনের নেতা থেকে দেশটির সর্বকনিষ্ঠ প্রেসিডেন্ট নির্বাচিত বামপন্থি আদর্শের অনুসারী গ্যাব্রিয়েল বোরিক (৩৫)। সূত্র: যুগান্তর

**২১ ডিসেম্বর, মঙ্গলবার**

- নিউইয়র্কভিত্তিক সাময়িকী ফরচুনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নিবন্ধ প্রকাশিত। নিবন্ধে প্রধানমন্ত্রী লিখেছেন, সবচেয়ে বেশি ঝুঁকিতে থাকা মানুষ ও ব্যবসা সুরক্ষায় সরকারের দ্রুত পদক্ষেপের কারণে করোনা মহামারি বাংলাদেশে বড় ধরনের ক্ষতি করতে পারেনি। সূত্র: সমকাল
- যুক্তরাষ্ট্রের লস অ্যাঞ্জেলেস শহরে ফ্রিওয়ের পাশে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী এবং বাংলাদেশের ৫০তম বিজয় দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে ডিজিটাল বিল বোর্ডে বঙ্গবন্ধুর ছবি প্রদর্শনের মধ্য দিয়ে শ্রদ্ধা জানানো হয়। সূত্র: জনকণ্ঠ



- পরিচয়পত্র (এনআইডি) অনুযায়ী পাসপোর্ট সংশোধন করা যাবে। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের পরিপত্র জারি। সূত্র: ইত্তেফাক
- লন্ডনভিত্তিক আন্তর্জাতিক প্রকাশনা সংস্থা ফিলামেন্ট পাবলিশিং লিমিটেড বাংলাদেশী সাংবাদিক আশেকুন নবী চৌধুরীর লেখা 'শেখ হাসিনা : দ্য এসেন্স অব হার ওয়ার্ল্ড' নামে বই প্রকাশ করেছে। সূত্র: জনকণ্ঠ
- ২০২১-২২ অর্থবছরের জাতীয় বাজেটে বাংলাদেশকে ১০০ মিলিয়ন মার্কিন ডলার (৮৫০ কোটি টাকা) সহায়তার অংশ হিসেবে অর্থ মন্ত্রণালয়ের অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি) ও দক্ষিণ কোরিয়া সরকারের মধ্যে 'প্রোগ্রাম লোন ফর সাসটেইনেবল ইকোনমিক রিকভারি' সংক্রান্ত ঋণচুক্তি স্বাক্ষর। সূত্র: জনকণ্ঠ
- গত ২৪ ঘণ্টায় দেশে ২০ হাজার ৯০৯ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২৯১। সুস্থ ২৬৪ ও ১ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- মিয়ানমারের ক্যাডেটদের জন্য জাপানের সামরিক-অধ্যয়ন ও যুদ্ধ প্রশিক্ষণ কর্মসূচি বন্ধের আহ্বান জানিয়েছে আন্তর্জাতিক মানবাধিকার সংগঠন হিউম্যান রাইটস ওয়াচ (এইচআরডব্লিউ)। সূত্র: জনকণ্ঠ
- করোনা টিকার সনদ জমা না দিলে সরকারি চাকরিজীবীরা বেতন পাবেন না। ভারতের পাঞ্জাবের প্রাদেশিক সরকারের বিবৃতি। সূত্র: যুগান্তর

**২২ ডিসেম্বর, বুধবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা মালদ্বীপের প্রেসিডেন্ট ইবরাহিম মোহাম্মদ সলিহের আমন্ত্রণে প্রথম ছয় দিনের সফরে দেশটিতে পৌছান। সূত্র: সংবাদ
- বাংলাদেশে বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার সম্প্রসারণ, আধুনিকায়ন এবং টেকসই রূপান্তরে সহায়তা করতে ৫০ কোটি ডলার ঋণ অনুমোদন করেছে বিশ্বব্যাংক। সূত্র: সমকাল
- ধানের পূর্ণাঙ্গ জিনোম সিকোয়েন্স বা জীবনরহস্য ও বিভিন্ন বৈশিষ্ট্যের জন্য দায়ী জিন আবিষ্কার করেছে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (বাকৃবি) ও বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউটের (বিনা) একদল গবেষক। সূত্র: যুগান্তর

- গত ২৪ ঘণ্টায় দেশে ১৮ হাজার ৭৭৯ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩৫২। সুস্থ ২৮১ ও ১ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- যুক্তরাষ্ট্রে করোনাভাইরাসে আক্রান্ত রোগীদের চিকিৎসায় ফাইজারের তৈরি মুখে খাওয়ার অ্যান্টিভাইরাল পিল 'প্যাক্সলোভিড' ব্যবহারের অনুমোদন দিয়েছে ফুড অ্যান্ড ড্রাগ অ্যাডমিনিস্ট্রেশন (এফডিএ)। সূত্র: সংবাদ
- মিয়ানমারের উত্তরাঞ্চলে চীন সংলগ্ন কাচিন রাজ্যের পাকান্ত শহরে জেড পাথরের খনিতে ভূমিধসে ১ জনের মৃত্যু, আহত ২৫ জন এবং নিখোঁজ ৭০ জন। সূত্র: ইত্তেফাক
- রাজধানীর বীরশ্রেষ্ঠ শহীদ সিপাহি মোহাম্মদ মোস্তফা কামাল স্টেডিয়ামে অনুষ্ঠিত সাফ অনূর্ধ্ব-১৯ নারী চ্যাম্পিয়নশিপ ফুটবলে ভারতকে ১-০ গোলে হারিয়ে চ্যাম্পিয়ন হয়েছে বাংলাদেশ। অভিনন্দন জানিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: ইত্তেফাক

**২৩ ডিসেম্বর, বৃহস্পতিবার**

- মালদ্বীপ সফররত প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও মালদ্বীপের প্রেসিডেন্ট ইবরাহিম মোহাম্মদ সলিহের মধ্যে দ্বিপক্ষীয় সংলাপ। স্বাস্থ্য, শিক্ষা, দ্বৈত কর পরিহার এবং যুব ও ক্রীড়া ক্ষেত্রে তিনটি চুক্তি স্বাক্ষর এবং একটি চুক্তি নবায়ন করা হয়। সূত্র: সমকাল
- মালদ্বীপের পার্লামেন্টে ভাষণ প্রদান করেন মালদ্বীপ সফররত প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: জনকণ্ঠ
- নির্বাচন কমিশন (ইসি) গঠন প্রক্রিয়ার অংশ হিসেবে আলোচনার জন্য গণফোরাম, বিকল্পধারা বাংলাদেশ, গণতন্ত্র পার্টি এবং বাংলাদেশের কমিউনিস্ট পার্টি (সিপিবি) কে বঙ্গভবনে আমন্ত্রণ জানান রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। সূত্র: ইত্তেফাক
- দেশের ২২টি বিশেষায়িত হাসপাতালে চিকিৎসা পাবেন বীর মুক্তিযোদ্ধারা। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন সরকারি ও বিশেষায়িত হাসপাতালগুলোতে বীর মুক্তিযোদ্ধাদের চিকিৎসাসেবা দিতে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ও স্বাস্থ্যসেবা বিভাগের মধ্যে আগামী পাঁচ বছর মেয়াদি সমঝোতা স্মারক (এমওইউ) নবায়ন। সূত্র: ইত্তেফাক



- গত ২৪ ঘণ্টায় দেশে ১৯ হাজার ৬২৪ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩৮২। সুস্থ ৩১২ ও ২ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- চীনের জিনজিয়াং প্রদেশে উইঘুর মুসলিমদের নির্যাতন করে জোরপূর্বক কাজ করিয়ে উৎপাদন করা পণ্য নিষিদ্ধ করার আইনে স্বাক্ষর করেছেন মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন। সূত্র: কালের কণ্ঠ
- দুর্নীতির অভিযোগে অভিশংসনের মাধ্যমে ক্ষমতাচ্যুত এবং ২২ বছর কারাদণ্ডপ্রাপ্ত দক্ষিণ কোরিয়ার সাবেক প্রেসিডেন্ট পার্ক জিউন-হাই (৬৯) কে নতুন বছর উপলক্ষ্যে রাষ্ট্রীয় ক্ষমা ঘোষণা করেছেন প্রেসিডেন্ট মুন জায়ে-ইন। সূত্র: সমকাল

**২৪ ডিসেম্বর, শুক্রবার**

- ঢাকা থেকে বরগুনাগামী যাত্রীবাহী 'এমভি অভিযান-১০' লঞ্চে আগুন। হতাহতের ঘটনায় রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার শোক প্রকাশ। সূত্র: যুগান্তর
- মালদ্বীপ সফররত প্রধানমন্ত্রী শেখ হাসিনা মালে ইস্কান্দার স্কুলে প্রবাসী বাংলাদেশিদের আয়োজিত নাগরিক সংবর্ধনা অনুষ্ঠানে ভার্চুয়ালি অংশ নেন। সূত্র: সমকাল
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৬ হাজার ৯১৩ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩৪২। সুস্থ ২৯২ ও ১ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- তালেবান ক্ষমতা নেওয়ার পর আফগানিস্তানে তিন মাসে ছয় হাজার ৪০০ জনের বেশি সাংবাদিক চাকরি হারিয়েছেন। ২৩১টির বেশি মিডিয়া বন্ধ হয়ে গেছে। রিপোর্টারস উইদাআউট বর্ডারস (আরএসএফ) এবং আফগান ইন্ডিপেনডেন্ট জার্নালিস্টস অ্যাসোসিয়েশনের (এআইজেএ)-এর প্রতিবেদন। সূত্র: ইত্তেফাক
- আফগানিস্তানে বিজ্ঞাপনে নারীদের ছবি ব্যবহারে নিষেধাজ্ঞা আরোপ করেছে তালেবান সরকার। সূত্র: যুগান্তর
- মানবাধিকার বিশেষজ্ঞ বাংলাদেশি বংশোদ্ভূত ব্যারিস্টার সুলতানা তপাদারকে বৃটিশ রানীর পরামর্শে দেশটির উপপ্রধানমন্ত্রী ও লর্ড চ্যান্সেলর ডোমিনিক রাব'র নিয়োগ। সূত্র: জনকণ্ঠ

**২৫ ডিসেম্বর, শনিবার**

- ঝালকাঠির সুগন্ধা নদীতে এমভি অভিযান-১০ লঞ্চে অগ্নিকাণ্ডে আহতদের প্রধানমন্ত্রী শেখ হাসিনা সর্বোচ্চ চিকিৎসার নির্দেশনা দিয়েছেন। শেখ হাসিনা জাতীয় বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে রোগীদের সার্বিক পরিস্থিতি দেখার পর সাংবাদিকদের স্বাস্থ্য মন্ত্রণালয়ের সিনিয়র সচিব লোকমান হোসেন মিয়া এ কথা জানান। সূত্র: ভোরের কাগজ
- কক্সবাজার সদর উপজেলার খুরুশকুলে বাংলাদেশ সেনাবাহিনীর তত্ত্বাবধানে নির্মাণাধীন বিশেষ 'আশ্রয়ণ প্রকল্প' পরিদর্শন করেছেন সেনাপ্রধান জেনারেল এস এম শফিউদ্দিন আহমেদ। সূত্র: ইত্তেফাক
- একুশে পদকপ্রাপ্ত বিশিষ্ট সাংবাদিক রিয়াজ উদ্দিন আহমেদ (৭৭)-এর ইন্তেকাল। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৬ হাজার ৬৯৯ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২৭৫। সুস্থ ২২৪ ও ১ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- দক্ষিণ আফ্রিকার বর্ণবাদবিরোধী আন্দোলনের অন্যতম নেতা ও শান্তিতে নোবেলজয়ী আর্চবিশপ ডেসমন্ড টুটু (৯০)-এর মৃত্যু। সূত্র: সমকাল
- 'ডুয়েল মোড ভেহিকল' বাণিজ্যিক যাত্রা চালু করেছে জাপানে। সূত্র: সমকাল
- ইসরাইল সরকার অধিকৃত গোলান মালভূমিতে ইহুদি বসতির সংখ্যা দ্বিগুণ করার লক্ষ্যে ৩০ কোটি ডলার ব্যয়ের পরিকল্পনার অনুমোদন। সূত্র: ইত্তেফাক

**২৬ ডিসেম্বর, রবিবার**

- অর্থনৈতিক বিকাশের বর্তমান ধারা অব্যাহত থাকলে বাংলাদেশ ২০৩৬ সাল নাগাদ বিশ্বের ২৪তম বৃহৎ অর্থনীতির দেশ হবে। যুক্তরাজ্যের অর্থনৈতিক গবেষণা সংস্থা সেন্টার ফর ইকোনমিক্স অ্যান্ড বিজনেস রিসার্চের (সিইবিআর) 'ওয়ার্ল্ড ইকোনমিক লিগ টেবিল ২০২২' শীর্ষক প্রতিবেদনে এই তথ্য প্রকাশিত হয়। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৭ হাজার ৭২ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ২৬৮। সুস্থ ২৪৭ ও ৪ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ



- আফগানিস্তানে ঘনিষ্ঠ পুরুষ সঙ্গী ছাড়া নারীদের দূরে কোথাও ভ্রমণের ক্ষেত্রে নিষেধাজ্ঞা আরোপ করেছে তালেবান সরকার। সূত্র: জনকণ্ঠ
- সোমালিয়ায় নির্বাচনকে কেন্দ্র করে বাকযুদ্ধে জড়ানোর কারণে প্রধানমন্ত্রী মোহামেদ হুসাইন রোবলের ক্ষমতা স্থগিত করেছে প্রেসিডেন্ট মুহামেদ আবদুল্লাহি মোহামেদ। সূত্র: কালের কণ্ঠ
- করোনাভাইরাস মহামারিতে ভ্রমণ বিধি-নিষেধ শিথিল করে বিশ্বের ৭৩ দেশের 'সবুজ তালিকা' প্রকাশ করেছে সংযুক্ত আরব আমিরাত। নতুন ঘোষণা অনুযায়ী, হালনাগাদ সবুজ তালিকায় থাকা দেশগুলোর যাত্রীরা আবুধাবিতে পৌঁছানোর পর বাধ্যতামূলক কোয়ারেন্টাইন ব্যবস্থা থেকে অব্যাহতি পাবেন। সূত্র: ভোরের কাগজ

**২৭ ডিসেম্বর, সোমবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা ছয় দিনের মালদ্বীপ সফর শেষে দেশে পৌঁছান। সূত্র: ইত্তেফাক
- করোনাভাইরাস মোকাবিলায় বাংলাদেশকে ৯ লাখ ৫৬ হাজার ডোজ অ্যাস্ট্রাজেনেকার টিকা উপহার দিয়েছে অস্ট্রিয়া। সূত্র: জনকণ্ঠ
- বাংলাদেশ আওয়ামী লীগের উপদেষ্টা পরিষদ সদস্য ও বীর মুক্তিযোদ্ধা জয়নাল হাজারীর (৭৮) ইন্তেকাল। রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার শোক প্রকাশ। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৭ হাজার ২৭১ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৩৭৩। সুস্থ ৩২৩ ও ১ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- চীনে দক্ষিণ গুয়াংডং প্রদেশের ইয়াংজিয়াং সমুদ্র তীরে প্রায় ১০ লাখ কিলোওয়াট উৎপাদন ক্ষমতা সম্পন্ন বায়ুচালিত বিদ্যুৎ কেন্দ্র স্থাপন। সূত্র: যুগান্তর
- দুর্নীতি ও সরকারি জমির মামলার তদন্তে ক্ষমতার অপব্যবহারের অভিযোগে সোমালিয়ার প্রধানমন্ত্রী মোহামেদ হুসেইন রোবেলকে সাময়িক বরখাস্ত করেছে প্রেসিডেন্ট মোহামেদ আবদুল্লাহি মোহামেদ। সূত্র: ইত্তেফাক

**২৮ ডিসেম্বর, মঙ্গলবার**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা বঙ্গভবন থেকে বাংলাদেশ সুপ্রিমকোর্ট প্রাঙ্গণে সুপ্রিমকোর্ট প্রকাশিত 'বঙ্গবন্ধু ও বিচার বিভাগ' এবং 'বঙ্গবন্ধু অ্যান্ড জুডিসিয়ারি' শীর্ষক বাংলা ও ইংরেজি মুজিববর্ষ স্মারক গ্রন্থ এবং 'ন্যায়কণ্ঠ' শীর্ষক মুজিববর্ষ স্মরণিকার মোড়ক উন্মোচন অনুষ্ঠানে অংশ নেন। সূত্র: জনকণ্ঠ
- টেকসই উন্নয়নের লক্ষ্যে রেলওয়ের সামর্থ্য বৃদ্ধির বিভিন্ন উদ্যোগের অংশ হিসেবে ৫৮০টি মিটারগেজ ওয়াগন কেনার জন্য রেলভবনে চায়নিজ কোম্পানি সিআরআরসির সঙ্গে চুক্তি করেছে বাংলাদেশ রেলওয়ে। সূত্র: জনকণ্ঠ
- উপযোগিতা বা প্রায়োগিক ক্ষেত্র না থাকায় ১৫০ বছরের বেশি পুরানো সাতটি আইন বাতিলের সুপারিশ করেছে আইন কমিশন। সূত্র: যুগান্তর
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৮ হাজার ৯৩৮ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষা। শনাক্ত ৩৯৭ জন, সুস্থ ২৯৪ জন ও ১ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- ইউক্রেন ও রাশিয়ার সঙ্গে চলমান যুদ্ধ পরিস্থিতিতে যুক্তরাষ্ট্রের নৌবহরকে ভূমধ্যসাগরে অবস্থান করার নির্দেশ দিয়েছে মার্কিন প্রতিরক্ষামন্ত্রী লয়েড অস্টিন। সূত্র: যুগান্তর
- মার্কিন সামরিক ব্যবস্থাকে শক্তিশালী করতে 'ন্যাশনাল ডিফেন্স অথরাইজেশন অ্যাক্ট, ২০২২' -এর জন্য ৭৭০ বিলিয়ন ডলার ব্যয়ের বিলে স্বাক্ষর করেছেন প্রেসিডেন্ট জো বাইডেন। সূত্র: জনকণ্ঠ
- কলকাতার মেয়র হিসেবে দ্বিতীয়বারের জন্য ৩৯তম মেয়র হিসেবে শপথ নিলেন রাজ্যের ক্ষমতাসীন তৃণমূল কংগ্রেসের সিনিয়র নেতা ফিরহাদ হাকিম। সূত্র: জনকণ্ঠ

**২৯ ডিসেম্বর, বুধবার**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে বঙ্গভবনে বিদায়ী প্রধান বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেন সৌজন্য সাক্ষাৎ করেন। সূত্র: জনকণ্ঠ
- সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে পুরানো চারটি রেন্টাল বিদ্যুৎ কেন্দ্রের মেয়াদ ৫ বছর পর্যন্ত বাড়ানোর পাশাপাশি চট্টগ্রামের



মিরসরাইয়ে ৬৬০ মেগাওয়াট ক্ষমতার নতুন বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের অনুমোদন। সূত্র: জনকণ্ঠ

- করোনাভাইরাস মোকাবিলায় বিশ্ব স্বাস্থ্য সংস্থা অনুমোদিত বিভিন্ন সূত্র থেকে ইউনিসেফ'র সহায়তায় চীন থেকে কোভ্যাক্স ফ্যাসিলিটির মাধ্যমে ২ কোটি ৪ লাখ ৬০ হাজার ডোজ টিকা ঢাকায় পৌঁছায়। সূত্র: ইত্তেফাক
- দেশের মাধ্যমিক স্তরের সব স্কুলকে ২০২২ সালের জানুয়ারি থেকে জাতিসংঘ জনসংখ্যা তহবিল বা ইউএনএফপিএ'র তৈরি করা 'শাহানা কার্টুনে'র মাধ্যমে বয়ঃসন্ধিকালীন যৌন ও প্রজনন স্বাস্থ্য বিষয়ক শিক্ষা দেওয়ার নির্দেশ শিক্ষা মন্ত্রণালয়ের। সূত্র: ভোরের কাগজ
- গত ২৪ ঘণ্টায় দেশে ২০ হাজার ৯১৪ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৪৯৫। সুস্থ ৩৭২ ও ১ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- মাদার তেরেসা প্রতিষ্ঠিত সাহায্য সংস্থার লাইসেন্স নবায়ন আবেদন প্রত্যাখ্যাত হওয়ায় এবং বিষয়টি নিস্পত্তি না হওয়া পর্যন্ত কোন বিদেশি অনুদান পাওয়ার লাইসেন্স স্থগিত করেছে ভারত সরকার। সূত্র: সমকাল
- 'রাষ্ট্রদ্রোহী প্রকাশনা প্রকাশের ষড়যন্ত্রের' অভিযোগে হংকংয়ের অনলাইন সংবাদমাধ্যমের ছয় সাংবাদিককে গ্রেপ্তার করেছে দেশটির পুলিশ। সূত্র: সমকাল

**৩০ ডিসেম্বর, বৃহস্পতিবার**

- বাংলাদেশ বিমান বাহিনীর শীতকালীন রাষ্ট্রপতির কুচকাওয়াজ-২০২১ -এর অনুষ্ঠানে যশোরে বাংলাদেশ বিমান বাহিনী অ্যাকাডেমিতে আয়োজিত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি অংশ নেন। সূত্র: ইত্তেফাক
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে অনুষ্ঠানে ভার্চুয়ালি বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে দেশে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও সমমান পরীক্ষার ফল প্রকাশের মূল অনুষ্ঠানে আনুষ্ঠানিকভাবে ফল প্রকাশ করেন। চলতি বছরের পরীক্ষায় গড়

পাসের হার ৯৩.৫৮। এই সঙ্গে দেশের প্রাথমিক ও মাধ্যমিকের স্কুল শিক্ষার্থীদের মধ্যে বই বিতরণ কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্‌বোধন করেন। সূত্র: ইত্তেফাক

- কোভিড-১০ উপশমে এসকে অ্যান্ড এফ ফার্মাসিউটিক্যালসের 'প্যাক্সলোভিড' এবং বেক্সিমকো ফার্মাসিউটিক্যালসের 'বেক্সোভিড' মুখে খাওয়ার ওষুধ বাংলাদেশে জরুরি ব্যবহারের অনুমোদন দিয়েছে ঔষধ প্রশাসন অধিদপ্তর। সূত্র: সংবাদ
- করোনাকালে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) একদল শিক্ষক-শিক্ষার্থী উদ্ভাবিত সিপ্যাপ ডিভাইস 'অক্সিজেট' (নন-ইনভেসিভ সিপ্যাপ ভেন্টিলেটর) যুক্তরাজ্যভিত্তিক প্রতিষ্ঠান ইনোভেশন ফোরামের স্বাস্থ্যসেবা বিষয়ক স্টার্টআপ প্রতিযোগিতা ইমাজিন ইফ এ 'গ্লোবাল উইনার' অর্জন করেছে। সূত্র: প্রথম আলো
- গত ২৪ ঘণ্টায় দেশে ২২ হাজার ৬৬৭ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৫০৯ জন। সুস্থ ৩৯৫ ও ৭ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ
- আফগানিস্তানে নারী অধিকার ও মানবাধিকার রক্ষায় যুক্তরাষ্ট্রের সাবেক নারী উপদেষ্টা রিনা আমিরিকে বিশেষ দূত হিসেবে নিয়োগ দিয়েছে বাইডেন প্রশাসন। সূত্র: জনকণ্ঠ

**৩১ ডিসেম্বর, শুক্রবার**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বঙ্গভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপস্থিতিতে দেশের ২৩তম প্রধান বিচারপতি হিসেবে হাসান ফয়েজ সিদ্দিকীকে শপথবাক্য পাঠ করান। সূত্র: ইত্তেফাক
- বছরের শেষদিন মুন্সীগঞ্জের মাওয়া এলাকায় পদ্মা সেতুর ৭ নম্বর পিয়ার থেকে ১৮ নম্বর পিয়ার পর্যন্ত হেঁটে স্বপ্নের পদ্মা সেতুর নির্মাণ কাজ পরিদর্শন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও তার ছোট বোন শেখ রেহানা। সূত্র: সংবাদ
- গত ২৪ ঘণ্টায় দেশে ১৮ হাজার ৬৭৩ জনের করোনাভাইরাসের নমুনা পরীক্ষায় শনাক্ত ৫১২। সুস্থ ২৯০ ও ২ জনের মৃত্যু। সূত্র: জনকণ্ঠ



- চীনের রাষ্ট্রীয় টেলিভিশন চ্যানেল সিসিটিভি এবং বার্তা সংস্থা সিনহুয়াকে দেওয়া সাক্ষাৎকারে দেশটির পররাষ্ট্রমন্ত্রী ওয়াং ই তাইওয়ান ইস্যুতে যুক্তরাষ্ট্রকে হুঁশিয়ার করেছেন। সূত্র: সমকাল
- ব্রিটেনের রানী দ্বিতীয় এলিজাবেথ তার পুত্রবধূ ক্যামিলা পার্কারকে মর্যাদাপূর্ণ ব্রিটিশ অর্ডার অব গার্টার নিয়োগ দেওয়ার ঘোষণা দেন। রাজকীয় ঘোষণায় বলা হয়, সিংহাসনের উত্তরাধিকারী প্রিন্স চার্লসের স্ত্রী ক্যামিলাকে অর্ডার অব গার্টারের সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করা হচ্ছে। সূত্র: ইত্তেফাক
- যুক্তরাষ্ট্রের পশ্চিমাঞ্চলীয় অঙ্গরাজ্য কলোরাডোয় ভয়াবহ দাবানলের ঘটনায় হাজার হাজার মানুষ গৃহহীন। সূত্র: জনকণ্ঠ

■■■

# ২০২১ সালের উল্লেখযোগ্য ঘটনা

## ■ জাতীয় ■

২০২১ সাল ছিল স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর বছর। একই সঙ্গে এই বছর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপিত হয়। চলতি বছরে শুধু বাংলাদেশ নয়, সব দেশের জন্যই অন্যতম চ্যালেঞ্জ ছিল করোনাপ্রতিরোধী টিকা কার্যক্রম শুরু করা। টিকা কূটনীতিতে সফলতা দেখিয়েছে বাংলাদেশ। রোহিঙ্গা ইস্যুতে চলতি বছর উল্লেখযোগ্য কূটনৈতিক সফলতা দেখা গেছে। এর মধ্যে ভাসানচরে রোহিঙ্গাদের স্থানান্তর এবং এটি আন্তর্জাতিকভাবে স্বীকৃতি পাওয়া চলতি বছরে সরকারের অন্যতম সফলতা। নানা প্রাপ্তি-অপ্রাপ্তি, সাফল্য-ব্যর্থতা, অনেক মৃত্যু এবং প্রতিশ্রুতি ও সম্ভাবনার সাক্ষী হয়ে বিদায় নিয়েছে বছরটি।

### মুজিববর্ষ ও বাংলাদেশের সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন

বাংলাদেশের স্বাধীনতা অর্জনের ৫০ বছর পূর্তি উদ্‌যাপিত হয়েছে যথাযোগ্য মর্যাদায়। স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপিত হয় ২৬ মার্চ ২০২১ থেকে ১৬ ডিসেম্বর ২০২১ পর্যন্ত। সুবর্ণজয়ন্তীর সঙ্গে বাংলাদেশের জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে মুজিববর্ষও পালিত হয়। বিভিন্ন দেশের রাষ্ট্রপ্রধানরা অনুষ্ঠানে যোগ দেন। ২০২১ সালের ১৭ মার্চ থেকে ২৬ মার্চ পর্যন্ত মুজিববর্ষ ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর সম্মিলিত অনুষ্ঠান 'মুজিব চিরন্তন'-এ যোগ দিতে ১৫ ডিসেম্বর তিন দিনের রাষ্ট্রীয় সফরে ঢাকা আসেন ভারতের রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ। ১৭ মার্চ বাংলাদেশে আসেন মালদ্বীপের রাষ্ট্রপতি ইবরাহিম মোহাম্মদ সলিহ। ১৯ মার্চ বাংলাদেশ সফর করেন শ্রীলঙ্কার প্রধানমন্ত্রী মাহিন্দ্রা রাজাপাকসে। ২২ মার্চ বাংলাদেশ সফর করেন নেপালের রাষ্ট্রপতি বিদ্যাদেবী ভান্ডারি। ২৪ মার্চ বাংলাদেশ সফর করেন ভুটানের প্রধানমন্ত্রী ডা. লোটে শেরিং এবং স্বাধীনতা দিবসের দিন ২৬ মার্চ বাংলাদেশ সফর করেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। এ ছাড়াও রানী দ্বিতীয় এলিজাবেথ, জো বাইডেন, শি জিন পিং, বরিস জনসন, ভ্লাদিমির পুতিন, জাস্টিন ট্রুডো, ইয়োশিহিদে সুগা, ইমরান



খান, পোপ ফ্রান্সিস, আন্তোনিও গুতেরেসের মতো বিশ্ব নেতারা অভিনন্দন বার্তা পাঠান এবং তাঁরা বাংলাদেশের অগ্রগতির প্রশংসা করেন।

### ভারতের উপহার ২০ লাখ ডোজ টিকা

বাংলাদেশের জনগণের জন্য উপহার হিসেবে দেওয়া করোনা ভ্যাকসিনের ২০ লাখ টিকা এয়ার ইন্ডিয়ার বিশেষ ফ্লাইট দেশে পৌঁছে। করোনা মহামারি মোকাবিলায় অক্সফোর্ড-অ্যাস্ট্রাজেনেকার এই টিকা প্রদান করেছে ভারত সরকার। ২১ জানুয়ারি রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন এবং স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেকের কাছে এই টিকা হস্তান্তর করেন ভারতের হাইকমিশনার বিক্রম কুমার দোরাইস্বামী। এ সময় স্বাস্থ্যসচিব (সেবা) আব্দুল মান্নান ও স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালকসহ শীর্ষ কর্মকর্তারা উপস্থিত ছিলেন। বাংলাদেশ সরকারিভাবেও ভারতের সেরাম ইনস্টিটিউট থেকে অক্সফোর্ড-অ্যাস্ট্রাজেনেকার ৩ কোটি ডোজ টিকা কিনে।

### সিনিয়র নার্স রুনু কস্তা সর্বপ্রথম করোনার টিকা গ্রহণ করেন

২৭ জানুয়ারি প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি ঢাকার কুর্মিটোলা জেনারেল হাসপাতালে টিকাদান কর্মসূচির উদ্‌বোধন করেন। এই হাসপাতালের সিনিয়র স্টাফ নার্স রুনু ভেরোনিকা কস্তাকে প্রথম টিকা দেওয়ার মধ্য দিয়ে এই কার্যক্রমের সূচনা হয়। এরপর টিকা নেন কুর্মিটোলা হাসপাতালের চিকিৎসক আহমেদ লুৎফুল মোবেন, স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ডা. নাসিমা সুলতানা, পুলিশ সদস্য মো. দিদারুল ইসলাম ও সেনাসদস্য ব্রিগেডিয়ার জেনারেল এম ইমরান হামিদ। পরে আরও ২৫ জনকে টিকা দেওয়া হয়। এ সময় টিকাদান ব্যবস্থাপনার 'সুরক্ষা' প্ল্যাটফর্মের মোবাইল অ্যাপ ও ওয়েব অ্যাপের মাধ্যমে নিবন্ধন কার্যক্রম চালু করা হয়। টিকা নেয়ার জন্য সবাইকেই এই অ্যাপের মাধ্যমে অনলাইনে নিবন্ধন করতে হয়। পরে সারাদেশে গণটিকাদান কার্যক্রম শুরু হয় ফেব্রুয়ারির প্রথম সপ্তাহে।

### ঢাকায় বিশ্বশান্তি সম্মেলন

বিশ্বশান্তি প্রতিষ্ঠায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অবদানের আন্তর্জাতিকীকরণের লক্ষ্য নিয়ে ৪ ও ৫ ডিসেম্বর ঢাকায় বিশ্বশান্তি সম্মেলনের আয়োজন করা হয়। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী এবং

বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপনের অংশ হিসেবে এ সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনের প্রতিপাদ্য ছিল: 'সামাজিক অন্তর্ভুক্তির মাধ্যমে শান্তিকে এগিয়ে নিয়ে যাওয়া।' এ সম্মেলনে বিশ্বের ৫০টি দেশের প্রতিনিধি অংশ নেন। এদের মধ্যে ৫৯ জন প্রতিনিধি সশরীরে যোগ দেন। আর ৪০ জন প্রতিনিধি ভার্চুয়ালি অংশ নেন। সম্মেলনে জাতিসংঘের সাবেক মহাসচিব বান-কি মুন, শান্তিতে নোবেলজয়ী কৈলাস সত্যার্থী, ইউনেস্কোর সাবেক মহাপরিচালক ইরিনা বোকোভা, ব্রিটেনের সাবেক ফার্স্ট লেডি শেরি ব্লেয়ার, সিঙ্গাপুরের সাবেক প্রধানমন্ত্রী গোহ চোক তং, যুক্তরাজ্যের সাবেক প্রধানমন্ত্রী গর্ডন ব্রাউন, পূর্ব তিমুরের সাবেক রাষ্ট্রপতি জোসে রামোস-হোর্তা, ওয়ার্ল্ড ইসলামিক ইকোনমিক ফোরাম ফাউন্ডেশনের চেয়ারম্যান ড. সৈয়দ হামিদ আলবার প্রমুখ অংশ নেন। সম্মেলন থেকে বিশ্বে শান্তির বার্তা ছড়িয়ে দেওয়া হয়। গৃহীত ১৬ দফা ঢাকা ঘোষণার মাধ্যমে সম্মেলন শেষ হয়।

### বিশেষ মূল্যায়নের মাধ্যমে এইচএসসির ফল

করোনা পরিস্থিতির কারণে শিক্ষার্থীরা সশরীরে এইচএসসি পরীক্ষা না দিলেও বিশেষ পদ্ধতিতে মূল্যায়ন করে ফল প্রকাশিত হয়েছে। জেএসসির ২৫% ও এসএসসির ৭৫% নম্বরের ভিত্তিতে এই মূল্যায়ন করা হয়েছে। প্রকাশিত এই ফলে দেখা গেছে, জেএসসি ও এসএসসিতে জিপিএ-৫ পেয়েও এইচএসসিতে জিপিএ-৫ পায়নি ৩৯৬ জন। আর জেএসসি ও এসএসসিতে জিপিএ-৫ না পেয়েও এইচএসসিতে জিপিএ-৫ পেয়েছেন ১৭ হাজার জন। তবে পাস করেছে সবাই।

করোনা মহামারির কারণে এবারের ফল নিয়ে তেমন কোনো আনন্দ নেই। পরীক্ষার প্রস্তুতি থাকা সত্ত্বেও পরীক্ষায় অংশ নিতে পারেনি শিক্ষার্থীরা। করোনা মহামারির কারণে স্বাস্থ্যঝুঁকি বিবেচনায় নিয়ে পরীক্ষা আয়োজন করা হয়নি। আগের দুটি পাবলিক পরীক্ষার ফলের ভিত্তিতে ২০২০ সালের এইচএসসি পরীক্ষায় জিপিএ-৫ পেয়েছে দেড় লক্ষাধিক শিক্ষার্থী। এইচএসসি ও সমমান পরীক্ষায় ১৩ লাখ ৬৭ হাজার ৩৭৭ জন পরীক্ষার্থী অংশ নেওয়ার জন্য রেজিস্ট্রেশন করেছিল।

ফল প্রকাশ অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী বলেন, এইচএসসি ও সমমান পরীক্ষা নেওয়ার জন্য আমরা অনেক দিন অপেক্ষা করার পরও করোনা পরিস্থিতি স্বাভাবিক না হওয়ায় সবাইকে পাস দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়। আমাদের



কাছে আর কোনো রাস্তা না থাকায় এমন সিদ্ধান্ত নিতে হয়েছে। তবে আমাদের পরীক্ষার্থীরা ক্লাসে তাদের সিলেবাস শেষ করেছে। পরীক্ষা দেওয়ার জন্য পর্যাপ্ত প্রস্তুতি নিতে পেরেছে। এ কারণে তাদের পরীক্ষা ছাড়া পাসের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তিনি বলেন, আশা করি, শিক্ষার্থীরা প্রাপ্ত ফল পেয়ে সন্তুষ্ট থাকবেন। তারপরও যদি কেউ নিজের ফলে অসন্তোষ প্রকাশ করেন, তারা রিভিউ করার সুযোগ পাবেন। দ্রুত শিক্ষা বোর্ডগুলো থেকে এ সংক্রান্ত নির্দেশনা জারি করা হবে।

### জাতিসংঘের সব দাপ্তরিক ভাষায় বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণ বিষয়ক গ্রন্থের মোড়ক উন্মোচন

জাতিসংঘের সব দাপ্তরিক ভাষায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ বিষয়ক গ্রন্থের মোড়ক উন্মোচন করা হয়েছে। ফ্রান্সের রাজধানী প্যারিসে ইউনেস্কোর সদর দপ্তরে বাংলাদেশ দূতাবাস ও ইউনেস্কোয় বাংলাদেশের স্থায়ী মিশন কর্তৃক প্রকাশিত 'দ্য হিস্টোরিক সেভেনথ মার্চ স্পিচ অব বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান: এ ওয়ার্ল্ড ডকুমেন্টারি হেরিটেজ' শীর্ষক গ্রন্থটির মোড়ক উন্মোচন করা হয়। ইংরেজি, ফ্রেঞ্চ, স্প্যানিশ, আরবি, রুশ ও চীনা ভাষাভাষী ১২ জন রাষ্ট্রদূত ও ইউনেস্কোতে স্থায়ী প্রতিনিধিরা গ্রন্থটির মোড়ক উন্মোচন করেন। ২০১৭ সালে এই ঐতিহাসিক ভাষণ ইউনেস্কোর মেমোরি অব দ্য ওয়ার্ল্ড রেজিস্টারে বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য হিসেবে অন্তর্ভুক্ত হয়। এই প্রথম বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ জাতিসংঘের সকল দাপ্তরিক ভাষায় অনূদিত হলো। ইউনেস্কো সদর দপ্তরে কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় শুধু আমন্ত্রিত অতিথিদের উপস্থিতিতে গ্রন্থটির মোড়ক উন্মোচন করা হয় এবং দূতাবাসের সামাজিক যোগাযোগ মাধ্যমে অনুষ্ঠানটি সরাসরি সম্প্রচার করা হয়।

এ সময় ফ্রান্সে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত ও ইউনেস্কোতে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি কাজী ইমতিয়াজ বঙ্গবন্ধুর স্মৃতির প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করে বলেন, ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ ছিল মূলত বাংলাদেশের স্বাধীনতার ঘোষণা। এ ভাষণ দীর্ঘ ৯ মাসের মুক্তি সংগ্রামে মূল অনুপ্রেরণা হিসেবে কাজ করেছে। বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ অনুবাদ এবং প্রকাশনার জন্য সংশ্লিষ্ট সকলকে তিনি আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান।

### কমনওয়েলথের শীর্ষ তিন অনুপ্রেরণাদায়ী নারীর একজন শেখ হাসিনা

কমনওয়েলথের সদস্য দেশগুলোর মধ্যে করোনাভাইরাস (কোভিড-১৯) মহামারি মোকাবিলায় নেতৃত্ব দেওয়া শীর্ষ তিন অনুপ্রেরণাদায়ী নারী নেতার তালিকায় রয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। লন্ডনে বাংলাদেশ হাইকমিশনের এক বিবৃতিতে এ তথ্য জানানো হয়েছে। বিবৃতিতে বলা হয়েছে: 'আন্তর্জাতিক নারী দিবস ২০২১' উপলক্ষ্যে দেওয়া বিশেষ ঘোষণায় মহামারি চলাকালে সফলভাবে নেতৃত্ব দেওয়া শীর্ষ তিন নারী নেতার নাম ঘোষণা করেন কমনওয়েলথের মহাসচিব প্যাট্রিসিয়া স্কটল্যান্ড কিউসি। তিন নারী নেতা হলেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা, নিউজিল্যান্ডের প্রধানমন্ত্রী জেসিন্ডা আরডার্ন ও বার্বাডোসের প্রধানমন্ত্রী মিয়া আমোর মোটলি। কমনওয়েলথের মহাসচিবকে উদ্ধৃত করে বিবৃতিতে বলা হয়েছে: 'কমনওয়েলথভুক্ত দেশগুলোর মধ্যে আমি তিনজন অসাধারণ নেতৃত্বের কথা উল্লেখ করতে চাই। তারা হলেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা, নিউজিল্যান্ডের প্রধানমন্ত্রী জেসিকা আরডার্ন ও বার্বাডোসের প্রধানমন্ত্রী মিয়া আমোর মোটলি। কোভিড মহামারি মোকাবিলায় তারা নিজ নিজ দেশে অসাধারণ নেতৃত্বের স্বাক্ষর রেখেছেন। এই তিন ব্যক্তিত্ব বিশ্বের আরো অনেক নারীর পাশাপাশি আমাকে এমন একটি বিশ্ব গড়ে তোলার ব্যাপারে অনুপ্রেরণা জুগিয়েছেন, যেখানে নারী-পুরুষ নির্বিশেষে সবার সম্মিলিত সুন্দর ভবিষ্যত ও কল্যাণ সুনিশ্চিত ও সুরক্ষিত থাকবে।'

### প্রধানমন্ত্রী শেখ হাসিনার আলোচিত উপহার : গৃহহীনের জন্য ঘর

মুজিববর্ষ উপলক্ষ্যে লক্ষাধিক গৃহহীন মানুষকে ঘর উপহার দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। মুজিববর্ষে 'বাংলাদেশের একজন মানুষও গৃহহীন থাকবে না' প্রধানমন্ত্রীর এ নির্দেশনা বাস্তবায়নে আশ্রয়ণ প্রকল্পের মাধ্যমে দেশের সকল ভূমিহীন ও গৃহহীন মানুষের বাসস্থান নিশ্চিতকল্পে সেমিপাকা একক গৃহনির্মাণের কর্মসূচি হাতে নেয়া হয়। ৪০০ বর্গফুট আয়তনের এই ঘরে ২ টি কক্ষের সামনে টানা বারান্দা এবং পেছনে রয়েছে রান্নাঘর ও স্বাস্থ্যসম্মত স্যানিটারি ল্যাট্রিন। বিনামূল্যে বিদ্যুৎ সংযোগের পাশাপাশি পুনর্বাসিতদের জন্য রয়েছে নিরাপদ সুপেয় পানীর ব্যবস্থা।

এ প্রক্রিয়ায় মুজিববর্ষে প্রথম পর্যায়ে ২০২১ সালের ২১ জানুয়ারি ৬৩ হাজার ৯৯৯টি পরিবারকে জমির মালিকানাসহ ঘর প্রদান করা হয় এবং



দ্বিতীয় পর্যায়ে ২০ জুন ৫৩ হাজার ৩৩০টি পরিবারকে অনুরূপভাবে গৃহ প্রদান করা হয়। গৃহনির্মাণ ও প্রদান প্রক্রিয়া অব্যাহত রয়েছে।

### বাংলাদেশ-ভারত মৈত্রী সেতু-১ উদ্‌বোধন

৯ মার্চ প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ভার্চুয়ালি 'বাংলাদেশ-ভারত মৈত্রী সেতু-১' উদ্‌বোধন করেন। এ সময় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, আমরা কানেকটিভিটি দেওয়ার মাধ্যমে দক্ষিণ এশিয়ায় একটি নতুন যুগের সৃষ্টি করেছি। আমরা এমন একটি অঞ্চলে আছি যেখানে কানেকটিভিটি চালুর বিষয়ে রক্ষণশীলতা ছিল এবং যেখানে সম্ভাবনার চেয়ে আন্তঃআঞ্চলিক বাণিজ্য অনেক কম। অন্যদিকে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিও বলেন, উদ্‌বোধন করা সেতুটির মাধ্যমে বাংলাদেশ ও ভারতের সম্পর্ক আরো দৃঢ় হবে। পাশাপাশি দক্ষিণ-পূর্ব এশিয়ায় যোগাযোগের নতুন ধারা উন্মোচন করবে। খাগড়াছড়ির রামগড়ে বাংলাদেশ ও ভারতের সীমান্তবর্তী ফেনী নদীর ওপর নির্মিত এই সেতুটি উদ্‌বোধন করা হয়েছে। এর মাধ্যমে প্রথমবারের মতো কোনো সেতুর মাধ্যমে যুক্ত হলো বাংলাদেশ ও ভারত। দুই দেশকে বিভক্ত করা ফেনী নদীর ওপর নির্মিত এই সেতুটি ত্রিপুরার সাবরুম ও খাগড়াছড়ির রামগড়ের মধ্যে সংযোগ স্থাপন করবে।

মৈত্রী সেতু প্রসঙ্গে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, 'আশা করছি আমরা যে কাঠামোটি উদ্‌বোধন করছি তা কেবল ভারতের সঙ্গে নয়, নেপাল এবং ভুটানের সঙ্গেও আমাদের ব্যবসা-বাণিজ্য সহজ করবে। আমরা প্রমাণ করব রাজনৈতিক সীমারেখা উন্নয়ন ও বাণিজ্যে বাধা হতে পারে না।' ২০১৫ সালের ৬ জুন ভারত ও বাংলাদেশের প্রধানমন্ত্রী যৌথভাবে ভিত্তিপ্রস্তর স্থাপন করেছিলেন দুই দেশের মধ্যকার প্রথম এই মৈত্রী সেতুর। করোনাভাইরাস সংক্রমণ পরিস্থিতিতে কাজ বাধাগ্রস্ত হলেও এ মাসের শুরুতেই সেতুর সব কাজ শেষ হয়ে যায়।

১ দশমিক ৯ কিলোমিটার দীর্ঘ এই সেতু রামগড়ের সঙ্গে ভারতের ত্রিপুরার সাবরুমকে যুক্ত করেছে। সেতুটি ভারতের ত্রিপুরা, মিজোরামসহ পূর্বাঞ্চলীয় সাত রাজ্যের সঙ্গে সরাসরি যোগাযোগ স্থাপন করবে। এই সেতু থেকে চট্টগ্রাম বন্দরের দূরত্ব মাত্র ৮০ কিলোমিটার। ফলে বন্দর থেকে ত্রিপুরাসহ ভারতের উত্তর-পূর্বাঞ্চলে পণ্য পরিবহণ অনেক সহজ হবে।

## স্বাধীনতা পুরস্কার ২০২১

জাতীয় পর্যায়ে গৌরবোজ্জ্বল ও কৃতিত্বপূর্ণ অবদানের স্বীকৃতিস্বরূপ দেশের ৯ বিশিষ্ট ব্যক্তি ও একটি প্রতিষ্ঠানের হাতে 'স্বাধীনতা পুরস্কার ২০২১' তুলে দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ২০ মে গণভবনে এক অনুষ্ঠানের মধ্য দিয়ে দেশের সর্বোচ্চ এ পুরস্কার তুলে দেওয়া হয়। পুরস্কারপ্রাপ্তরা হলেন: স্বাধীনতা ও মুক্তিযুদ্ধে প্রয়াত আহসানউল্লাহ মাস্টার, প্রয়াত আখতারুজ্জামান বাবু, প্রয়াত আওয়ামী লীগ নেতা এ কে এম বজলুর রহমান, প্রয়াত বীর মুক্তিযোদ্ধা ব্রিগেডিয়ার জেনারেল খুরশিদ উদ্দিন আহমেদ, সাহিত্যে কবি মহাদেব সাহা, সংস্কৃতিতে চলচ্চিত্রকার-গীতিকার গাজী মাজহারুল আনোয়ার ও নাট্যজন আতাউর রহমান। বিজ্ঞান ও প্রযুক্তিতে ড. মৃন্ময় গুহ নিয়োগী, সমাজসেবা বা জনসেবায় অধ্যাপক ডা. এম আমজাদ হোসেন এবং গবেষণা ও প্রশিক্ষণে একমাত্র প্রতিষ্ঠান হিসেবে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলকে এ পুরস্কারে ভূষিত করা হয়।

## 'শস্যচিত্রে বঙ্গবন্ধু' চিত্রকর্ম গিনেস ওয়ার্ল্ড রেকর্ডে স্থান

'শস্যচিত্রে বঙ্গবন্ধু' চিত্রকর্ম গিনেস ওয়ার্ল্ড রেকর্ডে স্থান পেয়েছে। বগুড়ায় ধানের গাছ দিয়ে ১০০ বিঘাজুড়ে তৈরি করা হয় 'শস্যচিত্রে বঙ্গবন্ধু'। ৯ মার্চ গিনেস বুকের স্থানীয় প্রতিনিধি দল ঘুরে যায়। এই প্রতিনিধি দলের তথ্যের ভিত্তিতে গিনেস ওয়ার্ল্ড রেকর্ডে স্থান পেল 'শস্যচিত্রে বঙ্গবন্ধু'। 'শস্যচিত্রে বঙ্গবন্ধু' গিনেস ওয়ার্ল্ড রেকর্ডে স্থান পাওয়ার বিষয়টি সাংবাদিকদের কাছে নিশ্চিত করেছেন শস্যচিত্রে বঙ্গবন্ধু জাতীয় পরিষদের প্রধান পৃষ্ঠপোষক ও আহ্বায়ক এবং বাংলাদেশ আওয়ামী লীগ কেন্দ্রীয় কমিটির যুগ্ম-সাধারণ সম্পাদক কৃষিবিদ আ ফ ম বাহাউদ্দিন নাছিম। এর আগে গিনেস ওয়ার্ল্ড রেকর্ডে নাম লেখাতে তৈরি এ চিত্রকর্ম পরিদর্শন দলের সদস্য বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের সাবেক ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. কামাল উদ্দিন জানান, তারা পুরো চিত্রকর্মটি দেখেন। গিনেস বুক থেকে যেভাবে বলা হয়েছিল সেভাবেই এটি করা হয়েছে। তাছাড়া 'শস্যচিত্রে বঙ্গবন্ধু' চিত্রকর্মে কৃত্রিম কোন কিছুই নেই। এমনকি জায়গার পরিমাপটিও সঠিক ছিল। প্রতিনিধিদের পাঠানো রিপোর্টের ভিত্তিতে বঙ্গবন্ধুর জন্মদিনের একদিন আগেই ১৬ মার্চ গিনেস বুকে 'শস্যচিত্রে বঙ্গবন্ধু' স্থান করে নিল। এটিকে পৃথিবীর সর্ববৃহৎ শস্যচিত্র হিসেবে ঘোষণা দেয় গিনেস ওয়ার্ল্ড। 'শস্যচিত্রে



বঙ্গবন্ধু' চিত্রকর্মটির আয়তন ১০০ বিঘা অথবা ১২ লাখ ৯২ হাজার বর্গফুট। ২০১৯ সালে চীনের ফসলের মাঠে তৈরি চিত্রকর্মের আয়তন ছিল ৮ লাখ ৫৫ হাজার ৭৮৬ বর্গফুট।

## জাতিসংঘে এসডিজি অগ্রগতি পুরস্কার পেলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা: 'মুকুট মণি' আখ্যায়িত

নিউইয়র্কে জাতিসংঘের সাসটেইনেবল ডেভেলপমেন্ট সল্যুশনস নেটওয়ার্ক (এসডিএসএন) এর নবম আন্তর্জাতিক বার্ষিক ভার্চুয়াল সম্মেলনে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে 'এসডিজি অগ্রগতি পুরস্কার' প্রদান করা হয়। এসডিএসএন দারিদ্র্য দূরীকরণ, পৃথিবীর সুরক্ষা এবং সবার জন্য শান্তি ও সমৃদ্ধি নিশ্চিত করতে পদক্ষেপ গ্রহণের সার্বজনীন আহ্বানে সাড়া দিয়ে বাংলাদেশের সঠিক পথে অগ্রসরের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে এই পুরস্কার প্রদান করে।

নিউইয়র্কে সাংবাদিকদের ব্রিফিংকালে পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যের (এমডিজি) বিভিন্ন ক্ষেত্রে সফলতা অর্জনের পর টেকসই উন্নয়নের লক্ষ্যে (এসডিজি) দ্রুত এগিয়ে চলার ক্ষেত্রে এই পুরস্কার পাওয়াকে দেশের সফলতার গুরুত্বপূর্ণ আন্তর্জাতিক স্বীকৃতি হিসেবে অভিহিত করেন। বিশিষ্ট অর্থনীতিবিদ ও উন্নয়ন কৌশলবিদ অধ্যাপক জেফ্রি ডি. সচের নেতৃত্বে জাতিসংঘ মহাসচিবের পৃষ্ঠপোষকতায় ২০১২ সালে এসডিএসএন প্রতিষ্ঠা করা হয়। টেকসই উন্নয়নের জন্য বাস্তবভিত্তিক সমাধান জোরদারে বিশ্বের বৈজ্ঞানিক ও প্রযুক্তিগত বিশেষজ্ঞদের কাজে লাগানোই এই প্ল্যাটফর্মের লক্ষ্য। অনুষ্ঠানের সঞ্চালক শেখ হাসিনাকে 'জুয়েল ইন দ্য ক্রাউন অব দ্য ডে' বা 'মুকুট মণি' হিসেবে আখ্যায়িত করেন এবং জেফ্রি ডি সচ বিশ্বব্যাপী মহামারি করোনাভাইরাস চলাকালেও এসডিজি প্রচারণা কার্যক্রম চালাতে তার নেতৃত্বের প্রশংসা করেন। তিনি বলেন, 'এই পুরস্কার হচ্ছে এসডিজির লক্ষ্য অর্জনের ক্ষেত্রে জোরালো দায়িত্ব পালনের একটি প্রমাণপত্র। আমরা আপনার কথা শুনতে চাই, বিশেষ করে এজন্য যে আমরা যখন পৃথিবীর দেশগুলোর টেকসই উন্নয়ন লক্ষ্যের অগ্রগতি বিশ্লেষণ করি, যা প্রতি বছর জাতিসংঘের টেকসই উন্নয়ন সমাধান নেটওয়ার্ক করে থাকে, সেখানে ২০১৫ থেকে ২০২০ সাল পর্যন্ত বাংলাদেশ বেশির ভাগ ক্ষেত্রেই অগ্রগতিতে বিশ্বে প্রথম হয়েছে। তাই আমরা সেই অর্জনের জন্য আপনাকে অভিনন্দন জানাতে চাই।'

## বঙ্গবন্ধুর নামে ইউনেস্কোর আন্তর্জাতিক পুরস্কার

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীতে তাঁর নামে 'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ইন্টারন্যাশনাল প্রাইজ ফর দ্য ক্রিয়েটিভ ইকোনমিকস' আন্তর্জাতিক পুরস্কার চালু করেছে ইউনেস্কো। ২০২১ সাল থেকে এই পুরস্কার প্রদান শুরু হয়। ১১ নভেম্বর প্যারিসে ইউনেস্কোর সদর দফতরে বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রথমবারের মতো এই পুরস্কার তুলে দেন উগান্ডার একটি স্বেচ্ছাসেবী সংস্থা এমওটিআইভির কর্মকর্তার হাতে। সৃজনশীল অর্থনীতিতে যুব উদ্যোক্তাদের উন্নয়নে কাজ করে থাকে সংস্থাটি। কাম্পালায় অবস্থিত এমওটিআইভি একটি সমন্বিত সৃজনশীল স্টুডিও, যা সরঞ্জাম ও প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে টেকসই উন্নয়নে সহযোগিতায় উৎসাহিত করে থাকে যুব সম্প্রদায়কে। এই পুরস্কারের অর্থমূল্য সনদসহ ৫০ হাজার মার্কিন ডলার। পুরস্কার প্রদানের সময় ইউনেস্কোর মহাপরিচালক অঁদ্রে আজুলে উপস্থিত ছিলেন।

বঙ্গবন্ধুর নামে এই প্রথম কোনো আন্তর্জাতিক পুরস্কার চালু করা হলো।

## নিউইয়র্কের টাইমস স্কয়ারে বঙ্গবন্ধুর প্রতিকৃতি

প্রথমবারের মতো যুক্তরাষ্ট্রের নিউইয়র্কের টাইমস স্কয়ারে বিলবোর্ডে ভেসে ওঠে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি। স্থানীয় সময় ১৫ আগস্ট প্রথম প্রহরে টাইমস স্কয়ারের আইকনিক বিলবোর্ডে ভেসে ওঠে বঙ্গবন্ধুর মুখ। জাতির পিতার ৪৬তম শাহাদাতবার্ষিকী উপলক্ষ্যে এ আয়োজন করা হয়। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সংগ্রাম, আত্মত্যাগ আর দেশপ্রেমের ছবি দেখলো বিশ্ববাসী। সেখানে উপস্থিত হয়ে কয়েক শত প্রবাসী শোক আর শ্রদ্ধায় স্মরণ করেন বাঙালি জাতির অবিসংবাদিত নেতাকে। স্লোগানে মুখরিত হয় গোটা প্রাঙ্গণ।

## 'অল দ্য প্রাইম মিনিস্টার্স মেন' রিমুভের নির্দেশ

২০২১ সালের ১৭ মার্চ আলজাজিরা টেলিভিশন নেটওয়ার্কে প্রচারিত 'অল দ্য প্রাইম মিনিস্টার্স মেন' রিপোর্ট অনলাইন প্ল্যাটফর্ম থেকে তাৎক্ষণিক সরানোর নির্দেশ দেন হাইকোর্ট। নির্দেশনায় ফেসবুক, ইউটিউব, টুইটার, ইনস্টাগ্রাম কর্তৃপক্ষ যেন প্রতিবেদনটি জাতীয় ও আন্তর্জাতিকভাবে অনলাইন থেকে সরিয়ে ফেলে এবং পুনরায় আপলোড যেন না করে সে বিষয়ে



অনুরোধ জানাতে বলা হয়। বিটিআরসিকে এ নির্দেশ বাস্তবায়ন করতে বলা হয়। বিচারপতি মো. মজিবুর রহমান মিয়া ও বিচারপতি মো. কামরুল হোসেন মোল্লার হাইকোর্ট বেঞ্চ এ নির্দেশ দেন। কাতারভিত্তিক গণমাধ্যম আলজাজিরায় ১ ফেব্রুয়ারি বাংলাদেশ নিয়ে একটি অনুসন্ধানী প্রতিবেদন সম্প্রচারিত হয়। প্রতিবেদনে সরকারের উচ্চপর্যায়ের ব্যক্তিদের দুর্নীতিতে জড়িত থাকার অভিযোগ আনা হয়। সরকারিভাবে ওই প্রতিবেদনের তীব্র প্রতিবাদ জানানো হয়।

## জাতিসংঘে প্রথমবারের মতো রোহিঙ্গা রেজ্যুলেশন গৃহীত

জাতিসংঘে প্রথমবারের মতো সর্বসম্মতিক্রমে রোহিঙ্গা রেজ্যুলেশন গ্রহণ করা হয়েছে, যা এ সংকট সমাধানে আন্তর্জাতিক সম্প্রদায়ের দৃঢ় প্রতিশ্রুতিরই প্রতিফলন। রেজ্যুলেশনটি যৌথভাবে উত্থাপন করে ওআইসি এবং ইউরোপীয় ইউনিয়ন।

## প্রথমবার 'আইওরা'র চেয়ারম্যান হলো বাংলাদেশ

ভারত মহাসাগরের উপকূলীয় ২৩ দেশের সহযোগিতা সংস্থা ইন্ডিয়ান ওশান রিম অ্যাসোসিয়েশনের (আইওরা) চেয়ারম্যান নির্বাচিত হয়েছে বাংলাদেশ। আগামী দুই বছরের জন্য সংস্থাটির প্রধানের দায়িত্বে থাকবে বাংলাদেশ। পাশাপাশি রাশিয়ায় আইওরার দশম ডায়ালগ পার্টনার হিসেবেও বাংলাদেশ নির্বাচিত হয়। ১৭ নভেম্বর ঢাকায় আইওরার কাউন্সিল অব মিনিস্টার সভা হয়। এ সময় সংস্থাটির বর্তমান চেয়ারম্যান সংযুক্ত আরব আমিরাতের কাছ থেকে দায়িত্ব নেয় বাংলাদেশ। আইওরা একটি আন্তঃসরকারি সংস্থা। এটি ১৯৯৭ সালের মার্চে প্রতিষ্ঠিত হয়। এই অ্যাসোসিয়েশন ভারত মহাসাগরের সদস্য রাষ্ট্রগুলোর মধ্যে জনগণের জীবনযাত্রার উন্নয়নে কাজ করে।

## দীর্ঘ ১৮ মাস পর দেশে খুলে দেওয়া হয় স্কুল-কলেজ

করোনা পরিস্থিতির কারণে দীর্ঘ প্রায় ১৮ মাস বন্ধ থাকার পর ১২ সেপ্টেম্বর খুলে দেওয়া হয় দেশের স্কুল-কলেজগুলো। তবে করোনার সংক্রমণ রোধকল্পে সরকার সুনির্দিষ্ট বেশ কিছু নির্দেশনা ও স্বাস্থ্য সচেতনতামূলক শর্ত যুক্ত করেছে।

২০২০ সালের ৮ মার্চ দেশে প্রথম করোনা রোগী শনাক্ত হয়। করোনা পরিস্থিতির কারণে গত বছরের ১৭ মার্চ থেকে দেশের সব শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ ঘোষণা করা হয়। এরপর দফায় দফায় ছুটি বাড়ানো হয়। প্রথম দফায়

চলতি বছরের ৩১ মার্চ ও পরে ২৩ মে দ্বিতীয় দফায় শিক্ষাপ্রতিষ্ঠান খোলার উদ্যোগ নেওয়া হয়। তবে, করোনার দ্বিতীয় ঢেউ চলে আসায় তা সম্ভব হয়নি। যদিও করোনাভাইরাসের প্রাদুর্ভাব শুরুর পর অনলাইনে প্রাথমিক ও মাধ্যমিকের ক্লাস প্রচার শুরু হয়। পরে কলেজ এবং অন্যান্য শিক্ষাপ্রতিষ্ঠানও অনলাইনে ক্লাস শুরু করে। কিন্তু মফস্বল এবং দরিদ্র পরিবারে ডিভাইস ও ইন্টারনেট সুবিধা না থাকায় বহু শিক্ষার্থীই অনলাইন ক্লাসে যুক্ত হতে পারেনি। এর ফলে, শিক্ষা কার্যক্রমে বড় ধরনের বাধার সৃষ্টি হয়। ১২ সেপ্টেম্বর স্কুল-কলেজ খুলে দেওয়া হলেও সতর্কতাস্বরূপ বলা হয়েছে যে, দেশে সংক্রমণ বাড়লে আবার বন্ধ হবে শিক্ষাপ্রতিষ্ঠান।

### বঙ্গবন্ধুর চার খুনির খেতাব বাতিল

বঙ্গবন্ধুর পলাতক চার খুনির মুক্তিযুদ্ধে বীরত্বসূচক খেতাব বাতিল করেছে সরকার। ৬ জুন ২০২১ এ চারজনের খেতাব বাতিলের প্রজ্ঞাপন জারি করে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়। প্রজ্ঞাপনে বলা হয়, ১৯৭৫ সালের ১৫ আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ অন্যদের হত্যা মামলায় আত্মস্বীকৃত খুনি এই চারজনের খেতাব বাতিল করা হলো। খেতাব বাতিল হওয়ায় তারা এবং তাদের পরিবারের সদস্যরা মুক্তিযুদ্ধে অবদানের জন্য আর কোনো রাষ্ট্রীয় সুযোগ-সুবিধা পাবেন না। খেতাব বাতিলকৃতরা হলেন: লে. কর্নেল শরিফুল হক ডালিম, গেজেট নম্বর ২৫, বাতিলকৃত খেতাব বীরউত্তম। লে. কর্নেল এস এইচ এম বি নূর চৌধুরী, গেজেট নম্বর ৯০, বাতিলকৃত খেতাব বীরবিক্রম। লে. এ এম রাশেদ চৌধুরী, গেজেট নম্বর ২৬৭, বাতিলকৃত খেতাব বীরপ্রতীক। নায়েক সুবেদার মোসলেম উদ্দিন খান, গেজেট নম্বর ৩২৯, বাতিলকৃত খেতাব বীরপ্রতীক।

### শেখ হাসিনাকে হত্যার ষড়যন্ত্র ও রাষ্ট্রদ্রোহের মামলায় ১৪ জনের মৃত্যুদণ্ড

গোপালগঞ্জের কোটালীপাড়ায় সমাবেশস্থলের পাশে বোমা পুঁতে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে হত্যার ষড়যন্ত্র ও রাষ্ট্রদ্রোহের মামলায় ১৪ আসামির সবাইকে মৃত্যুদণ্ডের আদেশ দিয়েছেন আদালত। ২৩ মার্চ ঢাকার দ্রুতবিচার ট্রাইব্যুনাল-১ এর বিচারক আবু জাফর মো. কামরুজ্জামানের আদালত এ রায় ঘোষণা করেন। ২০০০ সালে কোটালীপাড়ায় শেখ লুৎফর রহমান সরকারি আদর্শ কলেজ প্রাঙ্গণের উত্তর পাশের একটি চায়ের দোকানের



পেছনে (সমাবেশস্থলের পাশে) ৭৬ কেজি ওজনের ওই বোমা বিস্ফোরণের মাধ্যমে শেখ হাসিনাকে হত্যার পরিকল্পনা করেছিল জঙ্গিরা। ওই ঘটনায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে হত্যার চেষ্টা, হত্যার ষড়যন্ত্র ও রাষ্ট্রদ্রোহ এবং বিস্ফোরক আইনে কোটালীপাড়া থানায় তিনটি মামলা করে পুলিশ। হত্যার ষড়যন্ত্র ও রাষ্ট্রদ্রোহের মামলার তদন্ত শেষে ২০০১ সালের ১৫ নভেম্বর আদালতে হরকাতুল জিহাদের নেতা মুফতি আবদুল হান্নানসহ ১৫ জনের বিরুদ্ধে অভিযোগপত্র দেয় অপরাধ তদন্ত বিভাগ বা সিআইডি। আদালত ২০০৪ সালের ২১ নভেম্বর আসামিদের বিরুদ্ধে অভিযোগ গঠন করেন।

### ব্লগার দীপন হত্যা মামলায় আট জঙ্গির মৃত্যুদণ্ড

জাগৃতি প্রকাশনীর স্বত্বাধিকারী ও ব্লগার ফয়সল আরেফিন দীপনকে কুপিয়ে হত্যার মামলায় নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন আনসার আল ইসলাম বা আনসারুল্লাহ বাংলা টিমের আট সদস্যের মৃত্যুদণ্ড দেন আদালত। দণ্ডিতদের মধ্যে জঙ্গি সংগঠনটির সামরিক শাখার প্রধান ও সেনাবাহিনীর বরখাস্তকৃত মেজর সৈয়দ জিয়াউল হক জিয়াসহ দুজন পলাতক। ১১ ফেব্রুয়ারি ঢাকার সন্ত্রাসবিরোধী বিশেষ ট্রাইব্যুনালের বিচারক মজিবুর রহমান এ রায় ঘোষণা করেন।

২০১৫ সালের ৩১ অক্টোবর দীপনকে হত্যা করা হয়। ২০১৮ সালের ১৫ নভেম্বর গোয়েন্দা শাখার (ডিবি) সহকারী পুলিশ সুপার মো. ফজলুর রহমান আট জনকে আসামি করে আদালতে অভিযোগপত্র দাখিল করেন। এরপর ২০১৯ সালের ১৩ অক্টোবর মামলাটির অভিযোগ গঠন করে বিচার শুরুর আদেশ দেন আদালত।

### ব্লগার অভিজিৎ হত্যা মামলায় পাঁচ জঙ্গির মৃত্যুদণ্ড

বিজ্ঞান লেখক ও ব্লগার অভিজিৎ রায়কে কুপিয়ে হত্যার ঘটনায় পাঁচ জঙ্গিকে মৃত্যুদণ্ডের আদেশ দিয়েছেন আদালত। ১৬ ফেব্রুয়ারি ঢাকার সন্ত্রাসবিরোধী বিশেষ ট্রাইব্যুনালের বিচারক মজিবুর রহমান অভিজিৎ হত্যা মামলার এ রায় ঘোষণা করেন।

২০১৫ সালের ২৬ ফেব্রুয়ারি 'অমর একুশে গ্রন্থমেলা'য় বিজ্ঞানমনস্ক লেখকদের সঙ্গে আড্ডা দিয়ে স্ত্রীসহ সোহরাওয়ার্দী উদ্যান থেকে বের হওয়ার পর আক্রান্ত হন অভিজিৎ। ২০১৯ সালের ১৩ মার্চ আদালতে ছয়জনের

বিরুদ্ধে অভিযোগপত্র দাখিল করেন মামলার তদন্ত কর্মকর্তা। একই বছরের ১ আগস্ট আসামিদের বিরুদ্ধে অভিযোগ গঠন করে বিচার শুরুর আদেশ দেন আদালত।

### সাবেক প্রধান বিচারপতি এস কে সিনহার কারাদণ্ড

ঋণ জালিয়াতি এবং অর্থপাচারের মামলায় সাবেক প্রধান বিচারপতি এস কে সিনহাকে ১১ বছরের কারাদণ্ড দিয়েছেন আদালত। এর মধ্যে ঋণ জালিয়াতির মামলায় চার বছর এবং অর্থপাচারের মামলায় সাত বছরের কারাদণ্ড দেওয়া হয়েছে। ৯ নভেম্বর ঢাকার বিশেষ জজ আদালত-৪ এর বিচারক শেখ নাজমুল আলম এ রায় ঘোষণা করেন।

২০১৯ সালের ১০ জুলাই ক্ষমতার অপব্যবহার করে ভুয়া ঋণের মাধ্যমে চার কোটি টাকা স্থানান্তর ও আত্মসাৎ করার অভিযোগে ২০১৯ সালের ১০ জুলাই দুদকের পরিচালক সৈয়দ ইকবাল হোসেন বাদী হয়ে মামলা করেন। একই বছরের ৯ ডিসেম্বর বিচারপতি সিনহাসহ ১১ জনকে আসামি করে অভিযোগপত্র দাখিল করেছিল দুর্নীতি দমন কমিশন।

### হাজী সেলিমের ১০ বছর কারাদণ্ড বহাল

অবৈধ সম্পদ অর্জনের অভিযোগে দুই যুগ আগের একটি মামলায় চলতি বছরের ৯ মার্চ আওয়ামী লীগের সংসদ সদস্য হাজী সেলিমের ১০ বছরের কারাদণ্ড বহাল রাখেন হাইকোর্ট। বিচারিক আদালতের দেওয়া ১০ লাখ টাকা অর্থদণ্ডও বহাল রাখা হয়। টাকা পরিশোধ না করলে তাকে আরও এক বছর কারাভোগের নির্দেশ দেওয়া হয়। তবে সম্পদের তথ্য গোপনের অভিযোগে বিচারিক আদালত হাজী সেলিমকে যে তিন বছরের কারাদণ্ড দেন, দুর্নীতি দমন কমিশন সেই অভিযোগ প্রমাণ করতে না পারায় উচ্চ আদালত ওই অভিযোগ থেকে তাকে খালাস দেন। বিচারপতি মো. মঈনুল ইসলাম চৌধুরী ও বিচারপতি এ কে এম জহিরুল হকের ভার্চুয়াল হাইকোর্ট বেঞ্চ এ রায় ঘোষণা করেন।

### রেইনট্রি হোটেলের ধর্ষণ মামলায় সব আসামি খালাস

রাজধানীর বনানীতে রেইনট্রি হোটেলে দুই শিক্ষার্থী ধর্ষণ মামলায় আপন জুয়েলার্সের মালিক দিলদার আহমেদের ছেলে সাফাত আহমেদসহ ৫ আসামিকে খালাস দিয়েছেন আদালত। ১১ নভেম্বর ঢাকার নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-৭ এর বিচারক মোছা. কামরুন্নাহারের আদালত



এই মামলাটির রায় ঘোষণা করেন। ২০১৭ সালের ২৮ মার্চ রাত ৯টা থেকে পরদিন সকাল ১০টা পর্যন্ত দুই ভুক্তভোগী তরুণীকে অস্ত্র দেখিয়ে ভয় প্রদর্শন ও অশ্লীল ভাষায় গালাগাল করে। তাদের জোর করে একটি কক্ষে নিয়ে গিয়ে সাফাত আহমেদ ও নাঈম আশরাফ একাধিকবার ধর্ষণ করে দুজনকে। এ ঘটনায় ভুক্তভোগী তরুণী মামলা দায়ের করেন। মামলার তদন্ত শেষে ২০১৭ সালের ৭ জুন মামলার তদন্ত কর্মকর্তা পুলিশের উইমেন সাপোর্ট অ্যান্ড ইনভেস্টিগেশন ডিভিশনের (ভিকটিম সাপোর্ট সেন্টার) পরিদর্শক ইসমত আরা এমি পাঁচজনের বিরুদ্ধে অভিযোগপত্র আদালতে দাখিল করেন।

### কামরুন্নাহারের বিচারিক ক্ষমতা কেড়ে নিলেন আপিল বিভাগ

স্থগিতাদেশ থাকার পরও ধর্ষণ মামলার আসামিকে জামিন দেওয়ায় ঢাকার নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-৭ এর সাবেক বিচারক মোছা. কামরুন্নাহারের বিচারিক ক্ষমতা কেড়ে নেন (সিজ) সুপ্রিমকোর্টের আপিল বিভাগ। প্রধান বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেনের নেতৃত্বাধীন আপিল বিভাগ এই আদেশ দেন। সুপ্রিমকোর্টের স্পেশাল অফিসার মোহাম্মদ সাইফুর রহমান গণমাধ্যমকে বিষয়টি নিশ্চিত করেন। প্রসঙ্গত, বনানীর রেইনট্রি হোটেলে দুই শিক্ষার্থী ধর্ষণ মামলায় ৭২ ঘণ্টা পর ধর্ষণ মামলা নেওয়া যাবে না মর্মে পর্যবেক্ষণ দিয়ে আলোচনায় আসেন বিচারক কামরুন্নাহার। ওই অভিযোগে তাকে বিচারকাজ থেকে প্রত্যাহার করে সুপ্রিমকোর্ট প্রশাসন। যদিও লিখিত রায়ে বিতর্কিত পর্যবেক্ষণ বাদ দেন তিনি। এরপরই আলোচনায় আসে তিন বছরের পুরানো এক ধর্ষণ মামলায় আসামির জামিনকাণ্ড। যার ধারাবাহিকতায় তাকে তলব করেন সুপ্রিমকোর্টের আপিল বিভাগ। এর আগে ১৪ নভেম্বর কামরুন্নাহারের ফৌজদারি বিচারিক ক্ষমতা সাময়িকভাবে স্থগিত করেন প্রধান বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেন। একইসঙ্গে তাকে এজলাসে না বসার নির্দেশ দেওয়া হয়।

### আবরার হত্যা মামলায় ২০ জনের মৃত্যুদণ্ড

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) ছাত্র আবরার ফাহাদকে পিটিয়ে হত্যা মামলায় ২০ জনকে মৃত্যুদণ্ড ও ৫ জনকে যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছেন আদালত। ৮ ডিসেম্বর ঢাকার দ্রুত বিচার ট্রাইব্যুনাল-১ এর বিচারক আবু জাফর মো. কামরুজ্জামান এ রায় ঘোষণা করেন।

২০১৯ সালের ৬ অক্টোবর রাতে বুয়েটের শেরেবাংলা হলে আবরার ফাহাদকে পিটিয়ে হত্যা করে বুয়েটেরই কয়েকজন ছাত্র। এ ঘটনায় ১৯ জনকে আসামি করে পরের দিন ৭ অক্টোবর চকবাজার থানায় একটি হত্যা মামলা দায়ের করেন আবরার ফাহাদের বাবা বরকত উল্লাহ। ওই বছরের ১৩ নভেম্বর ২৫ জনকে অভিযুক্ত করে চার্জশিট দাখিল করেন মামলার তদন্ত কর্মকর্তা গোয়েন্দা পুলিশের (ডিবি) পরিদর্শক ওয়াহেদুজ্জামান। আর রাষ্ট্রপক্ষে সাক্ষী করা হয় ৬০ জনকে।

### গণপরিবহণ নিয়ে শিক্ষার্থীদের আন্দোলন

সরকার ৪ নভেম্বর থেকে প্রতি লিটার ডিজেল ও কেরোসিনের দাম ১৫ টাকা করে বাড়ানোর ঘোষণা দেয়। তারই ধারাবাহিকতায় গণপরিবহণের ভাড়া বাড়ানোর ঘোষণা দেয় পরিবহণ মালিক সংগঠনগুলো। বাসের ভাড়া বাড়ানোর পর থেকে শিক্ষার্থীদের অর্ধেক ভাড়া নেওয়া বন্ধ করে দেন পরিবহণ মালিকরা। এরপর 'ঠিকানা' পরিবহণের বাসে হাফ ভাড়া দেওয়া নিয়ে চালকের সহকারীর বিরুদ্ধে বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজের এক শিক্ষার্থীকে ধর্ষণের হুমকি দেওয়ার অভিযোগ ওঠে। তার প্রতিবাদে আন্দোলনে নামেন শিক্ষার্থীরা। পরে ২১ নভেম্বর ওই বাসের চালক ও সহকারীকে আটক করা হয়। তার আগে গণপরিবহণে অর্ধেক ভাড়া কার্যকর ও ধর্ষণের হুমকি প্রদানকারী বাসচালকের সহকারীকে গ্রেপ্তার, নারীদের জন্য অবাধ ও নিরাপদ যাত্রা নিশ্চিতের দাবিতে সরকারকে ২৪ ঘণ্টার আল্টিমেটাম দেয় রাজধানীর বিভিন্ন প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা। অর্ধেক ভাড়ার দাবিতে চলা আন্দোলন সারা দেশে ছড়িয়ে পড়লে সরকারের আশ্বাসে আন্দোলন স্থগিত করেন শিক্ষার্থীরা।

২৪ নভেম্বর ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) গাড়ির ধাক্কায় নটরডেম কলেজের শিক্ষার্থী নাঈম হাসান নিহতের ঘটনার পর নিরাপদ সড়কের দাবিতে আবারও রাস্তায় নামেন বিভিন্ন কলেজের শিক্ষার্থীরা। আন্দোলনরত শিক্ষার্থীরা দাবি করেন, ২০১৮ সালে নিরাপদ সড়কের জন্য রাস্তায় নেমেছিলেন। তখন কর্তৃপক্ষ নিরাপদ সড়কের প্রতিশ্রুতি দিয়েছিল। কিন্তু ২ বছরেরও বেশি সময়ে পরিস্থিতির কোনো পরিবর্তন হয়নি। ২০২১ সালের নিরাপদ সড়কের দাবিতে চলা আন্দোলনে অংশ নেন রাজধানীর নটরডেম কলেজ, সরকারি বিজ্ঞান কলেজ ও হলিক্রস কলেজসহ অন্তত ১০টি কলেজ এবং স্কুলের শিক্ষার্থীরা। এরপর ২৯ নভেম্বর



রাজধানীর রামপুরায় অনাবিল পরিবহণের বাসচাপায় মাইনুদ্দীন ইসলাম দুর্জয় নামে আরও এক স্কুলশিক্ষার্থীর মৃত্যুতে নিরাপদ সড়কের দাবিতে শিক্ষার্থীদের আন্দোলন তীব্র হয়। সড়ক দুর্ঘটনার বিচার ও নিরাপদ সড়কের দাবিতে ১ ডিসেম্বর রাজধানীর রামপুরা ব্রিজের ওপর অবস্থান নিয়ে ১১ দফা দাবি উত্থাপন করেন বিভিন্ন স্কুল-কলেজের কয়েকশ' শিক্ষার্থী। তাদের কয়েকটি উল্লেখযোগ্য দাবি হলো নাঈম ও মাইনুদ্দিন হত্যার বিচার, তাদের পরিবারকে যথাযথ ক্ষতিপূরণ প্রদান, গুলিস্তান ও রামপুরা ব্রিজ সংলগ্ন এলাকায় পথচারী পারাপারের জন্য ফুটওভার ব্রিজ নির্মাণ, সারা দেশে সব গণপরিবহণে শিক্ষার্থীদের হাফ-পাস সরকারি প্রজ্ঞাপন দিয়ে নিশ্চিত করা, ফিটনেস ও লাইসেন্সবিহীন গাড়ি এবং লাইসেন্সবিহীন চালক নিয়োগকারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া, গাড়ি ও ড্রাইভিং লাইসেন্স নিয়ে বিআরটিএর দুর্নীতির বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা নেওয়া।

### করোনাভাইরাসের বুস্টার ডোজ শুরু

দেশের করোনাভাইরাসের বুস্টার ডোজ প্রদান শুরু হয় ১৯ ডিসেম্বর থেকে। এদিন ফাইজারের টিকা দিয়ে এই কার্যক্রমের শুরু করা হয়। রাজধানীর কুর্মিটোলা জেনারেল হাসপাতালে সিনিয়র নার্স রুনু ভেরোনিকা কস্তাকে টিকা দেওয়ার মাধ্যমে বুস্টার ডোজ দেওয়া শুরু হয়। দেশে করোনার টিকাও প্রথম নেন তিনি। গত ২৭ জানুয়ারি তাকে দিয়েই দেশে করোনার টিকার কার্যক্রম শুরু হয়েছিল। এদিন মহাখালীতে বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ান'স অ্যান্ড সার্জন'স (বিসিপিএসএ) মিলনায়তনে স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক করোনা টিকার বুস্টার ডোজের কার্যক্রম উদ্‌বোধন করেন। এরপর রুনু ভেরোনিকা কস্তাকে এই ডোজ দেওয়া হয়। পরে পররাষ্ট্রমন্ত্রী এ কে আব্দুল মোমেন, আইনমন্ত্রী আনিসুল হক, স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক এবং মৎস্য ও প্রাণিসম্পদমন্ত্রী শ ম রেজাউল করিম করোনা টিকার বুস্টার ডোজ নেন। করোনাভাইরাসের সংক্রমণ প্রতিরোধে বয়স্ক ও সম্মুখসারির যোদ্ধাদের দিয়ে বুস্টার ডোজ কার্যক্রম শুরু করা হয়।

### ম্যাগসেসে পুরস্কার জয়

বাংলাদেশের বিজ্ঞানী ড. ফেরদৌসী কাদরী এশিয়ার নোবেল হিসেবে খ্যাত ম্যাগসেসে পুরস্কার পেয়েছেন ২০২১ সালে। তিনি আন্তর্জাতিক উদরাময়

গবেষণা কেন্দ্র বাংলাদেশের (আইসিডিডিআরবি) জ্যেষ্ঠ বিজ্ঞানী। কলেরার টিকা নিয়ে গবেষণা ও সাশ্রয়ী দামে টিকা সহজলভ্য করে লাখো প্রাণ রক্ষায় কাজ করেন। বিশ্ব স্বাস্থ্য সংস্থার টিকা বিষয়ক বৈজ্ঞানিক উপদেষ্টামণ্ডলীর সদস্য ছিলেন তিনি। র‍্যামন ম্যাগসেসে পুরস্কার কমিটির পক্ষ থেকে বলা হয়, লাখো মানুষের উপকারে টিকার উন্নয়নে তার নিবেদিত ভূমিকার জন্য এ পুরস্কার দেওয়া হলো।

**সাফ নারী ফুটবলে বাংলাদেশ চ্যাম্পিয়ন**

সাফ অনূর্ধ্ব-১৯ নারী ফুটবলের ফাইনালে ১-০ গোলে ভারতকে হারিয়ে চ্যাম্পিয়ন হয় বাংলাদেশের মেয়েরা। ম্যাচের ৭৯ মিনিটে গোলের সুবর্ণ সুযোগ পায় বাংলাদেশ। শাহেদা আক্তার রীপা একমাত্র গোলটি করেন। ২০১৮ সালে ভুটানে সর্বশেষ অনূর্ধ্ব-১৮ নারী সাফ ফুটবলে চ্যাম্পিয়ন হয়েছিল বাংলাদেশ। সেই টুর্নামেন্টই এবার মেয়েদের বয়স এক বছর বাড়িয়ে আয়োজন করেছে সাফ।

## ■ আন্তর্জাতিক ■

২০২১ নানা ঘটন-অঘটনের সাক্ষী। বছর ধরে তাণ্ডব চালিয়েছে করোনা। শেষ দিকে নতুন ভ্যারিয়েন্ট ত্রাস ছড়িয়েছে। মহামারি ছাড়াও চলতি বছর আরও অনেক ঘটনা আলোচনায় ছিল। রাজনীতি, গণতন্ত্র, মানবাধিকার, জলবায়ু পরিবর্তনসহ নানা ইস্যুতে দেশে দেশে ছিল অস্থিরতা, বিক্ষোভ, দাঙ্গা ও সহিংসতা। ২০২১ সালে আলোচিত কয়েকটি আন্তর্জাতিক ঘটনার দিকে আলোকপাত করা হলো:

**বৈশ্বিক করোনা মহামারি নতুন নতুন রূপে**

চলতি বছর করোনাভাইরাস মোকাবিলায় দেশে দেশে সরকার ও প্রশাসনকে বেশ ব্যস্ত থাকতে হয়েছে। সারা বছরই হাসপাতাল-ক্লিনিকে ব্যস্ত সময় পার করেছেন ডাক্তার-চিকিৎসাকর্মীরা। কার্যকর কিছু টিকার সুবাদে বছরের শেষ দিকে কিছুটা স্বস্তি এসেছিল। তবে করোনার নতুন ভ্যারিয়েন্ট বিশ্ববাসীর কপালে নতুন করে ভাঁজ ফেলে। এর আগে হাম, পোলিও বা ম্যালেরিয়ার টিকা উদ্ভাবন করতে অনেক বছর সময় লেগেছিল। করোনার টিকা আসতে এত



সময় না নিলেও নতুন নতুন ভ্যারিয়েন্ট এর কার্যকারিতাকে চ্যালেঞ্জের মুখে ফেলে। ডিসেম্বরের মাঝামাঝি থেকে করোনার নতুন ধরন ওমিক্রন নিয়ে তোলপাড় শুরু হয় সারা বিশ্বে। করোনাভাইরাসের ওমিক্রন ভ্যারিয়েন্ট ডিসেম্বরের তৃতীয় সপ্তাহ পর্যন্ত ৮৯টি দেশে শনাক্ত হয়। এটি ডেল্টা ভ্যারিয়েন্ট থেকেও দ্রুততার সঙ্গে ছড়ায়। সংক্রমণের ঊর্ধ্বমুখী হার উদ্‌বেগ ছড়িয়ে দেয় ইউরোপ এবং আমেরিকায়। তারা সতর্কতামূলক ব্যবস্থা নিতে শুরু করে। ২০২১ সালের প্রথম ১১ মাস পর্যন্ত ১৮৪টি দেশের ৭৪০ কোটি মানুষকে টিকা দেওয়া সম্ভব হয়। তবে তারপরও বহু মানুষ টিকার বাইরে থেকে যায়। ২৪ ডিসেম্বর পর্যন্ত বিশ্বজুড়ে মোট মৃতের সংখ্য প্রায় ৫৫ লাখে দাঁড়ায়।

**আমেরিকার প্রেসিডেন্ট পদে জো বাইডেন**

বছরজুড়েই আলোচনায় ছিলেন যুক্তরাষ্ট্রের নতুন প্রেসিডেন্ট জো বাইডেন। তিনি ২০ জানুয়ারি শপথ গ্রহণ করেন। প্রেসিডেন্ট নির্বাচন, বাইডেনের দায়িত্ব গ্রহণ ও তাঁর বেশ কিছু সিদ্ধান্ত আলোচনার বিষয় হয়েছে। এবার যুক্তরাষ্ট্রে প্রেসিডেন্টের ক্ষমতা হস্তান্তরও ছিল কিছুটা ব্যতিক্রমী। প্রথা অনুযায়ী নবনির্বাচিত প্রেসিডেন্টের কাছে দায়িত্ব বুঝিয়ে দেন বিদায়ী প্রেসিডেন্ট। কিন্তু এবার বিদায়ী প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প সেটা করেননি। বরং বিতর্কিত কিছু কর্মতৎপরতা চালিয়েছেন। ট্রাম্পের 'আমেরিকা ফার্স্ট' নীতির বিপরীতে 'আমেরিকা ইজ ব্যাক' স্লোগান সামনে নিয়ে আসেন বাইডেন। এই নীতি অনুযায়ী প্যারিস জলবায়ু চুক্তি এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থায় ফিরে আসে যুক্তরাষ্ট্র।

**যুক্তরাষ্ট্রের ক্যাপিটল হিলে ট্রাম্প সমর্থকদের হামলা**

২০২০ সালের ৩ নভেম্বরের প্রেসিডেন্ট নির্বাচন অনুষ্ঠিত হয় যুক্তরাষ্ট্রে। নির্বাচনে হেরে যান প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। ৪৬তম প্রেসিডেন্ট নির্বাচিত হন ডেমোক্র্যাট দলের জো বাইডেন। নির্বাচনে কারচুপির অভিযোগ আনেন ট্রাম্প। সমর্থকদের ক্ষেপিয়ে তোলার যত পন্থা আছে প্রায় সবগুলোই তিনি ব্যবহার করেন। তার সমর্থকদের উত্তেজনা শেষ পর্যন্ত দাঙ্গায় রূপ নেয়। ফলে ২০২১ সালের ৬ জানুয়ারি যুক্তরাষ্ট্রের ক্যাপিটল হিলে হামলার মতো ন্যক্কারজনক ঘটনা ঘটে। এতে নিহত হয় পাঁচজন ও আহত শতাধিক। এ ঘটনাকে মার্কিন গণতন্ত্রের ওপর নগ্ন হামলা হিসেবে বর্ণনা করা হয়।

## মিয়ানমারে সেনা অভ্যুত্থান, আবার গৃহবন্দি সু চি

মিয়ানমারে সেনা অভ্যুত্থান ছিল বছরের অন্যতম আলোচিত ঘটনা। নভেম্বরের নির্বাচনে 'কারচুপি' হয়েছে- এই অভিযোগে ১ ফেব্রুয়ারি নির্বাচিত রাজনীতিকদের শপথ ও সরকার গঠনের দিন রক্তপাতহীন অভ্যুত্থানের মধ্য দিয়ে ক্ষমতা দখল করে মিয়ানমার সেনাবাহিনী। গণতন্ত্রপন্থি নেত্রী অং সান সু চিসহ রাজনৈতিক নেতাদের আটক করা হয়। জারি করা হয় জরুরি অবস্থা। কিন্তু সেনাশাসন মেনে নেয়নি দেশটির জনগণ। গণতন্ত্রের দাবিতে রাজপথে নেমে আসে হাজারো মানুষ। তবে বিক্ষোভ দমনে সেনাবাহিনী সহিংস পন্থা বেছে নেয়। টিয়ার গ্যাস, রাবার বুলেটের পর বিক্ষোভে গুলি ছুড়তে থাকে তারা। এতে ডিসেম্বর পর্যন্ত এক হাজার ৩০০ জনের বেশি বিক্ষোভকারী নিহত হয়েছে। গ্রেফতার হয়েছে হাজারো মানুষ।

## আবার আফগানিস্তানের ক্ষমতায় তালেবান

আফগানিস্তানে ফের তালেবানের ক্ষমতা গ্রহণ ছিল 'টক অব দ্য ওয়ার্ল্ড'। মে মাসে মার্কিন প্রেসিডেন্ট বাইডেন আফগানিস্তান থেকে সেনা প্রত্যাহারের ঘোষণা দেন। দেশটি থেকে আনুষ্ঠানিকভাবে ২০২১ সালের ৩০ আগস্ট নিজেদের সব সেনা প্রত্যাহার করে নেয় যুক্তরাষ্ট্র। মার্কিন সেনাবাহিনীর ১৮ এয়ারবোর্ন কোরের ৮২তম এয়ারবোর্ন ডিভিশনের কমান্ডার মেজর জেনারেল ক্রিস ডনাহিউ যুক্তরাষ্ট্রের শেষ সৈন্য হিসেবে আফগানিস্তানের মাটি ছাড়েন। কিন্তু মার্কিন সেনা প্রত্যাহারের মধ্যেই ১৫ আগস্ট তালেবানের ঝটিকা অভিযানের মুখে দেশটির রাজধানী কাবুলের পতন হয়। দেশ ছেড়ে পালিয়ে যান পশ্চিমা-সমর্থিত আফগান সরকারের প্রেসিডেন্ট আশরাফ গনি। এর ফলে দেশটিতে গণতন্ত্রের যতটুকু চর্চা শুরু হয়েছিল, নারীর ক্ষমতায়নের যে ধারার সূচনা হয়েছিল, তা থমকে যায়। এখন তালেবানের কঠোর শাসন তো আছেই, তার সঙ্গে মাথাচাড়া দিয়ে উঠেছে জঙ্গিগোষ্ঠী আইএস।

## শরণার্থী সংকট

বছরজুড়েই আলোচনায় ছিল শরণার্থী সংকট। প্রধানত দারিদ্র্য, সংঘাত-সহিংসতায় নিজ দেশের ভিটেমাটি ছেড়ে পালিয়েছে লাখ-কোটি মানুষ। কেউ জীবন বাঁচাতে, কেউ ভাগ্য পরিবর্তনের আশায় এক দেশ থেকে অন্য দেশে



পাড়ি জমানোর চেষ্টা করেছে। অবৈধপথে সীমান্ত পাড়ি দিতে গিয়ে মুখোমুখি হয়েছে নানা সংকটের। ক্যারিবীয় অঞ্চল বিশেষ করে হাইতি ও হন্ডুরাসের অর্থনৈতিক অবস্থার অবনতির কারণে যুক্তরাষ্ট্রমুখী হয় হাজার হাজার মানুষ। স্থলপথে হেঁটেই রওনা হয় তারা।

## ত্রিদেশীয় জোট অকাস

মার্কিন প্রেসিডেন্ট ১৫ সেপ্টেম্বর এইউকেইউএস (অকাস) চুক্তির কথা জানান। অকাস গঠন নিয়ে ফ্রান্সের সঙ্গে যুক্তরাষ্ট্রের কূটনৈতিক দ্বন্দ্ব বাধে। বাইডেন অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী স্কট মরিসন এবং ব্রিটিশ প্রধানমন্ত্রী বরিস জনসন ত্রিপক্ষীয় নিরাপত্তা সহযোগিতা চুক্তিটি করে। এই চুক্তির উদ্দেশ্য হলো দেশ তিনটির উন্নত প্রতিরক্ষা প্রযুক্তি বিনিময় এবং চীনকে প্রতিরোধ করা। এই অংশীদারিত্বের ফলে অস্ট্রেলিয়া প্রথমবারের মতো পরমাণু শক্তিচালিত সাবমেরিন তৈরিতে সক্ষম হওয়ার পথে এগিয়ে যায়। চুক্তির মধ্যে আরো রয়েছে কৃত্রিম বুদ্ধিমত্তা, কোয়ান্টাম টেকনোলজি ও সাইবার নিরাপত্তার মতো বিষয়গুলো। চীনকে মোকাবিলা করতে নেওয়া উদ্যোগটি শুরুতেই সমালোচনার মুখে পড়ে। পরমাণু শক্তিধর এবং ইউরোপীয় ইউনিয়নের ফ্রান্স চুক্তির সমালোচনা করে বলে এর মাধ্যমে তাদের পিঠে ছুরি মারা হয়েছে। প্যারিসে যুক্তরাষ্ট্র এবং অস্ট্রেলিয়ার রাষ্ট্রদূতকে ডেকে প্রতিবাদ জানায় ফ্রান্স। এসব কারণে দেশে বাইডেনের জনপ্রিয়তা কিছুটা পড়ে যায়।

## জার্মানির নির্বাচন : মার্কেলের বিদায়

২৬ সেপ্টেম্বর জার্মানিতে জাতীয় নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচনে জয়ী হয় বিরোধী সোশ্যাল ডেমোক্র্যাট জোট। পরাজিত হয় সাবেক চ্যান্সেলর অ্যাঞ্জেলা মার্কেলের দল সিডিইউ-সিএসইউ। এর মধ্য দিয়ে টানা ১৬ বছরের দেশ শাসন থেকে বিদায় নিলেন মার্কেল। বিজ্ঞানে পড়াশোনা করতে করতে রাজনীতির ময়দানে তার উত্তরণ। এরপর তাকে আর পেছন ফিরে তাকাতে হয়নি। ২০০২ থেকে ২০০৫ সাল পর্যন্ত ছিলেন বিরোধী দলীয় নেত্রী। সে বছরই জার্মানরা তাকে ইতিহাসের খাতায় অন্তর্ভুক্ত করে নেয়। তিনি হন দেশটির প্রথম নারী চ্যান্সেলর।

**চীন-তাইওয়ান উত্তেজনা**

তাইওয়ানকে সব সময় নিজেদের অংশ হিসেবে দাবি করে চীন। স্বায়ত্তশাসিত ওই ভূখণ্ডের সঙ্গে চীনের দ্বন্দ্ব আন্তর্জাতিক অঙ্গনেও সম্প্রসারিত। গত অক্টোবরের শুরুতে অনবরত তাইওয়ানের আকাশের প্রতিরক্ষা সীমায় চীনা বিমানের অনুপ্রবেশ সেই দ্বন্দ্বকে আরো বাড়িয়ে দেয়। তাইওয়ানের প্রতিরক্ষামন্ত্রী ৬ অক্টোবর বলেন, তাদের দ্বন্দ্ব গত ৪০ বছরের মধ্যে সবচেয়ে খারাপ অবস্থায় পৌঁছেছে। এ নিয়ে যুক্তরাষ্ট্রের সঙ্গেও বিতণ্ডায় জড়ায় চীন। যুক্তরাষ্ট্র জানায়, চীন হামলা চালালে যুক্তরাষ্ট্র অবশ্যই তাইওয়ানকে রক্ষায় এগিয়ে আসবে।

**হামাস-ইসরাইল যুদ্ধ**

২০২১ সালের মে মাসে মধ্যপ্রাচ্যে বিশ্ব প্রত্যক্ষ করে ভয়াবহ এক যুদ্ধ। যুদ্ধবিরতি কার্যকর হওয়ার আগে ১১ দিনের এ যুদ্ধে ফিলিস্তিনের গাজায় চালানো ইসরাইলের হামলায় ২৩০ জন নিহত হয়। অপরদিকে গাজা থেকে চালানো হামাসের হামলায় নিহত হয় ১২ ইসরাইলি। এ সময় গাজায় আন্তর্জাতিক সংবাদমাধ্যমের একটি ভবনে ইসরাইল হামলা চালালে বিশ্বজুড়ে নিন্দার ঝড় ওঠে।

**তিউনিশিয়ায় বিক্ষোভ**

এক দশক আগে তিউনিশিয়ায় আরব বসন্তের সূচনা হয়েছে। দেশটির রাজনৈতিক নেতাদের প্রতি ক্ষোভ ও অর্থনৈতিক উন্নয়নে সরকারের ব্যর্থতার জেরে ক্ষুব্ধ-হতাশ নতুন প্রজন্ম জানুয়ারিতে আবার রাজপথে নেমে আসে। রাজনৈতিক নেতাদের মধ্যকার ক্ষমতার দ্বন্দ্ব-টানাপোড়েন ঘিরে দেশটিতে প্রায় বছরজুড়ে বিক্ষোভ প্রতিবাদ চলে।

**ইন্দোনেশিয়ার উড়োজাহাজ বিধ্বস্ত**

৯ জানুয়ারি ইন্দোনেশিয়ার রাজধানী জাকার্তা থেকে যাত্রা শুরু করার মিনিট পাঁচেক পর বোয়িং ৭৩৭ মডেলের যাত্রীবাহী একটি উড়োজাহাজ জাভা সাগরে বিধ্বস্ত হয়। এতে আরোহী ছিলেন মোট ৬২ জন। এর মধ্যে যাত্রী ছিলেন ৫০ জন। বাকি ১২ জন ছিলেন উড়োজাহাজটির কর্মী। রেজিস্ট্রেশনের বিবরণ অনুসারে, বোয়িং ৭৩৭-৫০০ মডেলের বিমানটি ২৭ বছর ধরে ব্যবহার হচ্ছিল।



**ভারতে কৃষক বিক্ষোভ**

তিনটি বিতর্কিত কৃষি আইন পাসের বিরুদ্ধে ২০২১ সালে ভারতে কৃষক আন্দোলন জোরদার হয়। প্রায় বছরজুড়েই রাজ্যে রাজ্যে এ আন্দোলন চলে। আন্দোলনে সহিংসতায় কৃষকদের প্রাণহানিও ঘটে। টানা আন্দোলনের মুখে বছরের শেষ দিকে (১৯ নভেম্বর) তিনটি কৃষি আইন বাতিলের ঘোষণা দেন নরেন্দ্র মোদির সরকার। পাশাপাশি কৃষকদের ঘরে ফিরে যাওয়ার অনুরোধ করেন। ১০ দিন পর ২৯ নভেম্বর কৃষি আইন বাতিলের অনুমোদন দেয় দেশটির পার্লামেন্ট।

**সুদানে সেনাশাসন ও বিক্ষোভ**

২০২১ সালে দুইবার সেনা অভ্যুত্থান ঘটে সুদানে। প্রথমটা ঘটে সেপ্টেম্বরে। তবে সেটা ব্যর্থ করে দেওয়া হয়। কিন্তু দ্বিতীয়টা আর ব্যর্থ হয়নি। ২৫ অক্টোবর জেনারেল আবদেল ফাত্তাহ আল-বুরহানের নেতৃত্বাধীন সেনাবাহিনী প্রধানমন্ত্রী আবদাল্লাহ হামদকের অন্তর্বর্তীকালীন সরকার ভেঙ্গে দিয়ে জরুরি অবস্থা জারি করে। গ্রেফতার করা হয় প্রধানমন্ত্রী আবদাল্লাহ হামদকসহ মন্ত্রিসভার প্রায় সব সদস্যকে। সুদানে অভ্যুত্থানের পর থেকে দেশটিতে সেনাশাসনবিরোধী বিক্ষোভ হয়ে আসছে। এ বিক্ষোভে প্রায় ৪৫ জন নিহত হয়েছেন। নভেম্বরে দেশটির সেনাবাহিনীর সঙ্গে প্রধানমন্ত্রী হামদকের সমঝোতা হয়। তবে এ সমঝোতার বিরোধিতা করে দেশটির বিভিন্ন শহরে হাজারো মানুষের বিক্ষোভ হয়।

**জাতিসংঘের জলবায়ু সম্মেলন (কপ-২৬)**

নভেম্বরে স্কটল্যান্ডের গ্লাসগোতে জাতিসংঘের জলবায়ু সম্মেলন (কপ-২৬) অনুষ্ঠিত হয়। এই সম্মেলনকে অনেক বিশ্লেষকই ধরিত্রীকে রক্ষার সর্বশেষ সেরা সুযোগ হিসেবে অভিহিত করেন। দুই সপ্তাহব্যাপী এই সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলন চলার সময় জলবায়ু বিপর্যয় এড়ানোর লক্ষ্যে আমূল ও দ্রুত পদক্ষেপ নিতে বিশ্বনেতাদের প্রতি আহ্বান জানিয়ে হাজারো মানুষ স্কটল্যান্ডে বিক্ষোভ করেন।

**বিশ্ব স্বাস্থ্য সংস্থা এবং মিত্রদের সঙ্গে যুক্তরাষ্ট্রের পুনঃসম্পৃক্ততা**

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন প্রথম দিন অফিসে বসেই প্যারিস জলবায়ু চুক্তি এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থায় পুনরায় যোগ দেওয়ার প্রক্রিয়া শুরু করেন। এর মাধ্যমে তিনি অফিসের উদ্‌বোধনী দিনেই একটি ‘স্বতন্ত্র

সম্পর্ক' তৈরির ইঙ্গিত দেন। ট্রাম্প যথাক্রমে ২০১৭ এবং ২০২০ থেকে উভয় বিষয় থেকে সরে দাঁড়িয়েছিলেন। বাইডেন ট্রাম্পের দ্বন্দ্বমূলক পদ্ধতি পরিহার করে ন্যাটো মিত্রদের আশ্বস্ত করারও চেষ্টা করেছেন যে, তিনি তাদের সঙ্গে আছেন। এছাড়া উত্তর আমেরিকার প্রতিবেশীদের সঙ্গে সম্পর্ক ঝালাই করা, জাতিসংঘে মার্কিন নিযুক্তি পুনরুদ্ধার করা এবং ওয়াশিংটনকে বিশ্বব্যাপী জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ের নেতা হিসেবে অবস্থান নেওয়া বাইডেনের কুশলী পররাষ্ট্রনীতিরই বহিঃপ্রকাশ। সেপ্টেম্বরে জাতিসংঘের সাধারণ পরিষদে ভাষণ দেওয়ার সময় বাইডেন 'নিরলস' মার্কিন কূটনৈতিক যুগের কল্পনার কথা জানিয়েছিলেন।

### মক্কা ও মদিনায় প্রথম নারী নিরাপত্তাকর্মী নিয়োগ

প্রথমবারের মতো নারী হজযাত্রী ও মুসল্লিদের নিরাপত্তায় নারী নিরাপত্তাকর্মী নিয়োগ দিয়েছে সৌদি আরব। এর আগে রিয়াদের কিং ফাহাদ সিকিউরিটি কলেজে নারী সৈনিক নিয়োগ ও প্রশিক্ষণের ঘোষণা দেওয়া হয়। এরপর প্রথমবারের মতো পবিত্র মসজিদে নববিতে ৯৯ জন নারী নিরাপত্তাকর্মী নিয়োগ দেওয়া হয়। এ ছাড়া মক্কা ও মদিনার পবিত্র দুই মসজিদের পরিচালনা পর্ষদের শীর্ষ পদেও উচ্চশিক্ষিত একাধিক নারীকে নিয়োগ দেওয়া হয়।

### আইপিআই'র প্রথম মুসলিম নারী চেয়ারম্যান

প্রথম নারী ও প্রথম মুসলিম হিসেবে ইন্টারন্যাশনাল প্রেস ইনস্টিটিউটের (আইপিআই) ৩৫তম চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন খাদিজা প্যাটেল। তিনি একজন অনুসন্ধানী সাংবাদিক এবং মুসলিম এশিয়ান ব্যাকগ্রাউন্ডের চতুর্থ প্রজন্মের প্রতিনিধি। তিনি দক্ষিণ আফ্রিকার মেইল অ্যান্ড গার্ডিয়ানের প্রধান সম্পাদকের দায়িত্ব পালন করেন। বর্তমানে যুব-শ্রেণির সাংবাদিকদের দিকনির্দেশনা দিচ্ছেন সক্রিয়ভাবে। দক্ষিণ আফ্রিকায় শীর্ষস্থানীয় মিডিয়া ব্যক্তিদের মধ্যে অন্যতম খাদিজা প্যাটেল। ১৯৫০ সালে নিউইয়র্ক সিটিতে যাত্রা শুরু করে আইপিআই। এর সঙ্গে যুক্ত ছিলেন ৩৪ জন পুরুষ সম্পাদক-প্রকাশক ও একজন নারী সম্পাদক।

### হাইতির প্রেসিডেন্টকে হত্যা

হাইতির রাজধানী পোর্ট-অ- প্রিন্সে ভারি অস্ত্রশস্ত্রে সজ্জিত একদল লোক গভীর রাতে তেপান্ন বছর বয়সী প্রেসিডেন্ট জোভেনেল ময়েসের ওপর গুলি



চালায়। এতে ঘটনাস্থলেই নিহত হন তিনি। হামলায় আহত হন ৪৭ বছর বয়সি ফার্স্টলেডি মার্টিন ময়েস। এ ঘটনায় ফের রাজনৈতিক অস্থিতিশীলতার মধ্যে পড়েছে দেশটি।

### বাংলাদেশিসহ পাঁচ বিজ্ঞানীকে ইরানের সম্মাননা

পাঁচ মুসলিম বিজ্ঞানীকে ইরানের বিখ্যাত মোস্তফা পুরস্কার দেওয়া হয়েছে। তাদের নগদ ১০ লাখ মার্কিন ডলার পুরস্কার হিসেবে দেওয়া হয়। এই পুরস্কার পেয়েছেন হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক কামরান ওয়াফা, যুক্তরাষ্ট্রের প্রিন্সটন বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক বাংলাদেশি বংশোদ্ভূত বিজ্ঞানী জাহিদ হাসান এবং লেবাননের মুহাম্মদ সায়েগ, মরক্কোর ইয়াহইয়া তায়ালাতি ও ইকবাল চৌধুরী।

### ভারতীয় নারীর আরবি সাহিত্যে পুরস্কার লাভ

এ বছর প্রথমবারের মতো এক ভারতীয় নারী আরব বিশ্বের নোবেল পুরস্কার খ্যাত আমিরাতের শেখ জায়েদ বুক অ্যাওয়ার্ড পেয়েছেন। যুক্তরাষ্ট্রের শিকাগো বিশ্ববিদ্যালয়ের আরবি সাহিত্য ও ইসলাম শিক্ষার অধ্যাপক ড. তাহেরা কুতুবুদ্দিন এই পুরস্কার লাভ করেন। আবুধাবি জাতীয় গ্রন্থমেলায় ১৫তম শেখ জায়েদ বুক অ্যাওয়ার্ড প্রাপ্ত ১০৬ জন লেখককে পুরস্কার হিসেবে দুই লাখ ডলার করে প্রদান করে।

# ২০২১ সালে যাদের হারিয়েছি

## ■ দেশে ■

২০২১ সালে আমরা হারিয়েছি অনেক বরেণ্য ব্যক্তিকে। বিশেষত বৈশ্বিক মহামারি করোনার কারণে মৃত্যুর পাশাপাশি মৃত্যুভয় এ বছর আচ্ছন্ন করে রেখেছে মানুষকে। দেশবরেণ্য রাজনৈতিক ব্যক্তিত্ব, শিল্প-সাহিত্য, স্থাপত্য, ব্যবসা-বাণিজ্য, গণমাধ্যম ও অভিনয়সহ নানা ক্ষেত্রের বিশিষ্টজনদের জীবনপ্রদীপ নিভে গেছে। জাতীয় ও আন্তর্জাতিক ব্যক্তিত্বদের হারানোর কারণে তৈরি হওয়া শূন্যতা পূরণ হওয়ার নয়। তাদের শূন্যতা আমরা অনুভব করব চিরদিন। এমন কয়েকজনকে স্মরণ করছি গভীর শ্রদ্ধাভরে।

**হোসেন তৌফিক ইমাম (এইচ টি ইমাম)**

প্রধানমন্ত্রী শেখ হাসিনার রাজনৈতিক উপদেষ্টা হোসেন তৌফিক ইমাম (এইচ টি ইমাম) (৮২) কিডনি জটিলতায় ভুগে রাজধানীর সম্মিলিত সামরিক হাসপাতালে (সিএমএইচ) চিকিৎসাধীন অবস্থায় ৪ মার্চ মারা যান। এইচ টি ইমাম স্বাধীন বাংলাদেশের প্রথম মন্ত্রিপরিষদ সচিবের দায়িত্ব পালন করেন। পূর্ব পাকিস্তানের উচ্চ পর্যায়ের সরকারি কর্মকর্তা ছিলেন তিনি। ১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধে অংশ নেন এবং প্রবাসী বাংলাদেশ সরকার পরিচালনায় গুরুত্বপূর্ণ অবদান রাখেন। ২০০৯ সালে আওয়ামী লীগ সরকার গঠন করার পর প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাকে মন্ত্রীর পদমর্যাদায় জনপ্রশাসন বিষয়ক উপদেষ্টা হিসেবে নিয়োগ দেন। পরে ২০১৪ সালে তিনি প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা হিসেবে নিয়োগ পান। বাংলাদেশের মুক্তিযুদ্ধ পরিচালনা বিষয়ে তিনি একাধিক বই লিখেছেন। এইচ টি ইমামের জন্ম ১৯৩৯ সালের ১৫ জানুয়ারি টাঙ্গাইল শহরে। বাবার চাকরির সুবাদে তার বড় হয়ে ওঠা রাজশাহীতে। কর্মজীবন শুরু শিক্ষকতা দিয়ে। ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে এম এ পাস করে তিনি রাজশাহী সরকারি কলেজের অর্থনীতি বিভাগে প্রভাষক হিসেবে কর্মজীবন শুরু করেন। ১৯৬২ সালে পাকিস্তান সিভিল সার্ভিসে যোগদান করার পর তিনি তদানীন্তন পূর্ব পাকিস্তানের বিভিন্ন স্থানে গুরুত্বপূর্ণ



পদে চাকরি করেন। রাজনৈতিক জীবনে এইচ টি ইমাম আওয়ামী লীগের উপদেষ্টা পরিষদের সদস্য ও দলীয় নির্বাচন পরিচালনা কমিটির কো-চেয়ারম্যান ছিলেন। তিনি বাংলাদেশ আওয়ামী লীগের প্রচার ও প্রকাশনা উপ-কমিটির চেয়ারম্যান হিসেবেও দায়িত্ব পালন করেন।

**ব্যারিস্টার মওদুদ আহমদ**

বাংলাদেশের সাবেক উপরাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী মওদুদ আহমদ (৮১) ফুসফুস ও কিডনি জটিলতায় ভুগে সিঙ্গাপুরের মাউন্ট এলিজাবেথ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ১৬ মার্চ মারা যান। মওদুদ আহমদ বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) ও জাতীয় পার্টির অন্যতম প্রতিষ্ঠাতাদের একজন। পেশায় একজন আইনজীবী ও রাজনীতিবিদ।

তিনি ১৯৪০ সালের ২৪ মে নোয়াখালী জেলার কোম্পানীগঞ্জ উপজেলায় জন্মগ্রহণ করেন। ১৯৭৭-৭৯ সালে রাষ্ট্রপতি জিয়াউর রহমানের সরকারের মন্ত্রী ও উপদেষ্টা ছিলেন মওদুদ আহমদ। বিএনপির প্রতিষ্ঠালগ্নে জিয়াউর রহমানকে সর্বাত্মক সহযোগিতা করেন তিনি। পরে দলটির অন্যতম গুরুত্বপূর্ণ নেতা হিসেবে নিজেকে প্রতিষ্ঠা করেন। ১৯৭৯ সালে তিনি প্রথম সংসদ সদস্য নির্বাচিত হন এবং তাকে উপপ্রধানমন্ত্রী করা হয়। ১৯৮১ সালের ৩০ মে জিয়াউর রহমান নিহত হলে এক বছরের মধ্যে রাষ্ট্রক্ষমতা নেন হুসেইন মুহাম্মদ এরশাদ। ১৯৮৫ সালের নির্বাচনে মওদুদ আহমদ আবার সংসদ সদস্য নির্বাচিত হন এবং সরকারের তথ্যমন্ত্রীর দায়িত্ব পান। এর পরের বছরই তাকে উপপ্রধানমন্ত্রী করা হয়। ১৯৮৮ সালে তিনি প্রধানমন্ত্রী হন। ১৯৮৯ সালে জেনারেল এরশাদ তাকে উপরাষ্ট্রপতি করেন। ১৯৯০ সালের ৬ ডিসেম্বর এরশাদ সরকার জনরোষের মুখে ক্ষমতা ছাড়তে বাধ্য হন। ১৯৯১ সালে জাতীয় পার্টির মনোনয়ন নিয়ে মওদুদ আহমদ আবার সংসদ সদস্য নির্বাচিত হন। ১৯৯৬ সালে আওয়ামী লীগ ক্ষমতায় এলে তিনি আবার বিএনপিতে যোগ দেন। ২০০১ সালে বিএনপি থেকে সংসদ সদস্য নির্বাচিত হন। কোম্পানীগঞ্জ উপজেলা থেকে মোট পাঁচবার এমপি নির্বাচিত হন এ রাজনীতিক। মওদুদ আহমদ ছিলেন পল্লীকবি জসীম উদ্‌দীনের জামাতা।

**অধ্যাপক রফিকুল ইসলাম**

একুশে পদকপ্রাপ্ত নজরুল গবেষক, বাংলা একাডেমির সভাপতি ও জাতীয় অধ্যাপক ড. রফিকুল ইসলাম (৮৭) ফুসফুসের জটিলতায় ভুগে রাজধানীর এভারকেয়ার হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ৩০ নভেম্বর মারা যান। ড. রফিকুল ইসলাম ১৯৩৪ সালের ১ জানুয়ারি চাঁদপুরের মতলব উত্তর উপজেলার কলাকান্দা গ্রামে জন্মগ্রহণ করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগ থেকে স্নাতক ও স্নাতকোত্তর সম্পন্ন করেন। পরে যুক্তরাষ্ট্রের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ভাষাতত্ত্বে উচ্চতর প্রশিক্ষণ নিয়ে দেশে ফিরে ১৯৫৮ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগে যোগ দেন। ২০১৮ সালের ১৯ জুন বাংলাদেশ সরকার তাকে জাতীয় অধ্যাপক ঘোষণা করে। ১৯৫২ সালে মহান ভাষা আন্দোলন এবং ১৯৭১ এর মুক্তিযুদ্ধে সক্রিয়ভাবে অংশ নেন। মুক্তিযুদ্ধের সময় নির্যাতিত হন পাক বাহিনীর বন্দিশিবিরে। ২০১২ সালে সরকার তাকে স্বাধীনতা পুরস্কারে ভূষিত করে। এছাড়া একুশে পদক, বাংলা একাডেমি পুরস্কার, নজরুল একাডেমি পুরস্কারসহ নানা সম্মানে ভূষিত হন ড. রফিকুল ইসলাম।

**সৈয়দ আবুল মকসুদ**

লেখক, সাংবাদিক ও কলামিস্ট সৈয়দ আবুল মকসুদ (৭৪) রাজধানীর স্কয়ার হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ২৩ ফেব্রুয়ারি মারা যান। আবুল মকসুদ গবেষণাধর্মী প্রবন্ধের জন্য সুপরিচিত। তার রচিত বইয়ের সংখ্যা ৪০টিরও বেশি। 'জার্নাল অব জার্মানি' তার লেখা ভ্রমণকাহিনি। এছাড়া বাংলা সাহিত্যে সামগ্রিক অবদানের জন্য ১৯৯৫ সালে বাংলা একাডেমি পুরস্কার পান তিনি। ১৯৪৬ সালের ২৩ অক্টোবর মানিকগঞ্জ জেলার শিবালয় উপজেলার এলাচিপুর গ্রামে জন্মগ্রহণ করেন সৈয়দ আবুল মকসুদ। তার বাবা সৈয়দ আবুল মাহমুদ ও মা সালেহা বেগম। শৈশব থেকে আবুল মকসুদ দেশি-বিদেশি বিভিন্ন পত্রিকা পড়ার সুযোগ পান। আবুল মকসুদের কর্মজীবন শুরু হয় ১৯৬৪ সালে এম আনিসুজ্জামান সম্পাদিত সাপ্তাহিক নবযুগ পত্রিকায় সাংবাদিকতার মাধ্যমে। এটি ছিল পাকিস্তান সোশ্যালিস্ট পার্টির মুখপত্র। পরে ন্যাশনাল আওয়ামী পার্টি সমর্থিত সাপ্তাহিক 'জনতায়' কাজ করেন কিছুদিন। পরে তিনি যোগ দেন বাংলাদেশ সংবাদ সংস্থায় (বিএসএস)।



**হাসান আজিজুল হক**

স্বাধীনতা পুরস্কার ও একুশে পদকজয়ী প্রখ্যাত কথাসাহিত্যিক হাসান আজিজুল হক (৮২) বার্ধক্যজনিত বিভিন্ন রোগে ভুগে রাজশাহীর নিজ বাসভবনে ১৫ নভেম্বর মারা যান। হাসান আজিজুল হক রাজশাহী বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনার পাশাপাশি লেখালেখি করে গেছেন। তিনি একাধারে গল্প, উপন্যাস ও প্রবন্ধ লিখেছেন। বাংলা সাহিত্যে অবদানের জন্য বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার, একুশে পদক ও স্বাধীনতা পুরস্কার পেয়েছেন। হাসান আজিজুল হক ১৯৩৯ সালের ২ ফেব্রুয়ারি ভারতের পশ্চিমবঙ্গের বর্ধমান জেলার যবগ্রামে জন্মগ্রহণ করেন। তার বাবা মোহাম্মদ দোয়া বখশ ও মা জোহরা খাতুন। জীবনের বেশিরভাগ সময় তার কেটেছে রাজশাহীতে। ১৯৫৮ সালে রাজশাহী সরকারি কলেজ থেকে দর্শনে সম্মানসহ স্নাতক ডিগ্রি লাভ করেন। ১৯৬০ সালে তিনি রাজশাহী বিশ্ববিদ্যালয় থেকে স্নাতকোত্তর ডিগ্রি লাভ করেন। রাজশাহী কলেজে পড়ার সময় ১৯৬০ সালে সিকান্দার আবু জাফর সম্পাদিত 'সমকাল' পত্রিকায় 'শকুন' শিরোনামে তার একটি গল্প প্রকাশ হয়। এ গল্পের মাধ্যমেই সাহিত্যিক মহলের নজরে আসেন তিনি। ১৯৭৩ সালে তিনি রাজশাহী বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগে শিক্ষক হিসেবে যোগ দেন এবং ২০০৪ সাল পর্যন্ত ৩১ বছর অধ্যাপনা করেন।

**হাবীবুল্লাহ সিরাজী**

বাংলা একাডেমির মহাপরিচালক ও খ্যাতিমান কবি হাবীবুল্লাহ সিরাজী ২৫ মে মারা যান। হাবীবুল্লাহ সিরাজীর জন্ম ১৯৪৮ সালের ৩১ ডিসেম্বর ফরিদপুর জেলায়। তিনি একাধারে কবিতা, উপন্যাস ও শিশুসাহিত্য রচনা করেছেন। সাহিত্যে অবদানের জন্য একুশে পদক, বাংলা একাডেমি সাহিত্য পুরস্কারসহ দেশি-বিদেশি নানা পুরস্কারে ভূষিত হন তিনি। ২০১৮ সালে সরকার তাকে বাংলা একাডেমির মহাপরিচালকের দায়িত্ব দেয়।

**এ টি এম শামসুজ্জামান**

একুশে পদকে ভূষিত অভিনেতা আবু তাহের মোহাম্মদ শামসুজ্জামান (এটিএম শামসুজ্জামান) ২০ ফেব্রুয়ারি মারা যান। অভিনয়ের পাশাপাশি

তিনি চলচ্চিত্র পরিচালক ও লেখক হিসেবেও বেশ পরিচিত ছিলেন। অভিনয়ের জন্য আজীবন সম্মাননাসহ জাতীয় চলচ্চিত্র পুরস্কার পেয়েছেন ছয়বার। এর মধ্যে দায়ী কে? (১৯৮৭) চলচ্চিত্রে অভিনয়ের জন্য শ্রেষ্ঠ অভিনেতা বিভাগে, ম্যাডাম ফুলি (১৯৯৯), চুড়িওয়ালা (২০০১) ও মন বসে না পড়ার টেবিলে (২০০৯) চলচ্চিত্রে অভিনয়ের জন্য শ্রেষ্ঠ কৌতুক অভিনেতা বিভাগে এবং চোরাবালি (২০১২) চলচ্চিত্রে অভিনয়ের জন্য শ্রেষ্ঠ পার্শ্বঅভিনেতা বিভাগে পুরস্কার পান। ৪২তম জাতীয় চলচ্চিত্র পুরস্কার প্রদান অনুষ্ঠানে তিনি আজীবন সম্মাননায় ভূষিত হন। শিল্পকলায় বিশেষ অবদানের জন্য ২০১৫ সালে একুশে পদকে ভূষিত হন এ অভিনেতা।

**সারাহ বেগম কবরী**

বাংলা চলচ্চিত্রের কিংবদন্তি অভিনেত্রী সারাহ বেগম কবরী (৭০) করোনায় আক্রান্ত হয়ে রাজধানীর শেখ রাসেল গ্যাস্ট্রোলিভার হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ১৭ এপ্রিল মারা যান।

কবরী ১৯৫০ সালের ১৯ জুলাই চট্টগ্রাম জেলার বোয়ালখালী উপজেলায় জন্মগ্রহণ করেন। পিতা কৃষ্ণ দাস পাল এবং মা লাবণ্যপ্রভা পাল। ১৯৬৩ সালে মাত্র ১৩ বছর বয়সে তিনি নৃত্যশিল্পী হিসেবে মঞ্চে কাজ শুরু করেন।

কবরীর আসল নাম মিনা পাল। চলচ্চিত্রে অভিষেক ঘটে সুভাষ দত্তের সুতরাং (১৯৬৪) চলচ্চিত্রে অভিনয়ের মধ্য দিয়ে। এরপর উর্দু ভাষার বাহানা ও সোয়ে নদীয়া জাগে পানি এবং লোককাহিনি-নির্ভর সাতভাই চম্পা (১৯৬৮) চলচ্চিত্র দিয়ে সফলতা অর্জন করেন। আবির্ভাব (১৯৬৮) চলচ্চিত্র দিয়ে জনপ্রিয় অভিনেতা রাজ্জাকের সাথে তার জুটি গড়ে ওঠে। এই জুটির জনপ্রিয় ও সফল চলচ্চিত্রগুলো হলো ময়নামতি (১৯৬৯), নীল আকাশের নীচে (১৯৬৯), ক খ গ ঘ ঙ (১৯৭০), দর্পচূর্ণ (১৯৭০), কাঁচ কাটা হীরে (১৯৭০), দীপ নেভে নাই (১৯৭০), স্মৃতিটুকু থাক (১৯৭১) ও রংবাজ (১৯৭৩)।

তিনি লালন ফকির (১৯৭২) চলচ্চিত্রে অভিনয় করে শ্রেষ্ঠ অভিনেত্রী বিভাগে বাচসাস পুরস্কার অর্জন করেন। সাহিত্যনির্ভর তিতাস একটি নদীর নাম (১৯৭৩)-এর রাজার ঝি এবং সারেং বৌ (১৯৭৮)-এর তার অন্যতম সমাদৃত দুটি কাজ। সারেং বৌ এর জন্য তিনি শ্রেষ্ঠ অভিনেত্রী বিভাগে জাতীয় চলচ্চিত্র পুরস্কার ও বাচসাস পুরস্কার অর্জন করেন।



এছাড়া তিনি সুজন সখী (১৯৭৫) ও দুই জীবন (১৯৮৮) চলচ্চিত্রে অভিনয়ের জন্য আরও দুটি বাচসাস পুরস্কার অর্জন করেন। তার অভিনীত তিতাস একটি নদীর নাম ও সাতভাই চম্পা চলচ্চিত্র দুটি ব্রিটিশ ফিল্ম ইনস্টিটিউট-এর সেরা দশ বাংলাদেশি চলচ্চিত্র তালিকায় যথাক্রমে প্রথম ও দশম স্থান লাভ করে।

চলচ্চিত্রে অভিনয়ের পাশাপাশি তিনি রাজনীতিতেও সক্রিয় ছিলেন। তিনি ২০০৮ সালে বাংলাদেশ আওয়ামী লীগের প্রার্থী হিসেবে নারায়ণগঞ্জ-৪ আসন থেকে জাতীয় সংসদ সদস্য নির্বাচিত হন। ২০১৭ সালে অমর একুশে গ্রন্থমেলায় তার আত্মজীবনীমূলক বই স্মৃতিটুকু থাক প্রকাশিত হয়।

**ফকির আলমগীর**

বাংলাদেশের প্রখ্যাত সঙ্গীতশিল্পী, একাত্তরের শব্দসৈনিক ফকির আলমগীর (৭১) করোনাভাইরাসে আক্রান্ত হয়ে রাজধানীর ইউনাইটেড হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ২০২১ সালের ২৩ জুলাই মারা যান।

গণসঙ্গীত ও দেশীয় পপ সঙ্গীতে ফকির আলমগীরের ব্যাপক অবদান রয়েছে। তিনি ঋষিজ শিল্পীগোষ্ঠীর প্রতিষ্ঠাতা। ১৯৯৯ সালে বাংলাদেশ সরকার তাকে একুশে পদকে ভূষিত করে। ফকির আলমগীর ১৯৫০ সালের ২১ ফেব্রুয়ারি ফরিদপুর জেলার ভাঙ্গা থানার কালামৃধা গ্রামে জন্মগ্রহণ করেন। বাবা মো. হাচেন উদ্দিন ফকির, মা বেগম হাবিবুন্নেসা। ঊনসত্তরের গণঅভ্যুত্থানে তিনি বিশেষ ভূমিকা পালন করেন। একাত্তরে মুক্তিযুদ্ধকালে তিনি শব্দসৈনিক হিসেবে স্বাধীন বাংলা বেতার কেন্দ্রে যোগ দেন।

**রিয়াজ উদ্দিন আহমেদ**

একুশে পদকপ্রাপ্ত সাংবাদিক ও জাতীয় প্রেসক্লাবের সাবেক সভাপতি রিয়াজ উদ্দিন আহমেদ করোনাভাইরাসে আক্রান্ত হয়ে ২৫ ডিসেম্বর মারা যান। রিয়াজ উদ্দিন আহমেদ ১৯৪৫ সালের ৩০ নভেম্বর নরসিংদীর মনোহরদীতে জন্মগ্রহণ করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ১৯৬৭ সালে অর্থনীতিতে এমএ ও ১৯৭২ সালে এলএলবি পাস করেন। ১৯৬৮ সালে তিনি পাকিস্তান অবজারভার পত্রিকায় যোগদান করেন। ২৫ মার্চ ১৯৭১ সালে পাকিস্তান অবজারভারের চাকরি ত্যাগ করে মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করেন। স্বাধীনতার পর আবার অবজারভারে যোগদান করে

নভেম্বর ১৯৯০ সাল পর্যন্ত কাজ করেন। তিনি 'দ্য ফিন্যান্সিয়াল এক্সপ্রেস' এবং 'দ্য নিউজ টুডে' পত্রিকার প্রতিষ্ঠাতা সম্পাদক ছিলেন। তিনি ঢাকা সাংবাদিক ইউনিয়নের সাধারণ সম্পাদক এবং বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়নের সভাপতি ও সেক্রেটারি জেনারেলের দায়িত্ব পালন করেছেন। তিনি জাতীয় প্রেসক্লাবের সভাপতি ছিলেন এবং বাংলাদেশ প্রেস কাউন্সিলের সদস্যও ছিলেন। রিয়াজ উদ্দিন আহমেদ ১৯৯৩ সালে সাংবাদিকতায় একুশে পদক লাভ করেন।

**শামসুজ্জামান খান**

১৪ এপ্রিল চিরবিদায় নেন বাংলা একাডেমির সভাপতি অধ্যাপক শামসুজ্জামান খান। তার বয়স হয়েছিল ৮১ বছর। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন তিনি।

শামসুজ্জামান খান ১৯৬৩ এবং ১৯৬৪ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে অনার্স এবং স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন। ১৯৬৪ সালে মুন্সীগঞ্জ হরগঙ্গা কলেজের বাংলা বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেন। পরে একই বছর তিনি জগন্নাথ কলেজে সহকারী অধ্যাপক হিসেবে কাজ শুরু করেন। ১৯৬৮ সাল থেকে ১৯৭৩ সাল পর্যন্ত তিনি বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ছিলেন। পরে তিনি বাংলা একাডেমিতে কাজ শুরু করেন এবং পরিচালক হিসেবে অবসর গ্রহণ করেন। ২০০৯ সালের ২৪ মে তিনি বাংলা একাডেমির মহাপরিচালক হন। তার পদের মেয়াদ তিনবার বাড়ানো হয় এবং তা ২০১৮ সালের ২৩ মে শেষ হয়। তিনি বাংলাদেশ জাতীয় জাদুঘর এবং বাংলাদেশ শিল্পকলা একাডেমির মহাপরিচালক হিসেবেও দায়িত্ব পালন করেছেন। ২০১৮ সালের ১ অক্টোবর শামসুজ্জামান খান ইসলামী বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু চেয়ার অধ্যাপক পদে নিয়োগ পান।

শামসুজ্জামান খান লোক সংস্কৃতি ও পল্লীসাহিত্য গবেষক হিসেবে খ্যাতি অর্জন করেন। তার সবচেয়ে উল্লেখযোগ্য কর্ম হলো বাংলা একাডেমি থেকে প্রকাশিত বাংলাদেশের লোকজ সংস্কৃতি গ্রন্থমালা শিরোনামে ৬৪ খণ্ডে ৬৪ জেলার লোকজ সংস্কৃতির সংগ্রহমালা সম্পাদনা এবং ১১৪ খণ্ডে বাংলাদেশের ফোকলোর সংগ্রহমালা সম্পাদনা।

২০০৯ সালে বাংলাদেশ সরকার তাকে একুশে পদকে ভূষিত করে।



**মিতা হক**

একুশে পদকে ভূষিত রবীন্দ্রসংগীতশিল্পী মিতা হক করোনাভাইরাসে আক্রান্ত হয়ে ১১ এপ্রিল মারা যান। মিতা হকের জন্ম ১৯৬২ সালের সেপ্টেম্বরে ঢাকায়। তিনি প্রয়াত অভিনেতা খালেদ খানের স্ত্রী। তার চাচা দেশের সাংস্কৃতিক আন্দোলনের অগ্রপথিক ও রবীন্দ্র গবেষক ওয়াহিদুল হক। মেয়ে জয়িতাও রবীন্দ্রসংগীতশিল্পী। মিতা হক প্রথমে চাচা ওয়াহিদুল হক এবং পরে ওস্তাদ মোহাম্মদ হোসেন খান ও অধ্যাপক ড. সন্‌জীদা খাতুনের কাছে গানের দীক্ষা নেন। ভারত থেকে ১৪টি ও বাংলাদেশ থেকে ১০টি একক অ্যালবাম মুক্তি পায় তার। সংগীতে বিশেষ অবদানের জন্য ২০১৬ সালে শিল্পকলা একাডেমি পুরস্কার এবং ২০২০ সালে একুশে পদকে ভূষিত হন মিতা হক।

**বুলবুল চৌধুরী**

কথাসাহিত্যিক ও লেখক বুলবুল চৌধুরী (৭৩) ২৮ আগস্ট মারা যান। ভাষা ও সাহিত্যে অবদানের স্বীকৃতিস্বরূপ ২০২১ সালে তিনি একুশে পদক লাভ করেন। গাজীপুরের সন্তান বুলবুল চৌধুরী লেখালেখি ছাড়াও সাংবাদিকতার সঙ্গেও যুক্ত ছিলেন। তিনি দৈনিক সমকালসহ কাজ করেছেন বিভিন্ন দৈনিকে।

**রাবেয়া খাতুন**

একুশে পদকপ্রাপ্ত লেখিকা রাবেয়া খাতুন (৮৬ ) বাধ্যর্কজনিত রোগে ভুগে ৩ জানুয়ারি মারা যান। ১৯৩৫ সালের ২৭ ডিসেম্বর ঢাকার বিক্রমপুরে মামা বাড়িতে তার জন্ম। পৈত্রিক ভিটা মুন্সীগঞ্জের শ্রীনগর উপজেলার ষোলঘর গ্রামে। রক্ষণশীল মুসলিম পরিবারের মেয়ে হওয়ায় বিদ্যালয়ের গণ্ডির পর তার প্রাতিষ্ঠানিক শিক্ষাগ্রহণ বন্ধ হয়ে যায়। ব্যক্তিগত জীবনে সম্পাদক ও চিত্রপরিচালক এ টি এম ফজলুল হকের সাথে রাবেয়া খাতুনের বিয়ে হয় ১৯৫২ সালের ২৩ জুলাই। তাদের চার সন্তানের মধ্যে রয়েছেন ফরিদুর রেজা সাগর, কেকা ফেরদৌসী, ফরহাদুর রেজা প্রবাল ও ফারহানা কাকলী। রাবেয়া খাতুন রচিত মুক্তিযুদ্ধভিত্তিক জনপ্রিয় উপন্যাস 'মেঘের পর মেঘ' অবলম্বনে বিখ্যাত চলচ্চিত্র পরিচালক চাষী নজরুল ইসলাম ২০০৪ সালে চলচ্চিত্র নির্মাণ করেন। ২০১১ সালে তার আরেকটি উপন্যাস 'মধুমতি'

অবলম্বনে পরিচালক শাহজাহান চৌধুরী একই শিরোনামে চলচ্চিত্র নির্মাণ করেন। তার আরো কয়েকটি উপন্যাস নিয়ে সিনেমা ও টিভি নাটক তৈরি হয়েছে। লেখালেখির পাশাপাশি রাবেয়া খাতুন শিক্ষকতা ও সাংবাদিকতা করেছেন।

### খোন্দকার ইব্রাহিম খালেদ

বিশিষ্ট ব্যাংকার ও শিশু সংগঠক খোন্দকার ইব্রাহিম খালেদ (৮০) করোনাভাইরাসে আক্রান্ত হয়ে ২৪ ফেব্রুয়ারি মারা যান। ইব্রাহিম খালেদ বাংলাদেশ ব্যাংকের সাবেক ডেপুটি গভর্নর। ১৯৬৩ সাল থেকে ব্যাংকিং ব্যবস্থার সঙ্গে যুক্ত ছিলেন ইব্রাহিম খালেদ। ১৯৯৪ থেকে ১৯৯৫ সাল পর্যন্ত বাংলাদেশ কৃষি ব্যাংক, ১৯৯৬ সালে অগ্রণী ব্যাংক এবং ১৯৯৭ সালে সোনালী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। ১৯৯৮-২০০০ মেয়াদে বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নরের দায়িত্ব পালন করেন। ২০০০ থেকে ২০০৬ সাল পর্যন্ত তিনি পূবালী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ছিলেন। ২০২০ সালের ৯ ডিসেম্বর থেকে আমৃত্যু পূবালী ব্যাংক লিমিটেডের পরিচালনা পর্ষদে স্বতন্ত্র পরিচালকের দায়িত্ব পালন করেন।

ইব্রাহিম খালেদ শিশু সংগঠন কচিকাঁচার মেলার পরিচালক ছিলেন। ২০১১ সালে বাংলা একাডেমি তাকে সম্মানসূচক ফেলোশিপ প্রদান করে।

### মুশতারী শফী

মুক্তিযুদ্ধে বিশেষ অবদান রাখা নারী নেত্রী, সাহিত্যিক ও শহীদজায়া বেগম মুশতারী শফী (৮৪) কিডনি ও রক্তে সংক্রমণসহ নানা জটিলতায় ভুগে ২০ ডিসেম্বর মারা যান। ১৯৩৮ সালের ১৫ জানুয়ারি তৎকালীন ব্রিটিশ ভারতের পশ্চিমবঙ্গে মুশতারী শফীর জন্ম। তার বাবার বাড়ি ফরিদপুরে। একাত্তরের এপ্রিলে মুক্তিযুদ্ধ চলাকালে তার স্বামী মোহাম্মদ শফী ও ছোট ভাই এহসানকে হানাদার পাকিস্তানি বাহিনী নির্মমভাবে হত্যা করে। মুক্তিযুদ্ধকালে তিনি চট্টগ্রামে স্বাধীনবাংলা বেতার কেন্দ্রের শব্দসৈনিক হিসেবে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন। ষাটের দশকে নারী আন্দোলনে সক্রিয় ছিলেন মুশতারী শফী। নব্বইয়ের দশকে শহিদজননী জাহানারা ইমামের নেতৃত্বে একাত্তরের ঘাতক ও যুদ্ধাপরাধীদের বিচারের আন্দোলন জোরদার হলে সেখানেও তিনি অগ্রণী ভূমিকা রাখেন। একাত্তরের ঘাতক দালাল নির্মূল কমিটি গঠনে



ভূমিকার পাশাপাশি এতে নেতৃত্বও দেন। জাহানারা ইমামের মৃত্যুর পর যুদ্ধাপরাধীদের বিচার আন্দোলনের নেতৃত্বে ছিলেন এই শহিদজায়া।

মুশতারী শফী মুক্তিযুদ্ধ বিষয়ক বেশ কিছু গ্রন্থ রচনা করেছেন। এর মধ্যে রয়েছে: 'মুক্তিযুদ্ধে চট্টগ্রামের নারী', 'চিঠি, জাহানারা ইমামকে' এবং 'স্বাধীনতা আমার রক্তঝরা দিন'। এছাড়াও তিনি প্রবন্ধ, উপন্যাস, ভ্রমণকাহিনী, কিশোর গল্পগ্রন্থ, স্মৃতিচারণমূলক গ্রন্থ প্রভৃতি শাখায়ও অবদান রেখেছেন। অন্য গ্রন্থের মধ্যে রয়েছে: ভ্রমণ 'আমি সুদূরের পিয়াসী', 'স্মৃতিতে অমলিন যারা', 'দুটি নারী ও একটি মুক্তিযুদ্ধ', 'মুক্তিযুদ্ধের গল্প' ও 'একুশের গল্প' প্রভৃতি। ১৯৬০-এর দশকে তিনি চট্টগ্রামে 'বান্ধবী সংঘ' নামে নারীদের একটি সংগঠন প্রতিষ্ঠা করেন। এ সংগঠন থেকে তিনি 'বান্ধবী' নামে একটি পত্রিকা প্রকাশ করেন ও 'মেয়েদের প্রেস' নামে একটি ছাপাখানা চালু করেন।

স্বাধীনতাযুদ্ধে অনন্য ভূমিকার জন্য ২০১৬ সালে বাংলা একাডেমি তাকে সম্মানসূচক ফেলোশিপ প্রদান করে। ২০২০ সালে রাষ্ট্রীয় পুরস্কার 'রোকেয়া পদক' পান তিনি।

## ■ বিদেশে ■

### আর্চবিশপ ডেসমন্ড টুটুর মৃত্যু

শান্তিতে নোবেলজয়ী দক্ষিণ আফ্রিকার বর্ণবাদবিরোধী আইকন আর্চবিশপ ডেসমন্ড টুটু ৯০ বছর বয়সে মারা যান। দক্ষিণ আফ্রিকার প্রেসিডেন্ট সিরিল রামাফোসা তার মৃত্যুর কথা জানান। টুটু আজীবন বর্ণবাদ, সমকামিতা ও ধর্মীয় মতবাদের চ্যালেঞ্জসমূহ মোকাবেলা করেন। বর্ণবাদবিরোধী আন্দোলনে বিশেষ ভূমিকা রাখার জন্য ১৯৮৪ সালে ডেসমন্ড টুটুকে শান্তিতে নোবেল পুরস্কার দেওয়া হয়।

দক্ষিণ আফ্রিকার বর্ণবাদবিরোধী আন্দোলনের অবিসংবাদিত নেতা নেলসন ম্যান্ডেলার সমসাময়িক ছিলেন টুটু। তিনি ১৯৩১ সালের ৭ অক্টোবর জোহানেসবার্গের পশ্চিমে ছোট্ট শহর ক্লার্কসডোরে জন্মগ্রহণ করেন। তিনি শিক্ষক হিসেবে প্রশিক্ষণ নেয়ার পর কৃষ্ণাঙ্গ শিশুদের জন্য নিম্নমানের শিক্ষা ব্যবস্থা দেখে ক্ষুব্ধ হন। এ কারণে তিনি পরে ধর্মযাজক হন। ১৯৮৬ সালে তিনি আর্চবিশপ হিসেবে নিয়োগ পান।

## সায়মন ড্রিং

২০ জুলাই মৃত্যুবরণ করেছেন সাংবাদিক সায়মন ড্রিং (৭৬)। ১৯৭১ সালের ২৫ মার্চের কালরাতে পাকিস্তানি হানাদার বাহিনীর ভয়াবহ গণহত্যার তথ্য ও প্রতিবেদন তিনি বিশ্ববাসীর সামনে তুলে ধরেন। ১৯৭১ সালের ২৫ মার্চ রাতে পাকিস্তানি হানাদার বাহিনী গণহত্যা শুরুর আগে ঢাকায় অবস্থানরত প্রায় দুইশ' বিদেশি সাংবাদিককে তখনকার হোটেল ইন্টারকন্টিনেন্টালে আটকে রাখা হয়। গণহত্যার কোনো খবর যাতে সংগ্রহ এবং প্রচার করতে করতে না পারেন সেজন্য হোটেল থেকে সরাসরি বিমানে তুলে দিয়ে তাদের ঢাকা ছাড়তে বাধ্য করা হয়। কিন্তু সায়মন ড্রিং প্রাণের ঝুঁকি নিয়ে হোটেলেই লুকিয়ে ছিলেন। ২৭ মার্চ সকালে কারফিউ উঠে গেলে হোটেলের কর্মচারীদের সহযোগিতায় ছোট্ট একটি মোটরভ্যানে করে ঘুরে ঘুরে দেখেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের তৎকালীন ইকবাল হল, রাজারবাগ পুলিশ ব্যারাক ও পুরান ঢাকার বিভিন্ন এলাকা। তৎকালীন পাকিস্তানের সামরিক আইনের তোয়াক্কা না করে ২৭ মার্চ তিনি মুক্তিযুদ্ধের সংবাদ সংগ্রহ করে ডেইলি টেলিগ্রাফ পত্রিকায় প্রতিবেদন আকারে প্রেরণ করেন যা 'ট্যাংকস ক্র্যাশ রিভোল্ট ইন পাকিস্তান' শিরোনামে ৩০ মার্চ প্রকাশিত হয়। বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধের সপক্ষে আন্তর্জাতিক অঙ্গনে জনমত সৃষ্টিতে তার এ প্রতিবেদনটি বিশ্বব্যাপী ব্যাপকভাবে সাড়া জাগিয়েছিল।

## বিপিন রাওয়াতের মৃত্যু

ভারতের তামিলনাড়ুতে ৮ ডিসেম্বর হেলিকপ্টার দুর্ঘটনার কবলে পড়ে দেশটির প্রতিরক্ষাপ্রধান বিপিন রাওয়াতের মৃত্যু হয়। তামিলনাড়ু থেকে বিপিন রাওয়াতসহ ১৪ জনকে নিয়ে উড়েছিল হেলিকপ্টারটি। ওড়ার কিছুক্ষণের মধ্যেই তা বিধ্বস্ত হয় বান্দিশোলায়। দুর্ঘটনার পর তাকে এবং তার স্ত্রী মধুলিকা রাওয়াতকে হাসপাতালে নেওয়া হয়। সেখানেই তাদের মৃত্যু হয়। বিপিন রাওয়াত ও তার স্ত্রী এবং তার স্টাফরা এই হেলিকপ্টারে ছিলেন। এ দুর্ঘটনাতে মোট ১৪ জনের মৃত্যু হয়।

## দিলীপ কুমার

বলিউডের কিংবদন্তি অভিনেতা ও রাজনীতিক ব্যক্তিত্ব মুহম্মদ ইউসুফ খান ওরফে দিলীপ কুমার (৯৮) দীর্ঘদিন ধরে একাধিক রোগে ভুগে ৭ জুলাই শেষ



নিঃশ্বাস ত্যাগ করেন। তার অভিনীত ছবির সংখ্যা প্রায় ৬৫। বলিউডের 'ট্র্যাজেডি কিং' দিলীপ কুমার গোটা জীবনে অসংখ্য পুরস্কারে ভূষিত হন। শ্রেষ্ঠ অভিনেতা হিসেবে আটটি ফিল্মফেয়ার অ্যাওয়ার্ড জেতেন। 'দেবদাস', 'মুঘল-এ-আজম', 'রাম অউর শ্যাম', 'সাগিনা', 'দিদার', 'আন' 'গঙ্গা যমুনা' তার জনপ্রিয় ছবিগুলির অন্যতম। তিনি পরে রাজনীতিতেও যোগদান করেন।

## রাজীব কাপুর

বলিউডের জনপ্রিয় কাপুর পরিবারের অন্যতম সদস্য রাজীব কাপুর ৯ ফেব্রুয়ারি হৃদরোগে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেন। তিনি একাধারে অভিনেতা, প্রযোজক ও পরিচালক ছিলেন। 'রাম তেরি গঙ্গা মৈলি' ছবির প্রধান চরিত্রে অভিনয়ের মাধ্যমেই তিনি সাধারণ মানুষের কাছে বেশি পরিচিতি পান। কিংবদন্তি অভিনেতা-পরিচালক-প্রযোজক রাজ কাপুরের কনিষ্ঠ পুত্র ছিলেন রাজীব।

## শঙ্খ ঘোষ

কবি শঙ্খ ঘোষ (৯০) করোনা আক্রান্ত হয়ে ২১ এপ্রিল মৃত্যুবরণ করেন। তার জীবনাবসানে বাংলা সাহিত্য অঙ্গনে নামে শোকের ছায়া। ১৯৩২ সালের ৫ ফেব্রুয়ারি বাংলাদেশের চাঁদপুরে জন্ম হয় শঙ্খ ঘোষের। কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে বাংলায় স্নাতকোত্তর ডিগ্রি লাভ করেন। কর্মজীবনে বঙ্গবাসী কলেজ, সিটি কলেজ, যাদবপুর বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনা করেছেন। পড়িয়েছেন বিশ্বভারতী ও দিল্লি বিশ্ববিদ্যালয়েও। পেয়েছেন জ্ঞানপীঠ, সাহিত্য অ্যাকাডেমিসহ একাধিক পুরস্কার। তার উল্লেখযোগ্য কাব্যগ্রন্থগুলো হলো 'বাবরের প্রার্থনা', 'মুখ ঢেকে যায় বিজ্ঞাপনে', 'পাঁজরে দাঁড়ের শব্দ', 'মূর্খ বড় সামাজিক নয়'।

## বুদ্ধদেব গুহ

বাংলা সাহিত্য জগতের প্রখ্যাত ব্যক্তিত্ব বুদ্ধদেব গুহ ৮৫ বছর বয়সে হৃদরোগে আক্রান্ত হয়ে ২৯ আগস্ট শেষ নিশ্বাস ত্যাগ করেন।

বুদ্ধদেব গুহর জন্ম ১৯৩৬ সালে কলকাতায় হলেও তার ছোটবেলা কেটেছিল বরিশাল ও রংপুরে। তিনি সেন্ট জেভিয়ার্স কলেজে লেখাপড়া করেন।

বুদ্ধদেব গুহর পেশাগত জীবন শুরু হয়েছিল চাটার্ড অ্যাকাউন্টের মাধ্যমে। তিনি ছিলেন খ্যাতিমান চাটার্ড অ্যাকাউন্টেন্ট। দিল্লির কেন্দ্রীয় রাজস্ব বোর্ড থেকে পশ্চিমবঙ্গের আয়কর বিভাগের উপদেষ্টা বোর্ডের সদস্য নিযুক্ত হয়েছিলেন। বিশ্বভারতীর রবীন্দ্রভবনে পরিচালন সমিতির সদস্যও নিযুক্ত হয়েছিলেন।

তার রচিত গ্রন্থগুলোর মধ্যে রয়েছে: 'বাবলি', 'মাধুকরী', 'কোজাগর', 'হলুদ বসন্ত', 'একটু উষ্ণতার জন্য', 'কুমুদিনী', 'খেলা যখন', 'ঋজুদা', 'জঙ্গলমহল', 'চানঘরে গান' ইত্যাদি। 'হলুদ বসন্ত' উপন্যাসের জন্য ১৯৭৬ সালে পান আনন্দ পুরস্কার। বুদ্ধদেব গুহ খুব সুন্দর ছবি আঁকতেন। নিজের লেখা একাধিক বইয়ের প্রচ্ছদ তিনি নিজেই এঁকেছেন। গায়ক হিসেবেও তিনি জনপ্রিয় ছিলেন।

**অঞ্জন বন্দ্যোপাধ্যায়**

১৬ মে ভারতের খ্যাতিমান সাংবাদিক অঞ্জন বন্দ্যোপাধ্যায়ের (৫৫) করোনা আক্রান্ত হয়ে কলকাতার একটি বেসরকারি হাসপাতালে মৃত্যু হয়। তিনি কলকাতার প্রেসিডেন্সি কলেজ থেকে বাংলা সাহিত্যে স্নাতক এবং স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন। ১৯৮১ সালে তিনি নরেন্দ্রপুরের রামকৃষ্ণ মিশন বিদ্যালয় থেকে মাধ্যমিক পাস করেন। তিনি গ্র্যাজুয়েশন এবং মাস্টার্স দুটিতেই প্রথম শ্রেণি অর্জন করেন।

তিনি ৩৩ বছরেরও বেশি সময়জুড়ে সাংবাদিকতা করেন। পেশার শুরুতে তিনি আনন্দবাজার পত্রিকা, যুগান্তর, ইত্যাদি সংবাদমাধ্যম এবং আকাশ বাংলা, যুগান্তর প্রভৃতি চ্যানেলে কাজ করেন। ২০১৫ সালে তিনি জি-২৪ ঘণ্টা থেকে পদত্যাগ করেছিলেন এবং আনন্দবাজার পত্রিকায় (ডিজিটাল) যোগ দেন। ২০২০ সালের নভেম্বর মাসে তিনি জি-নেটওয়ার্কে পুনরায় যোগদান করেছিলেন। জি-নেটওয়ার্কে পুনরায় যোগদানের আগে তিনি টিভি-৯ বাংলার প্রথম সম্পাদক হিসেবেও যুক্ত ছিলেন।

**অমিতেন্দ্রনাথ ঠাকুর**

শান্তিনিকেতনের চীনা ভবনের অধ্যাপক, প্রখ্যাত চীনাতত্ত্ববিদ এবং অমিতেন্দ্রনাথ ঠাকুর (৯৯) ৭ ফেব্রুয়ারি বার্ধক্যজনিত রোগে কলকাতায় পরলোক গমন করেন। ১৯২২ খ্রিস্টাব্দের ৯ অক্টোবর কলকাতার ঠাকুর পরিবারের তার জন্ম। পিতা



অবনীন্দ্রনাথ ঠাকুরের জ্যেষ্ঠপুত্র অলোকেন্দ্রনাথ ঠাকুর। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় জাপানিরা কলকাতায় (১৯৪২-৪৩) বোমা ফেললে তিনি নিরাপত্তার কারণে চলে আসেন শান্তিনিকেতনে। ততদিনে অবশ্য তিনি বি. কম পাস করেছেন। শান্তিনিকেতনের চীনা ভবনে পড়াশোনা শুরু করেন। শান্তিনিকেতনে পরিচিত হয়েছিলেন 'বীরুদা' নামে। চীনা ভবনের স্নাতক স্তরের অধ্যয়ন শেষে চীনা ভাষা ও সাহিত্যে উচ্চ শিক্ষা লাভে চীন যাত্রা করেন তিনি এবং চীনের পিকিং বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রি লাভ করেন। এক বছর চীনা ভবনে অধ্যাপনার পর ভারত-চীন দ্বন্দ্বের সূত্রে চলে যান দেরাদুন ও পুণের ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমিতে চীনা ভাষা শিক্ষা দিতে। পরবর্তীতে পাঁচ বছর চীনা ভবনে কাটানোর পর ফুলব্রাইট স্কলারশিপ নিয়ে চলে যান আমেরিকায় । এক বছর পর ফিরে আসেন চীনা ভবনে। ১৯৬৬ খ্রিস্টাব্দে আবারও তিনি চলে যান আমেরিকায়। মিশিগানের ওকল্যান্ড বিশ্ববিদ্যালে দীর্ঘ তেইশ বছর অধ্যাপনা শেষে ১৯৮৫ সালে ফিরে আসেন। তার অবসর জীবনযাপন কাটছিল কলকাতার সল্টলেকে নিজের বাসভবনে।

■■■